



**ছবি**: ইউএনআরসিও ও ইফাদ বাংলাদেশ

# ইউনাইটেড নেশনস সাসটেইনেবল ডেভেলপমেন্ট কোঅপারেশন ফ্রেমওয়ার্ক

(ইউ এন এস ডি সি এফ)

বাংলাদেশ ২০২২-২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

UNITED NATIONS
BANGLADESH

# ইউনাইটেড নেশনস সাসটেইনেবল ডেভেলপমেন্ট কোঅপারেশন ফ্রেমওয়ার্ক (ইউ এন এস ডি সি এফ) বাংলাদেশ ২০২২-২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

UNITED NATIONS
BANGLADESH

# List of Acronyms

| | |
|---|---|
| 8FYP | Eighth Five Year Plan. |
| ACC | Anti-Corruption Commission |
| BB | Bangladesh Bank |
| BBS | Bangladesh Bureau of Statistics |
| BCA | Basic Cooperation Agreement |
| BDP | Bangladesh Delta Plan |
| BEF | Bangladesh Employers' Federation |
| BEZA | Bangladesh Economic Zones Authority |
| BFD | Bangladesh Forest Department |
| BIDA | Bangladesh Investment Development Authority |
| BP | Bangladesh Police |
| BSCIC | Bangladesh Small and Cottage Industries Corporation |
| BTEB | Bangladesh Technical Education Board |
| CCA | Common Country Analysis |
| CEDAW | Convention on the Elimination of All Forms of Discrimination Against Women |
| CMSMEs | Cottage, Micro, Small and Medium Enterprises |
| CSO | Civil Society Organization |
| DAE | Department of Agriculture Extension |
| DCCI | Dhaka Chamber of Commerce & Industry |
| DDM | Department of Disaster Management |
| DGHS | Directorate General of Health Services |
| DOE | Department of Environment |
| ERD | Economic Relations Division |
| FACE | Fund Authorization and Certificate of Expenditures |
| FAO | Food and Agriculture Organization of the United Nations |
| FBCCI | Federation of Bangladesh Chambers of Commerce and Industry |
| FD | Finance Division |
| FID | Financial Institutions Division |
| GBV | Gender-Based Violence |
| GDP | Gross Domestic Product |
| GED | General Economics Division |
| GoB | Government of Bangladesh |
| HRC | Human Rights Council |
| ICPD | International Conference on Population and Development |
| ICSC | International Civil Service Commission |
| IFAD | International Fund for Agricultural Development |
| IFIs | International Financial Institutions |
| ILO | International Labour Organization |
| INFF | Integrated National Financing Framework |
| IOM | International Organization for Migration |
| IRD | Internal Resources Division |
| ITC | International Trade Centre |
| JRP | Joint Response Plan |
| JSC | Joint Government of Bangladesh-United Nations Steering Committee |
| LASI | Learning Assessment of Secondary Institutions |
| LCG | Local Consultative Group |
| LDCs | Least Developed Countries |
| LGD | Local Government Division |
| LGIs | Local Government Institutions |
| LJD | Law and Justice Division |
| LSD | Local Storage Depot |
| MOA | Ministry of Agriculture |
| MoDMR | Ministry of Disaster Management and Relief |
| MoEFCC | Ministry of Environment, Forest and Climate Change |

| | |
|---|---|
| MoEWOE | Ministry of Expatriates' Welfare and Overseas Employment |
| MoF | Ministry of Finance |
| MoFA | Ministry of Foreign Affairs |
| MoFood | Ministry of Food |
| MoHA | Ministry of Home Affairs |
| MoI | Ministry of Industry |
| MoLJPA | Ministry of Law, Justice and Parliamentary Affairs |
| MoP | Ministry of Planning |
| MoPME | Ministry of Primary and Mass Education |
| MoSW | Ministry of Social Welfare |
| MoWCA | Ministry of Women and Children Affairs |
| MSMEs | Micro, Small and Medium Enterprises |
| NGO | Non-Governmental Organization |
| NHRC | National Human Rights Commission |
| NILG | National Institute of Local Government |
| NPDM | National Plan for Disaster Management |
| NSDA | National Skill Development Authority |
| NSIS | National Social Insurance Scheme |
| NSSS | National Social Security Strategy |
| OECD-DAC | Organisation for Economic Co-operation and Development's Development Assistance Committee |
| PKSF | Palli Karma-Sahayak Foundation |
| PPPA | Public Private Partnership Authority |
| RRF | Results and Reporting Framework |
| SDGs | Sustainable Development Goals |
| SID | Statistics Informatics Division |
| SOD | Standing Orders on Disaster |
| SSC | South-South Cooperation |
| SSD | Security Services Division |
| TVET | Technical and Vocational Education and Training |
| UN Habitat | United Nations Human Settlement Programme |
| UN WOMEN | United Nations Entity for Gender Equality and the Empowerment of Women |
| UNAIDs | Joint United Nations Programme on HIV and AIDS |
| UNCDF | United Nations Capital Development Fund |
| UNCT | United Nations Country Team |
| UNCTAD | United Nations Conference on Trade and Development |
| UNDAF | United Nations Development Assistance Framework |
| UNDP | United Nations Development Programme |
| UNDRR | UNDRR United Nations Office for Disaster Risk Reduction |
| UNEG | United Nations Evaluation Group |
| UNEP | United Nations Environment Programme |
| UNESCAP | United Nations Economic and Social Commission for Asia and the Pacific |
| UNESCO | United Nations Educational, Scientific and Cultural Organization |
| UNFPA | United Nations Population Fund |
| UNHCR | United Nations High Commissioner for Refugees |
| UNICEF | United Nations Children's Fund |
| UNIDO | United Nations Industrial Development Organization |
| UNODC | United Nations Office on Drugs and Crime |
| UNOPS | United Nations Office for Project Services |
| UNV | United Nations Volunteers |
| UPR | Universal Periodic Review |
| VAT | Value-Added Tax |
| VAW | Violence Against Women |
| WASH | Water, Sanitation, and Hygiene |
| WFP | World Food Programme |
| WHO | World Health Organization |
| WMO | World Meteorological Organization |

# JOINT STATEMENT

The United Nations Sustainable Development Cooperation Framework (UNSDCF) 2022-2026 for Bangladesh is signed by the Government of Bangladesh and the United Nations Country Team (UNCT) at a pivotal moment in the country's development journey. The United Nations is proud to have been a trusted partner of the Government and the people of Bangladesh on this development journey. This year marks the 50th anniversary of Bangladesh's independence. This year, Bangladesh also qualified ¬for LDC Graduation effective from 2026. The Government's 8th Five Year Plan articulates the country's development aspirations and its medium-term strategy to recover from the impacts of the COVID-19 pandemic, to achieve the Sustainable Development Goals building on past successes, and to create a sustainable trajectory towards a developed economy status by 2041.

The 8th Five Year Plan mainstreams climate action through a broad range of sectoral plans. The Delta Plan 2100 is a unique pathway to provide the techno-economic framework for addressing the climate vulnerability of the Bangladesh delta. Bangladesh is also playing a leadership role of cooperation to address global climate change and its impacts through the Climate Vulnerable Forum and south-south cooperation.

In light of these factors, the UNSDCF is the collective strategic response of the United Nations Development System in Bangladesh to the 8th Five Year Plan. Aligned with the priorities of the 8th Five Year Plan and based on the latest situation analysis of the impact of COVID-19, the UNSDCF was developed after multiple rounds of consultations with the Ministries/Divisions/Department/Agencies of the Government from conceptualization through defining the strategic priorities.

Based on the priorities of the Government, the multisectoral nature of the Sustainable Development Goals, and the UN's comparative advantages, the UNSDCF 2022-2026 articulates five Strategic Priority Areas for engagement: (i) inclusive and sustainable economic development; (ii) equitable human development and well-being; (iii) sustainable, resilient and healthy environment; (iv) transformative, participatory and inclusive governance; and (v) gender equality and eliminating gender-based violence. In addition to identifying it as a Strategic Priority, gender equality is also mainstreamed in each of the other four Strategic Priorities.

Twenty-four UN agencies are signatories to this Cooperation Framework. The UNCT will also draw on the capacities of United Nations Department of Economic and Social Affairs, the United Nations Statistics Division, United Nations Economic and Social Commission for the Asia and Pacific and United Nations Conference on Trade and Development.

UN Development System reforms were initiated across the United Nations development system globally in 2018. In the context of these reforms, the real value of this cooperation framework will rest on its joint implementation to accelerate the achievement of the SDGs.

The joined approach to implementation will be operationalized through a Joint Work Plan. Further, the country programmes, strategies, and work plans of the United Nations agencies in Bangladesh must derive from this UNSDCF. With the signature of this document, we collectively commit to working together to deliver better, and in a more transparent and accountable manner for the people of Bangladesh.

Fatima Yasmin
Secretary, Economic Relations Division
Ministry of Finance,
Government of Bangladesh

Mia Seppo
United Nations Resident Coordinator
United Nations in Bangladesh

UNITED NATIONS
BANGLADESH

# স্বাক্ষর

**Robert Simpson**
Representative
Food and Agriculture Organization of the United Nations

**Arnoud Hameleers**
Country Director
IFAD
Investing in rural people

**Tuomo Poutiainen**
Country Director
International Labour Organization

**Giorgi Gigauri**
Chief of Mission
IOM
UN MIGRATION

**Sudipto Mukerjee**
Resident Representative
UNDP

**Beatrice Kaldun**
Representative
unesco

**Asa Torkelsson**
Representative
UNFPA

**Johannes van der Klaauw**
Representative
UNHCR
The UN Refugee Agency

**Tomoo Hozumi**
Representative
unicef

**Zaki Uz Zaman**
Country Representative
UNIDO

**Charles Callanan**
Director
UNOPS

**Gitanjali Singh**
Head of Office, a.i.
UN WOMEN

Bardan Jung Rana
Representative
World Health Organization Bangladesh

Richard Ragan
Representative
UN WFP World Food Programme

Saima Khan
Officer in Charge
UNAIDS

Preeti Sinha
Preeti Sinha
Executive Secretary
UNCDF

Atsuko Okuda
Regional Director, Regional Office for Asia and the Pacific
ITU

(for) Isabelle Durant
Deputy Secretary-General
UNITED NATIONS UNCTAD

Marco Toscano-Rivalta
Chief, Regional Office for Asia and the Pacific
UNDRR UN Office for Disaster Risk Reduction

Dechen Tsering
Regional Director for Asia and the Pacific
UN environment programme

Atsushi Koresawa
Regional Representative for Asia and the Pacific
UN HABITAT UNITED NATIONS HUMAN SETTLEMENTS PROGRAMME

Rory Mungoven
Chief, Asia-Pacific Section Field Operations & Technical Cooperation Division
UNITED NATIONS HUMAN RIGHTS OFFICE OF THE HIGH COMMISSIONER

Sergey Kapinos,
Representative,
Regional Office for South Asia
UNODC United Nations Office on Drugs and Crime

(for) Toily Kurbanov
Executive Coordinator
UN VOLUNTEERS Bangladesh


ছবি: ইউএনআরসিও বাংলাদেশ

# সূচি পত্র


শব্দ সংক্ষেপ i

সারসংক্ষেপ ১

**অধ্যায় ১: ২০৩০ এজেন্ডা এর পথে দেশের অগ্রগতি** ৩

১.১. প্রেক্ষাপট ৫
১.২ টেকসই উন্নয়নের জন্য জাতীয় রূপকল্প ৭
১.৩ টেকসই উন্নয়ন অভীষ্ট অর্জনের অগ্রগতি ১০
১.৪ সীমাবদ্ধতা ও চ্যালেঞ্জ ১৩

**অধ্যায় ২: এজেন্ডা ২০৩০ বাস্তবায়নে জাতিসংঘের উন্নয়ন সিস্টেম-এর সহায়তা** ১৮

২.১ পরিবর্তনের ধারণা/তত্ত্ব ২১
২.২ জাতিসংঘ উন্নয়ন সিস্টেম-এর কৌশলগত অগ্রাধিকার ২৪
২.৩ কাঙ্খিত উন্নয়নের ফলাফল ২৬
২.৪ কোঅপারেশন ফ্রেমওয়ার্কের ফলাফল এবং অংশীদারিত্ব ২৮
২.৫ সহযোগিটা কাঠামোর কাঙ্ক্ষিত ফলসমুহের মেলবন্ধন ৫৬
২.৬ স্থায়িত্ব ৫৭

**অধ্যায় ৩: কোঅপারেশন ফ্রেমওয়ার্ক বাস্তবায়নের পরিকল্পনা** ৫৯

৩.১. শাসন ব্যবস্থা ৬১
৩.২. বাস্তবায়ন কৌশল এবং কৌশলগত অংশীদারিত্ব ৬২
৩.৩. যৌথ কর্মপরিকল্পনা ৬৪

**অধ্যায় ৪: পর্যবেক্ষণ ও মূল্যায়ন পরিকল্পনা** ৬৫

৪.১. পরিবীক্ষণ পরিকল্পনা ৬৭
৪.১.১. ঝুঁকি ৬৯
৪.১.২. সহযোগিতা কাঠামো পর্যালোচনা ও রিপোর্টিং ৭১
৪.২. মূল্যায়ন পরিকল্পনা ৭১

সংযোজনী ১: কোঅপারেশন ফ্রেমওয়ার্ক ৭২
সংযোজনী ২: আইনি সংযোজনী ৮২
সংযোজনী ৩: অর্থ হস্তান্তরে হারমোনাইজড অ্যাপ্রোচ (এইচএসিটি) ৮৮
সংযোজনী ৪: বিজনেস অপারেশন্স স্ট্র্যাটেজি ৯১

# সারসংক্ষেপ:

বাংলাদেশ এখন উন্নয়ন পথযাত্রার এক গুরুত্বপূর্ণ মুহূর্তে দাঁড়িয়ে। অর্থনৈতিক উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনে অসামান্য অগ্রগতি দেখিয়েছে বাংলাদেশ, তবে, প্রবৃদ্ধির কিছু নেতিবাচক ফলাফল, যেমন- মাটি, পানি ও বায়ু দূষণসহ নানা কারণে পরিবেশের ক্ষয়ক্ষতি, একই সাথে, জলবায়ু পরিবর্তনজনিত দুর্যোগের প্রভাব ও ঝুঁকি বাড়ায় এ অগ্রযাত্রার গতি কিছুটা মন্থর হয়ে গেছে। এছাড়া দ্রুত অর্থনৈতিক প্রবৃদ্ধির পাশাপাশি তৈরি হয়েছে ক্রমবর্ধমান অসমতার সমস্যা; ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনায়ও যা উল্লেখ করা হয়েছে। কোভিড-১৯ এর প্রভাবে এসব সমস্যা আরও বৃদ্ধি পেয়েছে। এরপরও প্রশাসন, সিদ্ধান্ত গ্রহণ ও সেবাকে মানুষের আরও কাছে পৌঁছে দিতে দেশের প্রতিষ্ঠানগুলোর রূপান্তরকামী পরিবর্তন আনার সুবর্ণ সুযোগ রয়েছে। সুবিশাল সম্ভাবনা রয়েছে যুবক, নারী ও প্রান্তিক গোষ্ঠিগুলোর ভেতরে। একে কাজে লাগাতে দরকার সঠিক মাত্রার বিনিয়োগ এবং দক্ষ, সুনির্দিষ্ট লক্ষ্যভিত্তিক ও ঝুঁকি সম্পর্কে অবগত হস্তক্ষেপ। এই সম্ভাবনার দ্বার উন্মোচিত হলে দেশে টেকসই এবং আরো সমতাভিত্তিক উন্নয়নের পথযাত্রায় গতি বাড়বে।

এই সম্ভাবনার কথা বাংলাদেশের জাতীয় কৌশলগত পরিকল্পনা 'রূপকল্প-২০৪১' এ-ও স্বীকৃত। যাতে বাংলাদেশের উন্নয়নের জন্য স্পষ্টভাবে সার্বিক জাতীয় লক্ষ্যমাত্রা ও দৃষ্টিভঙ্গির উল্লেখ রয়েছে। রূপকল্পে এমন একটি দেশের আকাঙ্খা স্পষ্ট, যেখানে দারিদ্র্য থাকবে না, অর্থনৈতিক ও সামাজিক ন্যায়বিচার নিশ্চিত হবে এবং সবাইকে সাথে নিয়ে উন্নয়ন ঘটবে। এই রূপকল্প অর্জনের জন্য প্রণীত পরিকল্পনা ২০২১-২০৪১-এ সুনির্দিষ্টভাবে লক্ষ্যমাত্রা নির্ধারণ করা আছে। যার মধ্যে ২০৩১ সালের মধ্যে চরম দারিদ্র্যের বিলোপ ও উচ্চ-মধ্য আয়ের দেশের মর্যাদা অর্জন এবং ২০৪১ সালের মধ্যে সব ধরনের দারিদ্র্যের বিলোপ ও উচ্চ-আয়ের দেশের মর্যাদা অর্জন অন্যতম। এ লক্ষ্য পূরণের অংশ হিসেবেই বাংলাদেশ টেকসই উন্নয়ন অভীষ্ট অর্জনে পূর্ণ অঙ্গীকারবদ্ধ। ২০৩০ এজেন্ডা অর্জনের জন্য অগ্রগতি জোরালো করতে জাতিসংঘ মহাসচিবের 'ডিকেড অব অ্যাকশন পালনের আহবানেও সাড়া দিয়েছে বাংলাদেশ।[১]

জাতিসংঘ টেকসই উন্নয়ন সহযোগিতা কাঠামো (ইউনাইটেড ন্যাশন্স সাসটেইনেবল ডেভেলপমেন্ট কোঅপারেশন ফ্রেমওয়ার্ক- ইউএনএসডিসিএফ বা কোঅপারেশন ফ্রেমওয়ার্ক) বাংলাদেশের উন্নয়ন পথযাত্রায় সহায়তা করার জন্য এই বিশ্ব সংস্থার উন্নয়ন প্রক্রিয়ার সিস্টেমের সমন্বিত প্রচেষ্টাকে তুলে ধরছে। এটি কোভিড-১৯ মহামারির প্রভাব কাটিয়ে ওঠা এবং ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনার লক্ষ্যমাত্রা অর্জনের পথে চ্যালেঞ্জ মোকাবেলায় ও প্রধান উন্নয়ন অগ্রাধিকারগুলো বাস্তবায়নে সরকারকে সহায়তা করবে। সর্বোপরি, '২০৩০ এজেন্ডা', 'টেকসই উন্নয়ন ' অভীষ্ট বাস্তবায়ন এবং 'প্রেক্ষিত পরিকল্পনা ২০৪১' অর্জনে ভূমিকা রাখব। স্পষ্ট পরিকল্পনা গ্রহণ ও কর্মসূচি সহযোগিতার মাধ্যমে এ কাঠামো বাংলাদেশে জাতিসংঘ উন্নয়ন প্রক্রিয়ার কর্মপদ্ধতির রূপান্তর ঘটিয়েছে। দেশের ভিতরে জাতিসংঘের সব সংস্থার যৌথ ও একক কাজের ভিত্তি হবে এটি। এ কাঠামো কোভিড-১৯ এর প্রভাব এবং ২০২৬ সালে স্বল্পোন্নত দেশের তালিকা থেকে উত্তরণের কারণে উন্নয়ন অর্থায়নে যে সম্ভাব্য পরিবর্তন আসবে তা বিবেচনায় রেখে উন্নয়নের কার্যকারিতার উপর বিশেষ জোর দিয়েছে। সহযোগিতা কাঠামো এর নানা অনুষঙ্গের মাধ্যমে বিভিন্ন আন্তর্জাতিক আর্থিক প্রতিষ্ঠান ও বহুপাক্ষিক উন্নয়ন ব্যাংকগুলোর আর্থিক ব্যবস্থাপনা প্রচেষ্টার পরিপূরক হিসেবে কাজ করবে।

দেশের পরিবর্তনশীল উন্নয়ন চাহিদা বিবেচনায় রেখে নানা পরিসরে আলোচনা ও বিশ্লেষণের মাধ্যমে 'কোঅপারেশন ফ্রেমওয়ার্ক ২০২২-২০২৬'-এ পাঁচটি কৌশলগত অগ্রাধিকার চিহ্নিত করা হয়েছে। অগ্রাধিকারগুলো পরস্পর সম্পর্কিত, বহু-খাত সংশ্লিষ্ট এবং একটি অপরটিকে এগিয়ে নেবে। ২০৩০ সালের মধ্যে এসডিজি অর্জনে ভূমিকা রাখা এবং টেকসই উন্নয়নে রূপান্তরকামী ও ত্বরান্বিত অগ্রগতিকে সহায়তা করার জন্য এ পাঁচটি কৌশলগত অগ্রাধিকারকে ঘিরেই নিজেদের দক্ষতাকে কাজে লাগাবে জাতিসংঘ সিস্টেম। অন্তর্ভুক্তিমূলক, টেকসই ও সমতাভিত্তিক মানবিক, সামাজিক, অর্থনৈতিক, পরিবেশগত উন্নয়নের জন্য প্রমাণভিত্তিক কর্মকৌশলকে গতিশীল করতে কৌশলগত অগ্রাধিকারগুলোর মাধ্যমে বাংলাদেশের সরকার ও জনগণকে সহায়তা করবে জাতিসংঘ। কোঅপারেশন ফ্রেমওয়ার্ক মানবাধিকার, জেন্ডার সমতা ও নারীর ক্ষমতায়ন, অভিঘাত সহনশীলতা এবং জবাবদিহিতার মূলনীতিসমূহকে সমুন্নত রাখা হয়েছে। নিশ্চিত করা হবে যাতে- 'কেউ পিছিয়ে না পড়ে'- যা জাতিসংঘ উন্নয়ন সিস্টেমের সব কর্মসূচি সহযোগিতার দিকনির্দেশনামূলক মূলনীতি।

[1] General Economics Division, Bangladesh Planning Commission, Ministry of Planning, Government of the People's Republic of Bangladesh. Bangladesh Voluntary National Reviews (2020): Accelerated Action and Transformative Pathways – Realizing the Decade of Action and Delivery for Sustainable Development, June 2020

# কৌশলগত অগ্রাধিকার

### **কৌশলগত অগ্রাধিকার ১:** অন্তর্ভুক্তিমূলক ও টেকসই অর্থনৈতিক উন্নয়ন

ফলাফল ১: ২০২৬ সালের মধ্যে বাংলাদেশের আরো বেশি মানুষ টেকসই জীবিকা ও শোভন কাজের সুযোগ পাবেন। দায়িত্বশীল, অন্তর্ভুক্তিমূলক, টেকসই, পরিবেশবান্ধব[২] এবং সমতাভিত্তিক অর্থনৈতিক উন্নয়নের মাধ্যমে এ সুযোগ তৈরি হবে। বিশেষত, সমাজের সব শ্রেণি-লিঙ্গের প্রান্তিক মানুষ, ঝুঁকিতে থাকা জনগোষ্ঠী ও পিছিয়ে থাকা জেলাগুলোর বাসিন্দারা এতে উপকৃত হবেন।

### **কৌশলগত অগ্রাধিকার ২:** সমতাভিত্তিক মানব উন্নয়ন ও কল্যাণ

ফলাফল ২: ২০২৬ সালের মধ্যে মানসম্মত, অন্তর্ভুক্তিমূলক, জেন্ডার ও শক-রেসপন্সিভ, সর্বজনীন, অভিঘাত সহনশীলতা সামাজিক সুরক্ষা, সামাজিক নিরাপত্তা বেষ্টনী এবং মৌলিক সামাজিক সেবায় মানুষের অভিগম্যতা ও ব্যবহার বাড়বে। বিশেষত, প্রান্তিক এবং ঝুঁকিতে থাকা জনগোষ্ঠী আরো উন্নত সেবা পাবেন।

### **কৌশলগত অগ্রাধিকার ৩:** টেকসই, স্বাস্থ্যকর ও অভিঘাত সহনশীল পরিবেশ

ফলাফল ৩: ২০২৬ সালের মধ্যে বাস্তুতন্ত্র আরও স্বাস্থ্যকর ও উন্নত হবে। জলবায়ু পরিবর্তন, দুর্যোগ ও অভিঘাত সামলে নেয়ার সক্ষমতা থাকবে পরিবেশের। দূষণমুক্ত পরিবেশ, সমৃদ্ধ প্রাকৃতিক সম্পদের ভাণ্ডার, স্বল্প-কার্বন উন্নয়নে জেন্ডার-রেসপন্সিভ উপায়ে ভূমিকা রাখবে সবাই। একইসাথে এর উপকারও ভোগ করবেন তারা। বিশেষত, গ্রাম-শহর উভয় জায়গার প্রান্তিক ও সুবিধাবঞ্চিত মানুষ লাভবান হবেন।

### **কৌশলগত অগ্রাধিকার ৪:** রূপান্তরকামী, অংশগ্রহণমূলক ও অন্তর্ভুক্তিমূলক গভর্ন্যান্স

ফলাফল ৪: ২০২৬ সালের মধ্যে আরো বেশি মানুষ, বিশেষত ঝুঁকিতে থাকা জনগোষ্ঠী, আরো সমতাভিত্তিক, বৈষম্যহীন, জেন্ডার-রেসপন্সিভ, অংশীদারিত্বমূলক, জবাবদিহিতামূলক শাসন ও বিচারব্যবস্থার সুফল ভোগ করবেন। আইনের শাসন দ্বারা পরিচালিত একটি শান্তিপূর্ণ ও সহনশীল সমাজ হবে।

### **কৌশলগত অগ্রাধিকার ৫:** জেন্ডার সমতা এবং জেন্ডার-ভিত্তিক সহিংসতার অবসান

ফলাফল ৫: ২০২৬ সালের মধ্যে নারী, কন্যাশিশু এবং যৌন সংখ্যালঘুরা এমন একটি পরিবেশ পাবেন যেখানে অধিকার, কর্তৃত্ব এবং জীবনের সকল ক্ষেত্রে সিদ্ধান্ত-গ্রহণের ক্ষমতা চর্চা করতে পারবেন। তারা এমন জীবনের পথে এগিয়ে যাবেন যেখানে কোনো ধরনের বৈষম্য, সহিংসতা এবং ক্ষতিকর রীতি ও চর্চা থাকবে না।

বাংলাদেশ সরকার ও জাতিসংঘের ইউএনএসডিসিএফ স্টিয়ারিং কমিটির মাধ্যমে কোঅপারেশন ফ্রেমওয়ার্ক বাস্তবায়ন সমন্বয় করা হবে। যৌথভাবে এ কমিটির সভাপতিত্ব করবেন অর্থ মন্ত্রণালয়ের অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সচিব ও জাতিসংঘের আবাসিক সমন্বয়কারী। কোঅপারেশন ফ্রেমওয়ার্ক বাস্তবায়ন চলাকালে কাঙ্খিত ফলাফল অর্জনের পথে অগ্রগতি পর্যালোচনার জন্য বছরে দুইবার বৈঠকে বসবে এই স্টিয়ারিং কমিটি। এর মাধ্যমে অবশিষ্ট সময়ে কার্যক্রমের গতি বাড়াতে নতুন সুযোগ বা কৌশলগত সমন্বয়ের সুপারিশ করবেন। কোঅপারেশন ফ্রেমওয়ার্ক বার্ষিক যৌথ পরিকল্পনা, পর্যবেক্ষণ ও রিপোর্টিংয়ে নির্দেশনা দিতে পাঁচটি কৌশলগত অগ্রাধিকার গ্রুপ প্রতিষ্ঠা করা হবে, যার প্রধান থাকবেন জাতিসংঘের বিভিন্ন সংস্থার প্রধানেরা।

[২] পরিবেশবান্ধব অর্থনৈতিক উন্নয়ন বলতে এমন উন্নয়ন পথযাত্রা বোঝায় যা স্থানীয় মাটি, পানি ও বায়ু দূষণ, গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ, জীববৈচিত্র্য হ্রাস এবং উৎপাদন প্রক্রিয়ার অন্যান্য নেতিবাচক পরিবেশগত প্রভাব কমানোর চেষ্টা করে। নিশ্চিত করা হয় যাতে উৎপাদক, উৎপাদন প্রক্রিয়া ও সরবরাহ চেইন জলবায়ুর অভিঘাত সহনশীল হয়।




# অধ্যায়

# ১

# ‘২০৩০ এজেন্ডা’
## এর পথে দেশের অগ্রগতি

# ১.১. প্রেক্ষাপট

রূপকল্প ২০৪১ প্রণয়নের মাধ্যমে উন্নয়নের নতুন ধাপে প্রবেশের সাথে সাথে নতুন অনেক সুযোগ ও চ্যালেঞ্জের মুখে পড়েছে বাংলাদেশ। স্বাধীনতার পর থেকে দারিদ্র্য, মাতৃ ও শিশু মৃত্যু হ্রাস আর সবার জন্য শিক্ষা নিশ্চিতকরণে ঈর্ষণীয় অগ্রগতি সাধন করেছে এ দেশটি। এ অগ্রগতির মাধ্যমে জনসংখ্যা কাঠামোতে যে পরিবর্তন এসেছে, তা টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) ও এজেন্ডা ২০৩০ অর্জন এবং ২০৪১ সালের মধ্যে দারিদ্র্য দূরীকরণ ও উন্নত দেশের মর্যাদা অর্জনে অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নের গতি ত্বরান্বিত  করতে বাংলাদেশের সামনে এক অনন্য সুযোগ উন্মোচিত হয়েছে।

এসব লক্ষ্যমাত্রা অর্জন অবশ্য সহজ হবে না। দ্রুত অর্থনৈতিক উন্নয়ন, নগরায়ন ও শিল্প-কারখানার বিস্তারের প্রভাবে অসমতা বেড়েছে; বেড়েছে বায়ু, পানি ও মাটির দূষণ। কোভিড-১৯ মহামারি যেমনি অগ্রযাত্রার গতিকে ধীর করেছে, তেমনি উন্নয়নের কিছু অর্জনকেও বিপরীত মুখী করেছে। একইসাথে আগে থেকে বিদ্যমান ও নতুন কিছু চ্যালেঞ্জকে সবার নজরে এনেছে এ মহামারি। সামাজিক সুরক্ষা ব্যবস্থা, মৌলিক সামাজিক সেবা উন্নত করা এবং স্বল্প খরচে উন্নত মানের চিকিৎসা সেবা নিশ্চিতের জন্য শক্তিশালী সহায়ক অবকাঠামোর প্রয়োজনীয়তা স্পষ্ট হয়েছে সংকটকালীন এ সময়ে। বিশ্লেষণ বলছে, মহামারির সামাজিক-অর্থনৈতিক প্রভাব প্রশমনের জন্য জনস্বাস্থ্য অবকাঠামোর চাহিদা পূরণ, সামাজিক সুরক্ষা ও অর্থনীতির পুনরুদ্ধারে জিডিপি'র প্রায় **১১** শতাংশ বরাদ্দ রেখে প্রণোদনা প্যাকেজ প্রয়োজন হবে বাংলাদেশের।[৩] বৈশ্বিক জলবায়ু পরিবর্তনের প্রভাব স্পষ্ট হওয়ায় এমন সহায়তার চাহিদা বাড়তেই থাকবে বাংলাদেশে।




[3] UNESCAP SSWA (2020). COVID-19 and South Asia: National Strategies and Subregional Cooperation for Accelerating Inclusive, Sustainable and Resilient Recovery.
Available at https://www.unescap.org/sites/default/files/South%20Asia%20Covid-19%20Paper_5.pdf

টেকসই উন্নয়ন পথের গুরুত্বপূর্ণ এ মুহূর্তে কোভিড-১৯ মহামারির প্রভাব থেকে উত্তরণের জন্য বাংলাদেশের সামনে সময়োপযোগী একটি সুযোগ রয়েছে। তা হলো দেশের মানবিক সক্ষমতায় বিনিয়োগের মাধ্যমে নারী, শিশু ও যুবকদের অব্যবহৃত সম্ভাবনাকে উন্মোচন করা। মহামারির কারণে যে সংকটের তৈরি হয়েছে তা থেকে শিক্ষা নিয়ে প্রশাসন, সিদ্ধান্ত প্রণয়ন ও সেবাসমূহকে মানুষের আরও কাছে নিয়ে আসার ক্ষেত্রে দেশের প্রতিষ্ঠানগুলোতে রূপান্তরকামী পরিবর্তন আনার সুবর্ণ সুযোগ সৃষ্টি হয়েছে দেশের সামনে। বিশাল সম্ভাবনা রয়েছে যুবক, নারী ও প্রান্তিক গোষ্ঠিগুলোর মধ্যে। এই সম্ভাবনার দ্বার উন্মোচিত হলে দেশে টেকসই উন্নয়নের নতুন স্রোত শুরু হবে। তবে এর জন্য দরকার সঠিক মাত্রার বিনিয়োগ এবং দক্ষ, সুনির্দিষ্ট লক্ষ্যভিত্তিক ও ঝুঁকি সম্পর্কে অবগত শাসন ব্যবস্থা । সামাজিক, রাজনৈতিক ও অর্থনৈতিক যেসব সিদ্ধান্ত দেশের ভবিষ্যতে প্রভাব রাখবে তাতে যদি সক্রিয়ভাবে অংশগ্রহণের ক্ষমতা দেয়া হয়, তাহলে এ গোষ্ঠীগুলোই বাংলাদেশের উন্নয়নের পরবর্তী ধাপকে এগিয়ে নেবে। এক্ষেত্রে তাদের মানবাধিকার সুরক্ষিত ও সমুন্নত রাখার বিষয়টি নিশ্চিত করতে হবে।

মানবাধিকার কাউন্সিলে সক্রিয় সদস্য হিসেবে জলবায়ু পরিবর্তনের মতো নানা ইস্যুতে নেতৃত্ব দিচ্ছে বাংলাদেশ। বাংলাদেশের সবশেষ সর্বজনীন পুনর্বীক্ষণ পদ্ধতিতে (ইউপিআর) দেশটি ১৭৮টি সুপারিশ গ্রহণ করেছে এবং সেসব সুপারিশ বাস্তবায়নের লক্ষ্যে একটি কর্মপরিকল্পনা নিয়ে কাজ করছে। ইউএন-এসডিসিএফ এর অগ্রাধিকার নির্ধারণের ক্ষেত্রে এর বেশ কিছু সুপারিশ বিবেচনায় রাখা হয়েছে।


**ছবি**: ইউএনডিপি বাংলাদেশ

সারা বিশ্বে আগে থেকে যেসব সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক ঝুঁকি বিদ্যমান ছিলো কোভিড-১৯ মহামারির কারণে তা আরও নাজুক হয়েছে। অন্যান্য জায়গার মতো বাংলাদেশেও সামাজিক সংহতি ও টেকসই শান্তির জন্য এ মহামারি নতুন চ্যালেঞ্জ তৈরি করেছে । জলবায়ু পরিবর্তনের কারণে এসব ঝুঁকি আরও বাড়ার শঙ্কা রয়েছে। কারণ, জলবায়ু পরিবর্তনের কারণে জীবিকার ওপর প্রভাব বাড়ছে, বাস্তুচ্যুতি ও অভিবাসন বাড়ছে, বাড়ছে সম্পদের স্বল্পতা। ধর্মীয় ও জাতিগত পরিচয় নিয়ে আন্তঃসীমান্ত উত্তেজনাও উদ্বেগের একটি কারণ হয়ে দাঁড়িয়েছে।

বর্তমানে বাংলাদেশ ৮ লাখ ৮৪ হাজারের[৪] বেশি রোহিঙ্গা শরণার্থীকে[৫] আশ্রয় দিচ্ছে। শরণার্থী ও আশ্রয়দাতা জনগোষ্ঠি-উভয়কেই প্রয়োজনীয় সহায়তা দেয়ার জন্য বাংলাদেশ সরকার ও বেসরকারি সংস্থাগুলোর সাথে ঘনিষ্ঠভাবে কাজ করে আসছে জাতিসংঘ সংস্থাগুলো। একইসাথে মিয়ানমারে রোহিঙ্গাদের স্বেচ্ছায়, নিরাপদ, মর্যাদাপূর্ণ ও টেকসই প্রত্যাবাসনের জন্য উপযুক্ত পরিবেশ নিশ্চিতের লক্ষ্যে বৈশ্বিক পর্যায়ে কাজ করছে জাতিসংঘ। এই সহায়তার সাথে সম্পৃক্ত লক্ষ্য, কৌশল, অর্থায়ন ও পদক্ষেপের বিস্তারিত বর্ণনা রয়েছে রোহিঙ্গা মানবিক সংকট নিয়ে বার্ষিক ভিত্তিতে ঘোষিত জয়েন্ট রেসপন্স প্ল্যানে।[৬]


[4] The JRP seeks to support over 880,000 Rohingya refugees and 472,000 vulnerable Bangladeshis in Cox's Bazar district.

[5] The Government of Bangladesh refers to the Rohingya as "Forcibly Displaced Myanmar Nationals (FDMN)." The UN system refers to this population as Rohingya refugees, in line with the applicable international framework.

[6] 2021 Joint Response Plan: Rohingya Humanitarian Crisis.
https://www.humanitarianresponse.info/sites/www.humanitarianresponse.info/files/documents/files/2021_jrp_with_annexes.pdf

# ১.২ টেকসই উন্নয়নের জন্য জাতীয় রূপকল্প

জাতীয় কৌশলগত পরিকল্পনা রূপকল্প ২০৪১-এ বাংলাদেশের উন্নয়নের জন্য স্পষ্টভাবে সার্বিক জাতীয় লক্ষ্যমাত্রা ও দৃষ্টিভঙ্গির উল্লেখ রয়েছে। যাতে এমন একটি দেশের আকাঙ্খা স্পষ্ট, যেখানে দারিদ্র্য থাকবে না, অর্থনৈতিক ও সামাজিক ন্যায়বিচার নিশ্চিত হবে এবং সবাইকে সাথে নিয়ে উন্নয়ন ঘটবে। এই রূপকল্প অর্জনের জন্য প্রণীত প্রেক্ষিত পরিকল্পনা ২০২১-২০৪১-এ সুনির্দিষ্টভাবে লক্ষ্যমাত্রা নির্ধারণ করা আছে। যা হলো: ২০৩১ সালের মধ্যে চরম দারিদ্র্যের বিলোপ ও উচ্চ-মধ্য আয়ের দেশের মর্যাদা অর্জন এবং ২০৪১ সালের মধ্যে সব ধরনের দারিদ্র্যের বিলোপ ও উচ্চ-আয়ের দেশের মর্যাদা অর্জন। এ লক্ষ্য পূরণের অংশ হিসেবেই বাংলাদেশ টেকসই উন্নয়ন অভীষ্ট অর্জনে পূর্ণ অঙ্গীকারাবদ্ধ। ২০৩০ এজেন্ডা অর্জনের জন্য অগ্রগতি জোরালো করতে জাতিসংঘ মহাসচিবের 'ডিকেড অব এ্যাকশন' পালনের আহবানেও সাড়া দিয়েছে বাংলাদেশ।[৭]




আগামী পাঁচ বছরে এই উচ্চাভিলাষী রাজনৈতিক, অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নের রূপকল্পের পথে অগ্রগতি পরিচালিত হবে অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনার মাধ্যমে। এই মধ্য-মেয়াদী উন্নয়ন কৌশল এমন সময়ে শুরু হচ্ছে যখন বাংলাদেশ কোভিড-১৯ মহামারি থেকে অভিঘাতসহনশীল ও শক্তভাবে ঘুরে দাঁড়ানোর চেষ্টা করছে। যাতে অর্থনৈতিক প্রবৃদ্ধি স্থিতিশীল রেখে এসডিজি অর্জন, মধ্য-আয়ের দেশের মর্যাদা অর্জন এবং ২০৩০/৩১ সালের মধ্যে চরম দারিদ্র নিরসনের লক্ষ্য পূরণের জন্য সঠিক পথে থাকা যায়। ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনার সাফল্য ও শিক্ষার ওপর ভিত্তি করে ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনায় বাংলাদেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি ধরে রাখার পাশাপাশি সবার মাঝে এই প্রবৃদ্ধির সুবিধা ছড়িয়ে দেয়ার কথা বলা হয়েছে। এতে স্বীকার করা হয়েছে কিছু খাতে সংস্কারের প্রয়োজনীয়তার কারণে জাতীয় অর্থনীতির পূর্ণাঙ্গ সম্ভাবনা কাজে লাগানোর ক্ষেত্রে একটি 'পারফরম্যান্স গ্যাপ' তৈরি হয়েছে। খাতগুলো হলো: কর রাজস্ব শক্তিশালীকরণ, বেসরকারি বিনিয়োগ পরিবেশ উন্নত করা, কর্মসংস্থান সৃষ্টি এবং রফতানির বহুমুখীকরণ। এর সবগুলোই এসডিজি'র অর্থায়নের লক্ষ্যমাত্রা পূরণের জন্য খুব জরুরি। একইসাথে কোভিড-১৯ মহামারির কারণে স্বাস্থ্য, শিক্ষা ও সুরক্ষা খাতে দেশের শক্তিশালী আইনি ও নীতি কাঠামোর সাথে বাস্তবতার ফারাক স্পষ্ট হয়েছে। এসব খাতে মানসম্মত ও জেন্ডার-রেসপন্সিভ সেবা প্রদানের মতো প্রয়োজনীয় ও ব্যবহারযোগ্য সুযোগ-সুবিধা, জনবল নিশ্চিত করা যায়নি। লক্ষ্য নির্ধারণের ক্ষেত্রে উপেক্ষা ও অন্তর্ভুক্তির ত্রুটি এবং জাতীয় সামাজিক নিরাপত্তা পদ্ধতি (এনএসএসএস) ও সামাজিক সুরক্ষা কর্মসূচিতে সংস্কারের ধীরগতির কারণে দরিদ্র ও ঝুঁকিতে থাকা জনগোষ্ঠীর কাছে সেবা পৌঁছে দেয়ার ক্ষেত্রে সরকারের সক্ষমতা কমে যাচ্ছে। এমনকি কোভিড-১৯ পরিস্থিতি এবং দারিদ্র্য বেড়ে যাওয়ার সময়েও জরুরি সেবার ক্ষেত্রে সক্ষমতার এ সীমাবদ্ধতা দেখা গেছে। অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনায়ও এ বিষয়টি উল্লেখ করা হয়েছে।

[7] General Economics Division, Bangladesh Planning Commission, Ministry of Planning, Government of the People's Republic of Bangladesh. Bangladesh Voluntary National Reviews (2020): Accelerated Action and Transformative Pathways – Realizing the Decade of Action and Delivery for Sustainable Development, June 2020

এই প্রেক্ষাপটে ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনায় ছয়টি মূল বিষয়বস্তু রয়েছে। প্রথমত, স্বাস্থ্যসেবা ও অর্থনৈতিক কার্যক্রম পুনরুদ্ধারের লক্ষ্যে দ্রুত কোভিড-১৯ মহামারির প্রভাব কাটিয়ে ওঠা। পরিকল্পনা বাস্তবায়নের প্রথম বছরে এই বিষয়টি বিশেষভাবে গুরুত্বপূর্ণ। কারণ এর মাধ্যমেই পরিকল্পনার বাকি অংশ বাস্তবায়নের গতি বাড়াতে সরকারের সক্ষমতা স্পষ্ট হবে। দ্বিতীয়ত, দ্রুততম সময়ের মধ্যে জিডিপি প্রবৃদ্ধির গতি ত্বরান্বিতকরণ, কর্মসংস্থান সৃষ্টি ও দারিদ্র্য হ্রাসের উদ্যোগগুলো পুনর্বহাল করা। যাতে ২০২৫ অর্থবছরের মধ্যে ৮.৫ শতাংশ জিডিপি প্রবৃদ্ধির লক্ষ্য অর্জন করা যায়। তৃতীয়ত, এ পরিকল্পনায় বাংলাদেশের উন্নয়নে অন্তর্ভুক্তি নিশ্চিত করার লক্ষ্যে বিস্তৃত কৌশল নেয়া হয়েছে। যাতে সব নাগরিক এতে পূর্ণাঙ্গভাবে অংশগ্রহণ করতে পারে এবং দরিদ্র ও ঝুঁকিতে থাকা জনগোষ্ঠি আরও বেশি করে উন্নয়নের সরাসরি সুফল পেতে পারে। চতুর্থত, জলবায়ু পরিবর্তন ও দুর্যোগের অভিঘাত সহনশীলতা বৃদ্ধি, প্রাকৃতিক সম্পদের দায়িত্বশীল ব্যবহার, নগরায়নের সঠিক ব্যবস্থাপনা নিশ্চিত করার মাধ্যমে টেকসই উন্নয়ন। পঞ্চমত, প্রেক্ষিত পরিকল্পনার চারটি ভিত্তির সাথে মিল রেখে ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনায় গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠানগুলোকে শক্তিশালী করার উপর জোর দেয়া হয়েছে। দীর্ঘমেয়াদি প্রবৃদ্ধি ধরে রাখার পেছনে অর্থনৈতিক ও রাজনৈতিক প্রতিষ্ঠানগুলোর গুরুত্ব তুলে ধরা হয়েছে এতে। ষষ্ঠত, নির্দিষ্ট কয়েকটি এসডিজি লক্ষ্যমাত্রা অর্জনে দেশের পরিকল্পনা হালনাগাদ করা হয়েছে ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনায়। একইসাথে স্বল্পোন্নত দেশের তালিকা থেকে উত্তরণের ফলে যেসব প্রভাব পড়বে তার সাথে খাপ খাইয়ে নেয়ার জন্য বেশ কিছু কৌশল উল্লেখ করা হয়েছে। উন্নয়নের গতি বাড়াতে এতে ১৫টি অগ্রাধিকার এলাকা চিহ্নিত করা হয়েছে; যার প্রত্যেকটি সরাসরি এক বা একাধিক এসডিজি লক্ষ্যমাত্রার সাথে সম্পৃক্ত।

## ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনার অগ্রাধিকার



এসব অগ্রাধিকারের মধ্যে চারটি সামষ্টিক অর্থনৈতিক লক্ষ্যমাত্রা রয়েছে। যেগুলো হলো: সামষ্টিক অর্থনৈতিক স্থিতিশীলতার মাধ্যমে অন্তর্ভুক্তিমূলক অর্থনৈতিক প্রবৃদ্ধি (এসডিজি ৮); দারিদ্র্য ও অসমতা হ্রাস (এসডিজি ১ ও ১০); কর্মসংস্থান (এসডিজি ৮); আন্তর্জাতিক সহযোগিতা এবং অংশীদারিত্ব (এসডিজি ১৭)। এ পরিকল্পনায় আরও ১১টি খাতভিত্তিক অগ্রাধিকার লক্ষ্যমাত্রা চিহ্নিত করা হয়েছে। যেগুলো হলো: স্বাস্থ্য ও কল্যাণ (এসডিজি ৩), মানসম্মত শিক্ষা (এসডিজি ৪), কৃষি এবং খাদ্য নিরাপত্তা (এসডিজি ২), নিরাপদ পানি ও পয়ঃনিষ্কাশন (এসডিজি ৬), পরিবহন ও যোগাযোগ (এসডিজি ৯), বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ (এসডিজি ৭), জেন্ডার ও সামাজিক অসমতা (এসডিজি ৫ ও ১০), পরিবেশ, জলবায়ু পরিবর্তন ও দুর্যোগ ব্যবস্থাপনা (এসডিজি ১৩, ১৪ ও ১৫), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (এসডিজি ৯), নগর উন্নয়ন (এসডিজি ১১) এবং শাসন ব্যবস্থা (এসডিজি ১৬)। এসডিজি লক্ষ্যমাত্রার বিপরীতে অগ্রগতি পরিমাপের জন্য একটি মজবুত, ফলাফলভিত্তিক পরিবীক্ষণ ও মূল্যায়ন কাঠামো উল্লেখ করা হয়েছে পরিকল্পনায়। যা পরিচালিত হবে ১০৪টি সূচকের বিষয়ে নিয়মতান্ত্রিক উপাত্ত উপস্থাপনের মাধ্যমে।[৮]

## ছয়টি মূল পদক্ষেপ

দ্বিতীয় সামষ্টিক অর্থনৈতিক অগ্রাধিকারের সাথে সঙ্গতি রেখে এবং আগের পরিকল্পনাগুলোর সময় দেখা দেয়া দুর্বলতাগুলোর আলোকে ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনায় বেশি গুরুত্ব দেয়া হয়েছে অসমতা হ্রাসের ওপর। অসমতার তাৎক্ষণিক কারণগুলো দূর করতে এতে ছয়টি মূল পদক্ষেপ চিহ্নিত করা হয়েছে। যার মধ্যে রয়েছে, শৈশব উন্নয়ন ও পুষ্টি কর্মকাণ্ড, সর্বজনীন স্বাস্থ্য সুবিধা ও গুণগত শিক্ষায় সর্বজনীন অভিগম্যতা, নগদ অর্থ হস্তান্তর ও অগ্রগতিমূলক কর আরোপ, এবং রাস্তাঘাট তৈরি ও বিদ্যুতায়নসহ পল্লী অবকাঠামোর বিস্তার। সামগ্রিকভাবে এ পরিকল্পনায় একটি দীর্ঘমেয়াদি, দরিদ্রবান্ধব ও অন্তর্ভুক্তিমূলক প্রবৃদ্ধি কৌশল নেয়া হয়েছে। যা শ্রমঘন, রপ্তানিমুখী উৎপাদনকেন্দ্রিক প্রবৃদ্ধি এবং কৃষির বহুমুখীকরণকে উৎসাহিত করবে। একইসাথে কর্মশক্তিতে জেন্ডার ভারসাম্য বাড়াবে, অতিক্ষুদ্র ও ক্ষুদ্র শিল্প এবং আধুনিক সেবাখাত শক্তিশালী করবে, নন-ফ্যাক্টর সেবাসমূহের রপ্তানি বৃদ্ধি এবং বিদেশে কর্মসংস্থান বাড়াতে উৎসাহ দেবে। এই সব ক্ষেত্রেই জনগণের মানবাধিকার সুরক্ষা ও সমুন্নত রাখার ওপর গুরুত্ব দেয়া হয়েছে পরিকল্পনায়। বিশেষ করে শহুরে ও গ্রামীণ কর্মজীবী দরিদ্র, অনানুষ্ঠানিক খাতে কর্মজীবী জনগোষ্ঠী, সংখ্যালঘু নৃগোষ্ঠী, প্রতিবন্ধি, নারী ও কন্যাশিশুদের অধিকার নিশ্চিত করার উপর জোর দেয়া হবে।

[8] General Economics Division, Bangladesh Planning Commission, Ministry of Planning, Government of the People's Republic of Bangladesh, Bangladesh 8th Five- Year Plan, FY20201-FY 2025: "Promoting Prosperity and Fostering Inclusiveness", December 2020, p. 140.

৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনায় বাংলাদেশে পরিবেশবান্ধব প্রবৃদ্ধি কৌশল গ্রহণেরও অঙ্গীকার করা হয়েছে। সবুজ প্রবৃদ্ধি অর্জনের জন্য কৌশল, নীতিমালা ও প্রাতিষ্ঠানিক সংস্কারের মধ্যে রয়েছে: ক) সামষ্টিক অর্থনীতি কাঠামোর মধ্যে পরিবেশগত ব্যয় অন্তর্ভুক্ত থাকবে; খ) অভিঘাত তৈরি এবং জলবায়ু পরিবর্তনের ঝুঁকি কমাতে ডেল্টা পরিকল্পনার বাস্তবায়ন, (গ) বায়ু ও পানি দূষণ হ্রাস, (ঘ) জ্বালানি ভর্তুকি দূর করা, (ঙ) জীবাশ্ম জ্বালানি ব্যবহারের ওপর সবুজ কর আরোপ, (চ) শিল্প ইউনিটগুলো থেকে নির্গমনের ওপর কর আরোপ এবং (ছ) ভূ-উপরিস্থ পানি দূষণ রোধ।[৯]

বাংলাদেশ জাতিসংঘের মূল নয়টি মানবাধিকার সংক্রান্ত সনদের মধ্যে আটটিতেই স্বাক্ষর করেছে এবং ইউনিভার্সেল পিরিয়ডিক রিভিউ (ইউপিআর) তিনটি পর্যায়েই সহযোগিতা করে আসছে। ২০১৮ সালের ইউপিআর-এর তৃতীয় পর্যায়ে ২৫১টি সুপারিশের মধ্যে ১৭৮টি সুপারিশ সমর্থন করেছে বাংলাদেশ। সমর্থন জানানো সুপারিশগুলোর মধ্যে বাছাইকৃত ৫৭টি নিয়ে প্রথম কর্মশালায় অংশগ্রহণকারীরা পর্যালোচনা করেন এবং দ্বিতীয় কর্মশালায় ৪০টি সুপারিশ নিয়ে আলোচনা হয়। ইউপিআর সুপারিশ বাস্তবায়নের জন্য ২০২০ সালে জাতিসংঘ সিস্টেম একত্রিত হয়ে সমন্বিত সমর্থন দেয় বাংলাদেশকে। মানবাধিকার সুরক্ষা ও সমুন্নত রাখার ব্যাপারে বাংলাদেশের অঙ্গীকার ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনায়ও অন্তর্ভুক্ত রয়েছে।

জলবায়ু পরিবর্তনের কারণে বাংলাদেশে যেসব ঝুঁকি তৈরি হয়েছে তা মোকাবেলায় ২০১৮ সালে 'ডেলটা পরিকল্পনা ২১০০' অনুমোদন করে জাতীয় অর্থনৈতিক পরিষদ। জলবায়ু পরিবর্তনের প্রভাব প্রশমন ও দেশের পানিসম্পদ নিরাপদ রাখার জন্য এটি একটি বহু-খাত ভিত্তিক কৌশল। এ পরিকল্পনায় বন্যা ব্যবস্থাপনার সক্ষমতা বৃদ্ধি, কৃষি ও নিরাপদ পানির ব্যবহারে স্থায়িত্ব বৃদ্ধি[১০] এবং এতে অভিগম্যতার ক্ষেত্রে সমতা প্রতিষ্ঠা, পানির গুণগত মান ও প্রাপ্যতা, উপকূলীয় এলাকায় অভিঘাত সহিষ্ণু কাঠামো জোরদার, শাসন ব্যবস্থা উন্নতকরণ, পানিসম্পদ নিয়ে আন্তঃদেশীয় সহযোগিতাসহ নানা পদক্ষেপের কথা বলা হয়েছে। সামুদ্রিক ও পানিসম্পদের ব্যবহার রক্ষা ও ব্যবস্থাপনার জন্য 'ইকোনমি' দৃষ্টিভঙ্গি গ্রহণের ইঙ্গিতও দেয়া হয়েছে এ পরিকল্পনায়।


**ছবি**: ইফাদ বাংলাদেশ

৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনার বাস্তবায়ন পরিবীক্ষণ করা হবে একটি উন্নয়ন ফলাফল কাঠামোর (ডিআরএফ) মাধ্যমে। যাতে টেকসই উন্নয়ন অভীষ্টের পরিবীক্ষণ এবং মূল্যায়নও অন্তর্ভুক্ত থাকবে। এটি ফলাফলভিত্তিক ব্যবস্থাপনা এবং উপাত্ত ও প্রমাণভিত্তিক সিদ্ধান্তগ্রহণে সরকারের ক্রমবর্ধমান সক্ষমতার উপর ভিত্তি করে প্রতিষ্ঠিত। ২০২৩ অর্থবছরের শেষে বাস্তবায়নের অগ্রগতি নিয়ে একটি মধ্যমেয়াদি পর্যালোচনার পরিকল্পনা রয়েছে। আর বাস্তবায়নের সমাপ্তি পর্যালোচনা হবে পরিকল্পনার মেয়াদ সম্পন্ন হওয়ার পর, ২০২৫ অর্থবছরের শেষে। সেবা সরবরাহের জায়গা থেকে উপাত্ত সংগ্রহের ক্ষেত্রে তথ্য ব্যবস্থায় উন্নয়ন এবং স্থানীয় প্রশাসনকে যুক্ত করার পরিকল্পনা রয়েছে সরকারের। সিদ্ধান্ত গ্রহীতাদের কাছে এ উপাত্ত পৌঁছে দেয়া হবে এবং তারা যাতে এর ব্যবহার করেন তা নিশ্চিত করা হবে। দক্ষতা ও কার্যকারিতা যাতে বাড়ে তা নিশ্চিত করতে সরকার এবং উন্নয়ন অংশীদার-উভয়েরই ভূমিকা ও দায়িত্ব স্পষ্ট করা হবে।

[৯] ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা, নির্বাহী সারসংক্ষেপ

[১০] জাতীয় কৃষিক নীতি ২০১৯ এবং কোভিড ১৯ মহামারীর প্রতিক্রিয়ায় কৃষি মন্ত্রণালয় কর্তৃক গৃহীত কোভিড-১৯ কর্মপরিকল্পনায় স্বল্প ও মধ্য মেয়াদে টেকসই কৃষির রূপরেখা দেয়া হয়েছে।

# ১.৩ টেকসই উন্নয়ন অভীষ্ট অর্জনের অগ্রগতি

কোভিড-১৯ মহামারির প্রাদুর্ভাবের আগে এসডিজি লক্ষ্যমাত্রাগুলো অর্জনে লক্ষণীয় অগ্রগতি ছিলো বাংলাদেশের (কোভিড-১৯ এর প্রভাব বিস্তারিত আলোচনা হয়েছে সেকশন ১.৪-এ)। সবচেয়ে বেশি কিন্তু অসম সাফল্য দেখা গেছে দারিদ্র্য বিমোচন, নিরাপদ পানি ও পয়ঃনিষ্কাশন এবং সামাজিক নিরপত্তা সূচকে। ক্যামব্রিজ বিশ্ববিদ্যালয় প্রকাশিত টেকসই উন্নয়ন প্রতিবেদন ২০২১ অনুযায়ী, ২০১৫ সালের পর থেকে এসডিজি সূচকে সবচেয়ে বেশি অগ্রগতি অর্জন করেছে বাংলাদেশ। এসডিজি সূচকে বাংলাদেশের স্কোর ৬৩.৫।

## বাংলাদেশে এসডিজি অগ্রগতি, ২০২০





সূত্র: টেকসই উন্নয়ন প্রতিবেদন ২০২১, ক্যামব্রিজ বিশ্ববিদ্যালয়
https://drive.google.com/file/d/136AlzO1Y5j5Dr2rf8ybtNuvtzMB_FIPS/view

১. দারিদ্র্য বিমোচন
২. ক্ষুধা মুক্তি
৩. সুস্বাস্থ্য ও কল্যাণ
৪. গুনগত শিক্ষা
৫. জেন্ডার সমতা
৬. নিরাপদ পানি ও পয়ঃনিষ্কাশন
৭. সাশ্রয়ী ও দূষণমুক্ত জ্বালানি
৮. শোভন কাজ ও অর্থনৈতিক প্রবৃদ্ধি
৯. শিল্প, উদ্ভাবন ও অবকাঠামো
১০. অসমতা হ্রাস
১১. টেকসই নগর ও জনপদ
১২. পরিমিত ভোগ ও উৎপাদন
১৩. জলবায়ু কার্যক্রম
১৪. জলজ জীবন
১৫. স্থলজ জীবন
১৬. শান্তি, ন্যায়বিচার ও কার্যকর প্রতিষ্ঠান
১৭. অভীষ্ট অর্জনে অংশীদারিত্ব

## দারিদ্র্যের হার

২০১৬ সালে দারিদ্র্যের হার কমে দাঁড়ায় ২৪.৩ শতাংশে। ওই বছর চরম দারিদ্রের হার কমে দাঁড়ায় ১৩.৮ শতাংশে; ২০১০ সালেও যা ছিলো ১৮.৫ শতাংশ। বিগত বছরগুলোয় দারিদ্র্য হ্রাসের গতি কিছুটা মন্থর হলেও বাংলাদেশ প্রথম টেকসই উন্নয়ন অভীষ্ট অর্জন এবং প্রেক্ষিত পরিকল্পনার অনুসারে ২০৩০ সালের মধ্যে চরম দারিদ্র্য নিরসনের লক্ষ্যমাত্রা অর্জনের পথেই রয়েছে। কোভিড-১৯ মহামারি সাময়িকভাবে হলেও দেশের এই অগ্রগতির কিছুটা বিপরীতমূখীতা দিয়েছে। বিশেষত অনানুষ্ঠানিক খাতে যুক্ত মানুষ ও নগর এলাকায় এর প্রভাব বেশি। মহামারির কারণে প্রায় ১৬ মিলিয়ন 'নতুন দরিদ্র' সৃষ্টি হয়েছে।[১১] দেশের ৬৪ জেলার মধ্যে অঞ্চলভেদে বৈষম্যের সমস্যাও রয়ে গেছে। সবচেয়ে বেশি দরিদ্র জেলার সাথে সবচেয়ে কম দরিদ্র জেলার মধ্যে দারিদ্র্যের হারের ব্যবধান ৬৮ শতাংশ-পয়েন্ট। দেশের পশ্চিমাঞ্চল এবং চট্টগ্রাম পার্বত্য এলাকায় আনুপাতিকভাবে দরিদ্র জেলার সংখ্যা বেশি। বেশ কয়েকটি জেলা দেশের উন্নয়ন অগ্রযাত্রা থেকে পিছিয়ে রয়েছে।[১২]

### দারিদ্র্যের হার কমেছে




### চরম দারিদ্রতা




### ১৬ মিলিয়ন




### দারিদ্র্যের মধ্যে বৈষম্য




### ৬৪ টি জেলা



আঞ্চলিক বৈষম্য

[১১] Bangladesh Institute of Development Studies 2020. Poverty in the time of Corona: Trends, Drivers, Vulnerability and Policy Responses in Bangladesh
[১২] সাধারণ অর্থনীতি বিভাগ, বাংলাদেশ পরিকল্পনা কমিশন, পরিকল্পনা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার। Bangladesh Voluntary National Reviews (2020): Accelerated Action and Transformative Pathways – Realizing the Decade of Action and Delivery for Sustainable Development, June 2020

## বাংলাদেশে মানব উন্নয়ন

ক্ষুধা ও পুষ্টিহীনতা হ্রাসে উল্লেখযোগ্য অগ্রগতি সাধন করেছে বাংলাদেশ। শিশু অপুষ্টি হ্রাসে লম্বা সময় ধরে অগ্রগতি ধরে রেখেছে এবং লক্ষ্যমাত্রা অর্জনের পথে আছে। দেশের কৃষি, মৎস্য ও প্রাণিসম্পদ খাতে ভালো প্রবৃদ্ধি, প্রয়োজনীয় পুষ্টি সেবার ব্যবহার ও অভিগম্যতা উন্নত করা এবং নিরাপদ খাদ্য নিশ্চিত করার মাধ্যমে[১৩] পুষ্টিখাতে এই অগ্রগতি সম্ভব হয়েছে।

**প্রতি ১০০,০০০ জীবিত জন্ম মৃত্যু ১৯৯০-২০১৯**

| **৪৭৮** | **১৬৫** |
|---|---|
| মৃত্যু ১৯৯০ | মৃত্যু ২০১৯ |

বিগত তিন দশক ধরেই স্বাস্থ্যখাতে বাংলাদেশের অগ্রগতি লক্ষ্যণীয়; যা একাধিক এসডিজি লক্ষ্যমাত্রা পূরণের পথে দেশকে এগিয়ে নিয়েছে। স্বাস্থ্যসুবিধার ব্যবহার ও অভিগম্যতা উন্নত করাসহ চিকিৎসাসেবার উন্নতি, জন্মহার হ্রাস, নারী ও কন্যাশিশুদের শিক্ষার স্তর বৃদ্ধি এবং মাথাপিছু জাতীয় আয় বৃদ্ধির সম্মিলিত প্রভাব মাতৃমৃত্যুর হার কমাতে সাহায্য করেছে। দেশের ভলান্টারি ন্যাশনাল রিভিউ ২০২০ অনুসারে, ১৯৯০ সালে প্রতি এক লাখ শিশু জন্ম দেয়ার সময় ৪৭৮ জন মায়ের মৃত্যু হতো। ২০১৯ সালে সেটা কমে দাঁড়িয়েছে ১৬৫ জনে।[১৪] শিক্ষার সকল স্তরে শিক্ষার্থী ভর্তির হার বৃদ্ধির ক্ষেত্রেও উল্লেখযোগ্য অগ্রগতি অর্জিত হয়েছে। প্রাথমিক বিদ্যালয়ে ভর্তির হার বেড়ে প্রায় সর্বজনীন মাত্রার কাছাকাছি পৌঁছে গেছে। একাধিক সূচকের বিপরীতে যথাযথ পয়ঃনিষ্কাশন ও নিরাপদ পানিতে অভিগম্যতা বেড়েছে বিগত দুই দশকে। যদিও এই খাতে অধিকতর এবং আরো সমতাভিত্তিক অগ্রগতি অর্জন কঠিন হয়ে পড়েছে। এসব অর্জনই বাংলাদেশের এলডিসি পর্যায় থেকে উত্তরণের তিন শর্তের সব কয়টি পূরণ এবং মানব সম্পদ সূচকে অগ্রগতির পেছনে মূল ভূমিকা পালন করেছে।

জেন্ডার সমতা অর্জন, নারী ও কন্যাশিশুদের অধিকার সুরক্ষিত ও সমুন্নত রাখার জন্য দৃঢ় রাজনৈতিক অঙ্গীকারের প্রতিফলন ঘটেছে উল্লেখযোগ্যসংখ্যক আইন, নীতি এবং কর্মপরিকল্পনায়। ফলে জেন্ডার বিষয়ে কাজ করার একটি শক্তিশালী ভিত্তি তৈরি হয়েছে। সাম্প্রতিক বছরগুলোয় লক্ষ লক্ষ নারী শ্রমশক্তিতে যুক্ত হয়েছে এবং কন্যাশিশুদের শিক্ষাব্যবস্থার আওতায় আনার ক্ষেত্রে ঈর্ষণীয় সাফল্য দেখা গেছে। প্রাথমিক শিক্ষায় ছেলে-মেয়ে ব্যবধান ঘোচানো গেছে। তবে মাধ্যমিক পর্যায়ে ঝড়ে পড়ার ক্ষেত্রে মেয়েদের হার বেশি। ধীরে হলেও সাম্প্রতিক বছরগুলোতে স্থানীয় পর্যায়ে রাজনৈতিক সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় নারীদের আনুষ্ঠানিক অংশগ্রহণ বৃদ্ধি পাচ্ছে। সবশেষ নির্বাচনগুলোতে সংসদ সদস্য ও কাউন্সিলর পদে নারীদের ক্রমবর্ধমান প্রতিনিধিত্ব দেখা গেছে। ২০২০ সালে বৈশ্বিক জেন্ডার গ্যাপ সূচকে ১৫৩ দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান ছিলো ৫০তম। এর পেছনে এ সূচকের রাজনৈতিক ক্ষমতায়ন শাখাও (৫৪.৫% স্কোর) একটি বড় কারণ। লম্বা সময় নারী রাষ্ট্রপ্রধান/সরকারপ্রধান থাকায় রাজনৈতিক ক্ষমতায়ন শাখায় সারা বিশ্বে বাংলাদেশের অবস্থান ৭ম। যদিও অর্থনৈতিক অংশগ্রহণ, শিক্ষা ও স্বাস্থ্য-সূচকের বাকি এই তিন শাখাতেই বাংলাদেশের অবস্থান ১০০-র বাইরে। উচ্চ পর্যায়ের রাজনৈতিক সমর্থন থাকায় তৃতীয় লিঙ্গের মানুষের অধিকারও বেড়েছে; যদিও পদ্ধতিগত মানবাধিকার সুরক্ষা ও সেবাগুলোতে সমান অভিগম্যতা এখনো নিশ্চিত হয়নি।[১৫]

বাংলাদেশের শিল্পখাত, বিশেষত উৎপাদনমুখী শিল্প প্রবৃদ্ধির অন্যতম প্রধান চালিকাশক্তিতে পরিণত হয়েছে। কোভিড-১৯ মহামারির কারণে উৎপাদনমুখী শিল্প, বিশেষ করে কুটির, অতিক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি শিল্প মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। এরপরও উল্লেখযোগ্য মাত্রায় সরাসরি বিদেশি বিনিয়োগ বৃদ্ধির সুযোগ এবং ব্যবসা সহজীকরণ পরিস্থিতির উন্নতি ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা চলাকালে বৃহৎ সম্ভাবনার তৈরি করতে পারে।

[১৩] কৃষি ও খাদ্য মন্ত্রণালয়ের একাধিক বছরব্যাপী পদক্ষেপগুলোতে এসব অর্জনের রূপরেখা দেয়া রয়েছে।
[১৪] সাধারণ অর্থনীতি বিভাগ, বাংলাদেশ পরিকল্পনা কমিশন, পরিকল্পনা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
Bangladesh Voluntary National Reviews (2020): Accelerated Action and Transformative Pathways – Realizing the Decade of Action and Delivery for Sustainable Development, June 2020, পৃষ্ঠা ৪৬
[১৫] তৃতীয় লিঙ্গ এবং প্রতিবন্ধিদের চাকরি দিলে প্রণোদনার ব্যবস্থা রাখা হয়েছে সবশেষ বাজেটে।



# ১.৪ সীমাবদ্ধতা ও চ্যালেঞ্জ

সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনার আওতায় বাংলাদেশে দ্রুত অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জিত হলেও তৈরি হয়েছে ক্রমবর্ধমান অসমতার সমস্যা; বেড়েছে প্রান্তিকীকরণ, উপেক্ষা এবং বৈষম্যের প্রবণতা। যা অনেক সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীকে দেশের বর্তমান উন্নয়ন পথযাত্রা থেকে পিছিয়ে রাখার ঝুঁকিতে ফেলেছে। যাদের মধ্যে রয়েছে জাতিগত সংখ্যালঘু, নারী, শিশু, কিশোর ও যুবক, শহুরে ও কর্মজীবী দরিদ্র, প্রতিবন্ধী। রয়েছে দুর্গম এলাকায় বসবাসরত মানুষজন; যাদের অনেকেই প্রজন্মের পর প্রজন্ম দারিদ্র্যের চক্রে আটকে রয়েছে এবং যারা সাংস্কৃতিক, অর্থনৈতিক, রাজনৈতিক ও সামাজিকভাবে উপেক্ষিত থেকে যাচ্ছে। বাংলাদেশের প্রবৃদ্ধি ও উন্নয়ন পরিকল্পনায় কেন্দ্রীয় ভূমিকায় থাকা সত্ত্বেও যুবকরা (১৫-৩৫ বছর বয়সী) যথাযথ জীবিকা ও জীবন দক্ষতার সংকটে ভুগছে, বিভিন্ন উন্নয়ন সূচকগুলোয় পিছিয়ে আছে; রাজনৈতিক সিদ্ধান্তগ্রহণ প্রক্রিয়ায়ও তাদের গঠনমূলক অংশগ্রহণের সুযোগ কম। যুবকদের জীবিকা ও জীবন দক্ষতা সংকটের বড় কারণ শিক্ষাব্যবস্থা; একুশ শতকের বাস্তবতায় তরুণদের দক্ষ করে গড়ে তুলতে এ ব্যবস্থাকে ঢেলে সাজানো দরকার। মৌলিক সামাজিক সেবায় সবার সমান অভিগম্যতা না থাকায় এসডিজি লক্ষ্যমাত্রা অর্জনের গতি মন্থর বা স্থবির হয়ে যাচ্ছে। উদাহরণস্বরূপ বলা যায়, অপুষ্টি হ্রাসে জাতীয় অগ্রগতি শ্লথ হয়েছে। দেখা গেছে, ভৌগলিক অবস্থান ও অর্থনৈতিক অবস্থাভেদে এ খাতে অসমতা প্রবল। ফলে এখনও দেশের প্রায় ৪৫ লাখ শিশু বৃদ্ধিজনিত সমস্যায় ভুগছে। প্রবৃদ্ধির পথে যাত্রার মূল্য দিতে হচ্ছে দেশের পরিবেশকেও। যার পরোক্ষ প্রভাব দৃশ্যমান হচ্ছে স্বাস্থ্য ও পুষ্টি,কর্মসংস্থান সৃষ্টির সুযোগ থেকে শুরু করে জীববৈচিত্র্য এবং সমুদ্রের স্বাস্থ্যকর পরিবেশ সহ নানা ধরনের উন্নয়ন সূচকের ওপর।

বাংলাদেশের সামাজিক নিরাপত্তা ব্যবস্থার কিছু পদ্ধতিগত কারণে অসমতা ও ভঙ্গুর অবস্থার কারণগুলো দূর করার প্রচেষ্টা সফল হচ্ছে না। যার মধ্যে রয়েছে নানা ধরনের খণ্ডিত চিত্র, দরিদ্র জনগোষ্ঠীকে প্রয়োজনীয় সহায়তা প্রদানের চেয়ে প্রচারনায় বেশি মনোযোগ, তথ্য ব্যবস্থাপনার সমস্যা। সর্বোপরি, সত্যিকারের অভাবী মানুষকে চিহ্নিত করতে না পারা, বিশেষত শহর এলাকায় এ সমস্যা বেশি। অধিকারধারীদের সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে এ পরিস্থিতির উন্নতি সম্ভব।



**ছবি**: ইউএন উইমেন বাংলাদেশ

প্রশাসনিক বিকেন্দ্রীকরণ, দুর্নীতি দূরীকরণ এবং সরকারি তথ্য সংগ্রহ ও ব্যবস্থাপনা পদ্ধতিতে রূপান্তরকামী পরিবর্তনের প্রয়োজনীয়তা আরও স্পষ্ট হয়েছে এ সংকটগুলোর কারণে। সহিংস কট্টরপন্থার উত্থানের শঙ্কা এখনো উদ্বেগের বিষয় হিসেবে রয়ে গেছে। কোভিড-১৯ মহামারির মধ্যে সামাজিক নিরাপত্তা বেষ্টনী যখন জরুরি সাড়াদান কর্মসূচির বণ্টনে মূল ভূমিকা পালন করেছে তখন এ সমস্যাগুলো আরো প্রকট হয়ে উঠেছে। এ চ্যালেঞ্জগুলো বৃদ্ধির পাশাপাশি কোভিড-১৯ মহামারি সাময়িকভাবে হলেও দেশের কিছু উন্নয়ন অর্জনকে পেছনে ঠেলে দিয়েছে। ধারণা করা হচ্ছে, লকডাউন এবং অর্থনৈতিক কর্মকাণ্ডের উপর অন্যান্য বিধিনিষেধের কারণে বাংলাদেশের ১২.৩৭ মিলিয়ন মানুষ কাজ হারাতে পারেন।

কোভিড-**১৯** এর কারণে চরম দারিদ্র্যে পতিত হতে পারেন **১১.৭** মিলিয়ন মানুষ।[১৬] মহামারি চলাকালীন গৃহীত জরুরি স্বাস্থ্যসংক্রান্ত পদক্ষেপগুলোর কারণে ঝুঁকিতে থাকা মানুষদের সামাজিক ও অর্থনৈতিক সংকট আরো বৃদ্ধি পেয়েছে। যেমন, দীর্ঘমেয়াদে শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ থাকায় শিক্ষার্থীদের উন্নয়ন ও নিরাপত্তার উপর নানা ধরনের গুরুতর নেতিবাচক প্রভাব পড়বে। তাৎক্ষণিক, দীর্ঘমেয়াদী এবং আন্তঃপ্রজন্ম প্রভাব পড়বে শিক্ষণ, স্কুল থেকে ঝরে পড়া, বাল্যবিবাহ, শিশু শ্রম, খাদ্য নিরাপত্তা, শিশুদের প্রতি সহিংসতা অর্থনৈতিক উৎপাদনশীলতা এবং দারিদ্র্য চক্রের উপর।

কোভিড-**১৯** মহামারির কারণে ঝুঁকির ধরন ও মাত্রায় যেসব পরিবর্তন এসেছে এখনো সেগুলো পরিপূর্ণভাবে চিহ্নিত ও পরিমাপ করা যায়নি। উদাহরণস্বরূপ, দারিদ্র্যসীমার ঠিক উপরে থাকা একটি জনগোষ্ঠী মহামারির কারণে দারিদ্র্যে পতিত হয়েছে। মহামারি সংশ্লিষ্ট নানা পদক্ষেপে এই নতুন দরিদ্রদের ঝুঁকি বেশি। এক বছরেরও বেশি সময় ধরে স্কুলের বাইরে থাকা লাখো শিশু নিজেদের চোখের সামনেই তাদের শিক্ষা ও সম্ভাবনা নষ্ট হতে দেখছে। জোরপূর্বক বাস্তুচ্যুত রোহিঙ্গাদের দীর্ঘমেয়াদে অবস্থান এবং মিয়ানমারে তাদের প্রত্যাবাসনের বিলম্ব বাংলাদেশ সরকারের চ্যালেঞ্জকে আরো তীব্র করেছে। তার উপর কয়েক লাখ প্রবাসী শ্রমিক যারা এখনো দেশের শক্তিশালী বৈদেশিক মুদ্রা প্রেরণ প্রবাহের প্রধান নিয়ামক কাজ হারিয়ে নিঃস্ব অবস্থায় এসকল ব্যক্তি দেশে ফেরত এসেছে।

এখন পর্যন্ত উন্নয়নের যে অগ্রগতি হয়েছে তার পূর্ণাঙ্গ সুফল ভোগ করতে হলে বাংলাদেশকে মৌলিক সামাজিক সেবায় বিনিয়োগ উল্লেখযোগ্য মাত্রায় বৃদ্ধি করতে হবে। দেশের জনমিতিক পরিবর্তনের ফলে অর্থনৈতিক উৎপাদনশীলতা বৃদ্ধি এবং দ্রুত অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নের এক অনন্য সুযোগ তৈরি হয়েছে। যদিও জনমিতিক লভ্যাংশের সুফল কতোটা পাওয়া যাবে তা নির্ভর করে শিক্ষা, স্বাস্থ্য, পুষ্টি ও শোভন কাজের সুযোগ নিশ্চিত করার লক্ষ্যে পর্যাপ্ত ও সময়োপযোগী বিনিয়োগের উপর। জোর দিতে হবে লিঙ্গ-বৈষম্যমূলক সামাজিক রীতি ও কাঠামোগত বাধা দূর করা এবং নারী ও কন্যাশিশুর ক্ষমতায়নের উপর। পূর্ণাঙ্গভাবে জনমিতিক লভ্যাংশের সুফল পাওয়ার জন্য এসব খাতে সরকারের ব্যয়ের অগ্রাধিকার সমন্বয় করা দরকার। সামনের দিনগুলোতে এসব গুরুত্বপূর্ণ খাতে ধারাবাহিকতা বজায় ও বিনিয়োগ বৃদ্ধির প্রয়োজনীয়তা আরো বাড়বে। কারণ মহামারির অর্থনৈতিক ধাক্কা সামাল দেয়ার পাশাপাশি স্বল্পোন্নত দেশ থেকে উত্তরণের ফলে বাংলাদেশের অর্থনীতিতে মৌলিক কিছু পরিবর্তন ঘটবে। দেশ রপ্তানির ক্ষেত্রে অগ্রাধিকারমূলক বাজার সুবিধা হারাবে, উন্নয়নের ধরন পরিবর্তিত হয়ে সাহায্যের বদলে বাণিজ্যে নির্ভরতা বাড়বে।



**ছবি**: ডব্লিউএইচও

[১৬] UNESCAP SSWA (2020). COVID-19 and South Asia: National Strategies and Subregional Cooperation forAcceleratingInclusive, Sustainable and Resilient Recovery.
Available at https://www.unescap.org/sites/default/files/South%20Asia%20Covid-19%20Paper_5.pdf



**ছবি**: ইউএনআরসিও বাংলাদেশ

প্রাকৃতিক দুর্যোগ, জলবায়ু পরিবর্তন এবং অর্থনৈতিক রূপান্তরের কারণে মানুষের শহরমুখী ঢল এবং অপরিকল্পিত ও অনিয়ন্ত্রিত নগরায়ন দেশের ভবিষ্যৎ উন্নয়ন অগ্রগতির পথে অন্যতম প্রধান হুমকি হয়ে উঠেছে। খাদ্য ও পুষ্টি নিরাপত্তা এবং সামাজিক নিরাপত্তা বেষ্টনীর জন্য বড় সংকট হয়ে দাঁড়িয়েছে নগর-দারিদ্র্য। শহুরে পরিবারগুলোর জন্য সামাজিক নিরাপত্তা কর্মসূচি খুবই অপর্যাপ্ত।[১৭] এসব প্রবণতার কারণে দেশের সবার জন্য মানসম্পন্ন জীবনযাত্রা নিশ্চিত করার অগ্রগতি বাধাগ্রস্ত হচ্ছে। কারণ শহুরে বস্তিগুলোর অবস্থা ভয়াবহ পর্যায়ে চলে যাচ্ছে; পুষ্টি চাহিদা পূরণ, শোভন কর্মসংস্থান প্রাপ্তি কিংবা স্বাস্থ্য, শিক্ষা, সুরক্ষা, পানি ও পয়ঃনিষ্কাশন সেবায় প্রবেশাধিকারসহ বহুমাত্রিক দারিদ্র্য সংকটের মুখে পড়ছে শহরে অভিবাসী হওয়া মানুষ। খাদ্য ও পুষ্টি নিরাপত্তা, দারিদ্র্য এবং স্থানীয় পরিবেশ দূষণের সাথে সম্পৃক্ত চ্যালেঞ্জগুলো মোকাবেলা করতে হলে কৃষিখাতের সংকটগুলো দূর করতে হবে।

শহরমুখী মানুষের ঢল পানি ও পয়ঃনিষ্কাশন সেবাসহ নগরের অবকাঠামোর উপর মারাত্মক চাপ তৈরি করেছে। ফলে তৈরি হচ্ছে অস্বাস্থ্যকর পরিবেশ। কোভিড-১৯ সংকটের কারণে  অসুবিধাগুলো আরো প্রকট হয়েছে। বহুমাত্রিক, প্রজন্ম থেকে প্রজন্মান্তরে বিস্তৃত দারিদ্র্য এবং দুর্যোগের ফলে সৃষ্ট ঝুঁকির মধ্যে যে সম্পর্ক রয়েছে তা উন্নয়ন ও মানবিক সহায়তা কর্মসূচিকে কেন্দ্রে রেখে আরো আগাম হস্তক্ষেপ গ্রহণের প্রয়োজনীয়তা নির্দেশ করে। যাতে টেকসইভাবে ঘাতসহনশীলতা অর্জন করা যায় এবং ঝুঁকির কারণগুলো দূর করা যায়। একইসাথে জাতীয় পদ্ধতিসমুহ  ও সক্ষমতা আরো মজবুত করা যায়।

[১৭] World Bank Group, “Contextualizing Urban Social Protection in Bangladesh”, Washington, DC: International Bank for Reconstruction and Development, June 2020. Retrieved from https://www.unicef.org/media/files/Child_Marriage_Report_7_17_LR..pdf

শক্তিশালী জাতীয় নীতি কাঠামো এবং মাঠপর্যায়ে গুরুত্বপূর্ণ অগ্রগতি থাকা সত্ত্বেও জেন্ডার সমতা নিশ্চিত করায় এখনো অগণিত চ্যালেঞ্জ রয়ে গেছে। শ্রমবাজারে লিঙ্গ-পক্ষপাত এবং বৈষম্যের কারণে নারী শ্রমশক্তির অংশগ্রহণ ৩৬ শতাংশের আশেপাশে স্থবির হয়ে আছে। ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনায়ও বিষয়টি স্বীকার করা হয়েছে। সামান্য সঞ্চয় বা সামাজিক নিরাপত্তা বেষ্টনীর সহায়তা নিয়ে নারীরা প্রধানত অনানুষ্ঠানিক চাকরি বা অনিবন্ধিত কুটির, অতিক্ষুদ্র ও ক্ষুদ্র শিল্পের সাথে জড়িত। যে কারণে মহামারিতে তাদের ক্ষতিও তুলনামূলক বেশি। অনেক বিদেশফেরত নারী, গৃহস্থালি কর্মী, যৌন কর্মী এবং তৃতীয় লিঙ্গের মানুষ তাদের উপার্জন হারিয়েছে; ত্রাণ কিংবা সামাজিক সুরক্ষা বেষ্টনীতেও তাদের অভিগম্যতা ছিল কম।

জেন্ডার-বৈষম্যমূলক সামাজিক রীতির কারণে অবৈতনিক পরিচর্যা ও গৃহস্থালি কাজের বোঝা অসমভাবে নারীদের ওপরই চাপানো হচ্ছে। বাল্যবিবাহ বন্ধে শক্তিশালী রাজনৈতিক প্রতিশ্রুতি থাকা সত্ত্বেও এই ক্ষতিকর চর্চায় শীর্ষ ১০ দেশের মধ্যে অবস্থান বাংলাদেশের।[১৮] মহামারির সময় স্কুল বন্ধ রাখা ও অন্যান্য সুরক্ষা পদক্ষেপের ফলে ছেলে-মেয়েদের বাল্যবিবাহ ও জোরপূর্বক বিয়ের ঘটনা এবং জেন্ডার-ভিত্তিক সহিংসতা বেড়েছে। মহামারিকালীন বিশ্বব্যাপী কিশোরী ও শিশুদের সুরক্ষা সংক্রান্ত বিষয়গুলোর অবনতি হয়েছে। যার মধ্যে রয়েছে মানসিক চাপ, অনলাইনে হয়রানি বৃদ্ধি, পারিবারিক সহিংসতা, মানসিক নিপীড়ন এবং সহিংসতার চর্চা। যৌন ও প্রজনন স্বাস্থ্যে সর্বজনীন অভিগম্যতার পথে বাধা অব্যাহত থাকায় মাতৃমৃত্যু হার কমানোর অগ্রগতি স্থবির হয়ে পড়েছে। এছাড়া, নারী ও কিশোরীদের অপুষ্টি এবং অণুপুষ্টির ঘাটতির মাত্রা এখনো বেশি। কম বয়সে বিয়ে এবং গর্ভধারণের কারণে মাতৃত্বকালীন পুষ্টিহীনতা, প্রসবকালীন জটিলতা, মাতৃমৃত্যুর ঝুঁকি বৃদ্ধিসহ মাতৃস্বাস্থ্যে নানা প্রভাব পড়ে। সম্মিলিত প্রচেষ্টার মাধ্যমে মানসম্মত মাতৃস্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সেবায় সর্বজনীন অভিগম্যতা নিশ্চিত করা খুব জরুরি।

জলবায়ু পরিবর্তনের ফলে সৃষ্ট ঝুঁকি মোকাবেলায় বাংলাদেশ শক্তিশালী নেতৃত্ব প্রদর্শন করেছে। দুর্যোগ মোকাবেলায় প্রস্তুতি ও সাড়া প্রদানে বিনিয়োগে অগ্রাধিকার দেয়া হয়েছে। তবে জলবায়ু পরিবর্তন ও দুর্যোগের সার্বিক প্রভাব সামাজিক, রাজনৈতিক এবং অর্থনৈতিক ঝুঁকি আরো বাড়ার শঙ্কা রয়েছে। এটি মানবাধিকার এবং মানবিক নিরাপত্তা নিশ্চিত করার পথেও বড় বাধা। এর কারণে বাস্তুচ্যুতি ও অভ্যন্তরীণ অভিবাসন বাড়ছে, ক্ষতিসাধন হচ্ছে গুরুত্বপূর্ণ অর্থনৈতিক ও সামাজিক অবকাঠামোর। কোভিড-১৯ মহামারির প্রভাব এসব ঝুঁকির মাত্রা আরো বাড়িয়ে দেবে। পরিমিত ভোগ ও টেকসই উৎপাদনসহ পরিবেশ সংশ্লিষ্ট এসডিজি সূচকগুলো অর্জন আরো কঠিন হয়ে পড়বে। বলা যায়, প্রশমনের ব্যবস্থা না হলে জলবায়ু পরিবর্তনের সামগ্রিক প্রভাবে ২০৩০ এজেন্ডা বাস্তবায়নের অগ্রগতি বাধাগ্রস্ত হতে পারে। এই সংকট দেশগুলোকে পরিবেশবান্ধব ও অন্তর্ভুক্তিমূলক সবুজ অর্থনীতির দিকে ধাবিত হওয়ার একটা উপলক্ষও তৈরি করে দিয়েছে। জলবায়ু পরিবর্তনের কারণে দেশে যে সুদূরপ্রসারী প্রভাবের ঝুঁকি তৈরি হয়েছে তা মোকাবেলায় জলবায়ু প্রশমন, সমতাভিত্তিক ও দেশের নিজস্ব অভিযোজন হস্তক্ষেপে আরো বড় আকারের বিনিয়োগ প্রয়োজন হবে। এছাড়া জলবায়ু সেবা ও অর্থায়নে অভিগম্যতা বৃদ্ধি এবং মানবিক সহায়তা, উন্নয়ন ও শান্তি বিনির্মাণ পিলারের ক্ষেত্রে আরো সমন্বিত এবং জলবায়ু ঝুঁকি বিষয়ে সচেতন কর্মসূচি দরকার হবে।

[১৮] MICS 2019 (BBS) and UNICEF, Ending Child Marriage: A Profile of Progress in Bangladesh (2020)

দক্ষ-অদক্ষ উভয় শ্রেণির অভিবাসী শ্রমিকদের জন্য বিদ্যমান ও নতুন আন্তর্জাতিক শ্রম বাজারের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করা এবং এলডিসি গ্রাজুয়েশনের প্রেক্ষিতে বাণিজ্যিক সমঝোতাসহ কিছু আঞ্চলিক ও আন্তঃদেশীয় চ্যালেঞ্জও মোকাবেলা করতে হবে বাংলাদেশকে। সঠিকভাবে সামলানো না গেলে এর সব কিছুই বাংলাদেশের অর্থনৈতিক ও সামাজিক উন্নয়ন এজেন্ডায় বড় ধরনের প্রভাব ফেলবে। এ চ্যালেঞ্জ মোকাবেলায় প্রতিবেশী দেশসমূহ, গুরুত্বপূর্ণ বাণিজ্যিক অংশীদার ও অভিবাসী শ্রমিক নিতে পারে এমন দেশগুলোর সাথে কাজ করে যাচ্ছে। এমতাবস্থায় টেকসই বাণিজ্য ও সংযুক্তিকরন কৌশল তৈরি করা অত্যন্ত জরুরি; যার মাধ্যমে উচ্চ মূল্য-সংযোজিত পণ্য ও সেবায় উন্নীতকরণ, পরিবেশবান্ধব রপ্তানি পণ্য এবং রপ্তানি পণ্য ও বাজার বহুমুখীকরণে সহায়তা করবে। এলডিসি তালিকা থেকে টেকসই উত্তরণের জন্য একটি সক্রিয় আঞ্চলিক সংযুক্তিকরন কৌশল প্রয়োজন, যেটা বাণিজ্যিক অংশীদারের বহুমুখীকরণ ও অগ্রাধিকার বাজার সুবিধা হারানোর ক্ষতি কাটিয়ে ওঠার কাজ করবে। অভিবাসী শ্রমিক, বাণিজ্য চুক্তি এবং বাণিজ্য নীতি প্রণয়ন সংশ্লিষ্ট বিষয়ে সরকারের কাজে গতি বাড়াতে হবে।

সারা বিশ্বেই সামাজিক সুসঙ্গতির জন্য নানা সংকটের তৈরি করেছে কোভিড-১৯ মহামারি। ইন্টারনেট ব্যবহারকারীর দ্রুত সংখ্যাবৃদ্ধির পাশাপাশি বেড়েছে অনলাইনে ঘৃণা ছড়ানো এবং মৌলবাদের বিস্তারের সুযোগ। সহিংস উগ্রবাদী গোষ্ঠীর সক্রিয়তাও দেখা গেছে অনলাইনে। বিশেষ করে, জাতিগত বিদ্বেষ ছড়ানো এবং ধর্মীয় স্বাধীনতায় হস্তক্ষেপের বিষয়ে উদ্বেগ বাড়ছে।[১৯] এ চ্যালেঞ্জ মোকাবেলায়ও কাজ করতে হবে বাংলাদেশকে।

আইনের শাসন প্রতিষ্ঠা, মানবাধিকার সমুন্নত রাখার দ্ব্যর্থহীন প্রতিশ্রুতি এবং সে প্রতিশ্রুতির বাস্তবায়ন টেকসই উন্নয়নের ১৭ অভীষ্টের প্রতিটির জন্যই জরুরি। কাঠামোগত এবং বহুমাত্রিক অসমতার চক্র ভাঙতে সব গোষ্ঠী ও ব্যক্তির মানবাধিকার নিশ্চিত করতে হবে ও সমুন্নত রাখতে হবে। স্থানীয় পর্যায়ে টেকসই উন্নয়ন অভীষ্ট অর্জনের জন্য সামাজিক সুরক্ষা সেবা ও অন্যান্য শাসন ব্যবস্থার সেবার মান বাড়াতে স্থানীয় সরকার প্রতিষ্ঠানগুলোর সক্ষমতা, সম্পদ ও সার্বিক তত্ত্বাবধান থাকা জরুরি। বিচার বিভাগের সম্পূর্ণ স্বাধীনতা ও সক্ষমতা থাকতে হবে। কোথাও আন্তর্জাতিক মানবাধিকার মানদণ্ডের লংঘন হলে কঠোরভাবে তার পরিবীক্ষণ ও প্রতিকার করতে হবে।

[১৯] ইউএনডিপির প্রতিবেদন। যাতে হেইট স্পিচসহ কোভিড-১৯ এর কারণে তৈরি নিরাপত্তা ঝুঁকির নানা উপাদান তুলে ধরা হয়েছে।
https://www.undp.org/press-releases/covid-19-eroding-social-cohesion-and-triggering-rise-civil-unrest-crisis-affected


ছবি: ইউএনডিপি বাংলাদেশ

# অধ্যায়

# ২

# **এজেন্ডা ২০৩০ বাস্তবায়নে**
# জাতিসংঘের উন্নয়ন সিস্টেম-এর সহায়তা

## কোঅপারেশন ফ্রেমওয়ার্ক

কোঅপারেশন ফ্রেমওয়ার্ক বাংলাদেশকে সহায়তায় এই বিশ্ব সংস্থার উন্নয়ন সিস্টেম-এর সমন্বিত প্রচেষ্টাকে তুলে ধরেছে। কোভিড-১৯ মহামারির প্রভাব কাটিয়ে ওঠা, প্রধান উন্নয়ন অগ্রাধিকারের বিষয়গুলোতে নজর দেওয়া এবং ২০৩০ এজেন্ডা ও টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) অর্জন এবং বাংলাদেশ ২০২১-২০৪১ প্রেক্ষিত পরিকল্পনা সামনে রেখে প্রণীত অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনার লক্ষ্য অর্জনে চ্যালেঞ্জগুলো মোকাবিলায় বাংলাদেশকে এই সহায়তা দেওয়া হবে।

মানবাধিকার রক্ষায় জাতিসংঘ মহাসচিবের আহ্বানের সঙ্গে সঙ্গতি রেখে অধিকারের বিষয়গুলো টেকসই উন্নয়নের কেন্দ্রে রয়েছে। পাশাপাশি জেন্ডার সমতা ও নারীর সমান অধিকার, জনগণের অংশগ্রহণ, সুশীল সমাজের ভূমিকা গ্রহণের সুযোগ এবং আগামী প্রজন্মের অধিকারসমূহ যেমন উন্নয়নের অধিকার ও জলবায়ু ন্যায্যতার মতো বিষয়গুলো সহযোগিতা কাঠামোর কেন্দ্রে থাকবে।

কোঅপারেশন ফ্রেমওয়ার্ক সংশ্লিষ্ট সব পক্ষের মতামতের ভিত্তিতে প্রণীত হয়েছে। সেখানে জাতীয় উন্নয়নের অগ্রাধিকারসমূহ, ২০৩০ এজেন্ডা এবং জাতিসংঘ সনদের মূলনীতিসমূহ প্রতিফলিত হয়েছে। একটি সমন্বিত উপায়ে টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) অর্জন, যেখানে কাউকে পশ্চাতে রেখে নয় এবং মানবাধিকার, জেন্ডার সমতা ও অন্যান্য আন্তর্জাতিক মানদণ্ড ও বাধ্যবাধকতা মেনে চলার বিষয়ে অঙ্গীকার পূরণ হবে, তার জন্য জাতীয় অংশীজনেরা জাতিসংঘের উন্নয়ন সিস্টেম-এর কাছে যেসব ভূমিকা চেয়েছে সেগুলো এই কোঅপারেশন ফ্রেমওয়ার্ক উঠে এসেছে। সহযোগিতা কাঠামো জাতিসংঘ কান্ট্রি টিম (ইউএনসিটি) ও সংশ্লিষ্ট দেশের সরকারের[২০] মধ্যে জবাবদিহির একটি মুখ্য হাতিয়ার হিসেবে কাজ করছে। সেই সঙ্গে ইউএনসিটি সদস্যদের মধ্যেও সম্মিলিতভাবে উন্নয়ন কর্মকাণ্ড পরিচালনার মাধ্যমে আসা ইতিবাচক ফলাফলে নিজেদের অংশীদারত্বের বোধ তৈরিতে এটা কাজ করছে। কার্যক্রম পরিচালনার জন্য দেশের ভেতরে ও বাইরে জাতিসংঘের সম্পদের বন্দোবস্ত কীভাবে হবে, সে ধারণাও পাওয়া যাবে কোঅপারেশন ফ্রেমওয়ার্ক। জাতিসংঘের সংস্থাগুলোর দেশীয় কর্মসূচিগুলোও এই ফ্রেমওয়ার্কের আলোকে প্রণীত।

জাতিসংঘের উন্নয়ন সিস্টেম-এর নীতি দক্ষতা, এর বাড়তি সুবিধাসমূহ, আদর্শিক এজেন্ডা এবং উন্নয়নের জন্য বৃহত্তর পরিসরে সম্পদ বের করা, প্রভাব তৈরি ও উদ্যোগকে গতিশীল করার ক্ষেত্রে এর সক্ষমতার ভিত্তিতে এই কোঅপারেশন ফ্রেমওয়ার্কে কিছু বিষয় প্রতিফলিত হয়েছে। সেগুলো হলো:

- **ক** টেকসই উন্নয়ন অভীষ্ঠ অর্জনে একটি সম্মত থিওরী অব চেঞ্জ
- **খ** জাতীয় উন্নয়নে জাতিসংঘের ডেভেলপমেন্ট সিস্টেমের ভূমিকার বিষয়ে জাতীয় অংশীদারদের প্রত্যাশা;
- **গ** থিওরী অব চেঞ্জ থেকে উদ্ভত জাতিসংঘের কৌশলগত অগ্রাধীকার এবং অবদানের একটি সম্মত চুক্তি
- **ঘ** কার্যকর উন্নয়নের লক্ষ্যে জাতিসংঘ কৌশলগত অংশীদারিত্বের ভিত্তিতে কাজ করবে।

[২০] ইউএনএসডিসিএফ দিকনির্দেশনা ২০১৯। পৃষ্ঠা ৫
https://unsdg.un.org/sites/default/files/2019-10/UN-Cooperation-Framework-Internal-Guidance-Final-June-2019_1.pdf

# ২.১ থিওরী অব চেঞ্জ

উচ্চপর্যায়ে গৃহীত এই থিওরী অব চেঞ্জ সেই কাঙ্ক্ষিত পরস্থিতিতে উত্তরণের জন্য প্রয়োজনীয় কর্মকাণ্ড তরান্বিত করার পথরেখা দেওয়া হয়েছে যেখানে বাংলাদেশের মানুষ, বিশেষ করে যারা সবচেয়ে বিপন্ন ও প্রান্তিক তারা যাতে সমন্বিতভাবে টেকসই ও অন্তর্ভুক্তিমূলক উন্নয়নের সামাজিক, পরিবেশগত এবং অর্থনৈতিক ক্ষেত্রে ভূমিকা রাখতে ও ন্যায্য সুফল পেতে পারে। এর সবই হবে অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনার আওতায়, যেটা প্রণীত হয়েছে ২০৩০ সালের এজেন্ডা অর্জন, এসডিজি এবং ২০২১-২০৪১ প্রেক্ষিত পরিকল্পনা বাস্তবায়নে একধাপ এগিয়ে যাওয়ার লক্ষ্য নিয়ে।

**এই পরিবর্তনের লক্ষ্যগুলো অর্জনের জন্য বাংলাদেশকে নিশ্চিত করতে হবে:**

১. টেকসই ও অন্তর্ভুক্তিমূলক অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন, মানসম্মত কাজের ক্ষেত্র বৃদ্ধি এবং সবার জন্য সমান সুযোগ তৈরি এবং কর্মসংস্থান ও উদ্যোক্তা হওয়ার সুযোগ বৃদ্ধি বিশেষ করে সবচেয়ে অসহায় ও প্রান্তিক মানুষের জন্য।

২. মানসম্পন্ন অন্তর্ভূক্তিমূলক ও জেন্ডার সংবেদনশীল এবং জরুরি পরিস্থিতিতে সাড়া দেওয়ার জন্য সামাজিক সেবার ব্যবস্থা এবং তার ন্যায্য ব্যবহার নিশ্চিত করতে হবে। সাধারণ মানুষের ক্ষমতায়ন ও সক্ষমতা বাড়াতে হবে, বিশেষ করে সবচেয়ে অসহায় ও প্রান্তিক লোকজনের যাতে তাদের পূর্ণ সম্ভাবনা বিকশিত হয় এবং তারা সম্মান ও মর্যাদার সঙ্গে জীবন যাপন করতে পারে।

৩. বাংলাদেশের প্রতিষ্ঠান, প্রতিবেশ ও মানুষের বিশেষ করে যারা সবচেয়ে অসহায় ও প্রান্তিক তাদের দুর্যোগ, জলবায়ু পরিবর্তন এবং অন্যান্য অভিঘাত ও চাপ সামলে নেওয়ার সক্ষমতা বাড়ানো।

৪. জাতীয় ও স্থানীয় পর্যায়ে একটি শক্তিশালী, আরও সমন্বিত, অন্তর্ভুক্তি ও জবাবদিহিমূলক শাসন ব্যবস্থা গড়ে তুলতে হবে যাতে সব মানুষের ক্ষমতায়ন, অংশগ্রহণ ও মানবাধিকার রক্ষা, শান্তি, ন্যায়বিচার ও নিরাপত্তা নিশ্চিত হয়।

৫. জেন্ডার সমতায় অগ্রগতির জন্য জেন্ডার বৈষম্য দূর করা এবং নারী ও কন্যা শিশুদের প্রতি সহিংসতা বন্ধের প্রক্রিয়াকে ত্বরান্বিত করা।

স্বল্পমেয়াদে বাংলাদেশকে দ্রুত, সমন্বিত ও স্থায়ীভাবে কোভিড-১৯ মহামারি থেকে বেরিয়ে আসার সুযোগ কাজে লাগাতে হবে, যাতে উন্নততর মৌলিক সামাজিক সেবা, কর্মসংস্থান, আয় এবং অর্থনৈতিক কর্মকাণ্ড ও সামাজিক সংহতি বৃদ্ধি করা যায়।

পরিবর্তনের উপায়গুলোর কার্যকারিতা নিশ্চিত করতে কিছু কাঠামোগত ও সাংগঠনিক পরিবর্তন দরকার। সেগুলোর কয়েকটি নিচে দেওয়া হলো (বিস্তারিত জানার জন্য চিত্র-১ দেখুন):

- বৈষম্যমূলক সামাজিক রীতিনীতি (জেন্ডার, শ্রেণি, বয়সের ভিত্তিতে) এবং অসহিষ্ণুতা কমাতে হবে।
- মানবাধিকারের প্রতি অধিকতর গুরুত্ব আরোপ, বিশেষ করে সবচেয়ে অসহায় ও প্রান্তিক ব্যক্তিদের জন্য।
- সবুজ বা পরিবেশবান্ধব বিনিয়োগ উৎসাহিত হয় এমন একটি পরিবেশ সৃষ্টি করতে হবে এবং এই ধরনের বিনিয়োগ নিশ্চিত করা ও তার দেখভালের রাজনৈতিক সদিচ্ছা থাকতে হবে।
- সামষ্টিক অর্থনীতি ও উন্নয়নের নীতি, কৌশল ও পরিকল্পনাসমূহ হতে হবে তথ্য-প্রমাণের ভিত্তিতে, দরিদ্রবান্ধব, পরিবেশবান্ধব, জেন্ডার সংবেদনশীল ও ঝুঁকি বিশ্লেষণের ভিত্তিতে।
- কর্মপ্রক্রিয়ায় মানবতা, উন্নয়ন ও শান্তির সমন্বয় ঘটাতে হবে।
- দরিদ্র ও সবচেয়ে অসহায় ব্যক্তিরা যাতে উন্নয়ন প্রক্রিয়ায় অংশগ্রহণ করতে পারে, তাদের অধিকার ও সুফল ভোগ করতে পারে, সেভাবেই তাদের ক্ষমতায়ন নিশ্চিত করতে হবে।
- প্রযুক্তি ব্যবহারের ক্ষেত্রে বিদ্যমান বৈষম্য দূর করতে হবে।
- জাতীয় লক্ষ্য ও টেকসই উন্নয়ন অভীষ্ট অর্জনে জবাবদিহিমূলক পদ্ধতিতে আর্থিক সম্পদের (অভ্যন্তরীণ ও বৈদেশিক) ব্যবস্থা এবং তার কার্যকর ব্যবহার নিশ্চিত করতে হবে।



**ছবি**: ইউএনডিপি বাংলাদেশ

# চিত্র ১ : থিওরী অব চেঞ্জ

## পরিবর্তনের লক্ষ্য

২০৩০ এজেন্ডা অর্জনে অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা, এসডিজি এবং ২০২১-২০৪১ প্রেক্ষিত পরিকল্পনার আওতায় বাংলাদেশের মানুষ, বিশেষ করে যারা সবচেয়ে অসহায় ও প্রান্তিক তারা যাতে টেকসই ও অন্তর্ভুক্তিমূলক উন্নয়নের জন্য সামাজিক, পরিবেশগত ও অর্থনৈতিক ক্ষেত্রে ভূমিকা রাখতে পারে এবং সেই উন্নয়নের ন্যায্য সুফল পায়।

## পূর্বশর্ত

1. টেকসই ও অন্তর্ভুক্তিমূলক অর্থনৈতিক প্রবৃদ্ধি গতিশীলকরন। মানুষের বিশেষ করে সবচেয়ে অসহায় ও প্রান্তিকদের জন্য মানসম্মত কাজের সুযোগ বৃদ্ধি।
2. মানসম্পন্ন অন্তর্ভুক্তিমূলক ও জেন্ডার রেসপন্সিভ এবং জরুরি পরিস্থিতিতে প্রয়োজনীয় সামাজিক সেবার ব্যবস্থা এবং তার ন্যায্য ব্যবহার। মানুষের, বিশেষ করে যারা সবচেয়ে অসহায় ও প্রান্তিক তাদের ক্ষমতায়ন ও সক্ষমতা বৃদ্ধি যাতে তাদের পূর্ণ সম্ভাবনা বিকশিত হয় এবং সম্মান ও মর্যাদার সঙ্গে জীবন যাপন করতে পারে।
3. বাংলাদেশের প্রতিষ্ঠান, প্রতিবেশ ও মানুষের-বিশেষ করে যারা সবচেয়ে অসহায় ও প্রান্তিক তাদের দুর্যোগ, জলবায়ু পরিবর্তন এবং অন্যান্য অভিঘাত ও চাপ সামলানোর সক্ষমতা বৃদ্ধি।
4. জাতীয় ও স্থানীয় পর্যায়ে একটি শক্তিশালী, আরও সমন্বিত, অন্তর্ভুক্তিমূলক ও জবাবদিহিমূলক শাসন ব্যবস্থা গড়ে তোলা যাতে সকল মানুষের ক্ষমতায়ন ক্ষমতায়িত হয়, অংশ গ্রহণ করতে পারে এবং মানবাধিকার, শান্তি, ন্যায়বিচার ও নিরাপত্তা নিশ্চিত হয়।
5. জেন্ডার সমতা ও সহিংসতার অবসান - নারী ও কন্যা শিশুদের ক্ষমতায়ন।

## পরবর্তী পর্যায়ের পূর্বশর্ত

**১**

- বৈচিত্র্যপূর্ণ ও টিকে থাকতে সক্ষম অর্থনীতি
- দরিদ্রবান্ধব ও অন্তর্ভূক্তিমূলক অর্থনৈতিক প্রবৃদ্ধি
- বিনিয়োগ ও উৎপাদনশীলতার গতিশীলতা
- অর্থনৈতিক প্রবৃদ্ধিতে সহায়ক অবকাঠামো
- কর-প্রবৃদ্ধির অনুপাত ও বার্ষিক আয় বৃদ্ধি
- বেসরকারি খাত ও বিদেশি বিনিয়োগের জন্য আর্থিক কাঠামো সংস্কার
- পরিবেশবান্ধব এবং টেকসই উৎপাদনশীলতা ও ভোগের জন্য চতুর্থ শিল্প বিপ্লব
- পরিবেশবান্ধব প্রবৃদ্ধির সুযোগ বৃদ্ধি
- দুর্যোগসহনশীল, প্রতিযোগিতামূলক ও সম্পৃক্ত বেসরকারি খাত
- সংগঠিত ও সক্রিয় মালিক শ্রমিকের সংগঠন
- উন্নত আইনগত, সামাজিক সুরক্ষা ও সহায়তা সেবা প্রাপ্তির সুযোগ
- শ্রম ও কর্মপরিবেশের আইন ও মানদণ্ডগুলোর প্রয়োগ
- অনানুষ্ঠানিক খাতের ও বিপন্ন মানুষদের উন্নত আইনগত, সামাজিক সুরক্ষা ও সহায়তা সেবা প্রাপ্তির সুযোগ
- একুশ শতকে কাজের জন্য সামঞ্জস্যপূর্ণ শিক্ষা ও শিক্ষণ
- আনুষ্ঠানিক খাতে নারীদের দাবি-দাওয়া তুলে ধরার অধিকার ও প্রতিনিধিত্ব এবং জেন্ডার সমতা
- তথ্যপ্রযুক্তির মাধ্যমে যোগাযোগে উন্নতি

**২**

- অন্তর্ভুক্তিমূলক, পরিবেশবান্ধব এবং জেন্ডার রেসপন্সিভ অবকাঠামো ও সামাজিক সেবা
- সরকারি সেবায় বিনিয়োগ
- মৌলিক সরকারি সামাজিক সেবায় চাহিদা, সুযোগ ও ব্যবহার বৃদ্ধি
- নাগরিকদের কথা শোনা এবং দায়িত্বশীলদের জবাবদিহি নিশ্চিত করা
- বিস্তৃত, সার্বজনীন এবং অগ্রাধিকারের সামাজিক সুরক্ষা
- শক্তিশালী নিয়ন্ত্রক কাঠামো, নীতি ও কর্মসূচি
- সিদ্ধান্ত গ্রহণের জন্য গুণগতভাবে বিন্যস্ত তথ্য
- জবাবদিহিমূলক ও কার্যকর পিপিপি
- জেন্ডার সমতার জন্য নাগরিক পরিসর বাড়ানো, সামাজিক আন্দোলন ও জনগোষ্ঠীর ঐক্যবদ্ধভাবে মাঠে নামা
- ডিজিটাল ক্ষেত্রে লৈঙ্গিক অসমতা দূর করা

**৩**

- পরিবেশবান্ধব ও ঝুঁকিসচেতন প্রক্রিয়ায় নগর রূপায়ন
- জেন্ডার রেসপন্সিভ নীতি ও পরিকল্পনা বাস্তবায়িত
- দুর্যোগের স্ট্যান্ডিং অর্ডার বাস্তবায়ন
- পরিবেশবান্ধব অর্থনীতিতে রূপান্তরে জনগোষ্ঠীর অংশগ্রহণ
- প্রাকৃতিক সম্পদের টেকসই ভিত্তি
- দায়িত্বশীল ও জবাবদিহিমূলক প্রক্রিয়ায় টেকসই শিল্প উৎপাদন
- এনআরএম সহ জীববৈচিত্র্য এবং প্রাকৃতিক আবাসস্থল উন্নত সুরক্ষা
- অবকাঠামো উন্নয়নের নেতিবাচক প্রভাব কমানোয় ব্যাপক কর্পোরেট সামাজিক দায়বদ্ধতা কৌশল
- ভূমির সর্বোত্তম ব্যবহারের পরিকল্পনা
- পানি সম্পদের টেকসই ব্যবহার এবং সুরক্ষা
- ভাল কৃষি, মাছ ধরা এবং প্রাণিসম্পদ পালনসহ টেকসই বিকল্প জীবিকা
- নবায়নযোগ্য জ্বালানির জন্য প্রযুক্তি এবং প্রকৃতি-ভিত্তিক সমাধান
- পরিবেশ আইন প্রয়োগে প্রাতিষ্ঠানিক ক্ষমতা ও শাসন ব্যবস্থা শক্তিশালীকরণ

**৪**

- জবাবদিহিমূলক, স্বচ্ছ, দায়িত্বশীল ও অংশগ্রহণমূলক সরকারি সেবা প্রশাসন
- সব নাগরিকের অর্থবহ ও প্রতিনিধিত্বমূলক অংশগ্রহণ
- দ্রুত দায়িত্ব ও জবাবদিহির বিকেন্দ্রীকরণ
- জেন্ডার রেসপন্সিভ, সমতাভিত্তিক, বৈষম্যহীন মানবাধিকার রক্ষায় প্রতিশ্রুতিশীল নীতি ও চর্চা
- মানবাধিকার লঙ্ঘনের অভিযোগে বিচার ও দোষী ব্যক্তিদের শাস্তি
- উন্নত আইনের শাসন ও বৈষম্যহীন ন্যায়বিচার পাওয়ার অধিকার
- কার্যকর ও সক্রিয় দুর্নীতি দমন প্রতিষ্ঠান ও পদক্ষেপ
- শান্তিপূর্ণ, সহনশীল ও অন্তর্ভুক্তিমূলক সমাজ বিকাশ

**৫**

- বৈষম্যমূলক সামাজিক নিয়ম (লিঙ্গ, শ্রেণি, বয়স) এবং অসহিষ্ণুতা হ্রাস করা
- মানবাধিকারের প্রতি বিশেষ শ্রদ্ধা, বিশেষ করে সবচেয়ে অসহায় ও প্রান্তিকদের জন্য
- রাজনৈতিক সদিচ্ছা ও পরিবেশের উন্নতি
- প্রামাণিক তথ্য বিশ্লেষণের ভিত্তিতে সামষ্টিক অর্থনীতি ও সব ধরনের উন্নয়ন নীতি, কৌশল ও পরিকল্পনা দরিদ্রবান্ধব, পরিবেশবান্ধব, জেন্ডার সংবেদনশীল ও ঝুঁকি বিশ্লেষণপূর্বক
- মানবিক-উন্নয়ন-শান্তি সম্পর্ক অনুসৃত
- দরিদ্র ও অসহায় মানুষদের উন্নয়ন প্রক্রিয়ায় অংশগ্রহণ, অধিকার প্রয়োগ ও সুফল লাভ
- বিস্তৃত পরিসরে ডিজিটাল বৈষম্যের সমাধান
- জাতীয় লক্ষ্য ও এসডিজি অর্জনে জন্য 'উপযোগী পদ্ধতিতে' আর্থিক সম্পদের (দেশি ও বিদেশি) যোগাড়, দক্ষতার সাথে ব্যবহার

# ২.২ জাতিসংঘ উন্নয়ন সিস্টেম-এর কৌশলগত অগ্রাধিকার

২০২২ থেকে ২০২৬ সালের জন্য প্রণীত এই কোঅপারেশন ফ্রেমওয়ার্কটি তৈরি করা হয়েছে পাঁচটি কৌশলগত অগ্রাধিকারকে ঘিরে। এগুলো নির্ধারণ করা হয়েছে পরিবর্তনের জন্য প্রয়োজনীয় কর্মপদ্ধতি বিশ্লেষণ থেকে। এই অগ্রাধিকারগুলো এই কাঠামোর একেকটি স্তম্ভ। এগুলোকে ঘিরেই জাতিসংঘের সিসটেম-এর দক্ষতা কাজে লাগাতে হবে। বাংলাদেশ যাতে টেকসই উন্নয়নের লক্ষ্যে অর্থনৈতিক, সামাজিক ও পরিবেশগত দিক দিয়ে এগিয়ে যায় এবং তার রূপান্তর ঘটে সেজন্য জাতিসংঘ পদ্ধতি কাজ করবে।

কৌশলগত অগ্রাধিকারগুলো পরস্পর সম্পর্কিত, বহু খাত-সংশ্লিষ্ট এবং একটি অপরটিকে এগিয়ে নেবে: সম্মিলিতভাবে উন্নয়নের অগ্রগতি ত্বরান্বিত করার সুযোগ সৃষ্টি এবং ২০৩০ সালের মধ্যে এসডিজি অর্জনে ভূমিকা রাখবে।

কৌশলগত অগ্রাধিকার ১: অন্তর্ভুক্তিমূলক ও টেকসই অর্থনৈতিক উন্নয়ন
কৌশলগত অগ্রাধিকার ২: সমতাভিত্তিক মানব উন্নয়ন ও কল্যাণ
কৌশলগত অগ্রাধিকার ৩: টেকসই, স্বাস্থ্যকর ও অভিঘাত সহনশীল পরিবেশ
কৌশলগত অগ্রাধিকার ৪: রূপান্তরকামী, অংশগ্রহণমূলক ও অন্তর্ভুক্তিমূলক শাসন
কৌশলগত অগ্রাধিকার ৫: জেন্ডার সমতা এবং জেন্ডারভিত্তিক সহিংসতার অবসান



**ছবি**: ইউএনডিপি বাংলাদেশ

**ইউনাইটেড নেশনস সাসটেইনেবলডেভেলপমেন্ট কোঅপারেশন ফ্রেমওয়ার্ক (ইউ এন এস ডি সি এফ)**

**কৌশলগত অগ্রাধিকার ১**

### অন্তর্ভুক্তিমূলক ও টেকসই অর্থনৈতিক উন্নয়ন

অর্থনৈতিক রূপান্তরের ওপর গুরুত্ব আরোপ– আরও টেকসই ও অন্তর্ভুক্তিমূলক অর্থনৈতিক প্রবৃদ্ধির লক্ষ্যে পরিবর্তন ত্বরান্বিত করা এবং মানসম্মত কাজ ও জীবিকার ক্ষেত্র বৃদ্ধি ও সবার জন্য সমান সুযোগ তৈরি করা।

**কৌশলগত অগ্রাধিকার ২**

### সমতাভিত্তিক মানব উন্নয়ন ও কল্যাণ

মানুষের সক্ষমতা ও সামাজিক উন্নয়নে সমন্বয় সাধন, স্বাস্থ্য, পুষ্টি, খাদ্য নিরাপত্তা, পানি, স্যানিটেশন ও পরিষ্কার-পরিচ্ছন্নতা (ওয়াশ), শিক্ষা ও শিক্ষণ, শিশু ও তরুণদের সুরক্ষা, অভিবাসন সেবা এবং সামাজিক সুরক্ষায় বিদ্যমান ঘাটতি পূরণে কাজ করা।

**কৌশলগত অগ্রাধিকার ৩**

### টেকসই, স্বাস্থ্যকর ও অভিঘাত সহনশীল পরিবেশ

জলবায়ু পরিবর্তনের প্রভাব সামলে নেওয়ার সক্ষমতা বৃদ্ধি ও অভিযোজনে বাংলাদেশের তৎপরতা বৃদ্ধি; প্রাকৃতিক সম্পদ ও পানি ব্যবস্থাপনা; নবায়নযোগ্য জ্বালানি ও পরিবেশবান্ধব কর্মতৎপরতায় রূপান্তরের পাশাপাশি প্রাকৃতিক দুর্যোগে অসহায়ত্ব কমিয়ে আনায় গুরুত্ব প্রদান।

**কৌশলগত অগ্রাধিকার ৪**

### রূপান্তরকামী, অংশগ্রহণমূলক এবং অন্তর্ভুক্তিমূলক শাসন ব্যবস্থা

আরও অন্তর্ভুক্তিমূলক, জেন্ডার সংবেদনশীল ও জবাবদিহিমূলক শাসন ব্যবস্থা নিশ্চিত করা যাতে মানুষের ক্ষমতায়ন ও অংশগ্রহণ ঘটে এবং তাদের মানবাধিকার রক্ষার পাশাপাশি শান্তি, সহিংসতা বন্ধ, ন্যায়বিচার ও নিরাপত্তা নিশ্চিতকরণ।

**কৌশলগত অগ্রাধিকার ৫**

### জেন্ডার সমতা এবং জেন্ডারভিত্তিক সহিংসতা নিরসন

এই আন্তঃখাত কৌশলে অগ্রাধিকার দেওয়া হবে কাঠামোগত ও বিভিন্ন খাতে বিদ্যমান জেন্ডার বৈষম্য এবং জেন্ডারভিত্তিক সহিংসতা নিরসনে, যাতে এমন একটি পরিবেশ তৈরি হয় যেখানে নারী, কন্যা শিশু এবং যৌন সংখ্যালঘুরা বৈষম্য ও সহিংসতা থেকে মুক্তভাবে জীবনযাপন করতে পারে।

এসব কৌশলগত অগ্রাধিকারের প্রতিটির ক্ষেত্রে বেশ কয়েকটি করে কাঙ্ক্ষিত লক্ষ্য রয়েছে। এসব জায়গায় পরিবর্তন প্রয়োজন, যা কমন কান্ট্রি এ্যানালাইসিজ ধরা পড়া ঘাটতি ও প্রধান চ্যালেঞ্জ মোকাবেলার পথ দেখাবে।

# ২.৩ কাঙ্ক্ষিত উন্নয়নের ফল

এই কোঅপারেশন ফ্রেমওয়ার্ক এমনভাবে করা হয়েছে যাতে এটা বাংলাদেশ সরকারের টেকসই উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়নে সরাসরি কাজে লাগে। বাংলাদেশের ২০৩০ লক্ষ্যমাত্রা, রূপকল্প ২০৪১ ও প্রেক্ষিত পরিকল্পনা বাস্তবায়নের দিকে এগিয়ে যাওয়ার লক্ষ্যে প্রণীত অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনায় সরকারের এই টেকসই উন্নয়ন পরিকল্পনা উঠে এসেছে।

এই কোঅপারেশন ফ্রেমওয়ার্ক অগ্রাধিকার ও কাঙ্ক্ষিত ফলাফল ২০১৮ সালে প্রকাশিত বাংলাদেশের সর্বজনীন পর্যায়ক্রমিক পর্যালোচনা পদ্ধতির (ইউনিভার্সাল পিরিয়ডিক রিভিউ-ইউপিআর) সুপারিশসমূহের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। ইউপিআর-এ বাস্তবায়নের আইনি ও সাধারণ কাঠামো, সার্বজনীন এবং আন্তঃখাত বিষয়সমূহ, নাগরিক ও রাজনৈতিক অধিকার, অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক অধিকার, নারী অধিকার এবং অন্যান্য অসহায় জনগোষ্ঠীর অধিকার সম্পর্কিত যে ১৭৮টি সুপারিশ করা হয়েছিল, সেসবের অনেকগুলোর বাস্তবায়নে ভূমিকা রাখবে এই ফ্রেমওয়ার্ক।


ছবি: ইউনিসেফ বাংলাদেশ

এই সহযোগিতা কাঠামো জাতিসংঘের কর্মসূচি প্রণয়নের মূল নীতিগুলোর ওপর ভিত্তি করে তৈরি করা। এখানে একটি অন্তর্ভুক্তিমূলক ধারায় উন্নয়ন কর্মকাণ্ড পরিচালনাকে উৎসাহিত করা হয়েছে, যাতে মানবাধিকার প্রতিষ্ঠা ও তার সুরক্ষা, কাউকে পশ্চাতে রেখে নয়-এ অঙ্গীকারের ভিত্তিতে জাতীয় ও স্থানীয় প্রতিষ্ঠান, জনগোষ্ঠী ও ব্যক্তির সক্ষমতা তৈরি, জেন্ডার সমতা, বৈষম্য বিলোপ এবং অন্যান্য আন্তর্জাতিক মানদণ্ড ও বাধ্যবাধকতা[২১] মেনে চলা নিশ্চিত করা যায়।

সহযোগিতা কাঠামোর একটি প্রাথমিক উদ্দেশ্য হল, সরকারের বিভিন্ন স্তরে সহায়তা প্রদান ও সক্ষমতা তৈরি করা যাতে সেগুলো জনগণের প্রয়োজন ও আকাঙ্ক্ষা পূরণ করতে পারে এবং তাদের কাছে জবাবদিহির ব্যবস্থাও নিশ্চিত হয়।

উভয় পক্ষের পারস্পরিক সম্পর্ক ও প্রভাবের বিবেচনায় জাতিসংঘের সহায়তা দেওয়া হবে কোঅপারেশন ফ্রেমওয়ার্কের পাঁচটি কৌশলগত অগ্রাধিকারের আওতায়। আর তা হবে নির্দিষ্ট সময়ের মধ্যে লক্ষ্যমাত্রায় নির্ধারিত কাঙ্ক্ষিত ফলাফল অর্জনে ভূমিকা রাখার মাধ্যমে। নিচে ২.৪ নম্বর সেকশনে সেগুলো তুলে ধরা হলো।

[২১] জাতিসংঘের কর্মসূচি প্রণয়নের মূল নীতিগুলো হল, কাউকে পশ্চাতে রেখে নয়, মানবাধিকার রক্ষা করে উন্নয়ন, জেন্ডার সমতা ও নারীর ক্ষমতায়ন, সামলে নেওয়ার সক্ষমতা, টেকসই হওয়া ও জবাবদিহি নিশ্চিত করা।

**চিত্র ২:** অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা, এসডিজি ও প্রেক্ষিত পরিকল্পনা ২০২১-২০৪১ এর কৌশলসমূহের সঙ্গে কৌশলগত অগ্রাধিকারসমূহের সঙ্গতি

| সহযোগিতা কাঠামোর অগ্রাধিকারসমূহ | কৌশলগত অগ্রাধিকার ১: অন্তর্ভুক্তিমূলক ও টেকসই অর্থনৈতিক | কৌশলগত অগ্রাধিকার ২: সমতাভিত্তিক মানব উন্নয়ন ও কল্যাণ | কৌশলগত অগ্রাধিকার ৩: টেকসই, স্বাস্থ্যকর ও অভিঘাত সহনশীল পরিবেশ | কৌশলগত অগ্রাধিকার ৪: রূপান্তরকামী, অংশগ্রহণমূলক ও অন্তর্ভুক্তিমূলক শাসন | কৌশলগত অগ্রাধিকার ৫: জেন্ডার সমতা এবং লৈঙ্গিক সহিংসতার অবসান: নারী ও কন্যা শিশুদের ক্ষমতায়ন |
|---|---|---|---|---|---|
| **অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনার মূলদিক** | ✓ মানুষের স্বাস্থ্য, আত্মবিশ্বাস, কর্মসংস্থান, আয় ও অর্থনৈতিক কর্মকাণ্ড পুনরুদ্ধারের জন্য কোভিড -১৯ থেকে দ্রুত উত্তরণ<br>✓ জিডিপি প্রবৃদ্ধির গতি বাড়ানো, কর্মসংস্থান সৃষ্টি এবং দ্রুত দারিদ্র্য বিমোচন।<br>✓ উন্নয়ন প্রক্রিয়ায় প্রত্যেক নাগরিকের পূর্ণাঙ্গ অংশগ্রহণ ও সুফল প্রাপ্তি নিশ্চিতে তাদের ক্ষমতায়নের লক্ষ্যে একটি ব্যাপকভিত্তিক অন্তর্ভুক্তিমূলক কৌশল; এবং দরিদ্র ও অসহায়দের জন্য সামাজিক সুরক্ষা-ভিত্তিক আয়ের পথ সৃষ্টি করা | ✓ মানুষের স্বাস্থ্য, আত্মবিশ্বাস, কর্মসংস্থান, আয় এবং অর্থনৈতিক কর্মকাণ্ড পুনরুদ্ধারের জন্য কোভিড -১৯ থেকে দ্রুত উত্তরণ<br>✓ উন্নয়ন প্রক্রিয়ায় প্রত্যেক নাগরিকের পূর্ণাঙ্গ অংশগ্রহণ ও সুফল প্রাপ্তি নিশ্চিতে তাদের ক্ষমতায়নের লক্ষ্যে একটি ব্যাপকভিত্তিক অন্তর্ভুক্তিমূলক কৌশল; এবং দরিদ্র ও অসহায়দের জন্য সামাজিক সুরক্ষা-ভিত্তিক আয়ের পথ সৃষ্টি করা<br>✓ তথ্য-প্রমাণ-নির্ভর ও প্রাসঙ্গিক জনসংখ্যা নীতির মাধ্যমে জনমিতিক সুবিধা কাজে লাগানো<br>✓ জিডিপি প্রবৃদ্ধির গতি বাড়ানো, কর্মসংস্থান সৃষ্টি এবং দ্রুত দারিদ্র্য বিমোচন।<br>✓ একটি টেকসই উন্নয়ন পথরেখা, যা দুর্যোগ ও জলবায়ু পরিবর্তনের প্রভাব সামলে নেওয়া, প্রাকৃতিক সম্পদের টেকসই ব্যবহার; এবং অবশ্যম্ভাবী নগর-রূপান্তরের সঠিক ব্যবস্থাপনা ব্যবস্থাপনা নিশ্চিত করে।<br>✓ মানসম্মত, অন্তর্ভুক্তিমূলক, বোঝাপড়া তৈরিকারী শিক্ষা এবং দক্ষতা উন্নয়নের সুযোগ সম্প্রসারণের মাধ্যমে মানবিক সম্ভাবনার বিকাশ | ✓ একটি টেকসই উন্নয়ন পথরেখা, যা দুর্যোগ ও জলবায়ু পরিবর্তনের অভিঘাতসহনশী, প্রাকৃতিক সম্পদের টেকসই ব্যবহার ; এবং অবশ্যম্ভাবী নগর-রূপান্তরের সঠিক ব্যবস্থাপনা নিশ্চিত করে। | ✓ মানুষের স্বাস্থ্য, আত্মবিশ্বাস, কর্মসংস্থান, আয় ও অর্থনৈতিক কর্মকাণ্ড পুনরুদ্ধারের জন্য কোভিড -১৯ থেকে দ্রুত উত্তরণ<br>✓ জিডিপি প্রবৃদ্ধির গতি বাড়ানো, কর্মসংস্থান সৃষ্টি এবং দ্রুত দারিদ্র্য বিমোচন।<br>✓ উন্নয়ন প্রক্রিয়ায় প্রত্যেক নাগরিকের পূর্ণাঙ্গ অংশগ্রহণ ও সুফল প্রাপ্তি নিশ্চিতে তাদের ক্ষমতায়নের লক্ষ্যে একটি ব্যাপকভিত্তিক অন্তর্ভুক্তিমূলক কৌশল; এবং দরিদ্র ও অসহায়দের জন্য সামাজিক সুরক্ষা-ভিত্তিক আয়ের পথ সৃষ্টি করা<br>✓ একটি টেকসই উন্নয়ন পথরেখা, যা দুর্যোগ ও জলবায়ু পরিবর্তনের অভিঘাত সহনশীল, প্রাকৃতিক সম্পদের টেকসই ব্যবহার; এবং অবশ্যম্ভাবী নগর-রূপান্তরের সঠিক ব্যবস্থাপনা নিশ্চিত করে।<br>✓ উচ্চ মধ্যম আয়ের দেশে উন্নীত হওয়ার জন্য গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠানসমূহের বিকাশ ও উন্নতি সাধন | ✓ মানুষের স্বাস্থ্য, আত্মবিশ্বাস, কর্মসংস্থান, আয় ও অর্থনৈতিক কর্মকাণ্ড পুনরুদ্ধারের জন্য কোভিড -১৯ থেকে দ্রুত উত্তরণ<br>✓ জিডিপি প্রবৃদ্ধির গতি বাড়ানো, কর্মসংস্থান সৃষ্টি এবং দ্রুত দারিদ্র্য বিমোচন।<br>✓ উন্নয়ন প্রক্রিয়ায় প্রত্যেক নাগরিকের পূর্ণাঙ্গ অংশগ্রহণ ও সুফল প্রাপ্তি নিশ্চিতে তাদের ক্ষমতায়নের লক্ষ্যে একটি ব্যাপকভিত্তিক অন্তর্ভুক্তিমূলক কৌশল; এবং দরিদ্র ও অসহায়দের জন্য সামাজিক সুরক্ষা-ভিত্তিক আয়ের পথ সৃষ্টি করা |
| **টেকসই উন্নয়নের লক্ষ্য** | 1, 4, 5, 8, 9, 10, 17 | 2, 3, 4, 5, 6, 10, 17 | 2, 5, 7, 11, 12, 13, 14, 15, 17 | ১,২,৩,৪,৫,৬,৭,৮,৯,১০,১১,১২,১৩,১৪,১৫,১৬,১৭ | 4, 5, 10, 16, 17 |
| **২০২১-২০৪১ প্রেক্ষিত পরিকল্পনা কৌশলসমূহ** | ✓ শূন্য দারিদ্র্যের দেশ<br>✓ একটি উচ্চ আয়ের দেশে খাদ্য নিরাপত্তা এবং গ্রামীণ উন্নয়নের জন্য টেকসই কৃষি।<br>✓ ভবিষ্যৎমুখী বিশ্ব ব্যবস্থায় শিল্পায়ন, রপ্তানি বৈচিত্র্য এবং কর্মসংস্থান সৃষ্টি<br>✓ উচ্চ আয়ের অর্থনীতিতে নগর-রূপান্তর ব্যবস্থাপনা। | ✓ মানসম্মত শিক্ষা, সার্বজনীন স্বাস্থ্যসেবা ও জনমিতিক সুবিধা কাজে লাগিয়ে মানব উন্নয়ন<br>✓ উচ্চ আয়ের দেশে খাদ্য নিরাপত্তা ও গ্রামীণ উন্নয়নের জন্য খাদ্য নিরাপত্তা, পুষ্টি ও টেকসই কৃষি।<br>✓ উচ্চ আয়ের অর্থনীতিতে নগর-রূপান্তর ব্যবস্থাপনা। | ✓ উচ্চ আয়ের দেশের জন্য টেকসই বিদ্যুৎ ও জ্বালানি।<br>✓ উচ্চ আয়ের অর্থনীতিতে নগর-রূপান্তর ব্যবস্থাপনা<br>✓ টেকসই পরিবেশ নিশ্চিত করা, ডায়নামিক বদ্বীপে জলবায়ু সহনশীল জাতিগঠন এবং সমুদ্র-অর্থনীতির সম্ভাবনার উন্মোচন। | ✓ শূন্য দারিদ্র্যের দেশ<br>✓ মানসম্মত শিক্ষা, সার্বজনীন স্বাস্থ্যসেবা এবং জনমিতিক সুবিধা কাজে লাগিয়ে মানব উন্নয়ন<br>✓ উচ্চ আয়ের দেশে খাদ্য নিরাপত্তা ও গ্রামীণ উন্নয়নের জন্য টেকসই কৃষি।<br>✓ ভবিষ্যৎমুখী বিশ্ব ব্যবস্থায় শিল্পায়ন, রপ্তানিতে বৈচিত্র্য এবং কর্মসংস্থান সৃষ্টি।<br>✓ উচ্চ আয়ের দেশের জন্য টেকসই বিদ্যুৎ ও জ্বালানি।<br>✓ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি এবং বৈজ্ঞানিক গবেষণার মাধ্যমে বাংলাদেশের জন্য একটি উদ্ভাবনী অর্থনীতি তৈরি করা।<br>✓ ধারাবাহিক দ্রুত প্রবৃদ্ধির জন্য পরিবহন ও যোগাযোগ অবকাঠামো নির্মাণ।<br>✓ উচ্চ আয়ের অর্থনীতিতে নগর-রূপান্তর ব্যবস্থাপনা।<br>✓ টেকসই পরিবেশ নিশ্চিত করা, বদ্বীপে জলবায়ু সহনশীল জাতিগঠন এবং সমুদ্র-অর্থনীতির সম্ভাবনা উন্মোচন। | ✓ মানসম্মত শিক্ষা ও জনমিতিক সুবিধা কাজে লাগিয়ে মানব উন্নয়ন (উচ্চশিক্ষার ক্ষেত্রে লৈঙ্গিক বৈষম্য কমানোর ওপর গুরুত্বারোপ, কারিগরি শিক্ষা ও দক্ষতার প্রশিক্ষণে নারীর অংশগ্রহণ বাড়ানো)<br>✓ শিল্পায়ন, রপ্তানিতে বৈচিত্র্য, এবং কর্মসংস্থান সৃষ্টি<br>✓ নারীদের কর্মসংস্থান বাড়ানো এবং সমন্বিত পদক্ষেপের মাধ্যমে আরও বেশি নারীকে কর্মক্ষেত্রে নিয়ে আসা। |

# ২.৪ কোঅপারেশন ফ্রেমওয়ার্কের ফলাফল এবং অংশীদারিত্ব

এই পাঁচটি কৌশলগত অগ্রাধিকারের প্রতিটির আওতায় কাঙ্ক্ষিত ফলাফল নির্দিষ্ট করা হয়েছে। জাতিসংঘের সিস্টেম এসব ফলাফল অর্জনে ভূমিকা রাখবে সরকারের বিভিন্ন মন্ত্রণালয় ও সংস্থা, রাষ্ট্রীয় মালিকানাধীন প্রতিষ্ঠান, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান, কুটির, ক্ষুদ্র, ছোট ও মাঝারি শিল্পে জড়িত প্রতিষ্ঠান, ব্যবসায়ী সমিতি, স্বতন্ত্র ব্যবসায়ী প্রতিষ্ঠান, শ্রমিক সংগঠন, কারিগরি ও বৃত্তিমূলক প্রশিক্ষণ প্রতিষ্ঠান, বেসরকারি ও কমিউনিটিভিত্তিক সংগঠনের পাশাপাশি দ্বিপক্ষীয় ও বহুপক্ষীয় সংস্থা এবং অন্যান্য উন্নয়ন অংশীদারদের সঙ্গে সহযোগিতার মাধ্যমে। এখানে বিশেষ গুরুত্ব দেওয়া হবে সাউথ-সাউথ কোঅপারেশন (এসএসসি) ভিত্তিক অংশীদারিত্বে। কারণ বাংলাদেশ সরকার দক্ষিণ গোলার্ধের দেশগুলোর[২২] মধ্যে উন্নয়ন সহযোগিতার কার্যকর প্রক্রিয়া হিসেবে এসএসসির সঙ্গে সম্পৃক্ততাকে বিশেষ গুরুত্ব দিয়ে থাকে।



ছবি: আইএফএডি বাংলাদেশ

[২২] সাউথ-সাউথ সহযোগিতা- জাতিসংঘে বাংলাদেশের স্থায়ী মিশন (২০২১)। ২০২১ সালের ৭ এপ্রিল পুনরায় গৃহীত এখান থেকে: https://bdun.org/bangladesh-priorities-at-the-un/south-south-cooperation

# কৌশলগত অগ্রাধিকার ১:
# অন্তর্ভুক্তিমূলক ও টেকসই অর্থনৈতিক উন্নয়ন

কাঙ্ক্ষিত ফল ১: ২০২৬ সাল নাগাদ দায়িত্বশীল, অন্তর্ভুক্তিমূলক, টেকসই, পরিবেশবান্ধব[২৩] ও সমতাভিত্তিক অর্থনৈতিক উন্নয়নের ফলে বাংলাদেশের আরো বেশি সংখ্যক মানুষ, বিশেষ করে সব ধরনের লৈঙ্গিক পরিচয় ও সামাজিক গোষ্ঠীর মধ্যে সবচেয়ে অসহায় ও প্রান্তিক, পিছিয়ে পড়া জেলার বাসিন্দারা টেকসই জীবিকা ও মানসম্মত কাজের সুযোগ পাবে।



বাংলাদেশের প্রেক্ষিত পরিকল্পনা ২০২১-২০৪১ এ একটি দারিদ্র্যমুক্ত, অন্তর্ভুক্তিমূলক ও সমৃদ্ধ বাংলাদেশের রূপকল্প দেওয়া হয়েছে, যেখানে অর্থনৈতিক প্রবৃদ্ধি, মানসম্মত কর্মসংস্থান ও জীবিকা থাকবে। সরকার এতে ২০৪১ সাল নাগাদ শ্রমশক্তিতে জেন্ডার সমতা অর্জনের লক্ষ্যও নির্ধারণ করেছে। এই লক্ষ্য অর্জনের জন্য অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনায় কোভিড-১৯ মহামারি অভিঘাত থেকে পুনরুদ্ধার অন্তর্ভুক্তিমূলক, জেন্ডার সংবেদনশীল ও পরিবেশবান্ধব অর্থনৈতিক উত্তরণ নিশ্চিত করতে হবে, এবং এটা আরো পরিবেশবান্ধব ও মানসম্মত কাজের সুযোগ সৃষ্টি করবে।

এটা করার জন্য অর্থনৈতিক প্রবৃদ্ধির তুলনায় কর্মসংস্থান সৃষ্টির নিম্নগতির ধারা বদলাতে হবে এবং নারীর জন্য অর্থনৈতিক সুযোগ বাড়াতে হবে। উদ্বেগের বিষয় হচ্ছে, বাংলাদেশের প্রক্রিয়াজাতকরণ ও নির্মাণ খাতে কর্মসংস্থানের প্রবৃদ্ধি আরো কমেছে বা স্থবির হয়ে পড়েছে। এ খাতে আগের চেয়ে শ্রম মূল্য বাড়লেও সার্বিকভাবে শ্রমের উৎপাদনশীলতা কমেছে। দ্বিতীয়ত, অনানুষ্ঠানিক খাতে কাজের কেন্দ্রীভবন। তা বদলে অর্থনীতির আনুষ্ঠানিকীকরণ করতে হবে। অনানুষ্ঠানিক খাতের কর্মীদের জন্য মানসম্মত কাজের সুযোগ সৃষ্টি ও তাদের সুরক্ষার ব্যবস্থা করতে হবে। একই সঙ্গে আরও বেশি তরুণ, নারী, প্রতিবন্ধী ব্যক্তি ও প্রান্তিক জনগোষ্ঠীর সদস্যদের জন্যও এ ব্যবস্থা করতে হবে। তৃতীয়ত, দেশের প্রবৃদ্ধির কৌশলে দূষণহীন উৎপাদন ও ভোগ ব্যবস্থা নিয়ে আসতে হবে । চতুর্থত, দক্ষতা বৃদ্ধির প্রশিক্ষণসমূহ হতে হবে বাজারের চাহিদার ভিত্তিতে। একটি সমৃদ্ধ তথ্যভাণ্ডার বা ডাটাবেজ, দেশের অর্থনৈতিক কর্মকাণ্ডের তদারকি ও মূল্যায়ন পদ্ধতি এবং কর্মসংস্থান সূচক অনেক সুফল বয়ে আনতে পারে।




**ছবি:** ইউএনআরসিও বাংলাদেশ

[২৩] সবুজ অর্থনৈতিক উন্নয়ন অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনায় উল্লেখিত সবুজ প্রবৃদ্ধির ধারণার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। এখানে যেসব বিষয় রয়েছে সেগুলো হলো, (ক) ক্ষুদ্র অর্থনৈতিক কাঠামোর মধ্যে পরিবেশগত ক্ষয়ক্ষতিকে অন্তর্ভুক্ত করা, (খ) সক্ষমতা তৈরি ও জলবায়ু পরিবর্তনের প্রভাবের কাছে অসহায়ত্ব কমিয়ে আনতে ডেলটা পরিকল্পনা বাস্তবায়ন, (গ)মাটি, পানি ও বায়ু দূষণ কমিয়ে আনা, (ঘ) জ্বালানি ভর্তুকি প্রত্যাহার, (ঙ) জীবাশ্ম জ্বালানি ব্যবহারের ওপর সবুজ কর আরোপ, (চ)  শিল্প-কারখানায় কার্বন নিঃসরনের ওপর কর আরোপ এবং (ছ) পানি দূষণ প্রতিরোধ করা। অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা (সারসংক্ষেপ দেখুন)



# পরিবর্তনের পূর্বশর্ত

কাঙ্ক্ষিত ফল অর্জনের জন্য অন্তত তিনসেট শর্ত পূরণ করতে হবে।

প্রথমত, বাংলাদেশকে এসডিজি অর্থায়ন কাঠামো গ্রহণ করতে হবে এবং সমন্বিত জাতীয় অর্থায়ন কাঠামো (আইএনএফএফ) সহ সমাজের সবাইকে নিয়ে এগোতে হবে, যাতে অংশীদারিত্বের মাধ্যমে ও বিভিন্ন উৎস থেকে এ অর্থ সংগ্রহ করে বৈচিত্র্যপূর্ণ, কর্মসংস্থানমুখী, জেন্ডার সমতার পথে রূপান্তরশীল, টেকসই ও দায়িত্বশীল পরিবেশবান্ধব খাত তৈরি এবং অভিঘাত সহনশীল অবকাঠামো, সমতাভিত্তিক ও অন্তর্ভুক্তিমূলক কর্মসংস্থান ও উদ্যোক্তা তৈরি হওয়ার সুযোগ সৃষ্টি হয়। এগুলো করতে হবে বিশেষত তরুণ, নারী এবং সবচেয়ে অসহায় ও প্রান্তিক জনগোষ্ঠীর সদস্যদের কথা বিবেচনায় নিয়ে।

দ্বিতীয়ত, বাংলাদেশের লোকজন এবং বিদেশে কর্মরত অভিবাসী শ্রমিকদের, বিশেষ করে তরুণ, নারী, অসহায় ও প্রান্তিক জনগোষ্ঠীর সদস্যদের বাজারের চাহিদা অনুযায়ী দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ দিতে হবে। তাদের আর্থিক সেবাসহ অন্যান্য সেবায় প্রবেশাধিকার থাকতে হবে, যাতে তারা অন্তর্ভুক্তিমূলক দেশীয় ও বৈশ্বিক কর্মসংস্থান থেকে সুবিধা পেতে পারে এবং চতুর্থ শিল্প বিপ্লবের পরিপ্রেক্ষিতে পরিবেশবান্ধব উদ্যোক্তা হওয়ার সুযোগ পায়।

তৃতীয়ত, বাংলাদেশকে অবশ্যই শ্রমবাজারের জন্য শক্তিশালী প্রতিষ্ঠান ও ব্যবস্থাপনা ফ্রেমওয়ার্ক তৈরি করতে হবে, যাতে অর্থনৈতিক উদ্যোগের আনুষ্ঠানিক খাতে অন্তর্ভুক্তি ও বাণিজ্যিক কার্যক্রমে দায়িত্বশীলতার অনুশীলন বিকশিত হয় এবং লৈঙ্গিক পরিচয়, প্রতিবন্ধিতা, সামাজিক ও অর্থনৈতিক অবস্থান নির্বিশেষে যে কোনো পরিচয়ের মানুষের জন্য কর্মক্ষেত্রে সমান মর্যাদা, অধিকার, নিরাপত্তা, ন্যায্যতা ও সমতা নিশ্চিত হয়।

**ছবি:** ইউএনআরসিও বাংলাদেশ

# **কাঙ্ক্ষিত ফল অর্জনে** জাতিসংঘের ভূমিকা

সবার জন্য অন্তর্ভুক্তিমূলক, কর্মসংস্থানমুখী, পরিবেশবান্ধব বিনিয়োগের সুযোগ বৃদ্ধিতে ভূমিকা রাখার লক্ষ্যে জাতিসংঘ সরকারকে নীতি প্রণয়ন ও বাস্তবায়ন এবং উপযোগী পরিবেশ তৈরিতে সহযোগিতা করবে। পাশাপশি প্রতিষ্ঠানকে শক্তিশালীকরণ, কোভিড-উত্তর ও স্বল্পোন্নত দেশের তালিকা থেকে উত্তরণের পর্যয়ের চ্যালেঞ্জ মোকাবেলায় প্রগতিশীল করনীতির মাধ্যমে দেশি-বিদেশি বিনিয়োগের পরিবেশ সৃষ্টিতে সহায়তা দেবে জাতিসংঘ। এই প্রচেষ্টায় সহযোগিতার লক্ষ্যে  আন্তর্জাতিক আর্থিক প্রতিষ্ঠানসমূহ ও অন্যান্য গুরুত্বপূর্ণ উন্নয়ন অংশীদারদের সঙ্গে মিলে জাতিসংঘ বাংলাদেশের সরকারকে একটি এসডিজি অর্থায়ন পরিচালনার পদ্ধতি তৈরিতে সহায়তা করবে। এখানে সরকারি ও বেসরকারি অংশীদাররা সম্পৃক্ত থাকবে। এই ব্যবস্থায় অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনার সঙ্গে সঙ্গতি রেখে কাউকে পশ্চাতে রেখে নয় ও জেন্ডার সমতার পাশাপাশি সমাজের সবাইকে নিয়ে এগিয়ে যাওয়ার বিষয়ে বিশেষ মনোযোগ দেওয়া হবে। এই প্রক্রিয়ায় সমন্বিত জাতীয় অর্থায়ন কাঠামো (আইএনএফএফ) থাকবে, যাতে কোনো সুনির্দিষ্ট উন্নয়ন অগ্রাধিকার বাস্তবায়নে সরকারি ও বেসরকারি রিসোর্সসমূহ এক জায়গায় করার বিষয়ে রূপরেখা দেবে। এই পদ্ধতিতে দুইভাবে কাজ করা হবে। একদিকে সরকারের উচ্চপর্যায়ে ক্রিয়াকৌশল সমন্বয় ও শক্তিশালী করতে সহায়তা দেওয়া হবে। পাশাপাশি বিদ্যমান আর্থিক নীতি ও পদ্ধতি এবং প্রাসঙ্গিক পলিসি অ্যাডভোকেসি বিষয়ক পরামর্শগুলোর উপযুক্ততা মূল্যায়ন করা হবে।

অন্যদিকে টেকসই উন্নয়ন অভীষ্ট অর্জনে বিনিয়োগ তালিকা বিশ্লেষণ ও বাছাই করার ক্ষেত্রে কৌশলগত সহায়তা দেওয়া। এই ক্ষেত্রে টেকসই উন্নয়ন অভীষ্ট অর্জনে প্রয়োজনীয় সেবা দিতে পারে এমন প্রতিষ্ঠানের উপযুক্ত একটি তালিকা করা। যেসব উপাদানের মাধ্যমে এই প্রক্রিয়া চালু হবে তা উন্নয়ন অর্থায়নের সমীক্ষা ও অর্থায়ন কৌশলের একটি নতুন সংস্করণ।


**ছবি**: আইএলও বাংলাদেশ

২০৪১ সালের মধ্যে শ্রমক্ষেত্রে জেন্ডার সমতা অর্জনের জন্য  নীতি সংক্রান্ত অনেক পদক্ষেপ নেওয়া দরকার। এর মধ্যে রয়েছে,  আইনি সুরক্ষা এবং বৈষম্যমূলক আইন ও নীতিমালার সংস্কার, নারীদের আর্থিক খাতে অন্তর্ভুক্তি, সম্পদ ও অন্যান্য উৎপাদনশীল রিসোর্সে প্রবেশাধিকার; ই-কমার্স ও ডিজিটাল মার্কেটিংয়ের প্রসারের মাধ্যমে নারী উদ্যোক্তা তৈরি হওয়াকে উৎসাহিত করা; নারীদের কর্মসংস্থানের উপযোগী করে তুলতে প্রয়োজনীয় প্রশিক্ষণ বাড়ানো; নারীদের মজুরিবিহীন সেবামূলক কাজের যে চাপ আছে সেদিকে নজর দেওয়া এবং নারী ও অন্যদের সম্মিলিত দাবিদাওয়া তুলে ধরা এবং তাদের প্রতিনিধিত্ব জোরদার করা। সে কারণে আইএনএফএফ-এর সঙ্গে সঙ্গতি রেখে এবং অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় গুরুত্ব দিয়ে কর্মক্ষেত্রে নারীর অংশগ্রহণ বৃদ্ধির লক্ষ্যে একটি জাতীয় কৌশল প্রণয়ন ও তা বাস্তবায়নে সরকারকে সহায়তা দেবে জাতিসংঘ।

সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনার সময়ে প্রক্রিয়াজাতকরণ খাতে গড়ে ১২.৩ শতাংশ প্রবৃদ্ধি হয়েছে। ফলে এটি জাতীয় প্রবৃদ্ধির প্রধান চালিকাশক্তি হয়ে ওঠে। এই প্রবৃদ্ধির ক্ষুদ্র একটি অংশ এসেছে সরাসরি বিদেশি বিনিয়োগ থেকে। গত দুই দশকে জিডিপিতে এর অবদান ছিল এক শতাংশের নিচে। ফলে প্রক্রিয়াজাতকরণ খাতকে আধুনিকায়নের মাধ্যমে বিদেশি বিনিয়োগ আকৃষ্ট করার সুযোগ রয়েছে। নির্দিষ্ট কিছু বিদেশি বিনিয়োগ টানতে কারিগরি সহায়তা ও দিক নির্দেশনা দেবে জাতিসংঘ। পাশাপাশি আরও বিদেশি বিনিয়োগে আকর্ষণে এই খাত নিয়ে নীতি প্রণয়ণে সহায়তা দিতে পারে। যেহেতু বাংলাদেশের কুটির, ক্ষুদ্র, ছোট ও মাঝারি শিল্প থেকে বাংলাদেশের মোট শিল্প উৎপাদনের ৪০ শতাংশ আসে, তাই এসডিজি অর্থায়ন ও মানসম্মত কাজের সুযোগ সৃষ্টির লক্ষ্য অর্জনের ক্ষেত্রে তারা মুখ্য অংশীদার। সে কারণে এই খাতে উৎপাদনশীলতা ও অভিঘাত সহনশীলতা বৃদ্ধি এবং স্থানীয়ভাবে আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক কাঠামোতে পরিচালিত কুটির, ক্ষুদ্র, ছোট ও মাঝারি উদ্যোগগুলো যেন টেকসই হয় সেজন্য প্রযুক্তির ব্যবহার ও উদ্ভাবনী ব্যবসায়ী মডেল গ্রহণে সহায়তা প্রদান জাতিসংঘের অগ্রাধিকারে রয়েছে।

এটা অনলাইনে সেবা প্রদানের ক্ষেত্রে নতুন সুযোগ সৃষ্টি করবে। এর মাধ্যমে রপ্তানি বহুমুখী হবে। শিল্পখাতে দক্ষতা ও প্রবৃদ্ধি বাড়বে। আর্থিক খাতে প্রতিযোগিতা সৃষ্টি হবে। বাজারের তথ্য জানার সুযোগ বাড়বে। বাজারে সিএমএসএমই-এর উপস্থিতি বাড়বে। নারী ও তরুণদের অনানুষ্ঠানিক উদ্যোগগুলোকে আনুষ্ঠানিক করার ওপর বিশেষ গুরুত্ব দেওয়া হবে।

ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগের (এসএমই) জন্য সরকারের ২০১৯ সালের নীতি, ২০২১ সালের শিল্পনীতির কার্যকর বাস্তবায়ন, প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ আয়োজন এবং কুটির, ক্ষুদ্র, ছোট ও মাঝারি উদ্যোগে ডিজিটাল প্রযুক্তির ব্যবহার চালুর জন্য চলমান প্রাতিষ্ঠানিক কাঠামো এবং প্রক্রিয়াকে শক্তিশালী করতে সহায়তা কার্যক্রম এর আওতাভুক্ত থাকবে। বিশেষত কৃষি খাতের নারী উদ্যোক্তাদের দক্ষতা বাড়ানোর জন্য পর্যাপ্ত প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে, যাতে তারা সামনে কোনো ব্যবিসায়িক সুযোগ এলে তা কাজে লাগাতে পারে।

এর সঙ্গে কুটির, ক্ষুদ্র, ছোট ও মাঝারি উদ্যোগের ভ্যালু চেইন (মান শৃঙ্খলা) ও মাকেট লিঙ্কেজ বা বাজারের সঙ্গে তার সংযোগ শক্তিশালী করার জন্য সক্ষমতা বাড়াতে সহায়তা দেওয়া হবে। এর আওতায় অনানুষ্ঠানিক খাতে ব্যবসা পরিচালনাকারী উদ্যোগগুলোকে বহির্বিশ্বের সঙ্গে ব্যবসা পরিচালনায় ডিজিটাল প্রযুক্তি ব্যবহারে সহায়তা দেওয়া হবে। এছাড়াও সক্ষমতা বৃদ্ধি, প্রযুক্তিগত  উদ্ভাবনের পরীক্ষামূলক ব্যবহার ও নীতি সংস্কারের মাধ্যমে ইতিবাচক প্রভাব ও অর্থনৈতিক সুযোগ বাড়াতে স্থানীয় সরবরাহ শৃঙ্খলায় ফিনটেক সলিউশন বা প্রযুক্তি-নির্ভর পদ্ধতির ব্যবহার ও উদ্ভাবনকে কাজে লাগানো হবে।

মাঠ পর্যায়ে নীতি, সমন্বয় পদ্ধতি ও সমস্যা সমাধান প্রক্রিয়ায় সংযোগ নিশ্চিত করতে জাতিসংঘ এসব প্রতিষ্ঠানের উদ্ভাবনী আর্থিক ও পরিচালনা পদ্ধতি জোরদার করতে সহায়তা দেবে। পাশাপাশি অভিঘাত সহনশীলতা তৈরি ও জেন্ডার সংবেদনশীল অবাকাঠামো, বিশেষ করে জলবায়ুজনিত প্রভাবসহ বিভিন্ন ধরনের ধাক্কা ও চাপের অর্থনৈতিক প্রভাব কমাতে জিডিটাল অবকাঠামা তৈরিতে প্রযুক্তি নির্বাচন ও তা বাস্তবায়নে এই প্রতিষ্ঠানগুলোর সক্ষমতা বাড়াতে সহায়তা দেওয়া দেবে।

এভাবে টেকসই ব্যবসায়িক প্রতিষ্ঠান দাঁড় করাতে সহায়তার উদ্যোগ গ্রহণসহ জাতিসংঘ অন্তর্ভুক্তিমূলক, পরিবেশবান্ধব ও সমতাভিত্তিক কর্মক্ষেত্র সৃষ্টির সঙ্গে সঙ্গে এতে প্রয়োজনীয় কর্মদক্ষতার উন্নয়ন এবং প্রযুক্তিগত উন্নতি ও চতুর্থ শিল্প বিপ্লবের জন্য প্রয়োজনীয় দক্ষতা উন্নয়নে সহায়তা দেবে। এক্ষেত্রে আরো বেশি সংখ্যক মানুষের, বিশেষ করে তরুণ নারী এবং অসহায় ও প্রান্তিক জনগোষ্ঠীর পুরুষ সদস্যদের বাজারের চাহিদা উপযোগী দক্ষতা উন্নয়ন এবং আর্থিক ও তার বাইরের সেবা পাওয়ার সুযোগ বৃদ্ধিতে নজর দেবে জাতিসংঘ। এর আওতায় প্রাতিষ্ঠানিক দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ ব্যবস্থায় সহায়তার পাশাপাশি বেসরকারি খাত এবং কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানগুলোর মধ্যে সমন্বয় বৃদ্ধিতে সহায়তা করা হবে। এর লক্ষ্য হবে অন্তর্ভূক্তিমূলক, জেন্ডার রেসপন্সিভ ও বাজারের চাহিদা অনুযায়ী জীবনব্যাপী প্রয়োজনীয় শিক্ষা, দক্ষতা উন্নয়ন ও চাকরিজীবীদের প্রশিক্ষণ প্রদান। সেই সঙ্গে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ ব্যবস্থা ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলোর সক্ষমতা বৃদ্ধির জন্য উদ্ভাবনী পদ্ধতি প্রতিষ্ঠায় সহায়তা দেওয়া হবে, যাতে এসব প্রতিষ্ঠান আগামীর জন্য প্রয়োজনীয় কর্মদক্ষতার আলোকে কর্মীদের প্রস্তুত করার সামর্থ্য অর্জন করতে পারে।



**ছবি:** আইএলও বাংলাদেশ

কৃষি খাত আধুনিকায়ন করতে দক্ষতা উন্নয়ন এবং এ খাতে কর্মরত গ্রামীণ যুবক ও নারীদের প্রণোদনা দিতে বিনিয়োগে অগ্রাধিকার দেওয়া হবে। প্রবাসী শ্রমিক হিসেবে কাজ করতে যেসব দেশে বাংলাদেশিরা গিয়ে থাকেন, সে সব দেশে কী রকম কর্মদক্ষতা প্রয়োজন তা বের করা এবং বাংলাদেশিরা গিয়ে যেন তাদের কর্মদক্ষতার স্বীকৃতি পান, সেটা নিশ্চিতে একটি পদ্ধতি গড়ে তুলতে সহায়তা দেওয়া হবে।

এছাড়া লৈঙ্গিক ও সামাজিক পরিচয় নির্বিশেষে তরুণ জনগোষ্ঠী, প্রতিবন্ধী ব্যক্তি, বিদেশফেরত, অভিবাসী, এবং অন্যান্য অসহায় ব্যক্তিরা যাতে উদ্যোক্ত হয়ে উঠতে পারেন এবং তাদের কর্মসংস্থান হয় সেজন্য কৌশল প্রণয়নের ওপর গুরুত্ব দেওয়া হবে জাতিসংঘের এই কর্মপন্থার আওতায়। পরিবেশবান্ধব হয়ে উঠতে পারে এমন সব খাত এবং বিভিন্ন ব্যবসার মধ্যে সম্পর্ক তৈরি, আর্থিক ও বাজারের বিষয়ে পরামর্শ পাওয়ার সুযোগসহ প্রযুক্তিগত ও আর্থিক বিষয়ে জ্ঞান, শ্রমিকদের দক্ষতা ও ব্যবস্থাপনার সামর্থ্য বাড়ানোর উদ্যোগগুলোতে গুরুত্ব দেওয়া হবে। তরুণ নারীদের জন্য সমান সুযোগ সৃষ্টিতে তাদের অংশগ্রহণ নিশ্চিতের পথে বিদ্যমান প্রাতিষ্ঠানিক বাধাসমূহ চিহ্নিত ও দূর করা হবে। এই সব জনগোষ্ঠীর মানসম্মত কাজের সুযোগ সৃষ্টিতে কর্মসংস্থান সৃষ্টিকারী বিনিয়োগ কর্মসূচির পরিকল্পনা তৈরি ও বাস্তবায়নে সরকারকে সহায়তা দেওয়া হবে। তরুণদের নিয়ে গড়ে ওঠা কমিউনিটিভিত্তিক সংগঠনের সঙ্গে মিলে জাতিসংঘ তরুণদের জন্য স্বেচ্ছাসেবামূলক উদ্যোগ বিকাশের পদক্ষেপ নেবে, যা তাদের জন্য কাজের সুযোগ তৈরি ও টেকসই জীবন-জীবিকার জন্য প্রয়োজনীয় দক্ষতা আয়ত্ত করার সুযোগ সৃষ্টি করবে। একই সময়ে বিভিন্ন ব্যক্তি এবং তরুণ, নারী ও অসহায় ব্যক্তিদের নিয়ে গঠিত স্বেচ্ছাসেবী সংগঠনসহ সংশ্লিষ্ট অন্যান্য সংগঠন যাতে কর্মসংস্থান ও জীবিকা বিষয়ে নীতি-নির্ধারণী প্রক্রিয়ায় অংশগ্রহণ করতে পারে সেজন্য তাদের ক্ষমতায়ন ও সক্ষমতা বৃদ্ধিতে সহায়তা দেবে জাতিসংঘ।

প্রাতিষ্ঠানিকভাবে মানসম্মত কাজের সুযোগ বাড়ানোর কৌশল হিসেবে জাতিসংঘ আর্থিক ও অন্যান্য প্রণোদনার ব্যবস্থা চালু, নীতিমালা তৈরি ও প্রাতিষ্ঠানিক উদ্ভাবন এবং এর সুফল নিয়ে সচেতনতা বৃদ্ধিতে সহায়তা করবে জাতিসংঘ। এক্ষেত্রে গ্রামীণ নারী, বিদেশফেরত অভিবাসী, প্রতিবন্ধী ব্যক্তি ছাড়াও পিছিয়ে পড়া জেলার অধিবাসীসহ অসহায় ব্যক্তিদের উদ্যোগগুলোতে বিশেষ গুরুত্ব দেওয়া হবে।

দায়িত্বশীল ব্যবসায়ী উদ্যোগ এগিয়ে নিতে সহায়তার মধ্য দিয়ে নীতি উদ্ভাবন, অর্থায়নের উপায়, অতি ক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগের জন্য সক্ষমতা সৃষ্টি, উৎপাদনশীলতার উন্নয়ন এবং কাজের দক্ষতা উন্নয়নে পদক্ষেপ নেয়া হবে।

দেশের ভেতরে ও বিদেশে কর্মক্ষেত্রে ন্যায্য পরিবেশ তৈরি এবং দায়িত্বশীল ব্যবসা পরিচালনাকে এগিয়ে নিতে সরকারি ও বেসরকারি খাতের প্রতিষ্ঠানের সক্ষমতার উন্নয়নে সহযোগিতা দেবে জাতিসংঘ।

জাতিসংঘের মানবাধিকার, ব্যবসা ও নারীর ক্ষমতায়ন সংক্রান্ত নীতিমালা মেনে দেশে-বিদেশে দায়িত্বশীলভাবে ব্যবসা পরিচালনা ও কাজের সম্মানজনক মজুরি ও পরিবেশকে উৎসাহ প্রদান ও সহায়তা করা জাতিসংঘের কাছে একটি গুরুত্বের বিষয়। এর আওতায় থাকবে শ্রমিকের অধিকার, কর্মক্ষেত্র, বাজার ও সমাজে জেন্ডার সমতা ও নারীর ক্ষমতায়ন এগিয়ে নিতে যে নীতিমালা আছে, সেগুলো ও শ্রমবাজারে সরকারি ব্যবস্থাপনার কাঠামো সম্পর্কে নিয়োগদাতা ও কর্মী উভয়রেই সচেতনতার বিকাশে সরকারি ও বেসরকারি খাতের প্রাতিষ্ঠানিক সক্ষমতা বাড়ানোর উদ্যোগ। সেই সঙ্গে ব্যবসায়ী প্রতিষ্ঠানে জনবল ব্যববস্থাপনা সংক্রান্ত নীতি ও আইনের প্রয়োগের জন্য শ্রমবাজার পরিদর্শন বা তদারকির দায়িত্বে থাকা প্রতিষ্ঠানগুলোর সক্ষমতা বৃদ্ধিতে সহায়তা করা হবে।

# অংশীদারিত্ব

একটি অন্তর্ভুক্তিমূলক, টেকসই ও সমতাভিত্তিক অর্থনৈতিক প্রবৃদ্ধির সুফল হিসেবে আরো বেশি সংখ্যক মানুষ, বিশেষ করে যারা সবচেয়ে অসহায় ও প্রান্তিক গোষ্ঠী, যাতে টেকসই জীবিকা, জীবনব্যাপী প্রয়োজনীয় শিক্ষণ এবং মানসম্মত কাজের সুযোগ পায় সেজন্য জাতিসংঘ অনেক ধরনের প্রতিষ্ঠানের সঙ্গে সহযোগিতার সম্পর্ক গড়ে তুলবে। এর মধ্যে থাকবে সরকারের মন্ত্রণালয় ও সংস্থা, সরকারি মালিকানাধীন ব্যবসায়ী উদ্যোগ, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান, কুটির, অতিক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগের সঙ্গে সংশ্লিষ্টরা, বিভিন্ন ব্যবসায়ী প্রতিষ্ঠান, শ্রমিক সংগঠন, কারিগরি ও বৃত্তিমূলক প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠান, বেসরকারি ও কমিউনিটিভিত্তিক সংগঠন এবং দ্বিপক্ষীয় ও বহুপক্ষীয় সংস্থা এবং অন্যান্য উন্নয়ন অংশীদার। এছাড়াও সাউথ-সাউথ কোঅপারেশনকে যুক্ত করা হবে। এক্ষেত্রে প্রধান উন্নয়ন সহযোগীদের বিস্তারিত তালিকা পরিশিষ্টে, অর্থাৎ অ্যানেক্স ১ রেজাল্ট ম্যাট্রিক্সে দেওয়া হলো।

# কৌশলগত অগ্রাধিকার ২:
# সমতাভিত্তিক মানব উন্নয়ন ও কল্যাণ

কাঙ্ক্ষিত ফল ২: ২০২৬ সাল নাগাদ আরো বেশি সংখ্যক মানুষের, বিশেষ করে যারা সবচেয়ে অসহায় ও প্রান্তিক, মানসম্মত, অন্তর্ভুক্তিমূলক, জেন্ডার রেসপন্সিভ, অভিঘাত সহনশীল, সার্বজনীন ও অভিঘাত সহনশীল সামাজিক সুরক্ষা, সামাজিক নিরাপত্তা বেষ্টনী ও সামাজিক সেবা গ্রহণের সুযোগ ও ব্যবহার নিশ্চিত করতে হবে।



কোভিড-১৯ মহামারির আগে বাংলাদেশ সামাজিক সুরক্ষা ও মৌলিক সামাজিক সেবার প্রতিটি সূচকে তাৎপর্যপূর্ণ অগ্রগতি অর্জন করেছিল। ২০১৪ থেকে ২০১৮ সালের মধ্যে বাংলাদেশের প্রায় ১ কোটি ৯০ লাখ মানুষের বহুমাত্রিক দারিদ্র্য থেকে মুক্তি ঘটে। ২০১৫ থেকে ২০৩০ সালে দারিদ্র্য অর্ধেকে নামিয়ে আনার লক্ষ্যমাত্রার পথে ভালোই এগোচ্ছিল বাংলাদেশ। একই সঙ্গে, বাংলাদেশের সুযোগ আছে জনমিতিক লভ্যাংশ বা ডেমোগ্রাফিক ডিভিডেন্ডের সুফল পাওয়ার। সেই সুফল পাওয়ার জন্য বাংলাদেশের সামাজিক সেবাখাত যেমন শিক্ষা, স্বাস্থ্য, পুষ্টি, শিশু সুরক্ষা এবং কর্মসৃজনের জন্য উচ্চতর বিনিয়োগ প্রয়োজন, বিশেষ করে সমাজের প্রান্তিক জনগোষ্ঠীর জন্য। কোভিড-১৯ মহামারি দরিদ্র ও সবচেয়ে অসহায় জনগোষ্ঠীর ওপর তীব্র প্রভাব ফেলেছে। গৃহকর্ম ও গৃহসেবার মতো বিষয়গুলোতে এই প্রভাব জেন্ডারভেদে প্রকট হয়েছে। ফলে নারী, কন্যা শিশুদের অবস্থা আরো খারাপ হয়েছে। বর্তমানের সামাজিক সুরক্ষা ও সামাজিক সেবার আওতায় মহামারির কারণে বর্ধিত চাহিদা পূরণ করতে হবে। বাংলাদেশে বিদ্যমান সামাজিক সুরক্ষা কর্মসূচি থেকে যারা বাদ পড়েছেন তাদের অন্তর্ভুক্তি নিশ্চিতে সার্বজনীন সামাজিক সুরক্ষার মূলনীতি, টেকসই, সামাজিক সংহতি ও সামাজিক আলোচনার ভিত্তিতে টেকসই ও নীতিনির্ভর সামাজিক সুরক্ষা বাস্তবায়ন করতে এখনো আমাদের গুরুত্বপূর্ণ শিক্ষা গ্রহণের প্রয়োজন রয়েছে। কারণ বিভিন্ন খাতের মধ্যে সম্পর্ক কতটা জরুরি এবং তথ্য-প্রমাণের ভিত্তিতে নীতি বিশ্লেষণ/সংস্কার ও অগ্রাধিকার নির্ধারণের জন্য একটি কর্মতৎপর ও সাড়া প্রদানমূলক, তথ্যনির্ভর সামাজিক সুরক্ষা ব্যবস্থার প্রয়োজনে কতটা, তা মহামারি আমাদের দেখিয়ে দিয়েছে।



**ছবি**: ইউএনআরসিও বাংলাদেশ

# পরিবর্তনের পূর্বশর্ত

উল্লিখিত কাঙ্খিত ফল অর্জন করতে অন্তত তিনসেট শর্ত পূরণ করতে হবে।

প্রথমত, দায়িত্বশীলদের অবশ্যই ব্যবস্থাকে শক্তিশালী করতে হবে ও সক্ষমতা বাড়াতে হবে। তাদের শহর ও গ্রামাঞ্চলে মানুষের জীবনে মানসম্মত সামাজিক সুরক্ষা ও মৌলিক সামাজিক সেবা (স্বাস্থ্য, পুষ্টি, খাদ্য নিরাপত্তা, পানি, পয়ঃনিষ্কাশন ও পরিষ্কার-পরিচ্ছন্নতা (ওয়াশ), শিক্ষা ও শিক্ষণ, শিশু ও তরুণদের সুরক্ষা, সামাজিক সুরক্ষা ও অভিবাসন সেবা) নিশ্চিত করার জন্য অংশীদারিত্ব তৈরি করতে এবং আরও দায়বদ্ধ হতে হবে।

সামাজিক সুরক্ষা ও মৌলিক সামাজিক সেবা পাওয়ার জন্য নারী, পুরুষ, শিশু, কিশোর-কিশোরী, যৌন সংখ্যালঘু ও প্রতিবন্ধী ব্যক্তি, বিশেষ করে সবচেয়ে অসহায় ও প্রান্তিক জনগোষ্ঠীর ক্ষমতায়ন ঘটাতে হবে, যাতে তারা সম্মান ও মর্যাদার সঙ্গে জীবন কাটাতে পারে।

অন্তর্ভুক্তিমূলক, জেন্ডার রেসপন্সিভ ও অভিঘাত সহনশীল মৌলিক সামাজিক সুরক্ষা ও সেবা পাওয়ার অধিকার ও ব্যবহারের সুযোগ বাড়াতে নীতি ও নিয়মকাঠামো অবশ্যই আরো শক্তিশালী করতে হবে।

# **কাঙ্ক্ষিত ফল অর্জনে** জাতিসংঘের ভূমিকা

সাধারণ মানুষ, বিশেষ করে যারা সবচেয়ে অসহায়, তারা যেন সার্বজনীন, জেন্ডার রেসপন্সিভ ও অভিঘাত সহনশীল মানসম্মত সামাজিক সুরক্ষা, সামাজিক নিরাপত্তা বেষ্টনী ও মৌলিক সামাজিক সেবা পেতে পারে সেজন্য জাতিসংঘ সিস্টেম একটি বৃহত্তর পরিসরে কৌশলগত ভূমিকা রাখার পাশাপাশি অংশীদারিত্ব গড়ে তুলবে। আর তা হবে কোভিড-১৯ থেকে পাওয়া শিক্ষা এবং বিভিন্ন সেবার ওপর এর প্রভাব ও মানুষের বিপন্নতা বিবেচনায় নিয়ে স্বাস্থ্য, পুষ্টি, খাদ্য নিরাপত্তা, পানি, পয়ঃনিষ্কাশন পরিষ্কার-পরিচ্ছন্নতা (ওয়াশ), শিক্ষা, শিশু ও তরুণদের সুরক্ষা, অভিবাসন সম্পর্কিত সেবা ও সামাজিক সুরক্ষায় কৌশলগত অবদান রাখা ও অংশীদারিত্ব সৃষ্টির ওপর অগ্রাধিকার দেওয়ার মধ্য দিয়ে।

সামাজিক সুরক্ষা, সামাজিক নিরাপত্তা বেষ্টনী ও মৌলিক সামাজিক সেবাকে আরো সহনশীল এবং অভিঘাত সামলে নেওয়ার উপযোগী করে গড়ে তোলার জন্য জাতিসংঘ বাংলাদেশের প্রচেষ্টাকে সহায়তা দেবে। এক্ষেত্রে মানবিক-উন্নয়ন-শান্তি সম্পর্কের মূলনীতিগুলোর সঙ্গে সঙ্গতি রেখে সমাজের সবাইকে নিয়ে এগোনোর দৃষ্টিভঙ্গিতে আন্তঃখাতমূলক প্রচেষ্টাগুলোকে উৎসাহিত করা হবে। এই প্রচেষ্টায় বিভিন্ন খাতের মধ্যে সংযোগ রয়েছে তা আরো জোরদার করা হবে।

জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল (এনএসএসএস)[২৪] বাস্তবায়নে ধীরগতি এবং দরিদ্র ও অসহায়দের সামাজিক সুরক্ষায় ভাতা দেওয়ার জন্য বরাদ্দ তহবিলের স্থবিরতার কথা অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনায় স্বীকার করে নেওয়া হয়েছে। বলা হয়েছে, কোভিড -১৯ এর নেতিবাচক প্রভাবগুলো মোকাবেলা করা এবং প্রতি একক প্রবৃদ্ধির বিপরীতে আরো বেশি দারিদ্র্য হ্রাস নিশ্চিত করতে এই প্রতিবন্ধকতা দূর করতে হবে। স্থিতিশীল সামাজিক সুরক্ষায় সার্বজনীন সুযোগ নিশ্চিত করার লক্ষ্যে জাতিসংঘ সমন্বয় প্রচেষ্টায় সহায়তা দেবে এবং জাতীয় জীবন-চক্রভিত্তিক দৃষ্টিভঙ্গি নিয়ে প্রধান প্রধান সামাজিক সুরক্ষা খাতের (স্বাস্থ্য, খাদ্য ও পুষ্টি, শিক্ষা) নীতিমালা বাস্তবায়নে প্রয়োজনীয় বাজেট বরাদ্দের জন্য অ্যাডভোকেসি করবে জাতিসংঘ। প্রাথমিকভাবে দরিদ্র পরিবারের শিশু, নারী, অভিবাসী, প্রতিবন্ধী ব্যক্তি, লৈঙ্গিক বৈষম্যের শিকার, চা বাগানের শ্রমিক ও তাদের সম্প্রদায়, ঘনবসতিপূর্ণ শহরের বস্তির বাসিন্দা, ক্ষুদ্র নৃগোষ্ঠী ও সংখ্যালঘু, রোগে ভুগছে এমন মানুষসহ সবচেয়ে দুর্বল ও প্রান্তিকদের গুরুত্ব দিয়ে বাজেটে পর্যাপ্ত অর্থ বরাদ্দের পরামর্শ দেওয়া হবে। এর মধ্য দিয়ে কোভিড-১৯ মহামারি থেকে শিক্ষা গ্রহণ ও তা কাজে লাগানোর প্রক্রিয়া ত্বরান্বিত হবে। এই মহামারির সময়ে শহর এলাকার মধ্যবিত্তদের একটি অংশ হারিয়ে গেছে, নতুন দরিদ্র হয়েছেন অনেকে, তাদের চিহ্নিত করা হবে। তাতে আগামী বাংলাদেশের শহরের জনসংখ্যাতাত্ত্বিক ধরন বোঝা যাবে। অসহায় মানুষের ওপর গুরুত্ব দিয়ে নির্দিষ্ট জনগোষ্ঠীভিত্তিক মানসম্পন্ন তথ্য সংগ্রহ ও ব্যবস্থাপনায় সম্পদ ও দক্ষতার যোগান দেওয়া হবে। সেই সঙ্গে জলবায়ু বা দুর্যোগ বিষয়ক নীতি সামাজিক নিরাপত্তা নীতির কাঠামোতে অন্তর্ভুক্ত করতে কারিগরি সহায়তা দেওয়া হবে।

[২৪] বাংলাদেশ সরকার জানুয়ারি ২০২০: জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল বাস্তবায়নের মধ্যমেয়াদি পর্যালোচনা।

এর মধ্যে দেশের ভেতরে জলবায়ুজনিত অভিবাসনের শিকার মানুষের ওপর গুরুত্ব দিয়ে প্রণীত শহরের সামাজিক সুরক্ষা কৌশল থাকবে। শ্রেয়তর পরিস্থিতিতে উত্তরণে সরকারকে ঐক্যমত্যের ভিত্তিতে গৃহীত মানদণ্ড এবং বাৎসরিক ব্যয় পর্যালোচনার ভিত্তিতে গৃহীত জেন্ডার সংবেদনশীল সামাজিক বীমার পদক্ষেপসমূহের ভিত্তিতে সামাজিক সহায়তা গ্রহণকারীদের একটি একক ইলেকট্রনিক রেজিস্ট্রি তৈরিতে সহায়তা দেওয়া হবে।

জাতিসংঘ সামাজিক বীমা চালু করার মাধ্যমে জনগোষ্ঠীকে সম্পৃক্ত করে অংশগ্রহণমূলক পদ্ধতিতে সিদ্ধান্ত গ্রহণ, তদারকি, সমস্যার সমাধান করার পদ্ধতি তৈরিতে সুশীল সমাজ ও বেসরকারি খাতের প্রতিষ্ঠানসমূহের সঙ্গে অংশীদারিত্ব গড়ে তুলবে। এই স্কীমে অংশগ্রহণমূলক এবং অংশগ্রহণ ছাড়া সামাজিক বীমা বিষয়ক এবং অবসর ভাতার ব্যবস্থা সংস্কারের ধারা থাকবে। নারী, বয়স্ক, অভিবাসী, বিদেশফেরত ব্যক্তিরা যাতে মানসম্পন্ন সামাজিক সহায়তা ও সুরক্ষা পায় সে বিষয়ে জাতিসংঘ বিশেষ মনোযোগ দেবে। নিরাপত্তাহীন পরিবেশে যেই অসহায় মানুষেরা কাজ করছে তাদের সামাজিক নিরাপত্তার আওতায় সহায়তা দেওয়ার জন্য পরামর্শ দিয়ে যাবে জাতিসংঘ। এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে সামাজিক নিরাপত্তা প্রশ্নে আঞ্চলিক সহযোগিতা জোরদারে যে কর্মপরিকল্পনা আছে, তার কাঠামোর আওতায় জাতিসংঘ সহায়তা দেবে।




**ছবি**: ডব্লিউএইচও

অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনায় স্বাস্থ্যসেবা ব্যবস্থা শক্তিশালী করার ওপর গুরুত্ব দেওয়া হয়েছে। এ খাতে ভৌত সুবিধাদি, স্বাস্থ্যসেবা সুবিধা লাভ ও দক্ষ জনবলের ব্যাপক ঘাটতি দেখা গেছে। কোভিড-১৯ মহামারি সার্বজনীন স্বাস্থ্যসেবার প্রয়োজনীয়তার দিকটি আবারও দেখিয়েছে, যেখানে স্বাস্থ্য খাতে সরকারি অর্থায়ন বাড়ানো, সরকারি-বেসরকারি অংশীদারিত্ব জোরদার করা, স্বাস্থ্য অর্থায়নে উদ্ভাবনী পদ্ধতিকে উৎসাহ প্রদান, স্বাস্থ্য খাতে দক্ষতা অর্জনের জন্য নীতি ও কৌশলগত পদক্ষেপ বাস্তবায়নের মাধ্যমে আর্থিক ঝুঁকি থেকে পর্যাপ্ত সুরক্ষা ব্যবস্থা থাকতে হবে।

সার্বজনীন স্বাস্থ্য সুরক্ষার লক্ষ্য অর্জনে সরকারকে সহায়তা দিতে জাতিসংঘ প্রাথমিক স্বাস্থ্যসেবা নীতি অনুসরণ করে কৌশলগতভাবে একটি ব্যবস্থা দাঁড় করানোর পদ্ধতির দিকে মনোনিবেশ করবে। এতে পরিস্থিতি মোকাবেলায় সক্ষমতা বাড়ানো ও সেবার মান আরো উন্নত করার জন্য, বিশেষ করে প্রাথমিক স্বাস্থ্য সেবা স্তরে একটি ব্যবস্থা তৈরি করার লক্ষ্যে জাতীয় কৌশল ও নীতিসমূহ পর্যালোচনার জন্য সহায়তা থাকবে। সিদ্ধান্ত গ্রহণ ও টেলিমেডিসিনের উন্নতির জন্য একটি সমন্বিত তথ্যভাণ্ডার গড়ে তোলাসহ ডিজিটাল পদ্ধতিতে স্বাস্থ্যসেবা প্রদানের ব্যবস্থা বাড়ানোকে উৎসাহিত করা হবে। লিঙ্গ, বয়স, জাতি, ভৌগোলিক অবস্থান, সামাজিক শ্রেণি বা অর্থনৈতিক অবস্থা নির্বিশেষে সবার জন্য স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে জাতিসংঘ পর্যাপ্ত বাজেট বরাদ্দ এবং এই খাতে সম্পদের সাধ্যমতো ব্যবহার বাড়ানোর বিষয়ে পরামর্শ দেবে। সমাজের অসহায়, নারী ও কিশোরীদের যৌন ও প্রজনন স্বাস্থ্যের ওপর গুরুত্ব দিয়ে এবং সামাজিক জবাবদিহি ব্যবস্থা, মানুষের সম্পৃক্তি ও চাহিদা সৃষ্টিসহ বাস্তবভিত্তিতে প্রয়োজনীয় স্বাস্থ্যসেবা বাড়ানোর মাধ্যমে জনগোষ্ঠীর স্বাস্থ্যব্যবস্থাকে শক্তিশালী করার বিষয়টি থাকবে।

টিকাদানের সামর্থ্য ও সমন্বয় বাড়ানোর লক্ষ্যেও জাতিসংঘ কাজ করবে। এছাড়া সরকারি প্রতিষ্ঠানের জবাবদিহি বাড়ানো, জাতীয় ও স্থানীয় পর্যায়ে মানবাধিকার রক্ষা করে মাদক প্রতিরোধ ও চিকিৎসার সক্ষমতা বাড়াতেও কাজ করা হবে। সরকারি-বেসরকারি অংশীদারিত্বের মাধ্যমে জেলা ও তার নিচের পর্যায়ে সরকারি স্বাস্থ্যসেবার সুবিধা এবং শহরাঞ্চলে সরকারি, বেসরকারি ও বেসরকারি সংস্থা পরিচালিত স্বাস্থ্যসেবার ব্যবস্থা উন্নত করতে কাজ করা হবে।



**ছবি:** ইউনিসেফ বাংলাদেশ

জাতীয় লক্ষ্যসমূহ ও শিক্ষা ক্ষেত্রে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে শিশু, কিশোর ও তরুণদের প্রাথমিক শিক্ষা, মানসম্মত শিক্ষা, দক্ষতা উন্নয়ন, স্কুল স্বাস্থ্য ও পুষ্টি এবং আজীবনের জন্য শিক্ষা গ্রহণের সুযোগ নিশ্চিত করার পরিবেশ সৃষ্টিতে বাংলাদেশ সরকারকে সহায়তা দেবে জাতিসংঘ। চাইলে, জাতিসংঘ নীতি পরিকল্পনা ও বাস্তবায়নের জন্য কৌশলগত পরামর্শ দেবে এবং নির্দিষ্ট সময় অন্তর ব্যবধানে জরিপ, গবেষণা পরিচালনা এবং জাতীয় পর্যায়ে সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়াকে সহায়তা করার জন্য তথ্য ও প্রামাণিক তথ্যের বিষয়ে মূল্যায়ন করবে। বিভিন্ন উপায়ে সবার সুযোগ নিশ্চিত করার মাধ্যমে শিক্ষাক্ষেত্রে দারিদ্র্য মোকাবেলা, শিক্ষার্থীদের সক্রিয় অংশগ্রহণ ও তাদের আয়ত্তের মধ্যে শিক্ষা উপকরণ তৈরি এবং শিক্ষকদের প্রণোদনা, শিক্ষণের বাইরেও শিক্ষার্থীদের অন্যান্য মানসিক বিকাশসহ উন্নত চিন্তা ও দক্ষতা বিস্তারে কৌশল ও পদ্ধতির দিক থেকে শিক্ষকদের প্রস্তুত রাখা এবং তাদের দক্ষতাভিত্তিক মূল্যায়নের ওপর গুরুত্ব দেওয়া হবে। নিরাপদে শিক্ষালাভ ও শেখা, সাংস্কৃতিকভাবে শান্তি, অহিংসা ও সহনশীলতার বিকাশ, জেন্ডার বিষয়ে ক্ষতিকারক সামাজিক রীতিনীতির পরিবর্তন এবং জরুরি পরিস্থিতিসহ যে কোনো সময় সেবা নিশ্চিত করার লক্ষ্যে উদ্ভাবনী যোগাযোগ পদ্ধতির মাধ্যমে শিশু, কিশোর-কিশোরী ও তরুণ, তাদের বাবা-মা বা অভিভাবকদের সঙ্গে টেকসই অংশীদারিত্ব গড়ে তোলার জন্য প্ল্যাটফর্মগুলোকে শক্তিশালী এবং সম্প্রসারিত করবে জাতিসংঘ। শিশু ও তরুণদের সুস্বাস্থ্য নিশ্চিত করতে এবং তারা যেন সম্ভাবনার পূর্ণ বিকাশ ঘটাতে পারে তা নিশ্চিত করতে শিক্ষা ব্যবস্থায় আইনি কাঠামো শক্তিশালী করা, সেই সঙ্গে তাদের সামাজিক সেবা প্রাপ্তি এবং জনবল বাড়ানো, শিশুদের সুরক্ষার বিষয়টিকে কেন্দ্রে নিয়ে আসা এবং স্বাস্থ্য ও পুষ্টিখাতে আর্থিক ও মানবসম্পদ কাজে লাগানো প্রয়োজন। লৈঙ্গিক সহিংসতা ও বাল্যবিবাহসহ শিশুদের ওপর বিভিন্ন ধরনের সহিংসতা ও ক্ষতিকর চর্চা প্রাতিষ্ঠানিকভাবে প্রতিরোধের উদ্যোগ নিতে বিভিন্ন খাতের মধ্যে জোরালো সমন্বয় প্রয়োজন। নেতিবাচক সামাজিক ও জেন্ডার রীতিনীতি ও ক্ষতিকর চর্চা বদলের লক্ষ্যে সামাজিক আচরণে পরিবর্তন আনতে সচেতনতা সৃষ্টি এবং জাতীয় কিশোর-কিশোরী কৌশল-এর আওতায় কিশোর-কিশোরীদের সম্পৃক্ত করা হবে। শিশুদের প্রতি হওয়া অন্যায়ের প্রতিবিধান এবং তাদের মানসিক পরিচর্যা দেবে জাতিসংঘ। সেই সঙ্গে তাদের যত্ন নেওয়ার প্রক্রিয়া অব্যহত থাকবে। এর মধ্যে রেস্টোরেটিভ জাস্টিস বা শিশুদের সঙ্গে করা অপরাধের জন্য ভুল স্বীকার করা, আক্রান্ত শিশুদের সমাজের মূল স্রোতে পুনঃস্থাপন এবং/অথবা তাদের জন্য বিকল্পভাবে তাদের সহায়তায় পরিচর্যার আয়োজন করা হবে। সামাজিক সেবা বা সহায়তাদানে নিয়োজিত জনবলকে শক্তিশালী করার লক্ষ্য নিয়ে জাতিসংঘ সমাজকল্যাণ ব্যবস্থার সম্প্রসারণে সহায়তা দেবে। শিশুদের সঙ্গে কোনো অন্যায় বা সহিংসতা হলে তা শনাক্ত করার জন্য শিক্ষাপ্রতিষ্ঠানে শিশু সুরক্ষা নীতি ও প্রক্রিয়া চালু করার জন্য সহায়তা দেবে জাতিসংঘ। এছাড়া স্কুলের কাউন্সেলর, শিক্ষক ও অন্যান্য শিক্ষা-সংশ্লিষ্ট কর্মকর্তাদের শিশু সুরক্ষা বিষয়ে প্রশিক্ষণে জাতিসংঘ বিনিয়োগ করবে। স্কুল ও স্কুলের বাইরে স্থানীয় ও জাতীয় পর্যায়ে আচরণে পরিবর্তন আনতে বিস্তৃত পরিসরে পদক্ষেপ নেওয়া হবে। শিশুদের সুরক্ষা বিষয়ক ঘটনাগুলো দ্রুত চিহ্নিত করা এবং সংশ্লিষ্ট



**ছবি:** ইউএনআরসিও বাংলাদেশ

স্বাস্থ্যসেবায় নিয়োজিত পেশাজীবীদের কাছে বা তাদের দিয়ে কী করা হবে, সে বিষয়ে সুপারিশ করা এবং স্কুলগুলো ও প্রাথমিক স্বাস্থ্য সেবাদানকারী প্রতিষ্ঠানে বাবা-মায়ের ইতিবাচক ভূমিকা বিষয়ক কর্মসূচি আয়োজনে সহযোগিতা করবে জাতিসংঘ সিস্টেম। একইসঙ্গে শিশুদের অধিকার রক্ষায় আন্তর্জাতিক সনদ ও নারীর প্রতি সকল প্রকার বৈষম্য বিলোপ সনদ (সিডও) রোধের আন্তর্জাতিক সনদসহ মানবাধিকার রক্ষায় আন্তর্জাতিক ক্ষেত্রে যে ধরনের আইন-কানুন আছে, তার সঙ্গে সঙ্গতি রেখে শিশুদের সুরক্ষার বিষয়ে আইন ও নীতি সংস্কারের জন্য সহায়তা দেওয়া হবে। বিশেষ করে নারী, শিশু, তরুণ, বয়স্ক, যৌন সংখ্যালঘু, তৃতীয় লিঙ্গের মানুষ, সহিংসতায় অঙ্গহানি হয়েছে এমন ব্যক্তির আশ্রয় ও সামাজিক নিরাপত্তাসহ জরুরি নিরাপত্তা সেবার সুযোগ বাড়ানো এবং তাদের সুরক্ষার প্রয়োজনে সামাজিক সেবার কাজ জোরদার করতে পরামর্শ দেবে জাতিসংঘ। এলাকা বা সুনির্দিষ্ট জনগোষ্ঠীভিত্তিক মানসিক স্বাস্থ্য ও মনোসামাজিক সহায়তা সেবায় বিনিয়োগ বাড়াতে এবং জন্মনিবন্ধন, নারী, কিশোর-কিশোরী ও শিশুদের প্রতি সহিংসতার খারাপ পরিণতি সম্পর্কে সচেতনতা বাড়াতে কর্মসূচি পরিচালনা করবে জাতিসংঘ। উন্নয়নের ওপর এই ক্ষতিকর চর্চাগুলোর দীর্ঘমেয়াদি প্রভাব রয়েছে।




জরুরি পরিস্থিতিসহ সব সময় যে কোনো ধরনের পুষ্টিহীনতা প্রতিরোধ ও চিকিৎসায় শহর ও গ্রামাঞ্চলে জেন্ডার রেসপন্সিভ, ন্যায্য পুষ্টি সেবা, যত্ন ও খাবার সরবরাহ, সহজলভ্যতা, প্রবেশগম্যতা ও মানসম্মত ব্যবহার নিশ্চিতে ভূমিকা রাখবে জাতিসংঘ। এই প্রেক্ষাপটে জাতিসংঘ প্রয়োজনীয় সরবরাহ, বিভিন্ন ধরনের খাবার কেনার সুযোগ ও সামর্থ্য বৃদ্ধি, খাদ্য নিরাপত্তা নিশ্চিতে আইন, পুষ্টি নিশ্চিতের সামাজিক সুরক্ষা এবং পর্যাপ্ত আর্থিক বরাদ্দ ও বিভিন্ন খাতের মধ্যে সমন্বয়, সহযোগিতা ও সমন্বিত কর্মসূচি গ্রহণে পরামর্শসহ পুষ্টি বিষয়ে নীতি প্রণয়নের পরিবেশ ও আইনি কাঠামো শক্তিশালী করতে কৌশলগত সহায়তা দেবে। জাতিসংঘ এর মাধ্যমে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বা অংশীদারদের সক্ষমতা, নেতৃত্ব ও জবাবদিহি জোরদার করতে মানসম্মত, সমতাভিত্তিক সেবা প্রদান এবং জাতীয় ও স্থানীয় পর্যায়ে অপুষ্টি কমানোর জন্য বহুমুখী পুষ্টি কর্মসূচি বাস্তবায়নে সহায়তা করবে। প্রামাণিক তথ্য বিশ্লেষণের ভিত্তিতে নীতি নির্ধারণের জন্য তথ্য প্রাপ্তি ও সমন্বয় এবং গবেষণা গুরুত্বপূর্ণ হবে। সাধারণ মানুষ, বিশেষ করে যারা দরিদ্র ও অসহায় তাদের জন্য যাতে বিভিন্ন উৎস ও কর্মসূচির মাধ্যমে সমতাভিত্তিকভাবে পর্যাপ্ত পুষ্টির প্রাপ্যতা, সুযোগ ও ব্যবহারে অধিকার নিশ্চিত হয়, তার জন্য কাজ করবে জাতিসংঘ। শিশুদের বিকাশের লক্ষ্যে পরিচালিত পুষ্টি বিস্তারের কর্মসূচিগুলোর আওতা ও মান বাড়ানোর জন্য কৌশলগত সহায়তা দেওয়া হবে। পুষ্টিকেন্দ্রিক ও পুষ্টি-সংবেদনশীল সেবার আওতা ও চাহিদা বাড়ানোর জন্য প্রাথমিক স্বাস্থ্য সেবায় পুষ্টিকে সমন্বিত করতে সরকারি কর্মসূচিগুলোতে কমিউনিটিভিত্তিক পদ্ধতি চালু করা হবে।




পুষ্টি-সংবেদনশীল এবং খাদ্য নিরাপত্তা-নির্দিষ্ট সামাজিক সুরক্ষা, পুষ্টি সংশ্লিষ্ট খাতসমূহের মধ্যে সংযোগ স্থাপন, বেসরকারি খাতে অংশীদারিত্বের বিকাশ, সংবাদমাধ্যমের সঙ্গে যোগাযোগ, পরামর্শ প্রদান ও নীতি প্রণয়নের জন্য তথ্য-প্রমাণ উপস্থাপন, অভিঘাত ও দুর্যোগ প্রতিরোধের সক্ষমতা বাড়ানোর জন্য কাজ করবে জাতিসংঘ।

সবচেয়ে অসহায় জনগোষ্ঠী ও উপেক্ষিত অঞ্চলগুলোতে খাদ্য নিরাপত্তার ঘাটতির সমাধান করা সরকারের একটি অগ্রাধিকার। নিরাপদ ও ব্যাপক সরবরাহ শৃঙ্খলা গড়ে তোলা এবং কৃষির আধুনিকায়ন ও বৈচিত্র্য সৃষ্টির মাধ্যমে সামাজিক নিরাপত্তা ও মৌলিক সেবার উন্নয়নের ক্ষেত্রে এই জায়গাগুলোকে গুরুত্ব দেওয়া হবে। বাংলাদেশের কৃষিখাতে শ্রমদানকারীদের ৬০ শতাংশ নারী হওয়ায় কৃষিতে আধুনিকায়ন ও বৈচিত্র্য আনার ক্ষেত্রে একটি জেন্ডার দৃষ্টিভঙ্গি প্রয়োগে সহায়তা দেওয়া হবে। এক্ষেত্রে গৃহীত কর্মসূচি ও সেবার প্রকৃত উপকারভোগী নির্ধারণে বিভিন্ন সমস্যা থাকায় শহর ও গ্রামের দরিদ্র্যদের একটি বড় অংশের ওপর নেতিবাচক প্রভাব পড়ে। এ ধরনের সমস্যা কোভিড-১৯ মহামারি চলাকালে সরকার পরিচালিত জরুরি ত্রাণ কর্মসূচির সময় দেখো গেছে। তাই জাতিসংঘ বিপন্ন জনগোষ্ঠীকে উদ্ধারের পাশাপাশি এ ক্ষেত্রে দ্রুত সক্ষমতা বৃদ্ধি এবং খাদ্য নিরাপত্তাকে একটি মৌলিক মানিবাধিকার ও মৌলিক মানবিক চাহিদা হিসেবে গণ্য করে তা নিশ্চিত করার লক্ষ্য নির্ধারণ করেছে। একই সাথে, কৃষি ও খাদ্য ব্যবস্থার আধুনিকায়ন, পরিবেশসম্মত উৎপাদন এবং খাদ্যগুণ বাড়ানোর মাধ্যমে টেকসই উপায়ে কৃষি উৎপাদনের পরিমাণ ও বৈচিত্র্য বৃদ্ধিতে সহায়তা প্রদানকে অগ্রাধিকার দেওয়া হবে। কৃষি এখনো অর্থনৈতিক প্রবৃদ্ধির মূল চালিকাশক্তি হলেও তার কারণে ক্রমাগতভাবে আমাদের ভূমির গুণাগুণের অবনতি ঘটে চলেছে এবং অনিয়ন্ত্রিত বিষাক্ত রাসায়নিকের ব্যবহার অর্থনৈতিক দূষণ ঘটাচ্ছে, যা কৃষিতে সরাসরি জড়িতরা ছাড়াও সাধারণ মানুষের[২৫] স্বাস্থ্যঝুঁকি তৈরি করছে। জাতিসংঘ তার সিস্টেমের একটি পদ্ধতিকে ব্যবহার করবে, যা দিয়ে মাঠ থেকে শুরু করে খাবারের থালা পর্যন্ত সরবরাহ শৃঙ্খলার সর্বত্র খাদ্য নিরাপদ থাকে। জাতিসংঘ পরিবেশবান্ধব প্রযুক্তি চালু করতে, দক্ষতা ও খাদ্য নিরাপত্তা নিশ্চিত করার জন্য কৃষি ক্ষেত্রে উত্তম চর্চার বিকাশ ঘটাতে, খাদ্যতালিকার উন্নতির জন্য কৃষিতে বৈচিত্র্য আনা এবং জলবায়ু-পরিবর্তনের প্রেক্ষিতে যুৎসই কৃষি নীতি ও কর্মসূচি গ্রহণে সরকারের সংশ্লিষ্ট বিভাগগুলোর সঙ্গে কাজ করবে। জাতিসংঘ টেকসই খাদ্য উৎপাদন এবং খাদ্য ব্যবস্থায় বেসরকারি খাতের ভূমিকা কাজে লাগাতে সরকারের কৃষি ও খাদ্য মন্ত্রণালয়সহ বিভিন্ন অংশীদারদের সঙ্গে কাজ করবে।

[২৫] এই প্রবণতা দূর করতে কৃষি মন্ত্রণালয়ের বেশ কয়েকটি উল্লেখযোগ্য উদ্যোগ চলমান রয়েছে। এগুলোর মধ্যে রয়েছে সার ও কীটনাশক ব্যবহারের ক্ষেত্রে ভালো চর্চা গড়ে তোলা। সমন্বিত কীটনাশক ব্যবস্থাপনা, বায়ো কীটনাশক, ডিজিটাল পেস্ট ম্যানেজমেন্ট সিস্টেম নিয়ে গবেষণা এবং সমন্বিতভাবে ফসল তোলার পদ্ধতি নিয়ে কাজ চলছে।

দরিদ্র জনগোষ্ঠীর ক্ষেত্রে স্বাস্থ্য ও সুস্থতার জন্য পানি, পয়ঃনিষ্কাশন ও পরিষ্কার-পরিচ্ছন্নতা (ওয়াশ) সম্পর্কিত সেবাগুলোর ব্যবহার ও মান উন্নয়নের প্রভাব কাঙ্ক্ষিত ফল অর্জনের সঙ্গে সম্পর্কিত সব উপাদানের ওপরই পড়ে। জাতিসংঘের ভূমিকা হবে এই খাতের আইনি কাঠামো শক্তিশালী করা, প্রাতিষ্ঠানিক সংস্কার, পানিসহ পুরো খাতের গুণমান তদারকি ব্যবস্থা, বিস্তৃত পরিসরে প্রয়োজন অনুযায়ী সক্ষমতা নির্মাণ পরিকল্পনার মাধ্যমে টেকসই সেবা প্রদানে সরকারকে কৌশলগত সহায়তা দেওয়া।

জলবায়ু পরিবর্তনের মতো বিকাশমান বিষয়গুলোর সঙ্গে মানিয়ে নেওয়া যেমন জলবায়ু সহনশীল ওয়াশ স্থাপনা, মল বর্জ্য ব্যবস্থাপনা, বাজার-ভিত্তিক স্যানিটেশন বা পয়ঃনিষ্কাশন, জেন্ডার ও প্রতিবন্ধিতা এবং দুর্যোগ ঝুঁকি কমানো ইত্যাদি বিষয়গুলোকে ওয়াশের সঙ্গে সমন্বয় করার জন্য জাতিসংঘ পরামর্শ দেবে এবং সংশ্লিষ্টদের সক্ষমতা বৃদ্ধিতে কাজ করবে। সংশোধিত দরিদ্রবান্ধব কৌশল ২০২০ অনুযায়ী জাতিসংঘ বেসরকারি খাত, স্থানীয় উদ্যোক্তা ও অন্যান্যদের এই খাতে (ওয়াশ) ব্যবসা করতে উৎসাহ দিতে সরকারের সঙ্গে একযোগে কাজ করবে। সরকারকে স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানে ওয়াশ সেবা ও বর্জ্য ব্যবস্থাপনা এবং জাতীয় মান বজায় রেখে শিক্ষা প্রতিষ্ঠানে ওয়াশ সেবা পরিচালনা ও রক্ষণাবেক্ষণে বরাদ্দ বাড়ানো, জেন্ডার নির্বিশেষে মানসম্পন্ন শিক্ষায় সব মানুষের সমান সুযোগ এবং শিক্ষার পরিবেশের উন্নয়নে এর কার্যকারিতা তদারকির জন্য সরকারের সঙ্গে পরামর্শ চালিয়ে যাওয়ার মাধ্যমে জাতিসংঘ ওয়াশ সম্পর্কিত কৌশলগুলো বাস্তবায়নে বিভিন্ন প্রতিষ্ঠানকে সহায়তা দেবে। এছাড়াও মিশ্র অর্থায়ন (যেমন দ্বিপক্ষীয় অনুদান, ঋণ ও অর্থায়নের অন্যান্য উৎস), সাউথ-সাউথ সহযোগিতার ভিত্তিতে অর্থায়ন, ক্ষুদ্রঋণ মডেল, ট্রাস্ট ফান্ড এবং নগদ হস্তান্তর ব্যবহারের মাধ্যমে ৬ নম্বর টেকসই উন্নয়ন অভীষ্টে পৌঁছাতে সুলভ ও টেকসই ওয়াশ সেবা প্রাপ্তির সুযোগ সৃষ্টিতে নতুন ও উদ্ভাবনী আর্থিক পদ্ধতির ব্যবহারকে উৎসাহিত করতে সরকারের সঙ্গে কাজ করবে জাতিসংঘ।


**ছবি**: ইউনিসেফ বাংলাদেশ

জেন্ডার সংবেদনশীল, অন্তর্ভুক্তিমূলক, মানসম্মত অভিবাসন, নারী ও অন্যান্য ভাগ্যহত অভিবাসী এবং বিদেশফেরত যারা আছেন, তাদের জন্য যেসব সামাজিক সুরক্ষার ব্যবস্থা আছে, সেগুলোতে সেবাপ্রাপ্তির সুযোগ বাড়াতে কৌশলগত সহায়তা প্রদানের ওপর গুরুত্ব দেবে জাতিসংঘ। সক্ষমতা বৃদ্ধি এবং যেখানে প্রয়োজন সেখানে সরাসরি সম্পদ দিয়ে প্রাতিষ্ঠানিক পদ্ধতিতে সুষ্ঠু অভিবাসন ও অভিবাসী বা বিদেশফেরতদের সুরক্ষা সেবার সরবরাহ ব্যবস্থাকে শক্তিশালী করতে জাতিসংঘ জেন্ডার সংবেদনশীল, জবাবদিহিমূলক ও কার্যকর নীতিমালার পরিবেশ তৈরিতে কাজ করবে। মানসম্মত অভিবাসন এবং সুরক্ষা সেবার চাহিদা তৈরি ও সেবাপ্রাপ্তি নিশ্চিত করতে জাতিসংঘ একটি সামাজিক পদ্ধতি তৈরিতেও অবদান রাখবে।

জাতিসংঘ বিভিন্ন খাতে সামাজিক এবং আচরণগত পরিবর্তন আনতে যোগাযোগের উদ্যোগকে শক্তিশালী ও সম্প্রসারিত করবে যা স্বাস্থ্য, খাদ্য নিরাপত্তা, পুষ্টি, শিক্ষা, পানি, পয়ঃনিষ্কাশন ও পরিষ্কার-পরিচ্ছন্নতা, শিশু সুরক্ষা, শৈশবকালীন বিকাশ, প্রবীণদের সেবা এবং ক্ষতিকারক চর্চা কমিয়ে আনতে ইতিবাচক ও বৈষম্যহীন আচরণকে উৎসাহিত করবে। সেই সঙ্গে এসব সেবার গ্রহণযোগ্যতা ও ব্যবহার বাড়বে।

# অংশীদারিত্ব

সাধারণ মানুষের, বিশেষ করে যারা সবচেয়ে অসহায় ও প্রান্তিক, তাদের গুণগত ও মানসম্মত, অন্তর্ভুক্তিমূলক, জেন্ডার ও শক রেসপন্সিভ, দুর্যোগ সহনশীল, সার্বজনীন ও টেকসই সামাজিক সুরক্ষা ও মৌলিক সেবাগুলোর ব্যবহারে সুযোগ নিশ্চিত করার মাধ্যমে অধিকতর সমতাভিত্তিক মানব উন্নয়ন এবং সুস্বাস্থ্যের জন্য প্রয়োজনীয় সব সরকারি প্রতিষ্ঠান ও খাত সংশ্লিষ্টদের, বেসরকারি খাত ও সুশীল সমাজের সম্পৃক্তি ও অঙ্গীকার বাস্তবায়নের কথা বলা হয়েছে।

তাই এই কাঙ্ক্ষিত ফল অর্জনে জাতিসংঘকে বহু অংশীদারের সঙ্গে কাজ করতে হবে। যেমন জাতীয় ও স্থানীয় সরকার; সংশ্লিষ্ট মন্ত্রণালয় এবং তাদের বিভাগ ও অধিদপ্তর; উন্নয়ন সহযোগী; পেশাজীবী সংগঠন; আর্থিক প্রতিষ্ঠান; শিক্ষা প্রতিষ্ঠান ও প্রশিক্ষণকেন্দ্র; নাগরিক সমাজ ও কমিউনিটিভিত্তিক সংগঠনসহ যারা প্রান্তিক জনগোষ্ঠীর অধিকার নিয়ে সোচ্চার; পিছিয়ে থাকা জনগোষ্ঠীর স্বার্থে কাজ করা তৃণমূল সংগঠন; সরকারি সেবাদাতা; বেসরকারি খাতের সেবাদাতা ও শিল্প প্রতিষ্ঠান; জাতীয়, আঞ্চলিক ও বৈশ্বিক বিভিন্ন বিষয় নিয়ে সোচ্চার সংগঠনসমূহ; দ্বিপক্ষীয় ও বহুপক্ষীয় সংস্থা এবং অন্যান্য উন্নয়ন সংস্থা, এছাড়াও বিভিন্ন ব্যক্তি, তার পরিবার ও এলাকার মানুষ। সহযোগিতার ক্ষেত্রে প্রধান অংশীদারদের বিবরণ সংযুক্তি/পরিশিষ্ট-১ বা অ্যানেক্স রেজাল্ট ম্যাট্রিক্সে নির্দেশিত হয়েছে।



**ছবি**: ইউএনডিপি বাংলাদেশ

# কৌশলগত অগ্রাধিকার ৩:
## টেকসই, স্বাস্থ্যকর ও অভিঘাত সহনশীল পরিবেশ

কাঙ্ক্ষিত ফল ৩: ২০২৬ সাল নাগাদ স্বাস্থ্যকর প্রতিবেশ এবং সব মানুষ, বিশেষ করে গ্রাম ও শহর উভয় ক্ষেত্রেই যারা সবচেয়ে অসহায় ও প্রান্তিক অবস্থায় রয়েছে, তারা যাতে একটি জেন্ডার রেসপন্সিভ ব্যবস্থা পায় এবং তাতে ভূমিকা রাখতে পারে। তাদের জন্য একটি পরিচ্ছন্ন এবং আরও সহনশীল পরিবেশ, যেখানে সমৃদ্ধ প্রাকৃতিক সম্পদের ভিত্তি আছে, কার্বন নিঃসরণ কম, আরও সমৃদ্ধ এবং জলবায়ু পরিবর্তন, অভিঘাত ও দুর্যোগ মোকাবেলায় আরও সমর্থ ।



২০৪১ সালের উন্নয়ন লক্ষ্যের কেন্দ্রে রয়েছে দেশে একটি টেকসই পরিবেশ নিশ্চিত করা, গতিশীল বদ্বীপে জলবায়ু-সহনশীল জাতি গঠন এবং একটি সমুদ্র-নির্ভর অর্থনীতির সম্ভাবনার বিকাশ।

সরকার অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনার মাধ্যমে দুর্যোগ ও জলবায়ু পরিবর্তনের প্রভাবের মুখে টিকে থাকতে সক্ষম একটি টেকসই উন্নয়নের পথ অনুসরণের অঙ্গীকার করেছে। এতে প্রাকৃতিক সম্পদের টেকসই ব্যবহার হবে এবং মানুষের জন্য উপযোগী ও পরিবেশবান্ধব নগর তৈরির জন্য সফল ব্যবস্থাপনা নিশ্চিত করা হবে।

বাংলাদেশ ব-দ্বীপ পরিকল্পনা (বিডিপি ২১০০), দুর্যোগ ব্যবস্থাপনার জাতীয় পরিকল্পনা (এনপিডিএম ২০২১-২০২৫) এবং দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ক স্থায়ী আদেশাবলী (এসওডি ২০১৯), পরিষ্কার বা দূষণমুক্ত রান্নার জন্য জাতীয় কর্ম পরিকল্পনা (২০২০-২০৩০), বাংলাদেশ জলবায়ু পরিবর্তন বিষয়ক কৌশল ও কর্মপরিকল্পনা (বিসিসিএসপি২০০৯-২০১৮), জলবায়ু পরিবর্তন ও জেন্ডার বিষয়ক কর্মপরিকল্পনা (সিসিজিএপি) ২০১৩ সেই টেকসই উন্নয়ন পরিকল্পনার পরিপূরক হিসেবে কাজ করেছে। যার লক্ষ্য দুর্যোগ ও জলবায়ু পরিবর্তনের দীর্ঘমেয়াদি প্রভাবগুলো মোকাবেলা করা, যার মধ্যে রয়েছে পানি ব্যবস্থাপনা, পানি নিরাপত্তা এবং জলাভূমির প্রতিবেশ সংরক্ষণকে এগিয়ে নেওয়া।

বাংলাদেশজুড়ে বিস্তৃত বহু সংখ্যক সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান বাস্তুতন্ত্রের উন্নয়ন, জলবায়ু ও দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনার উন্নতির জন্য দীর্ঘমেয়াদি কাজ হাতে নিয়েছে। তারা বিষয়গুলোতে সক্রিয়তা সৃষ্টিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। গোটা সমাজকে নিয়ে সমন্বিত ও ভবিষ্যৎমুখী চিন্তাপদ্ধতি গ্রহণ ও বাস্তবায়নে এই প্রতিষ্ঠানগুলোর আরো সাহায্য প্রয়োজন। একই সময়ে স্বাস্থ্যকর পরিবেশ নিশ্চিতে এবং জলবায়ু পরিবর্তন ও দুর্যোগে টিকে থাকার সক্ষমতা সৃষ্টিতে ব্যক্তি ও জনগোষ্ঠী শক্তিশালী নিয়ামক হিসেবে কাজ করে। সেজন্য তাদের সম্পদ ও সুযোগ থাকতে হবে। একটি পরিবেশ দরকার যেখানে তারা স্থানীয়ভাবে সমাধান বের করতে পারে এবং ইতিবাচক দৃষ্টিভঙ্গি ধারণ করতে পারে।

কোভিড-উত্তরকালে অর্থনীতিকে পরিবেশবান্ধব প্রবৃদ্ধির ধারায় চালিত করার বা পরিবেশবান্ধব[২৬] উৎপাদনের ধারায় পরিচালিত করার বাস্তবতা রয়েছে। এটি সুশীল সমাজ, বেসরকারি খাত ও সরকারের প্রতিষ্ঠানগুলোর জন্য দেশকে একটি টেকসই ও সবুজ উন্নয়নের পথে নিয়ে যাওয়ার সুযোগ। তারা পরিবেশগত নীতি ও আইনি কাঠামো সম্পর্কে তাদের দক্ষ পর্যালোচনা, আর্থিক বিষয়গুলোর সমাধান চিহ্নিত করা, কার্বন নিঃসরণ হ্রাস এবং চক্রাকার অর্থনৈতিক ব্যবস্থা, দূষণ ও রাসায়নিক ব্যবস্থাপনা এবং প্রাকৃতিক উপায়ে সমাধানের মাধ্যমে সবুজ বা পরিবেশবান্ধব বিনিয়োগকে অগ্রাধিকার দেওয়ার মাধ্যমে তা করতে পারে।

[২৬] সবুজ প্রবৃদ্ধি বলতে এমন একটি অর্থনৈতিক প্রবৃদ্ধির কৌশলকে বোঝায় যার মধ্য দিয়ে স্থানীয় মাটি, পানি ও বায়ু দূষণ, গ্রীনহাউজ গ্যাস নিঃসরণ, উৎপাদন প্রক্রিয়ার প্রভাবে জীববৈচিত্র্যের ক্ষতি ও অন্যান্য নেতিবাচক পরিবেশগত প্রভাব সর্বনিম্ন পর্যায়ে নামিয়ে আনার চেষ্টা করা হয়। এটা উৎপাদনকারী, উৎপাদন প্রক্রিয়া ও সাপ্লাই চেইন সবাইকে জলবায়ু সহনশীল করে তোলে।



ছবি: ইউএনআরসিও বাংলাদেশ

# পরিবর্তনের পূর্বশর্ত

কাঙ্খিত ফল অর্জনে অন্তত তিন সেট শর্ত পূরণ করতে হবে।

প্রথমত, সব মানুষের জন্য, বিশেষ করে অসহায় ও প্রান্তিক জনগোষ্ঠী, নারী, শিশু, যৌন সংখ্যালঘু[২৭] ও প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য স্বাস্থ্যকর প্রতিবেশ ও বাস উপযোগী পরিবেশ নিশ্চিত করতে হবে। এজন্য প্রয়োজনীয় সম্পদে (টেকসই অবকাঠামো, প্রয়োজনীয় মৌলিক সেবা, তথ্য, আর্থিক সুবিধা, জলবায়ুর কারণে প্রয়োজনীয় সেবা, সক্ষমতা ও প্রযুক্তি) প্রবেশাধিকার, প্রাপ্যতা ও ব্যবহারের সুযোগ তৈরি করতে হবে। এছাড়া স্থায়ীভাবে তারা যেন এগুলো ভোগ করতে পারে ও জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলায় ভূমিকা রাখতে পারে সেজন্য তাদের ক্ষমতায়ন করতে হবে।

দ্বিতীয়ত, আরো দূরদর্শিতা, উদ্ভাবন, তথ্য-প্রমাণ, প্রযুক্তি, অর্থ, জেন্ডার রেসপন্সিভ, অংশীদারিত্ব, পরিবেশগত ও প্রতিবেশগত উন্নতি এবং জলবায়ু পরিবর্তন, দুর্যোগ, মহামারি ও মানবিক সংকটের মতো বাড়তে থাকা ঝুঁকিসমূহ ব্যবস্থাপনার জন্য পুরো সমাজকে অন্তর্ভুক্ত করে কাজ করার পদ্ধতি গ্রহণের মাধ্যমে পরিবেশ বিষয়ে পরিকল্পনা, নিয়ন্ত্রণ, পর্যবেক্ষণ ও প্রয়োগের জন্য প্রাতিষ্ঠানিক সক্ষমতা আরো জোরদার করতে হবে।

তৃতীয়, সুশীল সমাজ, বেসরকারি খাত ও সংশ্লিষ্ট সরকারি প্রতিষ্ঠানগুলোকে একসাথে কাজ করতে হবে। তারা পরিবেশগত নীতি ও আইনি কাঠামো সম্পর্কে তাদের দক্ষ পর্যালোচনা, আর্থিক বিষয়গুলোর সমাধান চিহ্নিত করা, কার্বন হ্রাস এবং চক্রাকার অর্থনৈতিক ব্যবস্থা, দূষণ ও রাসায়নিক ব্যবস্থাপনা এবং প্রাকৃতিক উপায়ে সমাধানের মাধ্যমে সবুজ বা পরিবেশবান্ধব বিনিয়োগে অগ্রাধিকার প্রদানের মাধ্যমে তা করতে পারে।

[২৭] অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা অনুযায়ী, যৌন সংখ্যালঘুরা হলেন সেই সব ব্যক্তি যারা এইচআইভি/এইডিস আক্রান্ত, নারী ও পুরুষ যৌনকর্মী এবং হিজড়া জনগোষ্ঠী। পৃষ্ঠা ৭৬৮।




# কাঙ্ক্ষিত ফল অর্জনে জাতিসংঘের ভূমিকা

পরিবর্তনের পূর্বশর্ত অনুযায়ী, আরো টেকসই উপায়ে ভোগ ও উৎপাদনকে উদ্বুদ্ধ করা, খাদ্য উৎপাদন ব্যবস্থার টেকসই ব্যবস্থাপনা, এবং জলবায়ু পরিবর্তন ও দুর্যোগ প্রতিরোধ ব্যবস্থাকে শক্তিশালী করার মাধ্যমে জাতিসংঘের সিস্টেম প্রতিবেশ ও জীববৈচিত্র্যের ক্ষতি প্রতিরোধ ও পুনরুদ্ধারে কৌশলগত ভূমিকা ও অংশীদারিত্বের একগুচ্ছ লক্ষ্য অর্জনে গুরুত্ব দেবে।

আরো বেশি সংখ্যক মানুষ যাতে সচেতনভাবে প্রতিবেশ ব্যবস্থাপনা করতে পারে, দূষণ কম ঘটায়, সবচেয়ে ঝুঁকিতে থাকা মানুষেরা যাতে জলবায়ু পরিবর্তন ও দুর্যোগ মোকাবেলা করতে পারে ও কার্যকরভাবে অভিযোজন করতে পারে, সেজন্য জাতিসংঘ প্রান্তিক জনগোষ্ঠীকে কৌশলগত সহায়তা দেবে এবং তাদের জন্য তহবিল বরাদ্দ করবে যাতে তারা প্রয়োজনীয় মৌলিক সেবাগুলো পায়। অবকাঠামো ও তথ্যের সুবিধা পায়। স্থানীয়ভাবে জলবায়ু পরিবর্তনসহ বিভিন্ন ধরনের অভিঘাত ও দুর্যোগ মোকাবেলায় অর্থ ও প্রযুক্তির সংস্থান করতে পারে। একইসঙ্গে বন্যপ্রাণী ও বনকেন্দ্রিক অপরাধসমূহের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তুলতে পারে। সামাজিক সুরক্ষা, সামাজিক নিরাপত্তা বেষ্টনী ও পানি, পয়ঃনিষ্কাশন ও পরিষ্কার-পরিচ্ছন্নতার উন্নতি ঘটানোর লক্ষ্যে কাঙ্খিত ফল ২ বাস্তবায়নে যে কর্মপন্থাগুলো নেওয়া হয়েছে, এগুলো তার পরিপূরক হিসেবে কাজ করবে।

জাতীয় প্রতিষ্ঠানগুলোর সক্ষমতা বাড়ানোর পাশাপাশি বিপদ মোকাবেলায় টেকসই প্রতিরোধ গড়ে তোলা এবং তার কারণগুলো চিহ্নিত করার জন্য গৃহীত জাতিসংঘের উন্নয়ন ও মানবিক সহায়তার কর্মসূচি অনুযাযী স্থানীয়দের দ্বারা পূর্বাভাসের ভিত্তিতে আগাম পদক্ষেপ বাস্তবায়নের প্রক্রিয়াকে সহায়তা দেবে জাতিসংঘ। গ্রামীণ জনগোষ্ঠীর জন্য দুর্যোগ মোকাবেলায় সক্ষমতা বাড়াতে কৌশলগত সহায়তা দেওয়া হবে। যেমন, জলবায়ু সহনশীল কৃষি, কৃষি প্রতিবেশ, টেকসই পদ্ধতিতে মাছ আহরণ, বনায়ন, গৃহে প্রাণি পালন বা পশুসম্পদ পালন। খামারের বাইরের জন্য, বাজারের চাহিদা অনুযায়ী বিকল্প জীবিকা, দুর্যোগ প্রবণ ও জলবায়ু দুর্যোগপূর্ণ এলাকাগুলোতে কম খরচে প্রযুক্তি ও দক্ষতা উন্নয়নে সহায়তা। দুই ক্ষেত্রেই সবচেয়ে ঝুঁকিতে থাকা জনগোষ্ঠী বিশেষ করে নারীদের অগ্রাধিকার দেওয়া হবে। পাশাপাশি জলবায়ু-সম্পর্কিত প্রভাব ও অসুখবিসুখ সম্পর্কে বুঝতে বিশ্লেষণী সহায়তা দেওয়া হবে। সচেতনতা বৃদ্ধি এবং সরকার ও স্থানীয় পর্যায়ে জনগোষ্ঠীর মধ্য থেকে নেতৃত্ব বিকাশে সহায়তার মাধ্যমে সংস্কৃতি ও প্রাকৃতিক ঐতিহ্যসহ প্রাকৃতিক সম্পদ ও জীববৈচিত্র্য সংরক্ষণ ও বাড়ানো, দূষণ হ্রাসে আচরণ পরিবর্তনে সহায়তা দেবে জাতিসংঘ।



ছবি: ইউএনআরসিও বাংলাদেশ

দুর্যোগ-ঝুঁকি কমানো, জলবায়ু পরিবর্তনের সঙ্গে অভিযোজন ও প্রতিবেশকে সুস্থ রাখার জন্য প্রাতিষ্ঠানিক সক্ষমতা বাড়াতে জাতিসংঘ সরকার ও সরকারের বাইরের সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে অব্যাহতভাবে সহায়তা দিয়ে যাবে। উদ্ভাবনী উপায়ে, পুরো সমাজকে সঙ্গে নিয়ে, এবং জেন্ডার-সংবেদনশীল উদ্যোগের মাধ্যমে প্রতিবেশের স্বাস্থ্যগত উন্নতি ও তার বড় ধরনের ঝুঁকিগুলোর ব্যবস্থাপনার জন্যে এই সহায়তা দেওয়া হবে। উন্নয়নের পথে অর্জিত অগ্রগতি ধরে রাখার জন্য, আর্থিক ও কর্মসূচি কাঠামো এবং পূর্বাভাস অনুযায়ী পদক্ষেপ নিতে প্রস্তুতি গড়ে তুলতে দুর্যোগ-ঝুঁকি ব্যবস্থাপনায় সহায়তা দেওয়া হবে যাতে স্থানীয় ও জাতীয় পর্যায়ে সংশ্লিষ্টরা দুর্যোগের জন্য প্রস্তুতি নিতে ও দুর্যোগ হলে সাড়া দিতে পারে এবং ক্ষয়ক্ষতি কমাতে পারে। বাংলাদেশে জলবায়ু-সংক্রান্ত দুর্যোগ ঝুঁকি যেমন বন্যা, গ্রীষ্মমণ্ডলীয় ঘূর্ণিঝড়, খরা ও তাপপ্রবাহের বিস্তার শুধু সীমান্তের মধ্যে সীমাবদ্ধ থাকে না। তাই জাতিসংঘ এই ক্ষেত্রে আঞ্চলিক সহযোগিতা গড়ে তোলায় সহযোগিতা করবে দুটি আন্ত-সরকার প্ল্যাটফর্মের মাধ্যমে। সেগুলো হচ্ছে - ডব্লিউএমও/এস্ক্যাপ প্যানেল অন ট্রপিক্যাল সাইক্লোন এবং সাউথ এশিয়া ক্লাইমেট আউটলুক ফোরাম।

দূষিত বায়ু, জল ও ভূমি পরিশোধনসহ বিনষ্ট প্রাকৃতিক সম্পদ পুনরুদ্ধারের জন্য সহায়তা দেবে জাতিসংঘ। পাশাপাশি পর্যবেক্ষণের তথ্য, তথ্য মডেল, গবেষণা বিশ্লেষণ এবং কার্যকর সিদ্ধান্ত নেওয়ার জন্য প্রামাণিক তথ্য অনুসন্ধানের ওপর প্রশিক্ষণ দেওয়া হবে। এর মধ্যে রয়েছে জেন্ডার, বয়স ও প্রতিবন্ধীদের সম্পর্কিত বিষয়ভিত্তিক সুবিন্যস্ত তথ্য (এসএডিডিডি) এবং প্রাথমিক সতর্কীকরণ ব্যবস্থার অধীনে দুর্যোগ, জলবায়ু পরিবর্তন ও পরিবেশগত বিপর্যয়ের পূর্বাভাস। বাস্তুচ্যুত জনসংখ্যা, প্রাকৃতিক সম্পদ (মাটি, পানি, বন) এবং ভূমি ব্যবহারের পরিবর্তন পর্যবেক্ষণ করে এমন তথ্য ব্যবস্থা প্রয়োজন অনুযায়ী বাড়ানো বা উন্নত করা হবে।

নতুন ও বিদ্যমান সরকারি নীতি, কর্মসূচি ও কৌশলের বাস্তবায়ন, প্রয়োগ, অবশ্যপালনীয় রীতিনীতি এবং সমন্বয় প্রক্রিয়া উন্নত করতে সমন্বিত নীতি সহায়তা দেওয়া হবে। এই নীতি সহায়তার আওতায় সামাজিক সুরক্ষার জন্য জলবায়ু পরিবর্তন ও দুর্যোগে ক্ষতিগ্রস্ত, বাস্তুচ্যুত ও অভিবাসী সম্প্রদায় বিশেষ করে, নারী ও শিশু এবং প্রবীণসহ অসহায় ব্যক্তিদের বিবেচনা করা হবে। পুনর্বাসন ও স্থানান্তর স্কিমের কার্যকারিতা বাড়াতে সরকারকে আরও সহায়তা করা হবে। এসডিজি বাস্তবায়ন, পরিবেশ, জলবায়ু ও দুর্যোগ সম্পর্কিত জাতীয়ভাবে গৃহীত কর্মযজ্ঞ ও অন্যান্য জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে দেওয়া অঙ্গীকার বাস্তবায়নে সরকারকে সহায়তা দেওয়া হবে। এসডিজি অর্জনে অগ্রগতি প্রতিবেদন ও নীতি অনুযায়ী পদক্ষেপ বাস্তবায়নের পর্যালোচনায় সহায়তা দেওয়া হবে। উন্নয়ন বিষয়ে জাতিসংঘের অন্যান্য কৌশল ও প্রকল্পের আওতাসহ বিভিন্ন উৎস থেকে জলবায়ু অর্থায়ন পেতে প্রাতিষ্ঠানিক সক্ষমতা জোরদার করা হবে।

সুশীল সমাজ, বেসরকারি খাত ও সরকারকে শক্তিশালী অংশীদারিত্ব গড়ে তোলার জন্য, আর্থিক সমস্যার সমাধান চিহ্নিত করতে এবং পরিবেশগতভাবে টেকসই, অন্তর্ভুক্তিমূলক এবং একই সঙ্গে জেন্ডার রেসপন্সিভ ও পরিবেশান্ধব উন্নয়নের জন্য বিনিয়োগকে অগ্রাধিকার দিতে জাতিসংঘ তার জ্ঞানগত ও মধ্যস্ততার ক্ষমতা কাজে লাগাবে (এটি কাঙ্খিত ফল ১ এর আওতাধীন আইএনএফএফ-এর সাথে যুক্ত হবে)। দূষণহীন জ্বালানি, পরিবেশবান্ধব সমাধান ও বিনিয়োগকে সহায়তা ও উৎসাহ দেবে জাতিসংঘ। অর্থায়নের সমস্যার উদ্ভাবনী সমাধান, আইন প্রণয়ন এবং সব স্তরে নারীসহ একাধিক অংশীদারের কর্মপ্রক্রিয়াকে কৌশলগত সহায়তাও দেওয়া হবে। কাঙ্খিত ফল ১ এর উদ্যোগগুলো এর পরিপূরক হিসেবে কাজ করে, যেখানে জাতিসংঘ দক্ষতা উন্নয়নে কাজ করবে, যার মধ্যে সংস্কৃতি ও সৃজনশীল শিল্পও থাকবে। এর ফলে পরিবেশবান্ধব অর্থনীতিতে বিশেষ করে তরুণ ও নারীদের নেতৃত্ব, কাজের সুযোগ ও উদ্যোগের সক্ষমতা বাড়বে। সেই সঙ্গে সরকারি ও বেসরকারি খাতে দীর্ঘমেয়াদে কার্বন দূষণ কমাতে, বাস্তুচ্যুত ও অন্যান্য বিপন্ন মানুষের জন্য সংবেদনশীলতার সঙ্গে টেকসই নগর পরিকল্পনা, বিশেষ করে দূষণ কমানো, বর্জ্য ব্যবস্থাপনা ও ভূমি ব্যবহার পরিকল্পনায় সহায়তা দেবে জাতিসংঘ।



ছবি: এফএও বাংলাদেশ

জাতিসংঘ বাংলাদেশের সরকার ও বেসরকারি খাতের সঙ্গে মিলে উন্নয়নের পরিকল্পনা করবে, যার মাধ্যমে প্রতিবেশের স্বাস্থ্য ফিরবে এবং জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলা সহজ হবে। বিশেষ করে, প্রকৃতি-ভিত্তিক সমাধান যা দেশের প্রাকৃতিক সম্পদের মূলধনকে উন্নত করে এবং বাস্তুতন্ত্রের পণ্য ও পরিষেবা, জীবিকা এবং জীবনযাত্রার মানও উন্নত করে তা চিহ্নিত করা হবে এবং অগ্রাধিকার দেওয়া হবে। সুনির্দিষ্টভাবে প্রকৃতি থেকে সমাধান বের করার ওপর অগ্রাধিকার দেওয়া হবে। সেই সমাধান দেশের প্রাকৃতিক সম্পদের পুঁজি বাড়াবে। একই সঙ্গে প্রতিবেশের পণ্য ও সেবা, জীবিকা ও জীবনমানে সমৃদ্ধি আনবে। পানি সম্পদ, বন, নদী ও জলাভূমির প্রতিবেশের সমন্বিত ব্যবস্থাপনার পদ্ধতি বিকাশে কৌশলগত সহায়তা অগ্রাধিকার পাবে। জলবায়ু পরিবর্তন কৌশল এবং পরিবহনখাতসহ জাতীয়ভাবে মোট যত কার্বন নিঃসরণ হয় তা কমাতে কর্মপরিকল্পনা প্রণয়ন এবং দূষণহীন ও নবায়নযোগ্য জ্বালানি ব্যবহারের মাধ্যমে জলবায়ু পরিবর্তনের প্রভাবের সঙ্গে অভিযোজনে দেশের সরকার ও বেসরকারি খাতকে সহায়তা দেওয়ার জন্য জাতিসংঘ তার বিস্তৃত পরিসরের দক্ষতাকে কাজে লাগাবে।

# অংশীদারিত্ব

একটি টেকসই, স্বাস্থ্যকর পরিবেশ এবং দুর্যোগ ও জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলায় সক্ষমতা তৈরির জন্য সমাজের সবাইকে সম্পৃক্ত করে কাজ করার পদ্ধতিকে পূর্বশর্ত হিসেবে স্বীকার করে নিয়ে জাতিসংঘ কাঙ্খিত এই ফল অর্জনের জন্য অবদান রাখতে তার বিস্তৃত ও বিভিন্ন ধরনের অংশীদারদের সাথে সহযোগিতার ভিত্তিতে যৌথভাবে কাজ করবে। অংশীদারদের মধ্যে জাতীয়, আঞ্চলিক ও স্থানীয় সরকার, সিটি কর্পোরেশন, আন্তর্জাতিক ও জাতীয় এনজিও, সিএসও, গবেষণা প্রতিষ্ঠান, বেসরকারি খাত, আর্থিক প্রতিষ্ঠান, শ্রমিক ও মালিকদের সংগঠন, শিক্ষা প্রতিষ্ঠান, নারী ও যুব নেতৃত্বাধীন উদ্যোগ এবং আন্দোলনকারীরা অন্তর্ভুক্ত থাকবে। অন্যান্য দ্বিপক্ষীয় ও বহুপক্ষীয় সংস্থা, দাতা এবং সাউথ-সাউথ কোঅপারেশনও (এসএসসি) থাকবে। প্রধান সহযোগী অংশীদারদের বিবরণ সংযুক্তি/পরিশিষ্ট ১ রেজাল্ট ম্যাট্রিক্সে নির্দেশিত হয়েছে।

এছাড়াও প্রাকৃতিক সম্পদের টেকসই ব্যবহারের সার্বজনীন লক্ষ্য, জলবায়ু পরিবর্তনের ঝুঁকি কমিয়ে আনা এবং দুর্যোগ ও জলবায়ু পরিবর্তন মোকাবেলায় ব্যক্তি ও ব্যবস্থার সক্ষমতা বাড়াতে জাতিসংঘ সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান এবং জনগোষ্ঠীর মধ্যে অন্তর্ভুক্তিমূলক অংশীদারিত্ব গড়ে তোলায় সহায়ক ও মধ্যস্থতাকারী হিসেবে তার ভূমিকার সর্বোচ্চ কার্যকারিতা নিশ্চিতে উল্লেখযোগ্যভাবে মনোনিবেশ করবে।

# কৌশলগত অগ্রাধিকার ৪:
## রূপান্তরকামী, অংশগ্রহণমূলক ও অন্তর্ভুক্তিমূলক শাসন ব্যবস্থা

কাঙ্খিত ফল ৪: ২০২৬ সাল নাগাদ আরো বেশি সংখ্যক মানুষ, বিশেষত যারা সবচেয়ে অসহায়, তারা আইনের শাসন দ্বারা পরিচালিত একটি শান্তিপূর্ণ ও সহনশীল সমাজে অধিকতর সমতাভিত্তিক, বৈষম্যহীন, জেন্ডার রেসপন্সিভ, অংশগ্রহণমূলক, জবাবদিহিমূলক শাসন এবং ন্যায়বিচারের সুফললাভের অধিকারী হবেন।

অগ্রগতি সত্ত্বেও বাংলাদেশের অনেক মানুষ শাসন ব্যবস্থায় অর্থপূর্ণভাবে অংশগ্রহণ ও কার্যকরভাবে অধিকার লাভ, একটি জেন্ডার রেসপন্সিভ, সমতাভিত্তিক ও বৈষম্যহীন বিচার ব্যবস্থা এবং সরকারি সেবা পায় না। এটি অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনায় স্বীকার করে নেওয়া হয়েছে, যার মূল বিষয়বস্তু অন্তর্ভুক্তিমূলক একটি ব্যাপকভিত্তিক শাসন ব্যবস্থার কৌশল। এখানে শাসন ব্যবস্থাকে শক্তিশালী করা সুস্পষ্ট অগ্রাধিকার হিসেবে ঘোষণা করা হয়েছে এবং সেই উন্নয়নের প্রক্রিয়ায় পূর্ণাঙ্গভাবে অংশগ্রহণ ও সুফল লাভের জন্য প্রত্যেক নাগরিককে ক্ষমতায়ন করার কথা বলা হয়েছে। তাই অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনায় সবার অধিকার দাবি করার এবং স্থানীয় বা জাতীয় উন্নয়নে অবদান রাখার সুযোগের কথা বলা হয়েছে।



**ছবি**: ইউএন উইমেন বাংলাদেশ

# পরিবর্তনের পূর্বশর্ত

কাঙ্খিত ফল অর্জনে অন্তত তিন সেট শর্ত পূরণ করতে হবে।

প্রথমত, সাধারণ জনগণ, বিশেষ করে পিছিয়ে থাকা জেলার বাসিন্দাদের ক্ষমতায়ন করতে হবে, যাতে তারা শাসন ব্যবস্থায় কার্যকরভাবে তাদের অধিকার দাবি করার এবং জেন্ডার রেসপন্সিভ সমতাভিত্তিক বৈষম্যহীন বিচার ব্যবস্থার সুফল পায়।

দ্বিতীয়ত, সরকারি প্রতিষ্ঠান, স্থানীয় সরকার ও অন্যান্য আধা-সরকারি প্রতিষ্ঠান এবং আদর্শ ও নীতি কাঠামো অবশ্যই আরো জেন্ডার রেসপন্সিভ, জবাবদিহিমূলক এবং আইনের শাসন দ্বারা পরিচালিত হতে হবে।

তৃতীয়ত, সব স্তরের নাগরিক সমাজের সংগঠন, বিশেষ করে জেলা সিএসও নেটওয়ার্ক, তদারকি সংস্থা, প্রতিষ্ঠান, ট্রেড ইউনিয়ন ও মালিকদের সংগঠন এবং বেসরকারি খাত সংশ্লিষ্টরা যাতে সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় অর্থপূর্ণভাবে অংশ নিতে পারে  এবং মানবাধিকার সমুন্নত রাখতে, রক্ষায় ও পরিপূর্ণভাবে প্রতিষ্ঠায় ভূমিকা রাখতে পারে তা নিশ্চিত করতে হবে। সেই বৈষম্যের বিরুদ্ধে লড়াই করার, সহিংস চরমপন্থা, সহিংসতায় উস্কানি, বিদ্বেষ এবং ভুল তথ্য প্রতিরোধ করার, কাঠামোগত পরিবর্তনে অবদান রাখার, জনসাধারণকে সম্পৃক্ততা করে প্রতিরোধের সক্ষমতা গড়ে তোলার সুযোগ তাদের থাকতে হবে।

# কাঙ্ক্ষিত ফল অর্জনে জাতিসংঘের ভূমিকা

এ বিষয়ে জাতিসংঘ সক্ষমতা বৃদ্ধিতে প্রশিক্ষণ এবং আইনগত অধিকার, মানবাধিকার, নিরাপদ খাদ্য ও পানি ব্যবহারের অধিকার, মানুষের স্বার্থে পরামর্শ প্রদান এবং জেন্ডার সমতার বিকাশ বিষয়ে তথ্য প্রদান ও অবহিত করার মাধ্যমে নাগরিকদের ক্ষমতায়নে অবদান রাখতে পারে।

এটি নারী, তরুণ ও সংখ্যালঘুদের, বিশেষ করে পিছিয়ে থাকা জেলার অধিবাসীদের অধিকার বিষয়ে সচেতন হতে এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে তাদের দাবিদাওয়া তুলে ধরতে, কোনো বিষয়ে সমাধান চাইতে, গুণমানসম্পন্ন, জেন্ডার রেসপন্সিভ সরকারি ও আইনি সেবা পেতে এবং বৈষম্য ও ক্ষতিকর সামাজিক রীতিনীতি চিহ্নিত করতে এবং সেগুলোর বিরুদ্ধে লড়াই করতে সহায়তা করবে।

তদুপরি, জাতীয় ও স্থানীয় পর্যায়ে সরকার ও সুশীল সমাজের প্রতিনিধিদের মধ্যে কৌশলগত সংলাপের জন্য প্ল্যাটফর্মগুলোকে অবহিত করা এবং নারী, তরুণ ও প্রান্তিক জনগোষ্ঠীর নাগরিক ও রাজনৈতিক অধিকার নিয়ে কথা বলার পরিসর বিস্তৃত করার বিষয়ে জাতিসংঘ তার মধ্যস্ততা ও সহায়তাকারীর ভূমিকা প্রয়োগ করবে।

বাংলাদেশের নাগরিকেরা যাতে সরকারি নীতি বিষয়ে মতামত প্রকাশ,  অংশগ্রহণমূলক পদ্ধতিতে উন্নয়নের অগ্রাধিকার নিয়ে আলোচনা, জনজীবনে ও নির্বাচনের মতো রাজনৈতিক প্রক্রিয়ায় নিরাপদে অংশগ্রহণ করতে পারেন, মানসম্মত সরকারি সেবা এবং বৈষম্য, অধিকারহীনতা ও সহিংসতার ভয় ছাড়াই সমস্যার সমাধান ও বিচার চাইতে পারেন তার জন্য জাতিসংঘ কাজ করবে
।

জাতিসংঘ বাংলাদেশের জাতীয় মানবাধিকার কমিশনকে তার ওপর অর্পিত দায়িত্ব বাস্তবায়নে এবং সুপ্রিম কোর্ট, আইনি সহায়তা ব্যবস্থা ও বিচার ব্যবস্থাকে ব্যাপ্তি ও সমন্বয় বাড়ানোর জন্য কৌশলগত সহায়তা দেবে। বিচার বিভাগে কৌশলগত সহায়তা এবং প্রাতিষ্ঠানিক শক্তিশালীকরণ কর্মসূচি আধুনিক, তথ্য প্রযুক্তিনির্ভর ব্যবস্থাপনা ও মামলার কার্যক্রম এবং বিরোধ নিষ্পত্তির প্রক্রিয়া আরও উন্নত করতে  সহায়তা করবে। ফলে আইনি পদ্ধতি, বিকল্প বিরোধ নিষ্পত্তি এবং সমস্যা সমাধানের ব্যবস্থা আরো দক্ষ ও জনসাধারণের কাছে আরো নির্ভরযোগ্য হয়ে উঠবে। ফলে ঘুষ ও দুর্নীতি কমে যাবে। জনসাধারণের আস্থা ও সমর্থন বাড়বে। জাতিসংঘ জেন্ডার সংবেদনশীল উন্নয়ন পরিকল্পনা, অর্থায়ন এবং প্রামাণিক তথ্যভিত্তিক নীতি পরামর্শ বিষয়ে জনগণের মতামতকে মূল্যায়ন করার প্রক্রিয়া শক্তিশালী করতে বিভিন্ন জাতীয় কমিশন এবং প্রতিষ্ঠানের সঙ্গে কাজ করবে। এটি কার্যকর সরকারি সেবা দেওয়ার জন্য জবাবদিহিমূলক ও স্বচ্ছ সরকারি প্রতিষ্ঠান গড়ে তুলতে এবং জাতীয় ও স্থানীয় পর্যায়ে অংশগ্রহণমূলক গণতান্ত্রিক চর্চার জন্য একটি প্রাণবন্ত পরিবেশ তৈরিতে অবদান রাখবে।



**ছবি**: ইউএনডিপি বাংলাদেশ

যেহেতু বাংলাদেশ ২০৩১ সালের মধ্যে উচ্চ মধ্যম আয়ের দেশের মর্যাদা অর্জনের দিকে অগ্রসর হচ্ছে, জাতীয় পর্যায়ে ও তার নিচে তার সরকারী প্রতিষ্ঠানগুলি আরও জবাবদিহিমূলক, স্বচ্ছ, জেন্ডার-সংবেদনশীল ও অন্তর্ভুক্তিমূলক পদ্ধতিতে তাদের ওপর অর্পিত দায়িত্ব বাস্তবায়নে, সরকারি সেবা, এবং ফৌজদারি বিচার ব্যবস্থা, শ্রম আদালত থেকে বিচার নিশ্চিত করার ক্ষেত্রে ক্রমবর্ধমান চ্যালেঞ্জের মুখোমুখি হচ্ছে। সরকারযন্ত্রের দক্ষ পরিচালনার যে প্রয়োজনীয়তা এবং অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনার যে মূলমন্ত্র– দক্ষ সরকার পরিচালনার জন্য প্রয়োজনীয় প্রতিষ্ঠান গড়ে তোলা এবং সেগুলোর উন্নয়ন, তার জন্য প্রয়োজন নীতিগত ও আইনগত কাঠামোর যে অপর্যাপ্ততা আছে তা কাটিয়ে ওঠা। একইসঙ্গে প্রাতিষ্ঠানিক সক্ষমতার সীমাবদ্ধতা, কেন্দ্রীভূত প্রশাসন, আমলাতান্ত্রিক জটিলতা, সমন্বয় ও কারিগরি জ্ঞানের অভাব এবং সমাজের বিভিন্ন অংশে বিরাজমান বৈষম্য দূর করতে হবে। যুগপৎভাবে, নাগরিক ও রাজনৈতিক ক্ষেত্র তৈরিতে, অন্তর্ভুক্তিমূলক সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়া, নীতি ও আইনি কাঠামো শক্তিশালী করা, একটি কার্যকর বিচার ব্যবস্থা এবং আরো কার্যকর সেবা প্রদান প্রক্রিয়া নিশ্চিতে জাতীয় ও স্থানীয় পর্যায়ে আইনের শাসন সমুন্নত রাখা ও মানবাধিকারভিত্তিক পদ্ধতি গ্রহণ অত্যন্ত গুরুত্বপূর্ণ।

এই পরিবর্তন প্রক্রিয়ায় ভূমিকা রাখার জন্য আইন, আইনি সংস্কার, নীতি, পরিকল্পনা ও বাজেট প্রণয়ন, অভিযোগ, প্রতিকার ও পর্যবেক্ষণ প্রক্রিয়া শক্তিশালী করতে প্রয়োজনীয় বহু-মাত্রিক ও জেন্ডার রেসপন্সিভ বিশ্লেষণের জন্য হালনাগাদ তথ্য সংগ্রহে সহায়তা করবে। জাতীয় তথ্য ব্যবস্থাপনা ও তথ্য ব্যবস্থা এবং এসডিজির অগ্রগতি পর্যবেক্ষণের পরিসংখ্যানগত ক্ষমতা বৃদ্ধির মাধ্যমে তথ্য ও তথ্যের ঘাটতি পূরণে প্রযুক্তিগত সহায়তা প্রদান করা হবে এবং জাতিসংঘ তাদের প্রতিনিধিত্বমূলক সংস্থার মাধ্যমে আইন, নীতি ও আইনি সংস্কার বিষয়ক সংলাপে জনগণের অংশগ্রহণকে সক্রিয়ভাবে যুক্ত করার উদ্যোগগুলোকে উৎসাহিত করবে ।


**ছবি**: ইউনিসেফ বাংলাদেশ

জাতিসংঘের সিস্টেম তার নীতিমূলক কাজের অংশ হিসেবে এনএইচআরসি (জাতীয় মানবাধিকার সংস্থা) ও সংশ্লিষ্ট মন্ত্রণালয়গুলোকে চুক্তি বাস্তবায়ন তদারকি সংস্থা এবং ইউনিভার্সাল পিরিয়ডিক রিভিউ (ইউপিআর) রিপোর্টিং বিষয়ে সহায়তা দেবে। পাশাপাশি পররাষ্ট্র মন্ত্রণালয়সহ (এমওএফএ) সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের রিপোর্টিং ক্ষমতা এবং ইউপিআর সুপারিশের সাথে সম্পর্কিত নীতিগত শাসন উন্নয়নে কৌশলগত সহায়তা দেবে। আন্তর্জাতিক শ্রম মানদণ্ডসমূহের সাথে সামঞ্জস্য রেখে শ্রমবাজার নিয়ন্ত্রণ জাতিসংঘের আরেকটি গুরুত্বের জায়গা হবে।

বৈষম্যহীন ও উন্নত সরকারি সেবা প্রদান, বিভিন্ন মাদক ও অপরাধ বিষয়ক ঝুঁকি, সহিংস উগ্রবাদ ও সন্ত্রাসবাদ মোকাবেলা এবং দুর্নীতি দমন কমিশনের (এসিসি) হটলাইনগুলো আরো সচল করাসহ দুর্নীতিবিরোধী পদক্ষেপগুলো শক্তিশালী করা নিশ্চিত করার জন্য প্রাতিষ্ঠানিক জবাবদিহি ও স্বচ্ছতা বাড়াতে কৌশলগত সহায়তা দেবে জাতিসংঘ। স্থানীয় সরকারের সক্ষমতা বাড়াতে উদ্যোগ নেওয়া হবে, যাতে তাদের সরকারি আর্থিক ব্যবস্থাপনা শক্তিশালী হয়, অংশগ্রহণমূলক পদ্ধতিতে সরকারি প্রতিষ্ঠানে বিশেষ করে স্থানীয় পর্যায়ে সামাজিক নিরীক্ষা ও পরিকল্পনা করতে পারে। কারা অধিদপ্তরের সক্ষমতা বৃদ্ধির উদ্যোগ নেওয়া হবে, যাতে কারাগারের পদ্ধতির বাইরেও অন্যান্য বিভিন্ন উপায়ে বিচার নিশ্চিত করা যায় এবং নারী কয়েদিদের সঙ্গে জাতিসংঘের মানদণ্ড অনুযায়ী ব্যবহার করা হয়।

বিচার প্রক্রিয়া চলাকালে ভুক্তভোগী ও সাক্ষীদের সুরক্ষায় পৃথক আইন প্রণয়নের পরামর্শ দেবে জাতিসংঘ। সেই সঙ্গে বৈষম্যবিরোধী আইনের খসড়া পাস করার জন্য এবং আইনগুলো প্রয়োগের জন্য প্রাতিষ্ঠানিক ব্যবস্থা প্রতিষ্ঠা করার জন্য বলা হবে। বিচার ব্যবস্থাকে আরও শক্তিশালী করার জন্য, গ্রাম আদালত আইন সংশোধন ও তার সক্রিয়তা বাড়াতে, এবং মধ্যস্থতা পরিষদ ও ইউনিয়ন পরিষদ আইনি সহায়তা কমিটির সক্ষমতা বৃদ্ধির জন্য সহায়তা দেওয়া হবে। জেন্ডার সমতা ও ন্যায়বিচার, আইনের অধীনে সমান সুরক্ষার অধিকার এবং বৈষম্য সৃষ্টিকারী নিয়মকানুন ও চর্চার ওপর বিশেষ গুরুত্ব দিয়ে মানবাধিকারের বিষয়ে গবেষণার ভিত্তিতে সচেতনতা বাড়ানো, পরামর্শ প্রদান, সামাজিক সংহতি ও নাগরিক শিক্ষায় সহায়তা দেবে জাতিসংঘ। বিচার ব্যবস্থা আরো  স্বচ্ছ করতে জাতীয় ও জেলা পর্যায়ে আইনি সহায়তার অফিসগুলোতে ডিজিটাল মেডিয়েশন প্ল্যাটফর্মের ওপর গুরুত্ব দিয়ে আইনি সহায়তা সেবার বিস্তৃতি ও উন্নয়নে উদ্যোগ নেওয়া হবে ও সহযোগিতা করা হবে।

বাংলাদেশের দীর্ঘ ঐতিহ্যবাহী ও সাংবিধানিক ধর্মনিরপেক্ষতা অব্যাহতভাবে বাধার মুখে পড়ছে বিভ্রান্তিকর তথ্য, বিভাজনমূলক আখ্যান ও উগ্রবাদী মতাদর্শের বিস্তারের কারণে। এছাড়া জাতিগত বিদ্বেষ ও ধর্মীয় স্বাধীনতার লঙ্ঘন নিয়ে উদ্বেগ রয়েছে। এ থেকে অসহিষ্ণুতা এবং বৈচিত্র্য ও সাংস্কৃতিক অভিন্নতার প্রতি শ্রদ্ধার অভাব বোঝা যায়।  নারী, বিশেষ করে যারা প্রচলিত লৈঙ্গিক রীতিনীতি মানছে না বলে মনে করা হয়, তাদের ঘৃণা, মিথ্যা প্রচার ও যৌন সহিংসতার হুমকির লক্ষ্যবস্তু করা হচ্ছে। সুশীল সমাজের ভূমিকা রাখার সুযোগ ক্রমশ সংকুচিত হয়ে আসা এবং নিজেদের অধিকার চর্চা ও দাবির ক্ষেত্রে অংশগ্রহণের সুযোগ কম থাকায় মতপ্রকাশের স্বাধীনতা কমে আসায় এই বাধাগুলো আরো প্রকট হচ্ছে।

এটির সমাধানের জন্য মতপ্রকাশের স্বাধীনতা নিশ্চিত করতে আন্তর্জাতিক মানদণ্ডের সাথে সামঞ্জস্য রেখে নীতিমালার খসড়া তৈরি ও পর্যালোচনা এবং আচরণীয় চর্চা নির্ধারণ করা এবং ক্রমবর্ধমান অসহিষ্ণুতা, সহিংস চরমপন্থা, বিদ্বেষপূর্ণ বক্তব্য, অপপ্রচারসহ অনলাইনে ক্ষতিকর প্রচারণা রোধ ও মোকাবিলায় সচেতনতা বৃদ্ধিতে জাতিসংঘ তার নীতিগত সহায়তার জায়গা থেকে কাজ করবে ও পরামর্শ দেবে। এর মধ্যে রয়েছে নারীর সুরক্ষায় নারী শান্তি ও নিরাপত্তা বিষয়ক জাতীয় কর্মপরিকল্পনা বাস্তবায়ন এবং শান্তি ও সামাজিক সংহতি বজায় রাখতে নারীর ভূমিকা তুলে ধরতে সহায়তা করা। ডিজিটাল স্বাক্ষরতা ও ডিজিটাল নাগরিকতা বিষয়ে শিক্ষা বিস্তারে নারী ও তরুণদের সংগঠন, বেসরকারি খাত, উদ্যোক্তা, এলাকাভিত্তিক গণমাধ্যমে, ধর্মীয় নেতাসহ সুশীল সমাজকে কৌশলগত সহায়তা ও সক্ষমতা বাড়াতে প্রশিক্ষণ দেওয়া হবে, যা সহিংস চরমপন্থা, ভুল তথ্য ও ঘৃণামূলক বক্তব্যের বিস্তার রোধ করে এবং মানবাধিকার রক্ষা করে ও পূর্ণতা দেয়।



**ছবি**: ইউএনডিপি বাংলাদেশ

জাতিসংঘ শ্রম বিষয়ে আন্তর্জাতিক মানদণ্ডসহ মানবাধিকারের সকল বিষয়ে রাষ্ট্র, নাগরিক সমাজের প্রতিনিধিসহ বেসরকারি খাতের মধ্যে কৌশলগত আলোচনার প্ল্যাটফর্ম তৈরি করবে। সংখ্যালঘু ও অন্যান্য প্রান্তিক জনগোষ্ঠীর সঙ্গে যোগাযোগ করার ও তাদের সম্পৃক্ত করতে বিশেষ প্রচেষ্টা নেওয়া হবে। এই সহায়তা নারী, তরুণ ও সংখ্যালঘু নেতাদের জন্য নাগরিক ও রাজনৈতিক ক্ষেত্রে ভূমিকা রাখার পরিসরকে বিস্তৃত করতে ও সমন্বয় বাড়াতে ব্যবহার করা হবে। পাশাপাশি জ্ঞান তৈরি ও আদানপ্রদানের জন্য ব্যবহার করা হবে, যা পরিস্থিতি সম্পর্কে অবহিত হয়ে নীতি প্রণয়ন করা যায় এবং তা আরও সমৃদ্ধ হয়।

জাতিসংঘ সমাজে স্বেচ্ছাসেবী ভূমিকাকে শক্তিশালী করতে সহায়তা দেবে, যার মাধ্যমে অন্তর্ভুক্তিমূলক অংশগ্রহণ এবং টেকসই উন্নয়নের বিষয়গুলোতে জাতীয়ভাবে ব্যাপকভিত্তিক মালিকানার বোধ এবং সম্পৃক্ততা উল্লেখযোগ্যভাবে বাড়ার সম্ভাবনা রয়েছে।

# অংশীদারিত্ব

জাতীয় লক্ষ্য অর্জনে ভূমিকা রাখতে জাতিসংঘ একটি শান্তিপূর্ণ ও সহনশীল সমাজ গঠনে বিস্তৃত পরিসরে অংশীদারিত্ব গড়ে তুলবে, যেখানে সব স্তরের প্রতিষ্ঠান আরো জেন্ডার রেসপন্সিভ, অংশগ্রহণমূলক, জবাবদিহিমূলক হবে এবং সব মানুষের ন্যায়বিচার ও বিভিন্ন সেবা পাওয়া ন্যায্য সুযোগ নিশ্চিত হবে। এর মধ্যে থাকবে সরকারি মন্ত্রণালয়, সংস্থা, বিচার বিভাগ সংশ্লিষ্টরা, সংসদ সদস্য, স্থানীয় সরকার কর্তৃপক্ষ, সুপ্রিম কোর্ট, জাতীয় মানবাধিকার কমিশন, নির্বাচন কমিশন, বিশ্ববিদ্যালয় ও শিক্ষা প্রতিষ্ঠান, সুশীল সমাজ, জনগোষ্ঠী বা এলাকাভিত্তিক সংগঠন, এনজিও, নারী অধিকার সংগঠন ও প্ল্যাটফর্মসমূহ, তরুণদের সংগঠন ও ধর্মীয় সংগঠন, শ্রমিক সংগঠন, বেসরকারি খাত এবং মিডিয়া ও উন্নয়ন সহযোগীরা। অংশীদারদের বিবরণ পরিশিষ্ট/সংযুক্তি ১ রেজাল্ট ম্যাট্রিক্সে অন্তর্ভুক্ত।

# কৌশলগত অগ্রাধিকার ৫:
# জেন্ডার সমতা এবং জেন্ডারভিত্তিক সহিংসতা নিরসন

কাঙ্খিত ফল ৫: ২০২৬ সাল নাগাদ আরো নারী, কন্যা শিশু ও সেক্সুয়াল অরিয়েন্টেশনের সংখ্যালঘুরা এমন একটি পরিবেশ থেকে সুবিধা পাবে, যেখানে তারা নিজেদের অধিকার, কর্তৃত্ব ও সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা পাবে এবং সব ধরনের বৈষম্য, সহিংসতা ও ক্ষতিকর সামাজিক রীতিনীতি ও চর্চা থেকে মুক্ত হয়ে জীবনযাপন করতে পারবে।

বাংলাদেশ সরকারের নেতৃত্বে এ দেশে জেন্ডার সমতা এবং নারী ও কন্যা শিশুদের মর্যাদা বিশেষ করে শিক্ষা ও স্বাস্থ্য সেবার ক্ষেত্রে উল্লেখযোগ্য অগ্রগতি হয়েছে। ২০২০ সালের গ্লোবাল জেন্ডার গ্যাপ প্রতিবেদনে ১৫৩ দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান হয়েছে ৫০তম। জেন্ডার সমতা এগিয়ে নেওয়া ও নারীর প্রতি সহিংসতার অবসানে বাংলাদেশ অনেকগুলো আইন ও নীতি প্রণয়ন করেছে। সেগুলোর মধ্যে রয়েছে পারিবারিক সহিংসতা (প্রতিরোধ ও সুরক্ষা) আইন ২০১০, জাতীয় নারী উন্নয়ন নীতি ২০১১, মানবপাচার প্রতিরোধ ও দমন আইন ২০১২ এবং বাল্যবিবাহ নিরোধ আইন ২০১৭।

এছাড়া নারী ও শিশুর প্রতি সহিংসতা প্রতিরোধে জাতীয় কর্মপরিকল্পনা (২০১৮-২০৩০) এবং বাল্যবিবাহ নিরোধকল্পে জাতীয় কর্মপরিকল্পনা করা হয়েছে। তবে এসব আইন ও নীতি বাস্তবায়নে দুর্বলতা রয়েছে এবং বাংলাদেশে নারী, কন্যা শিশু ও সেক্সুয়াল অরিয়েন্টেশনের সংখ্যালঘুরা তাদের জেন্ডারের কারণে বৈষম্যের শিকার হয়ে আসছে এবং তাদের মানবাধিকার রক্ষা হচ্ছে না। এসব মানুষ ব্যক্তিগত ও সমাজ জীবনে পুরোপুরি অংশগ্রহণও করতে পারছে না।



ছবি: ইউএন উইমেন বাংলাদেশ

জেন্ডার অসমতা প্রতিফলিত হচ্ছে লিঙ্গভিত্তিক বৈষম্য, লাগাম টেনে ধরা সামাজিক রীতি-নীতি, নীতি ও আইনের দুর্বলতা, বিভিন্ন সম্পদে তাদের প্রবেশাধিকার ও তা নিয়ন্ত্রণ করতে না পারা, বিভিন্ন সেবা প্রাপ্তি ও নীতি নির্ধারণী প্রক্রিয়ায় অংশগ্রহণে প্রতিবন্ধকতা, যৌন হয়রানি ও নিপীড়ন, উচ্চ মাত্রায় লিঙ্গভিত্তিক সহিংসতা (জিবিভি) এবং বাল্যবিবাহের মতো ক্ষতিকর চর্চা চলে আসা। সারা বিশ্বের মতো বাংলাদেশেও কোভিড-১৯ এর কারণে জেন্ডার অসমতা ও লিঙ্গভিত্তিক সহিংসতা (জিবিভি) বেড়েছে। তা দেশের টেকসই উন্নয়ন ও এসডিজি অর্জনের ক্ষেত্রে প্রতিবন্ধকতা তৈরি করেছে। সরকারের অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনায় বিদ্যমান এসব দুর্বলতা চিহ্নিত করে সমন্বিত কৌশল ও কার্যক্রমের মাধ্যমে সেগুলো দূর করার কথা বলা হয়েছে। এর মধ্য দিয়ে শুধু নারীর সক্ষমতা বৃদ্ধি এবং সম্পদে প্রবেশাধিকার ও সুযোগ সৃষ্টিই হবে না, কাঠামোগত ও প্রাতিষ্ঠানিক প্রতিবন্ধকতাগুলো দূর করার চেষ্টা করা হবে এবং সামাজিক রীতি-নীতি পরিবর্তন ও তাদের অধিকার রক্ষায় কাজ করা হবে। বাল্যবিবাহ, ছেলে সন্তানের প্রতি আকাঙ্খা, পুরুষের আধিপত্য ও সামাজিক আচরণ কেমন হবে সে বিষয়ে তার প্রভাব এবং নারীর ঘরের বাইরে বেরোতে বাধা দেওয়ার মতো বিষয়গুলোকে সবচেয়ে গুরুতর প্রতিবন্ধকতা হিসেবে চিহ্নিত করা হয়েছে। সমাজে প্রচলিত নারীর প্রতি ধারণার পরিবর্তন ও সহিংসতার অবসানে পুরুষের সঙ্গে কাজ করা এবং গৃহকর্ম ভাগাভাগি করে করার পক্ষে সচেতনতা তৈরিসহ উপরে উল্লিখিত প্রতিবন্ধকতাসমূহ দূর করতে করণীয় বিষয়ে রূপরেখা দেওয়া হয়েছে অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনায়। সরকার এ সংক্রান্ত আইন ও নীতিতে নারীর প্রতি সকল প্রকার বৈষম্য বিলোপ সনদের (সিডও) সঙ্গে অসামঞ্জস্যপূর্ণ সব বিধান অপসারণের অঙ্গীকার করেছে এবং নারীর সমানাধিকার প্রতিষ্ঠা ও যৌন হয়রানি বন্ধের বিধান করারও প্রস্তাব করেছে। অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনায় স্বীকার করা হয়েছে যে, নারীর অগ্রগতির লক্ষ্যে বিদ্যমান প্রাতিষ্ঠানিক পদ্ধতিগুলোও আরও কার্যকর, জবাবদিহিমূলক, সক্ষম ও কর্তৃত্বপূর্ণ হওয়া দরকার।

একটি জেন্ডার সমতার বাংলাদেশ হবে নারী, কন্যা শিশু ও সব ধরনের জেন্ডার বৈচিত্র্যের জনগোষ্ঠীর জন্য নিরাপদ এবং সেখানে এসডিজির লক্ষ্য অর্জনের পথ সুগম হবে। জেন্ডার সমতা একটি স্মার্ট অর্থনীতিও দেবে: সরকারের কোভিড-১৯ থেকে উত্তরণের সফলতা, অন্তর্ভুক্তিমূলক ও টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং সবার জন্য নিরাপদ একটি দেশ-এগুলোর সবই জেন্ডার সমতা অর্জন ও জিবিভির অবসানের সঙ্গে সম্পর্কিত।

## পরিবর্তনের পূর্বশর্ত

কাঙ্ক্ষিত এই লক্ষ্য অর্জনের জন্য অন্তত সাত সেট শর্ত পূরণ করতে হবে।

প্রথমত, সব জাতীয় নীতিতে আন্তর্জাতিক রীতি-নীতি ও মানদণ্ডের আলোকে নারী, কন্যা শিশু ও সেক্সুয়াল অরিয়েন্টেশনের সংখ্যালঘুদের অধিকারের স্বীকৃতি, সেগুলো এগিয়ে নেওয়া ও সুরক্ষার ব্যবস্থা থাকতে হবে। এসবের বাস্তবায়ন, প্রয়োগ, তদারকি ও খবরাখবর থাকতে হবে।

দ্বিতীয়ত, আইনের বিধান ও উন্নয়ন নীতিসমূহ বাস্তবায়নের সব স্তরে একটি নারীবাদী, জেন্ডার রূপান্তরশীল ও আন্তঃখাতমূলক মনোভাব নিয়ে এগোতে হবে। এর লক্ষ্য হবে নারী, কন্যা শিশু ও সেক্সুয়াল অরিয়েন্টেশনের সংখ্যালঘুদের মানবাধিকার রক্ষা এবং ব্যক্তিগত ও সমাজজীবনে পূর্ণ অংশগ্রহণের পথে বিদ্যমান কাঠামোগত (ধারণাগত, সামাজিক, অর্থনৈতিক, আইনি ও প্রাতিষ্ঠানিক) প্রতিবন্ধকতাগুলো দূর করা।

তৃতীয়ত, পুরুষ ও ছেলে শিশুসহ সমাজের প্রত্যেকে পরিবর্তনের নিয়ামক। তাদেরকে অবশ্যই ক্ষতিকর ও বৈষম্যমূলক সামাজিক রীতি-নীতি, ভূমিকা ও চর্চা যেগুলো লিঙ্গভিত্তিক সহিংসতা ও লৈঙ্গিক অসমতাকে উৎসাহিত করে সেগুলো পরিবর্তনের জন্য সক্রিয় হতে হবে।

চতুর্থত, দায়িত্বে নিয়োজিতদের অবশ্যই জেন্ডার সমতার অঙ্গীকারসমূহ এবং জাতীয় নারী উন্নয়ন নীতি ও নারীর প্রতি সহিংসতা বিলোপে জাতীয় কর্মপরিকল্পনাসহ এ সংক্রন্ত সব আইন ও জাতীয় উন্নয়ন নীতিতে উল্লিখিত লক্ষ্যসমূহের প্রতি জবাবদিহি থাকতে হবে। আর তা হতে হবে জাতীয় ও স্থানীয় পর্যায়ে সুসমন্বিত জেন্ডার-রেসপন্সিভ শাসন ব্যবস্থার মাধ্যমে।

পঞ্চম, নারী, কন্যা শিশু ও যৌন সংখ্যালঘু গোষ্ঠীগুলোর সম্পদে সমান প্রবেশাধিকার ও নিয়ন্ত্রণ থাকতে হবে, সেবাসমূহ জেন্ডার রেসপন্সিভ হতে হবে এবং নারীদের জন্যও সমান সুযোগ নিশ্চিত করতে হবে।

ষষ্ঠ, জেন্ডার সমতা নিয়ে কাজ করা সুশীল সমাজ সংগঠনগুলোকে এমন সব প্ল্যাটফর্ম তৈরি করতে হবে যাতে নারী, কন্যা শিশু ও যৌন সংখ্যালঘু গ্রুপগুলোর অর্থবহ অংশগ্রহণ ও ক্ষমতায়ন হচ্ছে কি না সে বিষয়ে সরকারকে জবাবদিহি করতে পারে।

সপ্তম, জেন্ডার সমতা ও অধিকার রক্ষায় সোচ্চারদের বক্তব্য আমলে নিতে হবে এবং জবাবদিহি ও নীতি নির্ধারণ প্রক্রিয়ায় সব জেন্ডার ও আর্থ-সামাজিক গ্রুপের অর্থবহ প্রতিনিধিত্ব নিশ্চিত করতে হবে।

জেন্ডার সমতা ও জেন্ডারভিত্তিক সহিংসতার নিরসনে অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনায় যে অগ্রাধিকার দেওয়া হয়েছে সে বিষয়ে জাতিসংঘ দুটি সমন্বিত কৌশল নিয়ে কাজ করবে: **১.** সরকারি ও বেসরকারি খাতের প্রতিষ্ঠানগুলোর সক্ষমতা বৃদ্ধি ও জবাবদিহি জোরদার এবং সরকারকে জাতীয় ও স্থানীয় পর্যায়ে আইন, নীতি ও কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নে সহায়তা, যাতে জেন্ডার সমতা, জিবিভি নিরসন এবং একটি সমন্বিত উপায়ে বিভিন্ন খাতে নারী ও কন্যা শিশুদের মানবাধিকার রক্ষায় বাধা তৈরিকারী কাঠামোগত প্রতিবন্ধকতাসমূহ দূর হয়। **২.** সুশীল সমাজ সংগঠন ও নারী অধিকার নিয়ে কাজ করা সংগঠন-প্ল্যাটফর্মকে সহায়তা, যাতে তাদের জন্য কার্যকরভাবে নারী ও কন্যা শিশুদের (বিশেষ করে সবচেয়ে প্রান্তিক জনগোষ্ঠীর সদস্যদের) বিষয়গুলো উপস্থাপনের সুযোগ সম্প্রসারিত হয় এবং তারা জেন্ডার সমতা ও জিবিভি নির্মূলে নীতি প্রণয়ন ও সামাজিক পরিবর্তনে আরও ভূমিকা রাখতে পারে। সেক্সুয়াল অরিয়েন্টেশেনভিত্তিক সংখ্যালঘু, যৌনকর্মী, প্রতিবন্ধী ব্যক্তি, বাল্যবিবাহের শিকার কন্যাশিশু, অভিবাসী নারী শ্রমিকসহ সবচেয়ে পিছিয়ে পড়াদের বিষয়ে বাড়তি মনোযোগ দেওয়া হবে এবং এসব কৌশলের মাধ্যমে তাদের অসহায়তার জায়গাগুলো কমানোয় অগ্রাধিকার দেওয়া হবে।




**ছবি**: ইউএনআরসিও বাংলাদেশ

প্রাতিষ্ঠানিক পদ্ধতি, সক্ষমতা এবং সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানগুলোর মধ্যে সমন্বয়ের বিষয়গুলো পর্যালোচনা এবং তা জোরদারে সহায়তা করবে জাতিসংঘ। এটা করা হবে নারী শিশুর প্রতি সহিংসতা প্রতিরোধে জাতীয় কর্মপরিকল্পনা (২০১৮-২০৩০) থেকে শুরু করে বাল্যবিবাহ নিরোধ বিধিমালা (২০১৮-২০৩০) এবং ২০১১ সালের জাতীয় নারী উন্নয়ন নীতি ও এর কর্মপরিকল্পনার মতো বিদ্যমান জেন্ডার রেসপন্সিভ আইন, নীতি ও কর্মসূচি সংক্রান্ত ফ্রেমওয়ার্ক কার্যকরভাবে বাস্তবায়নের লক্ষ্যে যাতে জেন্ডার সমতার দিকে অগ্রগতি অর্জন এবং লিঙ্গভিত্তিক সহিংসতায় সাড়া প্রদান ও তা প্রতিরোধ করা যায়। এছাড়া সিডও সনদ ও অন্যান্য মানবাধিকার চুক্তি, ইউনিভার্সাল পিরিওডিক রিভিউ (ইউপিআর) এর সুপারিশসমূহ, বেইজিং ঘোষণা, ইন্টারন্যাশনাল কনফারেন্স অন পপুলেশন অ্যান্ড ডেভেলপমেন্ট'স (আইসিপিডি) প্রোগ্রাম অফ অ্যাকশন, কর্মক্ষেত্রে হয়রানি ও সহিংসতা নিরসন বিষয়ে আইএলও কনভেনশন এবং বাংলাদেশের অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনার সঙ্গে সঙ্গতি রেখে নতুন কোনো কিছু প্রণয়ন ও তা বাস্তবায়নেও সহায়তা করবে জাতিসংঘ।

জেন্ডার সমতা ও জিবিভি প্রতিরোধে প্রয়োজনীয় সমন্বিত, বহু খাতমুখী ও রূপান্তরশীল দৃষ্টিভঙ্গি নিয়ে কাজের ক্ষেত্রে অংশীদারিত্ব তৈরি ও রাজনৈতিক জবাবদিহি জোরদার করতে সংসদ ও সরকারের জ্যেষ্ঠ নেতৃত্বের সঙ্গে কাজ করবে জাতিসংঘ। তাছাড়া বাংলাদেশের বেসরকারি খাতে জেন্ডার সংবেদনশীল ও বৈষম্যহীন বাণিজ্যিক কার্যক্রম এগিয়ে নিতেও বিশেষ মনোযোগ দেওয়া হবে।

প্রাতিষ্ঠানিক আয়োজন ও সক্ষমতা বৃদ্ধিতে সহায়তা দেওয়া হবে যাতে মানসম্মত, তুলনাযোগ্য ও নিয়মিত জেন্ডার সংক্রান্ত পরিসংখ্যান পাওয়া যায়। ডেটা ঘাটতি পূরণ, তথ্য-প্রমাণ ভিত্তিক নীতি নির্ধারণে সহায়তা এবং এসডিজি, সিডও, বেইজিং ঘোষণা ও জাতীয় পরিকল্পনাগুলোয় রিপোর্টিংয়ের যে অঙ্গীকার করা হয়েছে, তা পূরণের জন্য এটা করতে হবে। এর মধ্যে থাকবে নারীর প্রতি সহিংসতা সংক্রান্ত তথ্য ও পরিসংখ্যান, মজুরিহীন সেবা ও গৃহকর্মে নারী ও পুরুষের ভাগাভাগি, নারীর অংশগ্রহণ ও নেতৃত্বসহ এ সংক্রান্ত অন্যান্য বিষয়াবলী। প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিতে সহায়তা দেওয়া হবে জেন্ডার রেসপন্সিভ সরকারি অর্থ ব্যবস্থাপনা ও পরিকল্পনা প্রণয়নের লক্ষ্যে। এক্ষেত্রে সংশ্লিষ্ট মন্ত্রণালয়সমূহ ও স্থানীয় সরকারে সহায়তা দেওয়া হবে, যাতে বাজেট পরিকল্পনায় জেন্ডার সমতা ও নারীর ক্ষমতায়নকে মূলস্রোতধারায় এনে কৌশলগত বাজেট বরাদ্দ দেওয়া হয়। বাজেট বরাদ্দের ফলাফল পরিমাপ ও তদারকির ব্যবস্থা জোরদার করা হবে।

অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনায় বলা হয়েছে, ধর্ষণ ও যৌন হয়রানির ক্ষেত্রে আইনি প্রক্রিয়া সহজ ও দ্রুত হবে (পৃষ্ঠা-৭৫৬), বৈবাহিক ধর্ষণও আইনের আওতায় আসবে এবং নারীর প্রতি সহিংসতার বিষয়ে আইন প্রয়োগকারী সংস্থার সদস্যদের জবাবদিহির ব্যবস্থা জোরদার করা হবে (পৃষ্ঠা-৭৬৩)। উল্লিখিত ঘাটতিসমূহ ও সম্পত্তির উত্তরাধিকারে নারীর অধিকারসহ অন্যান্য ঘাটতি পূরণে আইনি সংস্কারে সহায়তা করবে জাতিসংঘ।

বিভিন্ন অংশীজনের সঙ্গে কাজের মধ্য দিয়ে জাতিসংঘ জিবিভি প্রতিরোধে জাতীয় কৌশল প্রণয়নে সহায়তা করবে। এই কৌশল হবে নারী ও শিশুর প্রতি সহিংসতা প্রতিরোধে জাতীয় কর্মপরিকল্পনার সঙ্গে সঙ্গতিপূর্ণ এবং তা আন্তর্জাতিকভাবে স্বীকৃত মডেলগুলোর অনুসারে সামাজিক রীতি-নীতি ও সহিংসতা প্রতিরোধের সমন্বিত ব্যবস্থা তৈরির লক্ষ্যে। সম্পদে নারী ও কন্যা শিশুদের প্রবেশাধিকার ও সমান সুযোগ প্রাপ্তিতে প্রতিবন্ধকতা সৃষ্টিকারী এবং লিঙ্গভিত্তিক সহিংসতা উসকে দেয় এমন বৈষম্যমূলক সামাজিক রীতি-নীতি, ভূমিকা, চর্চা, জেন্ডারভিত্তিক পক্ষপাতিত্ব প্রতিরোধে পুরুষ, ছেলে শিশু এবং কমিউনিটি ও ব্যক্তিগত পর্যায়ে সামাজিক, গোষ্ঠীগত মুরুব্বি ও ধর্মীয় নেতা, গণমাধ্যমকর্মীসহ বৃহত্তর পরিসরে জনগণকে সম্পৃক্ত করার প্রচেষ্টাকে এটা সম্প্রসারিত করবে। সব ধরনের শিক্ষা ব্যবস্থায় জীবন দক্ষতা বৃদ্ধির পাঠ্যসূচি গ্রহণ ও তা বাস্তবায়নেও সহায়তা করবে জাতিসংঘ। এই পাঠ্যসূচিতে জেন্ডার সমতা ও সম্মতির মূল্য শিক্ষা এবং নিরাপদ ও জেন্ডার সমতাভিত্তিক শিক্ষার পরিবেশ এগিয়ে নেওয়ার বিষয় থাকবে।

সহিংসতার ঘটনায় সাড়া প্রদানের ক্ষেত্রে আক্রান্তের বিষয়গুলো ঘিরে এগোবে জাতিসংঘ। এক্ষেত্রে স্বাস্থ্য, পুলিশ, বিচার ও সমাজকল্যাণসহ প্রয়োজনীয় সেবাদাতাদের সমন্বয়, জবাবদিহি ও সক্ষমতা বৃদ্ধিতে কাজ করা হবে। জিবিভি সেবা আরো বিস্তৃত করার লক্ষ্যে সম্পদের বরাদ্দ যেন আরো বাড়ানো যায় এবং অর্থায়নের নতুন নতুন জায়গা তৈরি হয় সে লক্ষ্যে কাজ করবে জাতিসংঘ। বাংলাদেশের গ্রামীণ নারীদের এখনও জিবিভি সেবা পাওয়ার সুযোগ সীমিত। সক্ষমতা বৃদ্ধি ও কারিগরি সহায়তার মাধ্যমে নারী কয়েদিদের চিকিৎসা ও নন-কাস্টোডিয়াল পদক্ষেপ সংক্রান্ত জাতিসংঘের বিধি-বিধান প্রতিপালন এগিয়ে নেওয়া হবে।



ছবি: গুগল


**ছবি**: ইউএনআরসিও বাংলাদেশ

জেন্ডার সমতা এগিয়ে নেওয়া ও জিবিভি নিরসন এবং দায়িত্বে নিয়োজিতদের জবাবদিহি নিশ্চিতে নীতি পরিবর্তন প্রক্রিয়ায় সুশীল সমাজ প্রতিনিধি ও নারী আন্দোলনের প্রতিনিধিদের সম্পৃক্ততা বৃদ্ধির লক্ষ্যে কাজ করবে জাতিসংঘ। এর আওতায় একটি সরকারি কর্মপদ্ধতি প্রতিষ্ঠায় সহায়তার বিষয় রয়েছে, যেখানে জেন্ডার সমতা ও নারী অধিকার নিয়ে কর্মরত সুশীল সমাজ সংগঠনের বিভিন্ন খাতের নীতি সংক্রান্ত প্রক্রিয়া সম্পর্কে অবহিত করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। নারী, কন্যা শিশু ও অন্যান্য অধিকারকর্মী বিশেষ করে যারা গোষ্ঠীগত সহিংসতার শিকার এবং নারী সংগঠনের প্রতিনিধিদের জাতীয় ও স্থানীয় পর্যায়ে পরামর্শমূলক ও নীতি প্রণয়ন প্রক্রিয়ায় সম্পৃক্ততা ও ভূমিকা রাখার সক্ষমতা বৃদ্ধিতে কাজ করবে জাতিসংঘ। এই মধ্যস্থতার ভূমিকাকে কাজে লাগিয়ে জাতিসংঘ সেই সব নারী নেতৃত্বকে সহায়তায় বিভিন্ন নেটওয়ার্ক গড়ে তুলতে ভূমিকা রাখবে, যারা বিভিন্ন পেশাজীবী নেটওয়ার্ক, সংসদ সদস্য, সুশীল সমাজ সংগঠনের নেটওয়ার্ক, সামাজিক যোগাযোগ মাধ্যম নেটওয়ার্ক ও তরুণ গ্রুপগুলোর সঙ্গে কাজ করেন।

এই দ্বিমুখী অ্যাপ্রোচে এমন একটি পরিবেশ সৃষ্টিতে সহায়তা করবে যেখানে নারী, কন্যা শিশু ও তৃতীয় লিঙ্গের লোকজন পুরুষ ও ছেলে শিশুদের সমান হবে, তাদের অধিকার ভোগ করতে পারবে, তাদের সার্বিক জীবন ব্যবস্থার ওপর প্রভাব বিস্তারকারী বিষয়গুলো নিয়ে নীতি-নির্ধারণ প্রক্রিয়ায় অংশ নিতে পারবে এবং সব ধরনের লিঙ্গভিত্তিক বৈষম্য ও সহিংসতা থেকে মুক্ত থাকবে। কাঙ্ক্ষিত ফল ৫ অর্জনে জাতিসংঘ যেসব ভূমিকা রাখবে, সেগুলো কোঅপারেশন ফ্রেমওয়ার্কের অন্যান্য বিষয়গুলো অর্জনেও কাজে দেবে। জেন্ডার সমতা এবং নারী ও কন্যা শিশুদের ক্ষমতায়নে জাতীয় ও আন্তর্জাতিক অঙ্গীকারসমূহ প্রতিপালন এবং সুশীল সমাজের সামাজিক জবাবদিহি নিশ্চিতে প্রতিষ্ঠানগুলোকে শক্তিশালীকরণে জাতিসংঘের এই তৎপরতার নানামুখী প্রভাব রয়েছে।

# অংশীদারিত্ব

দ্বিমুখী দৃষ্টিকোণ থেকে কার্যক্রম পরিচালনার মাধ্যমে জেন্ডার সমতা ও লিঙ্গভিত্তিক সহিংসতা নিরসন নিশ্চিতের কাঙ্ক্ষিত ফল অর্জনে সরকার, সরকারি ও বেসরকারি খাতসহ সুশীল সমাজ সংগঠনগুলোর সঙ্গে ভার্টিকালি ও হরাইজোনটালি কাজ করতে হবে।

জাতিসংঘ সরকারি মন্ত্রণালয়, সংসদ সদস্য, স্থানীয় সরকার ও প্রশাসন, উর্দ্ধতন নীতি-নির্ধারক ও প্রধানমন্ত্রীর দপ্তর, মালিক ও শ্রমিক সংগঠন, স্থানীয় পর্যায়ের প্রশাসনিক কর্তৃপক্ষ, বেসরকারি খাত, পরিবহন কর্তৃপক্ষ, পুলিশ ও বিচার বিভাগ, সিটি করপোরেশন, শিক্ষা প্রতিষ্ঠান, নারী আন্দোলনসহ সুশীল সমাজ সংগঠন, সামাজিক যোগাযোগ মাধ্যম ও মূলধারার গণমাধ্যম, উন্নয়ন অংশীদার, সমাজের মুরুব্বি ও ধর্মীয় নেতা এবং সমাজ পরিবর্তনে ভূমিকা পালনকারী অন্যান্যদের সঙ্গে সমন্বয়ের ভিত্তিতে কাজ করবে জাতিসংঘ। সহযোগিতার প্রধান অংশীদারদের বিস্তারিত পরিশিষ্ট ১ এর ফলাফল ম্যাট্রিক্স-এ উল্লেখ করা হলো।



**ছবি:** ডবিওএইচও

# ২.৫ সহযোগিতা কাঠামোর কাঙ্ক্ষিত ফলসমূহের মেলবন্ধন

টেকসই উন্নয়ন লক্ষ্য, কৌশলগত অগ্রাধিকার ও পাঁচটি কাঙ্ক্ষিত ফল একটি অপরটির সঙ্গে সম্পর্কিত এবং এগুলো পরস্পরকে গতিশীল করবে। একটি ফল অর্জনের পথে অগ্রগতি অন্যান্য ফল অর্জনকে এগিয়ে নেবে।

সরকারকে জাতিসংঘের সহায়তা পরিকল্পনায় এই সমন্বয় রয়েছে, যা বিশেষ কিছু প্রতিপাদ্য নিয়ে অনেকগুলো কৌশলগত অগ্রাধিকারের মধ্য দিয়ে বাস্তবায়ন হবে। উদাহরণস্বরূপ জলবায়ু কার্যক্রম একটি আন্তঃখাতমূলক অগ্রাধিকার যেখানে অভিযোজন (এসপি১ এর আওতায় অভিঘাত সহনশীল অবকাঠামো, এসপি৩- এ জলবায়ু সহনশীল কৃষি, এসপি২ তে জলবায়ু সহনশীল ওয়াশ স্থাপনা), প্রশমন (নবায়নযোগ্য জ্বালানি উৎস, এসপি৩ এর আওতায় টেকসই কৃষি, এসপি২ তে জলবায়ু পরিবর্তনের প্রভাবজনিত বিষয়গুলোতে কিশোর-কিশোরী ও তরুণদের সম্পৃক্ততা ও অংশগ্রহণ), অভিঘাত সহনশীলতা তৈরিতে (এসপি১ ও এসপি৩ এর আওতায় অভিঘাত সহনশীল জীবিকা, এসপি২ এর আওতায় সামাজিক সুরক্ষা ও মৌলিক সেবা সংক্রান্ত নীতিতে জলবায়ু ও দুর্যোগ সংক্রান্ত নীতিসমূহের সমন্বয় এবং এসপি৩ এর আওতায় জরুরি পরিস্থিতি মোকাবেলার প্রস্তুতি ও দুর্যোগ ঝুঁকি কমানো) সহায়তার লক্ষ্যে বহু খাত নিয়ে কাজ করা হবে। একইভাবে তরুণদের বিষয়েও নানা খাত নিয়ে কাজ হবে (অর্থনৈতিক সুযোগ সৃষ্টি, শিক্ষা ও অন্যান্য সামাজিক সেবায় প্রবেশাধিকার, অভিঘাত সহনশীলতা তৈরি এবং ভিন্ন ভিন্ন কৌশলগত অগ্রাধিকারের বিষয়গুলোতে অংশগ্রহণমূলক ব্যবস্থাপনা)।

বাংলাদেশের জন্য কোঅপারেশন ফ্রেমওয়ার্কে জেন্ডার সমতা নিয়ে বিশেষ কৌশলগত অগ্রাধিকার অন্তর্ভুক্তির পাশাপাশি অন্য সবগুলো কৌশলগত অগ্রাধিকারে জেন্ডার-বেসড ও জেন্ডার সংবেদনশীল কৌশল ও লক্ষ্য অন্তর্ভুক্ত করায় কাঙ্ক্ষিত ফলগুলোর একটির অপরটিকে এগিয়ে নেওয়া আরো ত্বরান্বিত হবে। জেন্ডার সমতা এবং নারী ও কন্যা শিশুদের ক্ষমতায়ন সবগুলো কৌশলগত অগ্রাধিকার এবং এই সহযোগিতা কাঠামোর কাঙ্ক্ষিত ফল অর্জনের দিকে অগ্রগতি অর্জনে বিশেষ ভূমিকা রাখবে।

সহযোগিতা কাঠামোয় আদর্শিক ভূমিকার অংশ হিসেবে জাতিসংঘ মৌলিক মানবাধিকার রক্ষায় করায় বৈশ্বিক ও আঞ্চলিক পর্যায়ে বাংলাদেশের করা অঙ্গীকারসমূহ প্রতিপালনে সরকারকে সহযোগিতা করবে। ইউনিভার্সাল পিরিওডিক রিভিউ ছাড়াও নারীর প্রতি সব ধরনের বৈষম্য বিলোপ সনদ, প্রতিবন্ধী ব্যক্তির অধিকার সংক্রান্ত জাতিসংঘ সনদ, শিশু অধিকার সনদ এবং পরিবেশ ও শ্রম সংশ্লিষ্ট অনেক সনদসহ সব আন্তর্জাতিক সনদ অনুসমর্থনকারী দেশ হিসেবে বাংলাদেশকে মৌলিক মানবাধিকার রক্ষার অঙ্গীকারসমূহ পূরণ করতে হবে। মানবাধিকার সংক্রান্ত সুপারিশসমূহ এবং এ বিষয়ক পর্যালোচনাসমূহও কৌশলগত অগ্রাধিকারের ক্ষেত্রগুলোতে জাতিসংঘের সমন্বয়ের পরিকল্পনা ও বাস্তবায়ন প্রক্রিয়ায় বিবেচনায় নেওয়া হবে।

# ২.৬ স্থায়িত্ব

২০২১ থেকে ২০২৫ সালের জন্য প্রণীত অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনায় রূপকল্প ২০৪১ এর লক্ষ্যসমূহ অর্জনের দিকে এগিয়ে যাওয়ার প্রাথমিক অগ্রাধিকার, কৌশল ও ধারাবাহিকতার পথরেখা দেওয়া হয়েছে। এই কোঅপারেশন ফ্রেমওয়ার্ক প্রণয়নকালে বিশ্লেষণ ও পরামর্শমূলক প্রক্রিয়ায় ২০৪১ সাল পর্যন্ত এসব মধ্য ও দীর্ঘমেয়াদি পরিকল্পনা, লক্ষ্য, চ্যালেঞ্জ ও সুযোগসমূহের বিষয়গুলো বিবেচনায় নেওয়া হয়েছে। তাই কোঅপারেশন ফ্রেমওয়ার্ক ও জাতীয় উন্নয়ন অগ্রাধিকার ও পরিকল্পনাসমূহের সম্মিলনের মধ্য দিয়ে কাঙ্ক্ষিত ফলগুলোর প্রভাব যাতে ২০২৫ সালের পরেও থাকে তা নিশ্চিত করা হবে।

২০30 এজেন্ডার সঙ্গে সঙ্গতি রেখে বাংলাদেশে স্বচ্ছতা ও পারস্পরিক শ্রদ্ধার ভিত্তিতে টেকসই উন্নয়ন লক্ষ্য অর্জিত হোক, তা নিশ্চিত করতে চায় কোঅপারেশন ফ্রেমওয়ার্ক। জাতিসংঘ তার কাজ সরকার, জাতীয় অংশীদার, অন্যান্য বহুপাক্ষিক প্রতিষ্ঠান এবং আন্তর্জাতিক সম্প্রদায়ের সঙ্গে (সরকার নেতৃত্বাধীন উন্নয়ন সমন্বয় কাঠামোর মধ্য দিয়ে) সমন্বয় করতে চায়।
কোঅপারেশন ফ্রেমওয়ার্কের ফলগুলো স্থায়ী করার লক্ষ্যে গুরুত্বপূর্ণ একটি কাজ হতে পারে ইন্টিগ্রেটেড ন্যাশনাল ফাইন্যান্সিং ফ্রেমওয়ার্ক (আইএনএফএফ) প্রণয়নে সহায়তা করা। মধ্যমেয়াদী এই ফ্রেমওয়ার্কের লক্ষ্য হবে এসডিজি ফাইন্যান্সিং মেকানিজম প্রতিষ্ঠা ও বাস্তবায়নে সরকারকে সহযোগিতা করা। এই মেকানিজমে কাউকে পশ্চাতে রেখে নয়, অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনার সঙ্গে সঙ্গতিপূর্ণ জেন্ডার সমতা এবং 'পুরো সমাজ' ও 'পুরো সরকার' দৃষ্টিভঙ্গি নিয়ে এগিয়ে যাওয়ার বিষয়ে বিশেষ মনোযোগ দেওয়া হবে।

কোঅপারেশন ফ্রেমওয়ার্কের একটি প্রারম্ভিক কৌশল হচ্ছে, অন্তর্ভুক্তিমূলক, সমতাভিত্তিক, টেকসই উন্নয়ন ও মানবাধিকার সুরক্ষার লক্ষ্যে জাতীয় ও স্থানীয় পর্যায়ে সরকারি প্রতিষ্ঠানসমূহের সক্ষমতা ও জবাবদিহি বৃদ্ধি, সুশীল সমাজ সংগঠন, এনজিও ও কমিউনিটি নেতৃবৃন্দসহ লোকালয়ভিত্তিক সংগঠনগুলোর সঙ্গে অংশীদারিত্ব তৈরি। এই দুই ধারার বিষয়ে গুরুত্ব দেওয়া হবে সব ধরনের মানুষের কাছে পৌঁছানো এবং তাদের অর্থবহ অংশগ্রহণ নিশ্চিত করার বিষয়ে সরকারের সব পর্যায়ের অঙ্গীকার নিশ্চিত করার ওপর।



**ছবি**: আইএলও বাংলাদেশ

# ২.৭ জাতিসংঘের তুলনামূলক সুবিধা এবং জাতিসংঘ কান্ট্রি টিম কলেবর

২০২১ সালে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন করছে বাংলাদেশ। এই জাতিসংঘ ব্যবস্থাকে দেখা হচ্ছে বাংলাদেশের জনগণ ও সরকারের নির্ভরযোগ্য অংশীদার হিসেবে। সব পর্যায়ে বিভিন্ন অংশীজনকে সম্পৃক্ত করা ও অংশীদারিত্ব প্রতিষ্ঠার ক্ষেত্রে নিরপেক্ষ সংগঠকের ভূমিকা পালন করে জাতিসংঘ। এই বিশ্ব সংস্থার রয়েছে একটি শক্তিশালী বৈশ্বিক নেটওয়ার্ক, যার মাধ্যমে জরুরি মানবিক পরিস্থিতির প্রস্তুতি ও সাড়া প্রদান এবং অগ্রণী উন্নয়ন চ্যালেঞ্জগুলোর বিষয়ে আন্তর্জাতিক বিশেষায়িত জ্ঞানের সমাহার ঘটাতে পারে। জাতিসংঘের রয়েছে এক অনন্য শক্তি, যা তার স্বতন্ত্র উন্নয়ন প্রচেষ্টার মধ্যে নিহিত। এই উন্নয়ন প্রচেষ্টার সবচেয়ে গুরুত্বপূর্ণ দিক হচ্ছে, সাধারণ মানুষের কথা বিবেচনায় নিয়ে কর্মসূচি প্রণয়নের মূলনীতিসমূহ, যার কেন্দ্রে রয়েছে কাউকে পশ্চাতে না রাখা, মানবাধিকার রক্ষা, জেন্ডার সমতা ও নারীর ক্ষমতায়ন, টেকসই পরিবেশ, স্বচ্ছতা ও জবাবদিহিতা। জাতিসংঘের তুলনামূলক সুবিধা হলো, বাংলাদেশের সঙ্গে নানা আঙ্গিকে দীর্ঘ দিনের সম্পর্ক এবং বাংলাদেশের সরকার ও সুশীল সমাজের সঙ্গে ঐতিহাসিক বন্ধন। কর্মসূচি বাস্তবায়নে জাতিসংঘের রয়েছে শত শত সুশীল সমাজ সংগঠন এবং তথ্য-প্রমাণ সংগ্রহ ও জ্ঞান আহরণে রয়েছে দেশের সবচেয়ে ভালো গবেষণা সংস্থা ও পরামর্শক প্রতিষ্ঠানগুলো। বাংলাদেশের শ্রমিক সংগঠন ও মালিক সমিতিগুলোর সঙ্গে ঘনিষ্ঠ সম্পর্ক রয়েছে জাতিসংঘের এবং এদেশে সরকার, মালিক ও শ্রমিকদের ত্রিপক্ষীয় আলোচনার ক্ষেত্রে জাতিসংঘ দীর্ঘ দিন সংগঠকের ভূমিকা পালন করে আসছে। শিক্ষা প্রতিষ্ঠানকেন্দ্রিক বা কিশোর-কিশোরী ও তরুণদের কাছে পৌছানোর জন্য মডেল ইউনাইটেড নেশনস এর মাধ্যমে যে কর্মসূচিই হোক না কেন জাতিসংঘের একটি লক্ষ্য থাকে বাংলাদেশের তরুণ প্রজন্মের চিন্তা-ভাবনা ধারণ করা।

আন্তর্জাতিক সনদ ও চুক্তিসমূহ যেন মেনে চলা হয়, তা নিশ্চিতে কাজ করে জাতিসংঘ। সেই জায়গা থেকে যে সব আন্তর্জাতিক সনদ ও চুক্তিতে বাংলাদেশ স্বাক্ষর করেছে, সেগুলোর সুপারিশসমূহ প্রতিপালনের মাধ্যমে এ বিষয়ক দায়িত্ব ও বাধ্যবাধকতা সম্পূর্ণভাবে যেন মেনে চলা হয়, সেজন্য জাতিসংঘের উন্নয়ন ব্যবস্থা দেশের কাঠামো ও চর্চায় আন্তর্জাতিক মানদণ্ড ও রীতি-নীতি প্রতিষ্ঠায় বাংলাদেশকে সহযোগিতা করে। মানবাধিকার, শিক্ষা, স্বাস্থ্য, পুষ্টি, ন্যায়বিচার ও আইনের শাসন, শ্রমিকের অধিকার ও কর্মপরিবেশ, শাসন ব্যবস্থা ও পরিবেশসহ নানা বিষয়ে আন্তর্জাতিক মানদণ্ড প্রতিষ্ঠায় বাংলাদেশকে সহায়তায় জাতিসংঘ বৈশ্বিক, আঞ্চলিক ও জাতীয় পর্যায়ের বিশেষায়িত জ্ঞানের সমাবেশ ঘটাতে পারে।

জাতিসংঘের পুরো সিস্টেমজুড়ে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্য থাকবে জাতিসংঘ কান্ট্রি টিম। কোঅপারেশন ফ্রেমওয়ার্কের অন্তত একটি কাঙ্ক্ষিত ফল অর্জনে ভূমিকা রাখতে সব আবাসিক ও অনাবাসিক সংস্থাকে অনুর্ভুক্ত করা হবে ইউএনসিটিতে। অধিকন্তু ইউএনসিটি আরও এক সেট সংস্থার কারিগরি সক্ষমতা বৃদ্ধিতে কাজ করবে, যেসব সংস্থা এই নথিতে স্বাক্ষরকারী পক্ষ নয়। এই কোঅপারেশন ফ্রেমওয়ার্ক বাস্তবায়নের মূল দায়িত্ব ইউএনসিটি সদস্যদের ওপর বর্তাবে বলে বৃহত্তর ইউএন সিস্টেম থেকে প্রয়োজন অনুযায়ী আরও বিশেষায়িত জ্ঞানের সমাবেশ ঘটানো হবে। তা জাতিসংঘের আঞ্চলিক ও বৈশ্বিক পর্যায়ের নেটওয়ার্ক থেকেও নেওয়া হবে। সবচেয়ে আধুনিক ও অগ্রগতিসম্পন্ন অনুশীলনের উপদেশদাতার ভূমিকা পালনে জাতিসংঘের জন্য এই অতিরিক্ত বিশেষ দক্ষতা দরকার হবে। প্রয়োজন অনুযায়ী বৃহত্তর ইউএন সিস্টেম থেকে রিসোর্স ব্যবহার করতে হবে এবং জাতিসংঘের আবাসিক সমন্বয় কারী বিশেষ দক্ষতাকে কাজে লাগাতে সবচেয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবেন।

বাংলাদেশের স্বল্পোন্নত দেশের তালিকা থেকে উত্তরণ এবং এর কারণে অনেক দ্বিপক্ষীয় অংশীদারের সঙ্গে উন্নয়ন সহযোগিতার ধরনে পরিবর্তন ঘটছে। এই অবস্থায় জাতিসংঘ এমনভাবে সহযোগিতা করতে চায় যা দেশের মধ্যে দেখা দেওয়া চ্যালেঞ্জগুলো মোকাবেলা এবং নতুন আন্তর্জাতিক প্রেক্ষাপটের জন্য উপযুক্ত ও মানানসই হবে। এর জন্য জাতিসংঘকে তার অনাবাসিক সংস্থাগুলোর সক্ষমতাকে কাজে লাগাতে হবে। উদাহরণস্বরূপ, শিল্প ও বাণিজ্যে রূপান্তশীল কৌশলের জন্য UNCTAD ও ESCAP, শিল্পের অভ্যন্তরীণ নানা খাতের জন্য UNIDO, নগরায়নের ক্ষেত্রে (সড়ক নিরাপত্তা এবং পরিকল্পনা ও নীতি প্রণয়নসহ) ইউএন-হ্যাবিটাট, প্রাকৃতিক দুর্যোগ সামলে নেওয়ার সক্ষমতা জোরদার ও দুর্যোগ ঝুঁকি কমাতে ইউএনডিআরআরকে কাজে লাগাতে হবে। দূষণ রোধ ও নবায়নযোগ্য জ্বালানিতে রূপান্তরসহ এ ধরনের নানা বিষয়ে এশিয়া প্রশান্ত মহাসাগরীয় আঞ্চলিক জোটের সঙ্গে বাংলাদেশের সম্পৃক্ততা নিয়েও কাজ করবে ইউএনসিটি। বাংলাদেশে জাতিসংঘের যে সব সংস্থার অফিস রয়েছে সেগুলোর সক্ষমতা বৃদ্ধিতে এই বিশ্ব সংস্থার সদরদপ্তর থেকে আরও রিসোর্স ও সহযোগিতা দিয়ে সক্ষমতা বাড়াতে হবে, যাতে সেগুলো এই কোঅপারেশন ফ্রেমওয়ার্কের কৌশলগুলো অগ্রাধিকারের বিস্তৃত পরিসরে সরকারকে সহযোগিতা করতে পারে।



ছবি: ইউএনডিপি বাংলাদেশ

# অধ্যায়

# ৩

# কোঅপারেশন ফ্রেমওয়ার্কে
## বাস্তবায়নের পরিকল্পনা

# ৩.১. শাসন ব্যবস্থা

## মূল্যায়ন ২০১৭-২০২১

কোঅপারেশন ফ্রেমওয়ার্কে সর্বোচ্চ গভর্নিং বডি হবে বাংলাদেশ সরকার ও জাতিসংঘের সমন্বয়ে গঠিত যৌথ পরিচালনা কমিটি (জেএসসি)। কোঅপারেশন ফ্রেমওয়ার্কে বাস্তবায়নে মতামত ও নির্দেশনা দেয়ার জন্য বছরে দুবার বৈঠকে বসবে জেএসসি। ২০১৭-২০২১ এর জাতিসংঘ উন্নয়ন সহায়তা কাঠামোর (ইউএনডিএএফ) মূল্যায়নে দেখা গেছে, জেএসসি একটি কৌশলগত পর্যায়ের কাঠামোতে পরিণত হয়েছে। এটি নতুন ইউএনএসডিসিএফ-এ ভূমিকা রাখতে সক্ষম এবং যৌথ সম্মতির ভিত্তিতে ভবিষ্যতে নীতিবিষয়ক সংলাপের জন্য একটি ফোরাম হিসেবে কাজ করবে।

## বাংলাদেশে জাতিসংঘের এজেন্সি

কোঅপারেশন ফ্রেমওয়ার্কে বাস্তবায়ন এবং এর অধীনে গঠিত বিভিন্ন গ্রুপকে সার্বিক নির্দেশনা দেয়ার দায়িত্বে থাকবে জাতিসংঘ কান্ট্রি টিম (ইউএনসিটি)। এর নেতৃত্বে থাকবেন জাতিসংঘের আবাসিক সমন্বয়কারী। কোঅপারেশন ফ্রেমওয়ার্কে বার্ষিক যৌথ পরিকল্পনা, পর্যবেক্ষণ ও রিপোর্টিংয়ে নির্দেশনা দেয়ার জন্য জাতিসংঘের সংস্থাগুলোর প্রধানদের সভাপতিত্বে পাঁচটি কৌশলগত অগ্রাধিকার গ্রুপ (বা স্ট্র্যাটেজিক প্রয়োরিটি গ্রুপ) গঠন করা হবে। কৌশলগত অগ্রাধিকার গ্রুপগুলো জাতিসংঘ কান্ট্রি টিমের কাছে রিপোর্ট করবে। কর্মসূচীভিত্তিক পর্যায়ে, কর্মসূচি ব্যবস্থাপনা (অর্থাৎ প্রোগ্রাম ম্যানেজমেন্ট) টিমের মধ্যেই অগ্রাধিকারপ্রাপ্ত একাধিক (cross-priority) ইস্যুর সমন্বয় করা হবে। জাতিসংঘের সংস্থাগুলোর নিজস্ব প্রোগামিং ডকুমেন্ট যাতে কোঅপারেশন ফ্রেমওয়ার্কে ২০২২-২০২৬ এর কৌশলগত অগ্রাধিকার ও চূড়ান্ত ফলাফলের সাথে সামঞ্জস্যপূর্ণ হয় তা নিশ্চিত করবে জাতিসংঘ কান্ট্রি টিম।

# ৩.২. বাস্তবায়ন কৌশল এবং কৌশলগত অংশীদারিত্ব

জাতীয় পর্যায়ে কোঅপারেশন ফ্রেমওয়ার্কে  কার্যকরের বিষয়টি সামগ্রিক সমন্বয় করবে অর্থ মন্ত্রণালয়ের অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ইআরডি)। এর কার্যক্রম চলবে যৌথ কর্মপরিকল্পনা গ্রহণের মাধ্যমে (দেখুন সেকশন ৩.৩)।

কোঅপারেশন ফ্রেমওয়ার্কে মহামারী-পরবর্তী অর্থনৈতিক পুনরুদ্ধার ও স্বল্পোন্নত দেশের তালিকা থেকে উত্তরণের প্রক্রিয়ায় সমর্থন দেয়ার উপাদান রয়েছে। এ কাঠামোর কেন্দ্রে রাখা হয়েছে বাংলাদেশের সবচেয়ে ঝুঁকিতে থাকা জনগোষ্ঠীগুলোর উন্নয়নের আকাঙ্খাকে। কাঠামোর বাস্তবায়ন কৌশলে মূল দুটি উপাদান রয়েছে।

প্রথমত, জাতীয় উন্নয়ন অগ্রাধিকার ও এসডিজি অর্জনে সরকার ও জাতিসংঘের উন্নয়ন  সিস্টেমের মধ্যকার সহযোগিতা ও সম্পর্কের প্রতিফলন ঘটবে কোঅপারেশন ফ্রেমওয়ার্কে বাস্তবায়নে। কোঅপারেশন ফ্রেমওয়ার্ক নকশার সময় সরকার ও জাতিসংঘের যৌথ অংশগ্রহণ নিশ্চিত করা কতোটা গুরুত্বপূর্ণ তা জাতিসংঘ  UNDAF ২০১৭-২০২১ এর মূল্যায়নে স্পষ্টভাবে প্রতীয়মান, । জাতীয় অগ্রাধিকারের সাথে সামঞ্জস্য রাখার বিষয়টি নিশ্চিত হয় এর মাধ্যমে। দেশের পরিবর্তনশীল উন্নয়ন প্রেক্ষাপটে প্রাসঙ্গিক থাকা ও ভূমিকা রাখার জন্য জাতিসংঘের খাপ খাইয়ে নেয়ার প্রয়োজনীয়তাও তুলে ধরা হয় ওই মূল্যায়নে। মহামারির অনিশ্চয়তার কারণে যখন সরকার ও জাতিসংঘকে পরিবর্তনশীল প্রেক্ষাপট ও অগ্রাধিকার নিয়ে কাজ করতে হচ্ছে, তখনও যাতে কোঅপারেশন ফ্রেমওয়ার্কে জাতীয় অগ্রাধিকারের সাথে সামঞ্জস্যপূর্ণ থাকে-তা নিশ্চিত করার জন্য বাস্তবায়নের ক্ষেত্রেও সরকারের সাথে আলোচনা অব্যাহত থাকবে। যতোটা সম্ভব স্থানীয় পরামর্শক গ্রুপের (এলসিজি) ওয়ার্কিং গ্রুপ, দ্বিপাক্ষিক আলোচনা এবং কৌশলগত অগ্রাধিকার গ্রুপগুলোর বৈঠকের মতো বিদ্যমান নানা ফোরাম ও পদ্ধতির মাধ্যমেই সরকারের সাথে সম্পৃক্ততা রক্ষা করা হবে।

দ্বিতীয়ত, কোঅপারেশন ফ্রেমওয়ার্কে উচ্চাভিলাষী বহু খাত-সংশ্লিষ্ট ফলাফল অর্জনের জন্য সহযোগিতামূলক ও একত্রে কাজের মডেল নিয়ে কাজ করবে জাতিসংঘ। এর মধ্যে থাকবে, প্রাসঙ্গিক ক্ষেত্রে যৌথ প্রকল্প ও কর্মসূচি, যৌথ অ্যাডভোকেসি, যোগাযোগ ও সমন্বিত বাস্তবায়ন। থাকবে নানা ধরনের যৌথ তহবিল। এতে লেনদেন খরচ কমবে, অর্থের উপযুক্ত ব্যবহার হবে এবং স্কেল ও স্কোপ অর্থনীতির সর্বোচ্চ সুবিধা নেয়া যাবে।

কোঅপারেশন ফ্রেমওয়ার্কে আওতায় কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়নে সাহায্য করবে জাতিসংঘের সংস্থাগুলো। এর মধ্যে থাকতে পারে কারিগরি সহায়তা, নীতিগত পরামর্শ, প্রকল্প বাস্তবায়ন (সরাসরি অথবা অংশীদারদের মাধ্যমে), অ্যাডভোকেসি, গবেষণা ও সক্ষমতা বৃদ্ধি। নিজস্ব প্রকল্পের তথ্য ও কর্মপরিকল্পনা অনুসারে বেসরকারি সংস্থা এবং সুশীল সমাজের সংস্থাগুলোকেও সহায়তা দিতে পারে জাতিসংঘের সংস্থাগুলো।

অন্যান্য সহায়তার মধ্যে থাকতে পারে জাতিসংঘ কর্তৃক পরিচালিত বৈশ্বিক তথ্য ব্যবস্থা, জাতিসংঘের সংস্থাগুলোর কান্ট্রি অফিসের নেটওয়ার্ক এবং কনসালট্যান্ট ও উন্নয়ন সেবা প্রদানকারীদের রোস্টারসহ বিশেষায়িত তথ্য ব্যবস্থায় প্রবেশাধিকার। জাতিসংঘের বিশেষায়িত সংস্থাগুলোর নেটওয়ার্ক, তহবিল ও কর্মসূচি থেকেও সাহায্য পাওয়া যাবে। কর্মসূচির পরিকল্পনা, কর্মসূচিতে সহায়তা, কারিগরি সহায়তা, পর্যবেক্ষণ ও মূল্যায়ন কার্যক্রমের জন্য স্টাফ ও কনসালট্যান্ট নিয়োগ দেবে জাতিসংঘের সংস্থাগুলো।

কর্মসূচি বাস্তবায়নের বার্ষিক পর্যালোচনা ও অগ্রগতি সাপেক্ষে এবং কোঅপারেশন ফ্রেমওয়ার্কে সাথে মিল রেখে জাতিসংঘের সংস্থাগুলোর তহবিল বিতরণ করা হবে। তহবিলের ক্ষেত্রে ক্যালেন্ডার বর্ষ ধরে কাজ করা হবে। সংশ্লিষ্ট মন্ত্রণালয় এবং অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সাথে আলোচনার ভিত্তিতে প্রকল্পের নথি ও কর্মপরিকল্পনায় এ বাজেটের বিস্তারিত তথ্য ও পর্যালোচনা উল্লেখ থাকবে। সরকার ও জাতিসংঘ ডেভেলপমন্ট সিস্টেমের পারস্পরিক সম্মতির ভিত্তিতে তহবিল অন্য কোনো সমান গুরুত্বপূর্ণ কর্মসূচিভিত্তিক কার্যক্রমে স্থানান্তর করা যাবে। তবে যেসব তহবিলে দাতারা জাতিসংঘ উন্নয়ন সিস্টেমকে নির্দিষ্ট করে কোনো কাজের শর্ত উল্লেখ করে দেন, সে তহবিলের ক্ষেত্রে এটা প্রযোজ্য হবে না।

কোঅপারেশন ফ্রেমওয়ার্কে চাহিদা পূরণের জন্য প্রয়োজনীয় তহবিল সংগ্রহের চেষ্টায় জাতিসংঘের সংস্থাগুলোকে সহায়তা করবে সরকার। এ সহযোগিতার মধ্যে থাকবে কর্মসূচির যেসব খাতে অর্থায়ন নেই, সেগুলোর বাস্তবায়নে জাতিসংঘের সংস্থাকে তহবিল দেয়ার জন্য সম্ভাব্য দাতা সরকারগুলোকে উৎসাহিত করা, জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে বেসরকারি খাতসহ অন্যান্য উৎস থেকে তহবিল সংগ্রহের চেষ্টাকে সমর্থন দেয়া এবং বাংলাদেশের ব্যক্তি, কর্পোরেশন বা ফাউন্ডেশনকে এই কর্মসূচিতে অর্থসহায়তা দেয়ার অনুমতি দেয়া। এই সহায়তার ক্ষেত্রে দাতা বিদ্যমান আইনের আওতায় যতোটা সম্ভব ততোটা কর অব্যাহতি পাবেন।


**ছবি**: ইউএনডিপি বাংলাদেশ

দেশের বিদ্যমান ব্যবস্থার সাথে মিল রেখে ভ্রমণ, সম্মানী ও আনুষাঙ্গিক ভাতা, এবং অন্যান্য ব্যয়ের মাত্রা নির্ধারণ করা হবে। তবে এ ব্যয় জাতিসংঘ সিস্টেমের জন্য নির্ধারিত অর্থের চেয়ে বেশি হবে না (আইসিএসসি সার্কুলারে যেমনটা উল্লেখ আছে)।

# ৩.৩. যৌথ কর্মপরিকল্পনা

## যৌথ কর্মপরিকল্পনা বাস্তবায়ন

কোঅপারেশন ফ্রেমওয়ার্কে কার্যকর বাস্তবায়নের জন্য সরকার ও অন্যান্য অংশীদারদের সাথে মিলে জাতিসংঘের সংস্থাগুলো বার্ষিক যৌথ কর্মপরিকল্পনা প্রণয়ন করবে, এর তদারকি করবে এবং প্রতিবেদন দেবে। যৌথ কর্মপরিকল্পনা জাতীয় অগ্রাধিকারের প্রাধান্য নিশ্চিত করবে এবং উন্নয়ন লক্ষ্য অর্জনের জন্য দেশের সক্ষমতাকে সমর্থন দেবে। এর বাস্তবায়নে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা হবে। যৌথ কর্মপরিকল্পনায় এমন সুনির্দিষ্ট ফলাফলের লক্ষ্যমাত্রা থাকবে, যা পরিমাপযোগ্য ও সময়-আবদ্ধ। জাতীয় অগ্রাধিকারে জাতিসংঘের অবদান ও সম্পৃক্ততা সম্পর্কে স্পষ্ট ধারণা পাওয়া যাবে এসব ফলাফল থেকে।

সম্পদের ব্যবহার প্রশ্নে প্রয়োজন হলে সরকারের সাথে আলোচনার মাধ্যমে যৌথ কর্মপরিকল্পনা, সংস্থাভিত্তিক কর্মপরিকল্পনা ও প্রকল্পের নথির সাহায্যে জাতিসংঘ ও প্রতিটি বাস্তবায়নকারী অংশীদারের মধ্যে একটি চুক্তি হবে। ফলাফল নিশ্চিত করার দায়িত্বে থাকা রেজাল্টস গ্রুপ প্রতি বছর কোঅপারেশন ফ্রেমওয়ার্কে প্রতিটি ফলাফলএর জন্য যৌথ কর্মপরিকল্পনা প্রণয়ন করবে।

জাতিসংঘের সংস্থাগুলো ও অংশীদাররা কর্মসূচিভিত্তিক উদ্যোগ বাস্তবায়নের জন্য যতোটা সম্ভব কম নথি ব্যবহার করবেন। প্রয়োজনীয় নথির মধ্যে থাকবে স্বাক্ষরিত কোঅপারেশন ফ্রেমওয়ার্কে, স্বাক্ষরিত যৌথ বা সংস্থাভিত্তিক কর্মপরিকল্পনা ও প্রকল্প নথি। তবে, প্রয়োজন পড়লে কোঅপারেশন ফ্রেমওয়ার্কে, যৌথ বা সংস্থাভিত্তিক কর্মপরিকল্পনা এবং/অথবা প্রকল্প নথির প্রাসঙ্গিক উদ্ধৃতি ব্যবহার করে প্রকল্প নথি প্রস্তুত করা যাবে।



**ছবি**: ইউএনআরকো _ ইউএনআইসি বাংলাদেশ



ছবি: ইউএনডিপি বাংলাদেশ

# অধ্যায়

# ৪

# পর্যবেক্ষণ ও
# মূল্যায়ন পরিকল্পনা

# ৪.১. পর্যবেক্ষণ পরিকল্পনা

## এসডিজি মনিটরিং ফ্রেমওয়ার্ক

কোঅপারেশন ফ্রেমওয়ার্কে পর্যবেক্ষণ পরিকল্পনা প্রাথমিকভাবে ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনার উন্নয়ন ফলাফল কাঠামো (DRF), ৩৯+১ জাতীয় অগ্রাধিকার সূচক ও এসডিজি পর্যবেক্ষণ কাঠামোর ভিত্তিতে তৈরি। জাতীয় পরিসংখ্যান সংস্থা, জাতীয় এসডিজি ট্র্যাকার এবং সংশ্লিষ্ট সরকারি সংস্থার প্রকাশিত তথ্য থেকে ভিত্তিরেখা (বেজলাইন) উপাত্ত সংগ্রহ করা হয়েছে। নতুন আনুষ্ঠানিক উপাত্ত পাওয়া সাপেক্ষে ফলাফল কাঠামোতে ভিত্তিরেখা (বেজলাইন) উপাত্ত ও লক্ষ্যমাত্রা হালনাগাদ করা হবে।

জাতিসংঘের উন্নয়ন সহায়তা কাঠামো (UNDAF) ২০১৭-২০২১ এর মূল্যায়নে পাওয়া যায়, একক জাতিসংঘ প্রতিষ্ঠান এবং যৌথ কর্মসূচির অর্জিত ফলাফলের সাথে UNDAF এর ফলাফল কাঠামোর সম্পর্কের ঘাটতি রয়েছে। এ বিষয়টি UNDAF ফলাফল কাঠামোতে উল্লেখিত ফলাফল অর্জনে জাতিসংঘের অবদান শনাক্ত করার ও তুলে ধরার সক্ষমতাকে চ্যালেঞ্জের মুখে ফেলেছে।

এই বাধা দূর করতে কোঅপারেশন ফ্রেমওয়ার্কে ফলাফল ও রিপোর্টিং কাঠামোর (RRF) নকশা ও বাস্তবায়নে কারিগরি সহায়তা দিবে পর্যবেক্ষণ ও মূল্যায়ন গ্রুপ (M&E Group)। জাতিসংঘের ডাটা গ্রুপের সাথে সমন্বয়ের ভিত্তিতে তারা উপাত্তের মান নিশ্চিতরণে সহায়তা এবং প্রমাণভিত্তিক অগ্রগতি তুলে ধরার বিষয়ে ফলাফল গ্রুপ ও ইউএনসিটি-কে পরামর্শ দিবে। এছাড়া সংস্থাগুলোরও স্পষ্ট অঙ্গীকার রয়েছে যে কোঅপারেশন ফ্রেমওয়ার্কে (UNSDCF) এর সাথে সঙ্গতি রেখেই তাদের কর্মসূচি গৃহীত হবে।

ফলাফল ও প্রতিবেদন কাঠামো (RRF) ইউএন ইনফো (UNINFO)তে আপলোড করা হবে। ত্রৈমাসিক ও বার্ষিক প্রতিবেদন এবং এর মান নিয়ন্ত্রণ নিশ্চিতকরণে ফলাফল গ্রুপকে সহায়তা করবে পর্যবেক্ষণ ও মূল্যায়ন গ্রুপ। প্রতিবছর যৌথ স্টিয়ারিং কমিটির প্রথম বৈঠকে ত্রৈমাসিক প্রতিবেদনের মাধ্যমে সংগৃহীত উপাত্তের ভিত্তিতে বিগত বছরের উন্নয়ন ফলাফল তুলে ধরবে ইউএনসিটি।

### মাঠ পর্যায়ে পর্যবেক্ষণ


ফলাফল, প্রক্রিয়া ও কার্যক্রম নিয়ে মাঠ পর্যায়ের তথ্য (গুণগত ও পরিমাণগত) সংগ্রহের অন্যতম প্রধান পদ্ধতি হবে যৌথ পর্যবেক্ষণ। সংশ্লিষ্ট সব বাস্তবায়নকারী অংশীদারের প্রতিনিধিত্ব নিশ্চিত করে মাঠ পর্যায়ে যৌথ পরিদর্শন করা হবে।

## কার্যক্রম ও আর্থিক ব্যবস্থাপনা পর্যবেক্ষণ

নগদ অর্থ হস্তান্তরের মাধ্যমে পরিচালিত সকল কার্যকলাপের পর্যবেক্ষণে জাতিসংঘের সংস্থাগুলোকে সহায়তা করার ব্যাপারে বাস্তবায়নকারী অংশীদাররা একমত হবেন। তারা নিশ্চিত করবেন যাতে সংশ্লিষ্ট আর্থিক রেকর্ড এবং জাতিসংঘের দেয়া অর্থ ব্যবস্থাপনায় জড়িত কর্মকর্তা-কর্মচারীদের কাছে জাতিসংঘের সংস্থাগুলোর প্রবেশাধিকার থাকে। এই প্রসঙ্গে বাস্তবায়নকারী অংশীদাররা নিম্নোক্ত বিষয়ে একমত:

১

মাঝেমধ্যে জাতিসংঘের সংস্থাগুলোর  প্রতিনিধিরা সশরীরে প্রকল্প এলাকা পরিদর্শনে যাবেন। কোনো পূর্বঘোষণা ছাড়া তাৎক্ষণিকভাবেই আর্থিক রেকর্ডস যাচাই করবেন তারা। জাতিসংঘের সংস্থাগুলোর  সাথে সম্পর্কের চুক্তিতে নির্দিষ্ট ধারায় এ বিষয়টি উল্লেখ রয়েছে।



২

প্রকল্প এলাকা পরিদর্শন ও মাঠ পর্যায়ে পর্যবেক্ষণে  জাতিসংঘের সংস্থাগুলোর যে মানদণ্ড ও নির্দেশনা রয়েছে, তা অনুসরণ করে কর্মসূচিভিত্তিক পর্যবেক্ষণ।

৩

বিশেষ বা পূর্বনির্ধারিত নিরীক্ষা: জাতিসংঘের প্রতিটি সংস্থা, জাতিসংঘ সিস্টেমের অন্যান্য সংস্থাকে সাথে নিয়ে একটি বার্ষিক নিরীক্ষা পরিকল্পনা গ্রহণ করবে। যেসব বাস্তবায়নকারী অংশীদারকে জাতিসংঘের সিস্টেম সংস্থাগুলো বড় অংকের নগদ অর্থ সহায়তা দিয়েছে এবং যাদের আর্থিক ব্যবস্থাপনার সক্ষমতা আরো মজবুত করা দরকার, এ পরিকল্পনায় তাদের নিরীক্ষায় প্রাধান্য দেয়া হবে । পরিকল্পনা প্রণয়নে সংশ্লিষ্ট সমন্বয়কারী মন্ত্রণালয়েরও মতামত নেয়া হবে।

## ৪.১.১. ঝুঁকি

কোভিড-১৯ মহামারী এবং এর বৈশ্বিক বিস্তারের কারণে সব ধরনের মধ্যম ও দীর্ঘমেয়াদী পরিকল্পনার ক্ষেত্রেই ঝুঁকির মাত্রা বেড়ে গেছে। বাংলাদেশের সাথে কোঅপারেশন ফ্রেমওয়ার্কে ক্ষেত্রেও একই বিষয় প্রযোজ্য। এমন তিনটি ঝুঁকি শনাক্ত করা হয়েছে যেগুলো ঘটার সম্ভাবনা প্রবল। কোঅপারেশন ফ্রেমওয়ার্কে পরিকল্পিত ফলাফল অর্জন এবং বাংলাদেশের উন্নয়ন পথের গতি কমিয়ে দিতে পারে এসব ঝুঁকি।

### অব্যাহত মহামারী :

স্বল্প ও দীর্ঘমেয়াদে যে ঝুঁকিটি সবচেয়ে বেশি দেখা যাচ্ছে তা হলো মহামারী অব্যাহত থাকা। অনেক দেশে দ্রুতগতিতে টিকাদান চললেও বিশ্বের অনেকে দেশেই কোভিড-১৯ এর তৃতীয় ও চতুর্থ ঢেউ চলছে। ২০২১ সালের শেষ নাগাদ মহামারী বিদায় নেবে কিনা তা এখনও স্পষ্ট নয়। ২০২২ সালের প্রথম ভাগেও এর প্রকোপ অব্যাহত থাকলে কোঅপারেশন ফ্রেমওয়ার্কে  আওতায় পুনরুদ্ধার কর্মসূচিতে জরুরি সাড়াদানের বিষয়গুলোই প্রাধান্য পেতে থাকবে। এছাড়া মানুষ ও পণ্যের চলাচলে বিধিনিষেধ, বৈশ্বিক চাহিদা কমে যাওয়া এবং সরবরাহ ব্যবস্থা বাধাগ্রস্ত হওয়ার সমস্যাগুলো মোকাবেলা করতে হবে উন্নয়ন কৌশলকে। বৈশ্বিক উৎপাদন না বাড়লে বাংলাদেশের অভিবাসী শ্রমিকদের চাহিদা কমবে এবং রেমিট্যান্স প্রবাহ কমে যাবে।

### জলবায়ু বিপর্যয়ের ঝুঁকি:

বিশ্বজুড়েই জলবায়ু-সম্পৃক্ত দুর্যোগের মাত্রা ও ভয়াবহতা বেড়ে চলেছে। এসব দুর্যোগে সবচেয়ে বেশি ঝুঁকিতে থাকা দেশগুলোর একটি বাংলাদেশ। ২০২০ সালে বাংলাদেশ দুই দশকের মধ্যে সবচেয়ে দীর্ঘস্থায়ী বন্যার কবলে পড়ে। বন্যার লম্বা সময় পরও অনেক মানুষ বাস্তুচ্যুত অবস্থায় রয়েছেন। প্রশমন ব্যবস্থার অনুপস্থিতিতে বিপর্যয়কর ঘটনা ঘটলে মানুষ ও অর্থনীতির বড় ধরনের ক্ষতি হতে পারে। এতে মানবিক সহায়তার চাহিদা বাড়বে, নানাভাবে মানুষ ও গোষ্ঠীর নিরাপত্তা বিঘ্নিত হবে। সর্বোপরি, টেকসই উন্নয়নের পথে দেশের অগ্রগতি বাধাগ্রস্ত হবে।

### অগ্রাধিকার এলাকাগুলোতে বিনিয়োগের তারতম্য:

জনমিতিক লভ্যাংশের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করতে শিক্ষা, স্বাস্থ্য ও শোভন কাজের মতো খাতগুলোতে সরকারের ব্যয় আরও বাড়ানো প্রয়োজন। একইসাথে পরিবেশবান্ধব ও সুনীল অর্থনীতির দিকে অর্থনৈতিক উন্নয়ন বিনিয়োগ স্থানান্তরের প্রয়োজন হবে। কারণ পরিবেশগত অবনমন ও প্রাকৃতিক দুর্যোগ বহুমাত্রিক দারিদ্র্যের অন্যতম কারণ হয়ে উঠছে। বিদ্যমান অগ্রাধিকারগুলো সমন্বয় করা না গেলে আর্থিক সীমাবদ্ধতার সময়ে অর্থনৈতিক প্রবৃদ্ধির মাধ্যমে দেশে বৈষম্য ও পরিবেশগত অবনমন আরো বাড়তে পারে।




**ছবি**: ডবিওএইচও

অর্থনীতি ও স্বাস্থ্যখাতে কোভিড মহামারীর বিরূপ প্রভাব প্রশমন করতে সরকারের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করছে জাতিসংঘ। কোভিড মহামারী ও স্বল্পোন্নত দেশ থেকে উত্তরণের প্রক্রিয়া বিবেচনায় নিয়েই ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়ন করেছে সরকার। সহযোগিতা কাঠামোতেও কোভিড মহামারী সংক্রান্ত ঝুঁকি প্রশমনের বিষয়টি বিবেচনায় রাখা হয়েছে। এছাড়া বন্যা ও ঘূর্ণিঝড়ের ক্ষয়ক্ষতি কমাতে আগাম পদক্ষেপসহ নানাভাবে জলবায়ু পরিবর্তনের চ্যালেঞ্জ মোকাবেলায় সরকারের সাথে খুব ঘনিষ্ঠভাবে কাজ করছে জাতিসংঘ। জলবায়ু পরিবর্তনের সাথে সম্পৃক্ত চ্যালেঞ্জ ব্যবস্থাপনা ও প্রশমনের জন্য কৌশলগত অগ্রাধিকার ৩ ও ৪ এর আওতায় সরকারের সাথে ঘনিষ্ঠভাবে কাজ অব্যাহত রাখবে জাতিসংঘ।

ঝুঁকি প্রশমনে কৌশলগত অগ্রাধিকার ১ এর আওতায় উদ্ভাবনী অর্থায়নসহ বিনিয়োগ ও এসডিজি অর্থায়নের ওপর সুনির্দিষ্টভাবে জোর দিয়েছে জাতিসংঘ। যা উন্নয়ন অর্থায়নের পরিবর্তনশীল চাহিদা ও দৃশ্যপট সামাল দিতেও সহায়তা করবে। কৌশলগত অগ্রাধিকার ২ এর আওতায় শিক্ষা, স্বাস্থ্য ও সামাজিক সুরক্ষার মতো মৌলিক সেবায় পর্যাপ্ত অর্থায়ন ও বিনিয়োগ নিশ্চিত করার দৃষ্টিভঙ্গিকে উৎসাহিত করবে জাতিসংঘ। কৌশলগত অগ্রাধিকার ১ ও ৩ এর আওতায় উৎসাহিত করা হবে পরিবেশবান্ধব ও অন্তর্ভুক্তিমূলক উন্নয়নে বিনিয়োগকে। জনমিতিক লভ্যাংশের সুবিধা ঘরে তোলার জন্য যাতে প্রয়োজনীয় বিনিয়োগ হয় তা নিশ্চিত করতে এরইমধ্যে বিদ্যমান কাঠামোর মাধ্যমে সরকারের সাথে কাজ শুরু করেছে জাতিসংঘ। ভবিষ্যতেও এ ধারা অব্যাহত থাকবে।

# ৪.১.২

## কোঅপারেশন ফ্রেমওয়ার্কে পর্যালোচনা ও রিপোর্টিং

ইউএনসিটি'র পক্ষে ফলাফল বিভাগ এবং পর্যবেক্ষণ ও মূল্যায়ন বিভাগ জাতিসংঘ সিসিএ ও কোঅপারেশন ফ্রেমওয়ার্কে বার্ষিক পর্যালোচনা করবে। এর লক্ষ্য থাকবে পরিকল্পিত ফলাফল অর্জনের পথে সার্বিক অগ্রগতি পরিমাপ, ঝুঁকি পর্যবেক্ষণ, মূল চ্যালেঞ্জ ও সুযোগ শনাক্ত করা এবং অর্জিত জ্ঞানের প্রতিফলন। বাংলাদেশ ও বৈশ্বিক পরিবর্তনশীল প্রেক্ষাপটে সিদ্ধান্ত ও কর্মপরিকল্পনা সংশোধনে সহায়তা করবে এটি।

এ পর্যালোচনার ভিত্তিতে প্রতিবছর ইউএনসিটি'র কান্ট্রি রেজাল্টস রিপোর্ট বা জাতীয় ফলাফল প্রতিবেদন প্রস্তুত হবে, যা যৌথ পরিচালনা কমিটির কাছে জমা দেয়া হবে। প্রাসঙ্গিকতা বজায় রাখার জন্য জাতিসংঘের কর্মসূচিতে কোনো পরিবর্তন প্রয়োজন হলে তার ব্যাখ্যা হিসেবে সরকার ও অংশীদারদের কাছে প্রমাণ তুলে ধরবে এ প্রতিবেদন। প্রয়োজনে সিসিএ হালনাগাদের জন্যও তথ্যের জোগান দেবে এটি। একইসাথে সহযোগিতা কাঠামো বাস্তবায়নের প্রাসঙ্গিকতা ও কার্যকারিতা বজায় রাখার লক্ষ্যে যৌথ কর্মপরিকল্পনা সংশোধনেও ভূমিকা রাখবে।

এসডিজি পর্যবেক্ষণ ও রিপোর্টিং সংক্রান্ত ছড়িয়ে ছিটিয়ে থাকা উপাত্ত সংগ্রহ, ব্যবহার, বিশ্লেষণ এবং মানসম্পন্ন উপাত্ত প্রস্তুতকরণের প্রাতিষ্ঠানিক সক্ষমতা জোরদার করতে জাতীয় পরিসংখ্যান প্রতিষ্ঠানসহ সরকারি সংস্থাগুলোকে সাহায্য করবে জাতিসংঘের ডাটা গ্রুপ। প্রমাণভিত্তিক নীতি অ্যাডভোকেসি, উদ্ভাবন ও প্রযুক্তির নলেজ শেয়ারিং/হস্তান্তরের জন্য সম্মিলিত প্রচেষ্টাতেও সহায়তা দেবে ডাটা গ্রুপ। কোঅপারেশন ফ্রেমওয়ার্কে আওতায় এই গ্রুপের দায়িত্ব হবে সংস্থাগুলোর কাছে তুলনাযোগ্য পরিসংখ্যান সরবরাহ করা।

## ৪.২. মূল্যায়ন পরিকল্পনা

মেয়াদ শেষ হওয়ার আগের বছর, অর্থাৎ ২০২৫ সালে নিরপেক্ষ কনসালট্যান্ট কর্তৃক কোঅপারেশন ফ্রেমওয়ার্কে একটি মূল্যায়ন করা হবে। কোঅপারেশন ফ্রেমওয়ার্কে বাস্তবায়ন শুরুর আগেও জাতিসংঘের আঞ্চলিক উন্নয়ন সমন্বয় কার্যালয়ের সহযোগিতায় একটি মূল্যায়ন করা হবে। কোঅপারেশন ফ্রেমওয়ার্কে উদ্দেশ্যগুলো যথাযথভাবে সংজ্ঞায়িত কিনা, এর ফলাফল বিশ্বাসযোগ্য ও নির্ভরযোগ্য উপায়ে মূল্যায়নযোগ্য কিনা-তা যাচাই করা হবে এতে। সব পর্যায়েই মূল্যায়নের ক্ষেত্রেই সরকারের সাথে আলোচনা করে নেয়া হবে।

সব অংশীদারদের নিয়ে একটি অন্তর্ভুক্তিমূলক ও অংশগ্রহণমূলক দৃষ্টিভঙ্গি নিশ্চিত করা হবে মূল্যায়নের টার্মস অব রেফারেন্সে। মূল্যায়ন দলের নিরপেক্ষতা এবং স্বাধীনতাও নিশ্চিত করা হবে এতে। জাতিসংঘের মূল্যায়ন গ্রুপের (UNEG) রীতি ও মানদণ্ড মেনেই কোঅপারেশন ফ্রেমওয়ার্কে মূল্যায়ন হবে। এতে OECD-DAC এর মূল্যায়ন মানদণ্ড অনুসরণ করা হবে এবং জেন্ডার সমতা ও মানবাধিকারভিত্তিক দৃষ্টিভঙ্গি ব্যবহার করা হবে। কর্মসূচির মেয়াদ শেষের সময় এতে সহায়তা দেয়া প্রতিটি সংস্থা পৃথকভাবে কর্মসূচির সমাপ্তি মূল্যায়ন করবে। আলাদা আলাদা এ মূল্যায়নের ফলাফল কোঅপারেশন ফ্রেমওয়ার্কে চূড়ান্ত মূল্যায়নে সহায়তা করবে।

# সংযোজনী ১: কোঅপারেশন ফ্রেমওয়ার্কে সূচক কাঠামো

## কৌশলগত অগ্রাধিকার ১:
## অন্তর্ভুক্তিমূলক ও টেকসই অর্থনৈতিক উন্নয়ন

চূড়ান্ত ফলাফল ১: ২০২৬ সালের মধ্যে বাংলাদেশের আরো বেশি মানুষ টেকসই জীবিকা ও শোভন কাজের সুযোগ পাবেন। দায়িত্বশীল, অন্তর্ভুক্তিমূলক, টেকসই, পরিবেশবান্ধব২৮ এবং সমতাভিত্তিক অর্থনৈতিক উন্নয়নের মাধ্যমে এ সুযোগ তৈরি হবে। এতে উপকৃত হবেন বিশেষত সমাজের সব শ্রেণি-লিঙ্গের প্রান্তিক মানুষ, ঝুঁকিতে থাকা জনগোষ্ঠী ও তুলনামূলক পিছিয়ে থাকা জেলাগুলোর বাসিন্দারা।

### সম্পৃক্ত জাতিসংঘের সংস্থাসমূহ:

সম্পৃক্ত জাতিসংঘের সংস্থাসমূহ: খাদ্য ও কৃষি সংস্থা (এফএও), আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল (ইফাদ), আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও), ইন্টারন্যাশনাল ট্রেড সেন্টার (আইটিসি), জাতিসংঘ পুঁজি উন্নয়ন তহবিল (ইউএনসিডিএফ), বাণিজ্য ও উন্নয়ন সংক্রান্ত জাতিসংঘ সম্মেলন (আঙ্কটাড), জাতিসংঘ উন্নয়ন কর্মসূচি (ইউএনডিপি), জাতিসংঘ এশীয় ও প্রশান্ত মহাসাগরীয় অর্থনৈতিক ও সামাজিক কমিশন (ইউএন-এসকাপ), জাতিসংঘ জনসংখ্যা তহবিল (ইউএনএফপিএ), জাতিসংঘ শিশু তহবিল (ইউনিসেফ), জাতিসংঘ শিল্প উন্নয়ন সংস্থা (ইউনিডো), ইউএনউইমেন।

### মূল অংশীদার:

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, শিল্প মন্ত্রণালয়, অর্থ মন্ত্রণালয়, পরিকল্পনা মন্ত্রণালয়, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা), বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা), বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক), বাংলাদেশ ব্যাংক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ইআরডি), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (এসআইডি), সাধারণ অর্থনীতি বিভাগ (জিইডি), ক্ষুদ্র ও মাঝারি শিল্প ফাউন্ডেশন (এসএমই ফাউন্ডেশন), জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড (বিটিইবি), স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ), চেম্বার অব কমার্স (এফবিসিসিআই ও ডিসিসিআই), বাণিজ্যিক সংস্থাসমূহ, আন্তর্জাতিক আর্থিক প্রতিষ্ঠানসমূহ, বাংলাদেশ এমপ্লয়ার্স ফেডারেশন (বিইএফ), নিয়োগকারী প্রতিষ্ঠান, শ্রমিক সংগঠন,নাগরিক সমাজ সংগঠন, শিল্প দক্ষতা পরিষদসমূহ, বিশেষজ্ঞ, এবং গবেষক ও শিক্ষাবিদগণ থিংকট্যাংকস এবং অ্যাকাডেমিয়া।

### ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনার আওতায় জাতীয় উন্নয়ন অগ্রাধিকার

- সামষ্টিক অর্থনৈতিক স্থিতিশীলতার মাধ্যমে অন্তর্ভুক্তিমূলক অর্থনৈতিক প্রবৃদ্ধি (বাণিজ্য ও বেসরকারি খাত উন্নয়নের মাধ্যমে সামষ্টিক অর্থনীতির জন্য অনুকূল পরিবেশ তৈরী করে অন্তর্ভুক্তিমূলক প্রবৃদ্ধি উৎসাহিত করা)
- দারিদ্র্য ও অসমতা হ্রাস (গোষ্ঠি বা অঞ্চল নির্বিশেষে দারিদ্র্য ও অসমতা হ্রাস)
- কর্মসংস্থান (টেকসই ও অন্তর্ভুক্তিমূলক প্রবৃদ্ধির জন্য উৎপাদনশীল ও শোভন কাজের সুযোগ বৃদ্ধি)

## টেকসই উন্নয়ন অভীষ্টে অবদান:

অভীষ্ট ১: দারিদ্র্য বিলোপ
অভীষ্ট ৪: গুনগত শিক্ষা
অভীষ্ট ৮: শোভন কর্মসুযোগ ও অর্থনৈতিক প্রবৃদ্ধি
অভীষ্ট ৯: শিল্প, উদ্ভাবন এবং অবকাঠামো
অভীষ্ট ১০: অসমতা হ্রাস
অভীষ্ট ১৭: লক্ষ্যমাত্রা অর্জনের জন্য অংশীদারিত্ব

| সূচক | ভিত্তিরেখা (বছর) | এজেন্ডা (বছর) | উপাত্ত সূত্র |
|---|---|---|---|
| সূচক ১.১: মাথাপিছু জাতীয় আয় (ডিআরএফ ০৪) | ২,০৬৪ মার্কিন ডলার (২০২০) | ৩,০৫৯ মার্কিন ডলার (২০২৫)[২৯] | বিবিএস, এসআইডি |
| সূচক ১.২: জাতীয় দারিদ্র্য সীমার নিচে থাকা জনসংখ্যার হার (ডিআরএফ ১৪, এসডিজি ১.২.১) | ইউপিএল: ২০.৫%<br>এলপিএল: ১০.৫%<br>(২০১৯) | ইউপিএল: ১৫.৬০%<br>এলপিএল: ৭.৪%<br>(২০২৫) | বিবিএস, এসআইডি, সিডি, জিইডি |
| সূচক ১.৩: বেকারত্বের হার, লিঙ্গভেদে (ডিআরএফ ৪৫, এসডিজি ৮.৫.২, এনপিআই ২২) | নারী: ৬.৭%<br>পুরুষ: ৩.১%<br>(২০১৭) | নারী: ২.১%<br>পুরুষ: ০.৮%<br>(২০২৫) | আদমশুমারি ও গৃহগণনা, ত্রৈমাসিক শ্রমশক্তি জরিপ (কিউএলএফএস), বিবিএস, এসআইডি |
| সূচক ১.৪: অবৈতনিক গৃহস্থালি ও পরিচর্যা কাজে সময় ব্যয়ের হার, লিঙ্গভেদে (ডিআরএফ ৭২, এসডিজি ৫.৪.১) | নারী: ২৩.৬%<br>পুরুষ: ৬.৯%<br>(২০১৭) | নারী: ২০%<br>পুরুষ: ১০%<br>(২০২৫) | বিবিএস-এর শ্রমশক্তি জরিপ (এলএফএস), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় |
| সূচক ১.৫: মোট বিনিয়োগ (জিডিপির অনুপাতে)<br>ক) বেসরকারি বিনিয়োগ (জিডিপির অনুপাতে)<br>খ) সরকারি বিনিয়োগ (জিডিপির অনুপাতে)<br>গ) প্রত্যক্ষ বিদেশি বিনিয়োগ (জিডিপির অনুপাতে) (ডিআরএফ ০৩) | ৩১.৭৫%<br>ক) ২৩.৬৩%<br>খ) ৮.১২%<br>গ) ০.৫৪%<br>(২০১৯) | ৩৬.৫৯%<br>ক) ২৭.৩৫%<br>খ) ৯.২৪%<br>গ) ৩.০০%<br>(২০২৫) | বিবিএস, এসআইডি, শিল্প মন্ত্রণালয়, অর্থ বিভাগ, বাংলাদেশ ব্যাংক, জিইডি |

[২৯] এই সূচকের সব লক্ষ্যমাত্রা এবং নিচের আরো কিছু সূচকের লক্ষ্যমাত্রা ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনার উন্নয়ন ফলাফল সূচক অনুসরণ করে ২০২৫ সালকে উল্লেখ করা হয়েছে। মধ্যমেয়াদি পর্যালোচনার সময় সরকারের সাথে আলোচনার ভিত্তিতে ইউএনএসডিসিএফ এর শেষ বছর, অর্থাৎ ২০২৬ সালের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হবে।

# কৌশলগত অগ্রাধিকার ২: মৌলিক সেবা ও সামাজিক সুরক্ষা

চূড়ান্ত ফলাফল ২: ২০২৬ সালের মধ্যে মানসম্মত, অন্তর্ভুক্তিমূলক, জেন্ডার ও অভিঘাত প্রতিবেদনশীল, সর্বজনীন, অভিঘাতসহিষ্ণু সামাজিক সুরক্ষা, সামাজিক নিরাপত্তা বেষ্টনী এবং মৌলিক সামাজিক সেবায় মানুষের অভিগম্যতা ও ব্যবহার বাড়বে। বিশেষত, প্রান্তিক এবং ঝুঁকিতে থাকা জনগোষ্ঠী আরো উন্নত সেবা পাবেন।

## সম্পৃক্ত জাতিসংঘের সংস্থাসমূহ:

খাদ্য ও কৃষি সংস্থা (এফএও), আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল (ইফাদ), আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও), আন্তর্জাতিক অভিবাসন সংস্থা (এইওএম), ইউএনএইডস, জাতিসংঘ পুঁজি উন্নয়ন তহবিল (ইউএনসিডিএফ), জাতিসংঘ উন্নয়ন কর্মসূচি (ইউএনডিপি), জাতিসংঘ শিক্ষা, বিজ্ঞান ও সংস্কৃতি সংস্থা (ইউনেস্কো), জাতিসংঘ জনসংখ্যা তহবিল (ইউএনএফপিএ), জাতিসংঘ শরণার্থী সংস্থা (ইউএনএইচসিআর), জাতিসংঘ শিশু তহবিল (ইউনিসেফ), জাতিসংঘ শিল্প উন্নয়ন সংস্থা (ইউনিডো), জাতিসংঘ মাদক ও অপরাধ বিষয়ক সংস্থা (ইউএনওডিসি), ইউএনউইমেন, বিশ্ব খাদ্য কর্মসূচি (ডব্লিউএফপি) এবং বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিউএইচও)।

## মূল অংশীদার:

কৃষি মন্ত্রণালয়, শিক্ষা মন্ত্রণালয়, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, খাদ্য মন্ত্রণালয়, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, সমাজকল্যাণ মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, বিদ্যুৎ বিভাগ, স্বাস্থ্যসেবা বিভাগ, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, স্বাস্থ্য অধিদপ্তর, মাদক নিয়ন্ত্রণ অধিদপ্তর, স্থানীয় সরকার বিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, খাদ্য পরিকল্পনা ও মনিটরিং ইউনিট, নাগরিক সমাজ সংগঠন, বেসরকারি খাতসমূহ, বিশেষজ্ঞ, এবং গবেষক ও শিক্ষাবিদগণ।

## ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনার আওতায় জাতীয় উন্নয়ন অগ্রাধিকার

- দারিদ্র্য ও অসমতা হ্রাস (গোষ্ঠি বা অঞ্চল নির্বিশেষে দারিদ্র্য ও অসমতা হ্রাস)
- স্বাস্থ্য ও কল্যাণ (প্রজনন স্বাস্থ্য, পরিবার পরিকল্পনাসহ স্বাস্থ্য খাতের টেকসই অগ্রগতি)
- নিরাপদ পানি ও পয়ঃনিষ্কাশন (সবাই যাতে নিরাপদ পানি ও পয়ঃনিষ্কাশন ব্যবস্থা পায়, তা নিশ্চিত করা)
- গুনগত শিক্ষা (দারিদ্র্য হ্রাস ও অর্থনৈতিক প্রবৃদ্ধির লক্ষ্যে সবার জন্য গুনগত শিক্ষা)
- কৃষি ও খাদ্য নিরাপত্তা (সমৃদ্ধ দেশ গড়ে তোলার লক্ষ্যে খাদ্য নিরাপত্তা অর্জন ও টেকসই কৃষিকে উৎসাহ দেয়া)
- জেন্ডার ও অসমতা (জেন্ডার সমতা অর্জন ও সব নারী-শিশুর ক্ষমতায়ন)

## টেকসই উন্নয়ন অভীষ্টে অবদান:

অভীষ্ট ২: ক্ষুধামুক্তি
অভীষ্ট ৩: সুস্বাস্থ্য ও কল্যাণ
অভীষ্ট ৪: গুনগত শিক্ষা
অভীষ্ট ৬: নিরাপদ পানি ও পয়ঃনিষ্কাশন
অভীষ্ট ১০: অসমতা হ্রাস
অভীষ্ট ১৭: লক্ষ্যমাত্রা অর্জনের জন্য অংশীদারিত্ব

| সূচক | ভিত্তিরেখা (বছর) | এজেন্ডা (বছর) | উপাত্ত সূত্র |
|---|---|---|---|
| সূচক ২.১: ৫ বছরের কম বয়সী শিশুদের অপুষ্টি (কম ওজন ও অতি ওজন) (ডিআরএফ ২৪, এসডিজি ২.২.২) | ১ (ক). ৯.৮% (কম ওজন)<br>মেয়ে: ৯.২%<br>ছেলে: ১০.৪%<br><br>১ (খ). ২.৪% (অতি ওজন)<br>মেয়ে: ২.৩%<br>ছেলে: ২.৬%<br>(২০১৯) | ১ (ক). ৭% (কম ওজন)<br>মেয়ে: ৬%<br>ছেলে: ৮%<br><br>১ (খ). ১% (অতি ওজন)<br>মেয়ে: ১%<br>ছেলে: ১%<br>(২০২৫) | মাল্টিপল ইন্ডিকেটর ক্লাস্টার সার্ভে (এমআইসিএস), বিবিএস, স্বাস্থ্য সেবা বিভাগ |
| সূচক ২.২: সুপেয় পানির নিরাপদ ব্যবস্থাপনার সুবিধা পাওয়া জনসংখ্যার হার (ডিআরএফ ৩৩, এনপিআই ১৭ এবং এসডিজি ৬.১.১) | ৪২.৬%<br>(২০১৯ | ৭৫%<br>(২০২৫) | মাল্টিপল ইন্ডিকেটর ক্লাস্টার সার্ভে (এমআইসিএস), বিবিএস, এসআইডি, এলজিডি |
| সূচক ২.৩: মাতৃমৃত্যুর অনুপাত (ডিআরএফ ১৮, এনপিআই ৭ এবং এসডিজি ৩.১.১) | ১৬৫<br>(২০১৯) | ১০০<br>(২০২৫) | স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সিস্টেম (এসভিআরএস), বিবিএস |
| সূচক ২.৪: ১৮ বছর বয়স হওয়ার আগেই বিয়ে হয়েছে এমন ২০-২৪ বছর বয়সী নারীদের হার (ডিআরএফ ৬৫, এনপাই ১৫ এবং এসডিজি ৫.৩.১) | ৫১.৪%<br>(২০১৯) | ৩০%<br>(২০২৫) | মাল্টিপল ইন্ডিকেটর ক্লাস্টার সার্ভে (এমআইসিএস), বিবিএস, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় |
| সূচক ২.৫: সামাজিক সুরক্ষার আওতায় আসা জনগণের হার (ডিআরএফ ১৬, এসডিজি ১.৩.১) | ২৮.৭%<br>(২০১৬) | ৩৫%<br>(২০২৫) | খানা আয় ও ব্যয় জরিপ (এইচআইইএস), বিবিএস, এসআইডি, সিডি, জিইডি |

| সূচক | ভিত্তিরেখা (বছর) | এজেন্ডা (বছর) | উপাত্ত সূত্র |
|---|---|---|---|
| সূচক ২.৬: শিশু-কিশোরদের (লিঙ্গভেদে) পড়তে পারা ও গণিতের ন্যূনতম দক্ষতার হার<br>ক) দ্বিতীয় বা তৃতীয় শ্রেণিতে<br>খ) প্রাথমিক শিক্ষা সমাপ্তিতে<br>গ) নিম্ন মাধ্যমিকের সমাপ্তিতে<br>(এসডিজি, ৪.১.১) | ক) তৃতী শ্বাংলা: ৪৭% শিক্ষার্থী তৃতীয় শ্রেণির কাঙ্খিত মান অর্জন করেছে<br>ii. মেয়ে: ৪৮% ছেলে: ৪৫%<br><br>iii. গণিত: ৩৪% শিক্ষার্থী তৃতীয় শ্রেণির কাঙ্খিত মান অর্জন করেছে<br>মেয়ে: ৩৪% ছেলে: ৩৫% (২০১৭)<br><br>খ) পঞ্চম শ্রেণি (২০১৭)<br>i. বাংলা: ৪৪% শিক্ষার্থী পঞ্চম শ্রেণির কাঙ্খিত মান অর্জন করেছে<br>মেয়ে: ৪৫% ছেলে: ৪৪%<br><br>ii.গণিত: ৩২% শিক্ষার্থী পঞ্চম শ্রেণির কাঙ্খিত মান অর্জন করেছে<br>মেয়ে: ৩৪% ছেলে: ৩২% (২০১৭)<br><br>গ) অষ্টম শ্রেণি (২০১৫)<br>i. বাংলা: ২২% শিক্ষার্থী 'ব্যান্ড ৬' বা তদুর্ধ গ্রেড পেয়েছে<br>মেয়ে: ২২% ছেলে: ২৩%<br><br>ii. ইংরেজি: ৭% শিক্ষার্থী ইংরেজিতে 'ব্যান্ড ৬' বা তদুর্ধ গ্রেড পেয়েছে<br>মেয়ে: ৬% ছেলে: ৯%<br><br>iii. গণিত: ৬% শিক্ষার্থী গণিতে 'ব্যান্ড ৬' বা তদুর্ধ গ্রেড পেয়েছে<br>মেয়ে: ৪% ছেলে: ৮% | বাংলা: তৃতীয় শ্রেণিতে ৬০%<br>গণিত: তৃতীয় শ্রেণিতে ৫০%<br>(২০২৬)<br><br>বাংলা: প্রপঞ্চম শ্রেণিতে ৬০%<br>গণিত: পঞ্চম শ্রেণিতে ৫০%<br>(২০২৬)<br><br>৫০% শিক্ষার্থী অষ্টম শ্রেণিতে 'ব্যান্ড ৮' বা তদুর্ধ গ্রেড অর্জন করবে<br>(২০২৬) | জাতীয় শিক্ষার্থী মূল্যায়ন (এনএসএ), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর<br><br>লার্নিং অ্যাসেসমেন্ট অব সেকেন্ডারি ইনস্টিটিউশন (এলএএসআই), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর |
| সূচক ২.৭: মাঝারি ও গুরুতর খাদ্য নিরাপত্তাহীনতায় ভোগা জনগোষ্ঠীর হার (খাদ্য অনিরাপত্তা অভিজ্ঞতা স্কেল-এফআইইএস অনুযায়ী)<br>(ডিআরএফ ৫০, এসডিজি ২.১.২) | মাঝারি: ৩০.৫%<br>গুরুতর: ১০.২%<br>(২০১৯) | মাঝারি: ২৪.২%<br>গুরুতর: ৬%<br>(২০২৫) | বিবিএস, এফপিএমইউ, খাদ্য মন্ত্রণালয় |
| সূচক ২.৮: মানসম্মত অভিবাসন, সুরক্ষা এবং পুনরেকত্রীকরণ পরিষেবায় অভিগম্যতা আছে এমন অভিবাসী এবং বিদেশফেরত মানুষের হার (নারী এবং ঝুঁকিতে থাকা অভিবাসীসহ)<br>(ডিআরএফ ১০, এসডিজি ১০.৭) | ২,০৬৪ মার্কিন ডলার<br>(২০২০) | ১. ৫০% অভিবাসী (যার অন্তত ১০% নারী অভিবাসী)<br>২. ৫০% বিদেশফেরত (যার অন্তত ১০% নারী)<br>৩. ৫০% ঝুঁকিতে থাকা অভিবাসী | প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, বিবিএস |

# **কৌশলগত অগ্রাধিকার ৩:** টেকসই, স্বাস্থ্যকর এবং অভিঘাত সহনশীল পরিবেশ

চূড়ান্ত ফলাফল ৩: ২০২৬ সালের মধ্যে জীব পরিবেশ আরও স্বাস্থ্যকর ও উন্নত হবে। জলবায়ু পরিবর্তন, দুর্যোগ ও অভিঘাত সামলে নেয়ার সক্ষমতা থাকবে পরিবেশের। দূষণমুক্ত পরিবেশ, সমৃদ্ধ প্রাকৃতিক সম্পদের ভাণ্ডার, স্বল্প-কার্বন উন্নয়নে জেন্ডার- প্রতিবেদনশীল উপায়ে ভূমিকা রাখবে সবাই। একইসাথে এর উপকারও ভোগ করবে তারা। বিশেষত, গ্রাম-শহর উভয় জায়গার প্রান্তিক ও সুবিধাবঞ্চিত মানুষ লাভবান হবেন।

## সম্পৃক্ত জাতিসংঘের সংস্থাসমূহ:

খাদ্য ও কৃষি সংস্থা (এফএও), আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল (ইফাদ), আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও), জাতিসংঘ পুঁজি উন্নয়ন তহবিল (ইউএনসিডিএফ), জাতিসংঘ উন্নয়ন কর্মসূচি (ইউএনডিপি), জাতিসংঘ পরিবেশ কর্মসূচি ইউএনইপি, জাতিসংঘ এশীয় ও প্রশান্ত মহাসাগরীয় অর্থনৈতিক ও সামাজিক কমিশন (ইউএন-এসকাপ), জাতিসংঘ জনসংখ্যা তহবিল (ইউএনএফপিএ), জাতিসংঘ শরণার্থী সংস্থা (ইউএনএইচসিআর), জাতিসংঘ শিল্প উন্নয়ন সংস্থা (ইউনিডো), জাতিসংঘ প্রকল্প সেবা দপ্তর (ইএনওপিএস), ইউএন-উইমেন, বিশ্ব খাদ্য কর্মসূচি (ডব্লিউএফপি)।

## মূল অংশীদার:

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, অর্থ মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, পরিকল্পনা মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, পরিবেশ অধিদপ্তর, বন অধিদপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, অর্থ বিভাগ, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ ব্যাংক, পাবলিক-প্রাইভেট পার্টনারশিপ কর্তৃপক্ষ, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা), স্থানীয় সরকার বিভাগ (এলজিডি), পরিকল্পনা কমিশন,  নাগরিক সমাজ সংগঠন, বেসরকারি খাতসমূহ, বিশেষজ্ঞ, এবং গবেষক ও শিক্ষাবিদগণ।

## ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনার আওতায় জাতীয় উন্নয়ন অগ্রাধিকার

- পরিবেশ, জলবায়ু পরিবর্তন ও দুর্যোগ ব্যবস্থাপনা (পরিবেশ সুরক্ষিত রাখা ও ক্ষয় প্রতিরোধ করা। একটি দুর্যোগ ব্যবস্থাপনা কৌশল থাকবে এবং জলবায়ু পরিবর্তনের অভিযোজন ও প্রশমন নিশ্চিত করা হবে)
- বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ (জ্বালানি ও খনিজ সম্পদের উৎপাদন, ভোগ ও ব্যবহারে স্থায়িত্ব নিশ্চিত করা)

## টেকসই উন্নয়ন অভীষ্টে অবদান:

অভীষ্ট ৭: সাশ্রয়ী ও দূষণমুক্ত জ্বালানি
অভীষ্ট ১১: টেকসই নগর ও জনবসতি
অভীষ্ট ১২: পরিমিত ভোগ ও উৎপাদন
অভীষ্ট ১৩: জলবায়ু কার্যক্রম
অভীষ্ট ১৪: জলজ জীবন
অভীষ্ট ১৫: স্থলজ জীবন
অভীষ্ট ১৭: লক্ষ্যমাত্রা অর্জনের জন্য অংশীদারিত্ব

| সূচক | ভিত্তিরেখা (বছর) | এজেন্ডা (বছর) | উপাত্ত সূত্র |
|---|---|---|---|
| সূচক ৩.১: প্রতি এক লাখ মানুষে প্রাকৃতিক দুর্যোগে নিহত, নিখোঁজ ও ক্ষতিগ্রস্ত মানুষের সংখ্যা (ডিআরএফ ৮৪, এসডিজি ১৩.১.১) | ক্ষতিগ্রস্ত মানুষ: ১২,৮৮১ (২০১৫) মৃত্যু: ০.২০৪৫ (২০১৬) | ক্ষতিগ্রস্ত মানুষ: ২,০০০ (২০২৫) মৃত্যু:* | বাংলাদেশ দুর্যোগ সংক্রান্ত পরিসংখ্যান (বিডিআরএস), বিবিএস, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় |
| সূচক ৩.২: ব্যবহৃত মোট জ্বালানির যত অংশ নবায়নযোগ্য (ডিআরএফ ৬২, এসডিজি ৭.২.১) | ৩.২৫% (২০১৯) ৩.৪৯% (এসডিএফ ট্র্যাকার) (২০২০) | ৮.৫% ৫.০০% (এসডিজি ট্র্যাকার) (২০২৫) | পিডি |
| সূচক ৩.৪: মোট ভূমির তুলনায় বৃক্ষ আচ্ছাদিত এলাকার হার (ডিআরএফ ৭৫ এবং এসডিজি ১৩.১.১) | ২২% (২০১৬) | ২৪% (২০১৬) | পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বন অধিদপ্তর |

*পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় দ্বারা নির্ধারিত হবে

## কৌশলগত অগ্রাধিকার ৪:
## রূপান্তরকামী, অংশীদারিত্বমূলক ও অন্তর্ভুক্তিমূলক ব্যবস্থা

চূড়ান্ত ফলাফল ৪: ২০২৬ সালের মধ্যে আরো বেশি মানুষ, বিশেষত ঝুঁকিতে থাকা জনগোষ্ঠী, আরো সমতাভিত্তিক, বৈষম্যহীন, জেন্ডার প্রতিবেদনশীল, অংশীদারিত্বমূলক, জবাবদিহিতামূলক শাসন ও বিচারব্যবস্থার সুফল ভোগ করবে। আইনের শাসন দ্বারা পরিচালিত একটি শান্তিপূর্ণ ও সহনশীল সমাজ হবে।

## সম্পৃক্ত জাতিসংঘের সংস্থাসমূহ:

খাদ্য ও কৃষি সংস্থা (এফএও), আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল (ইফাদ), আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও), আন্তর্জাতিক অভিবাসন সংস্থা (এইওএম), জাতিসংঘ পুঁজি উন্নয়ন তহবিল (ইউএনসিডিএফ),জাতিসংঘ উন্নয়ন কর্মসূচি (ইউএনডিপি), জাতিসংঘ জনসংখ্যা তহবিল (ইউএনএফপিএ), জাতিসংঘ শরণার্থী সংস্থা (ইউএনএইচসিআর), জাতিসংঘ মাদক ও অপরাধ বিষয়ক সংস্থা (ইউএনওডিসি), জাতিসংঘ স্বেচ্ছাসেবক কর্মসূচি (ইউএনভি), ইউএন-উইমেন

## ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনার আওতায় জাতীয় উন্নয়ন অগ্রাধিকার

- শাসন ব্যবস্থা (অন্তর্ভুক্তিমূলক, স্বচ্ছ, জবাবদিহিতামূলক এবং কার্যকর গণতান্ত্রিক শাসন ব্যবস্থার জন্য কাজ করা এবং সবার জন্য ন্যায়বিচার নিশ্চিত করা

## টেকসই উন্নয়ন অভীষ্টে অবদান:

অভীষ্ট ১৬: শান্তি, ন্যায়বিচার ও কার্যকর প্রতিষ্ঠান
অভীষ্ট ১৭: লক্ষ্যমাত্রা অর্জনের জন্য অংশীদারিত্ব

## মূল অংশীদার:

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, অর্থ মন্ত্রণালয়, জনপ্রশাসন মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, আইন ও বিচার বিভাগ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, নিয়োগদাতা, শ্রমিক সংগঠন, সুরক্ষা সেবা বিভাগ, বাংলাদেশ পুলিশ, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, তথ্য কমিশন, জাতীয় মানবাধিকার কমিশন, আন্তর্জাতিক আর্থিক প্রতিষ্ঠানসমূহ, নাগরিক সমাজ সংগঠন, বেসরকারি খাত, বিশেষজ্ঞ, এবং গবেষক ও শিক্ষাবিদগণ।

| সূচক | ভিত্তিরেখা (বছর) | এজেন্ডা (বছর) | উপাত্ত সূত্র |
|---|---|---|---|
| সূচক ৪.১: সরকারি সেবার সাম্প্রতিক অভিজ্ঞতায় সন্তুষ্ট মানুষের হার (ডিআরএফ ১০২ এবং এসডিজি ১৬.৬.২) | ৩৯.৬৯% (২০১৮) | ৬০% (২০২৫) | সিটিজেন পারসেপশন হাউজহোল্ড সার্ভে (সিপিএইচএস), বিবিএস, মন্ত্রিপরিষদ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয় |
| সূচক ৪.২: তথ্য অধিকার আইনের আওতায় কয়টি তথ্যপ্রাপ্তি আবেদনের জবাব দিয়েছে সরকারি প্রতিষ্ঠানগুলো (ডিআরএফ ৯৬ এবং এসডিজি ১৬.১০.২) | ৮,০০০ (২০২০) | ১২,৫০০ (২০২৫) | তথ্য কমিশন |

# কৌশলগত অগ্রাধিকার ৫:
## জেন্ডার সমতা এবং জেন্ডার-ভিত্তিক সহিংসতার অবসান

চূড়ান্ত ফলাফল ৫: ২০২৬ সালের মধ্যে নারী, কন্যাশিশু এবং যৌন সংখ্যালঘুরা এমন একটি পরিবেশ পাবেন যেখানে অধিকার, কর্তৃত্ব এবং জীবনের সকল ক্ষেত্রে সিদ্ধান্ত-গ্রহণের ক্ষমতা চর্চা করতে পারবেন। তারা এমন জীবনের পথে এগিয়ে যাবেন যেখানে কোনো ধরনের বৈষম্য, সহিংসতা এবং অশুভ রীতি ও চর্চা থাকবে না।

### সম্পৃক্ত জাতিসংঘের সংস্থাসমূহ:

আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও), ইউএনএইডস, জাতিসংঘ উন্নয়ন কর্মসূচি (ইউএনডিপি),জাতিসংঘ শিক্ষা, বিজ্ঞান ও সংস্কৃতি সংস্থা (ইউনেস্কো), জাতিসংঘ জনসংখ্যা তহবিল (ইউএনএফপিএ),জাতিসংঘ মাদক ও অপরাধ বিষয়ক সংস্থা (ইউএনওডিসি),ইউএন-উইমেন

### মূল অংশীদার:

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, শিক্ষা মন্ত্রণালয়, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়,স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সমাজকল্যাণ মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, অর্থ মন্ত্রণালয়, প্রধানমন্ত্রীর কার্যালয়, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, জাতীয় মানবাধিকার কমিশন, জাতীয় সংসদ, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, সিভিল সোসাইটি অর্গানাইজেশন, বেসরকারি খাত, বিশেষজ্ঞ, এবং গবেষক ও শিক্ষাবিদগণ।

### ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনার আওতায় জাতীয় উন্নয়ন অগ্রাধিকার

- জেন্ডার এবং অসমতা (জেন্ডার সমতা অর্জন এবং সকল নারী ও কন্যাশিশুর ক্ষমতায়ন)

### টেকসই উন্নয়ন অভীষ্টে অবদান:

অভীষ্ট ৪: গুনগত শিক্ষা
অভীষ্ট ৫: জেন্ডার সমতা
অভীষ্ট ১৭: লক্ষ্যমাত্রা অর্জনের জন্য অংশীদারিত্ব

4 QUALITY EDUCATION
5 GENDER EQUALITY
17 PARTNERSHIPS FOR THE GOALS

| সূচক | ভিত্তিরেখা (বছর) | লক্ষ্যমাত্রা (বছর) | উপাত্ত সূত্র |
|---|---|---|---|
| সূচক ৫.১: লিঙ্গভিত্তিক সমতা ও বৈষম্যহীনতা নিশ্চিত করা, প্রয়োগ ও তদারকির জন্য আইনি কাঠামো আছে কিনা<br><br>ক) সার্বিক আইনি কাঠামো ও জন জীবন<br>খ) নারীর প্রতি সহিংসতা<br>গ) কর্মসংস্থান ও অর্থনৈতিক সুবিধা<br>ঘ) বিবাহ ও পরিবার<br>(এসডিজি ৫.১.১) | ক) ৬১.৫% (২০১৯)<br>খ) ৭৫% (২০১৯)<br>গ) ২০% (২০১৯)<br>ঘ) ৬৩.৬% (২০১৯) | ** | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় |
| সূচক ৫.২: কোনো সম্পর্কে জড়িয়েছেন এমন ১৫ বছর বা তদুর্ধ বয়সী নারী ও কন্যাশিশুদের বিগত ১২ মাসে বর্তমান বা সাবেক ঘনিষ্ঠ সঙ্গীর দ্বারা শারীরিক, মানসিক বা যৌন নির্যাতনের শিকার হওয়ার হার, সহিংসতার ধরন ও বয়স ভেদে (ডিআরএফ ৭০, এসডিজি ৫.২.১) | ৫৪.৭%<br>(২০১৫) | ২০%<br>(২০২৫) | বিবিএস, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় |
| সূচক ৫.৩: ঘনিষ্ঠ সঙ্গী নয়, এমন কারো দ্বারা বিগত ১২ মাসে যৌন নির্যাতনের শিকার হয়েছেন এমন ১৫ বছর বা তদুর্ধ বয়সী নারীর হার, বয়স ও সংঘটনস্থল ভেদে<br>(ডিআরএফ ৭১, এসডিজি ৫.২.২) | ৬.২%<br>(২০১৫) | ৩.০%<br>(২০২৫) | বিবিএস, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় |
| সূচক ৫.৪: মোট বাজেটের অনুপাতে জেন্ডার বাজেট (ডিআরএফ ৬৭, এসডিজি ৫.সি.১) | ৩০.৮২%<br>(২০১৯) | ৩৫%<br>(২০২৫) | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, অর্থ বিভাগ |

**To be determined by MOWCA

# সংযোজনী ২: আইনি সংযোজনী

যেহেতু বাংলাদেশ সরকার (নিম্নোক্ত দলিলে উল্লেখিত সরকার  নিম্নলিখিত সম্পর্কের মধ্যে প্রবেশ করেছে:

ক) জাতিসংঘ উন্নয়ন কর্মসূচি (ইউএনডিপি) প্রদত্ত সহায়তা কীভাবে পরিচালিত হবে, সে বিষয়ে সংস্থাটির সাথে সরকারের স্ট্যান্ডার্ড বেসিক অ্যাসিস্ট্যান্স এগ্রিমেন্ট (এসবিএএ) নামে একটি মৌলিক চুক্তি রয়েছে। চুক্তিটি মূলত১৯৮৬ সালের ২৫ নভেম্বর স্বাক্ষরিত মৌলিক চুক্তির একটি পূর্বসূরী আইনি সত্তা।এই কোঅপারেশন ফ্রেমওয়ার্ক তার সাথে ইউএনডিপি- এর কার্যক্রম নির্দিষ্টকরণ পূর্বক একটি যৌথ ফলাফল গ্রুপ কর্ম পরিকল্পনা নিয়ে এসবিএএ গঠন করে। বাস্তবায়নকারী সংস্থাসমূহ এবং ইউএনডিপি প্রকল্প চুক্তি স্বাক্ষর করবে প্রতিটি প্রকল্পের জন্য নির্দিষ্ট ব্যবস্থা থাকবে।

খ) জাতিসংঘ শিশু তহবিল (ইউনিসেফ) এবং সরকারের মধ্যে স্বাক্ষরিত মৌলিক সহযোগিতা চুক্তি (বিসিএ), যা ১৯৯৬ সালের ২ জানুয়ারি সম্পাদিত হয়।

গ) জাতিসংঘ জনসংখ্যা তহবিলের (ইউএনএফপিএ)- ক্ষেত্রে ,এর১৯৮৬ সালের ২৫ নভেম্বর বাংলাদেশ সরকার ও জাতিসংঘ উন্নয়ন কর্মসূচি স্বাক্ষরিত মৌলিক চুক্তিটি প্রয়োজনীয় পরিবর্তন পরিযোজন সাপেক্ষে জাতিসংঘ জনসংখ্যা তহবিলের কার্যক্রম ও জনবলের ক্ষেত্রে প্রযোজ্য হবে। এ বিষয়ে পত্র আদান-প্রদানের মাধ্যমে চুক্তি সম্পাদিত হয়, যা ১৯৯৮ সালের ১৫ অক্টোবর কার্যকর হয়। এই সহযোগিতা কাঠামো ও এর আওতায় গৃহীত কর্মপরিকল্পনা মৌলিক চুক্তিতে বর্ণিত প্রজেক্ট ডকুমেন্ট হিসেবে পরিগণিত হবে।

ঘ) বিশ্ব খাদ্য কর্মসূচির (ডব্লিউএফপি) সাথে সহায়তার মৌলিক চুক্তি, যা ১৯৭৪ সালের ২ অক্টোবর স্বাক্ষরিত হয়।

ঙ) জাতিসংঘের কৃষি ও খাদ্য সংস্থার (এফএও) সাথে সরকারের চুক্তি, যা ১৯৭৭ সালের ১৬ ফেব্রুয়ারি স্বাক্ষরিত হয়।

চ) আন্তর্জাতিক শ্রম সংস্থার (আইএলও) সাথে সরকারের চুক্তি, যা ১৯৭৩ সালের ২৫ জুন স্বাক্ষরিত হয়।

ছ) আন্তর্জাতিক অভিবাসন সংস্থার (আইওএম) সাথে সরকারের সহযোগিতা চুক্তি, যা ১৯৯৮ সালের ২ ফেব্রুয়ারি স্বাক্ষরিত হয়।

জ) এইচআইভি/এইডস বিষয়ক জাতিসংঘের যৌথ কার্যক্রম (ইউএনএইডস) এর সাথে চুক্তি যা এসবিএএ-র আওতায় ইউএনডিপির ও বাংলাদেশ সরকারের সাথে ১৯৮৬ সালের ২৫ নভেম্বর স্বাক্ষরিত হয়।

ঝ) জাতিসংঘ শিক্ষা, বিজ্ঞান ও সংস্কৃতি বিষয়ক সংস্থার (ইউনেস্কো) সাথে চুক্তি, যা ১৯৯৫ সালের ৬ নভেম্বর স্বাক্ষরিত হয়।

ঞ) জাতিসংঘ শরণার্থী বিষয়ক হাইকমিশনারের (ইউএনএইচসিআর) সাথে সমঝোতা স্মারক, ১৯৯৩ সালের ১২ মে যাতে স্বাক্ষর করে সরকার।

ট) বিশ্ব স্বাস্থ্য সংস্থার (ডব্লিউএইচও) সাথে প্রযুক্তিগত পরামর্শ সহায়তার জন্য মৌলিক চুক্তি, যা ১৯৭২ সালের ২৯ জুন স্বাক্ষরিত হয়।

ঠ) জাতিসংঘ পরিবেশ অ্যাসেম্বলির (UNEA) মাধ্যমে জাতিসংঘ পরিবেশ কর্মসূচির (UNEP)সাথে। UNEA জাতিসংঘ পরিবেশ কর্মসূচির মধ্যম-মেয়াদি কৌশল ২০১৮-২১ এবং সংশ্লিষ্ট কার্যক্রমে অনুমোদন দিয়েছে।

ড) ইউএন উইমেন-এর সাথে। ১৯৮৬ সালের ২৫ নভেম্বর সরকার ও ইউএনডিপির মধ্যে সম্পাদিত স্ট্যান্ডার্ড মৌলিক সহায়তা চুক্তি (এসবিএএ) প্রয়োজনীয় পরিবর্তন পরিযোজন সাপেক্ষে ইউএন উইমেনের কার্যক্রম ও জনবলের ক্ষেত্রে প্রযোজ্য। এ বিষয়ে পত্র আদান-প্রদানের মাধ্যমে চুক্তি সম্পাদিত হয়, যা ২০১৯ সালের ৯ জুন থেকে কার্যকর হয়। ইউএন উইমেনের পরিচালনা কাঠামোর প্রাসঙ্গিক এবং প্রযোজ্য প্রস্তাব ও সিদ্ধান্তের ভিত্তিতে সরকারকে সহায়তা দেয়া হবে।

ঢ) জাতিসংঘ শিল্প উন্নয়ন সংস্থার (ইউনিডো) সাথে। ইউএনডিপি ও সরকারের মধ্যে ১৯৮৬ সালের ২৫ নভেম্বর স্বাক্ষরিত এসবিএএ'র মাধ্যমে।

ণ) অন্য অনাবাসিক ও বিশেষায়িত সংস্থার ক্ষেত্রে: স্ব স্ব সংস্থার যথাযথ পরিচালনা কাঠামোর প্রাসঙ্গিক এবং প্রযোজ্য প্রস্তাব ও সিদ্ধান্তের ভিত্তিতে সরকারকে সহায়তা দেয়া হবে।

নতুন কোঅপারেশন ফ্রেমওয়ার্কে চলমান সময়ে নতুন কোনো চুক্তি স্বাক্ষরিত হলে সেটিও এখানে অন্তর্ভুক্ত হবে।

জাতিসংঘ সিস্টেমের যেসব সংস্থা কোঅপারেশন ফ্রেমওয়ার্কে সই করবে, বাংলাদেশ সরকারের সাথে স্বাক্ষরিত তাদের মৌলিক চুক্তির সাথে সামঞ্জস্য রেখেই কোঅপারেশন ফ্রেমওয়ার্কে ব্যাখ্যা ও বাস্তবায়ন হবে। সম্পর্কের ভিত্তি হিসেবে উল্লেখিত সহযোগিতা ও সহায়তা চুক্তিগুলোর বিধানের প্রতি অঙ্গীকারের ব্যাপারে শ্রদ্ধাশীল থাকবে সরকার।

এসব চুক্তির উদাহরণ না টেনেই এজেন্সির সম্পত্তি, তহবিল এবং দায়িত্বে থাকা কর্মকর্তা ও বিশেষজ্ঞদের ক্ষেত্রে কনভেনশন অন দ্য প্রিভিলেজেস অ্যান্ড ইমিউনিটিস অব দ্য ইউনাইটেড ন্যাশনস (জেনারেল কনভেনশন) অথবা কনভেনশন অন দ্য প্রিভিলেজেস অ্যান্ড ইমিউনিটিস অব দ্য স্পেশালাইজড এজেন্সিস (স্পেশালাইজড এজেন্সিস কনভেনশন) এর সংশ্লিষ্ট বিধান প্রয়োগ করবে সরকার। সরকার ও সংস্থার মধ্যে স্বাক্ষরিত সহযোগিতা ও সহায়তা চুক্তিতে যেসব বিশেষ অধিকার, দায়মুক্তি ও সুবিধার কথা বলা আছে, সরকারের কাছ থেকে তা-ও প্রাপ্য হবেন সংস্থা এবং এর কর্মকর্তারা।

জাতিসংঘের যেসব স্বেচ্ছাসেবী থাকবেন, তারাও এসব সংস্থার কর্মকর্তা হিসেবে বিবেচিত হবেন এবং জেনারেল কনভেনশন ও স্পেশালাইজড এজেন্সিস কনভেনশনে বর্ণিত সুবিধা ও দায়মুক্তির যোগ্য বলে বিবেচিত।

সহযোগিতা ও সহায়তা চুক্তির আওতায় কাজ করার কারণে দায়িত্বে থাকা কোনো সংস্থা বা তার কর্মকর্তা, বিশেষজ্ঞ বা তাদের পক্ষে দায়িত্বরত কারো বিরুদ্ধে তৃতীয় কোনো পক্ষ অভিযোগ তুললে বিষয়টি নিয়ন্ত্রনের দায়িত্ব থাকবে সরকারের। কর্মসূচির কোনো কাজের জন্য কর্মকর্তাদের কোনোভাবে দায়ী করা যাবে না। তবে সরকার ও সুনির্দিষ্ট সংস্থা দুই পক্ষই যদি একমত থাকে যে, সংস্থা বা এর সাথে সংশ্লিষ্ট কারো বড় ধরনের অবহেলা ও অসদাচরেণের কারণে এ অভিযোগ উঠেছে, সেক্ষেত্রে এ বিধান প্রযোজ্য হবে না।

সংস্থার দেয়া যেসব যানবাহন সরকার ব্যবহার বা নিয়ন্ত্রণে করবে, সেগুলোর বিষয়ে দেশের আইনের আওতায় যেকোনো ধরনের দায় থেকে সংস্থাকে মুক্ত রাখবে সরকার। এক্ষেত্রে উপরোল্লিখিত চুক্তি বা বিধানের উদাহরণ টানার প্রয়োজন হবে না।

উপরোক্ত সাধারণতার প্রতি পক্ষপাত না করে, সরকার এজেন্সিগুলির দ্বারা প্রদত্ত যানবাহনের ক্ষেত্রে দেশের আইনের অধীনে দেওয়ানি দায়বদ্ধতা থেকে এজেন্সিগুলিকে বীমা বা ক্ষতিপূরণ দেবে কিন্তু সরকারের নিয়ন্ত্রণ বা ব্যবহারের অধীনে।

i. জাতিসংঘ বা এর অন্যান্য সংস্থাগুলো যেসব বিশেষ অধিকার বা দায়মুক্তি ভোগ করে এই চুক্তির কোনো অংশের মাধ্যমে তা কমিয়ে দেয়ার সুযোগ নেই। চুক্তির বিষয়ে কোনো বিরোধ দেখা দিলে সে বিষয়ে কোনো দেশের আদালতের এখতিয়ার মেনে নেয়ার কথা বলবে না এই চুক্তি।

ii. ১৯৪৬ সালের ১৩ ফেব্রুয়ারির কনভেনশন অন দ্য প্রিভিলেজেস অ্যান্ড ইমিউনিটিস অব দ্য ইউনাইটেড ন্যাশনস (জেনারেল কনভেনশন) অথবা ১৯৪৭ সালের ২১ নভেম্বরের কনভেনশন অন দ্য প্রিভিলেজেস অ্যান্ড ইমিউনিটিস অব দ্য স্পেশালাইজড এজেন্সিস (স্পেশালাইজড এজেন্সিস কনভেনশন) অনুসারে ডব্লিউএফপিসহ জাতিসংঘ ও তার সহায়ক সংস্থাগুলো যে বিশেষ অধিকার ও দায়মুক্তি ভোগ করে, এই চুক্তির মাধ্যমে তা প্রত্যক্ষ বা পরোক্ষ কোনোভাবেই হ্রাস করা যাবে না। এই নথির কোনো বিধান, কোনো প্রাতিষ্ঠানিক চুক্তি বা অঙ্গীকারকে এমনভাবে ব্যাখ্যা বা প্রয়োগ করা যাবে না, যা এসব বিশেষ অধিকার এবং দায়মুক্তির সাথে সামঞ্জস্যপূর্ণ নয়।

## সংযোজনী ২বি. নির্দিষ্ট সংস্থার জন্য প্রাসঙ্গিক আরো আইনি চুক্তিসমূহ বিশ্ব খাদ্য কর্মসূচি-ডব্লিউএফপি'র কর্মসূচিগুলোতে সহায়তার বিষয়ে জাতিসংঘ সংস্থা ও সরকারের অঙ্গীকারসমূহ:

১. ডব্লিউএফপি'র স্কুল ফিডিং কর্মসূচির বিস্কুট উৎপাদনের জন্য বছরে ২০ হাজার মেট্রিক টন গম সহায়তা দেবে সরকার। বার্ষিক ভিত্তিতে সরকারের তরফ থেকে এ সহায়তার বিষয়টি নিশ্চিত করা হবে। তবে এ সহায়তা সরকার অনুমোদিত বাজেটের আওতায় সম্পদের প্রাপ্যতার ওপর নির্ভর করবে।

### জাতিসংঘের পণ্য পরিবহনের ক্ষেত্রে দায়িত্ব

২. জাতিসংঘ কর্মসূচির জন্য স্থলপথে যেসব পণ্য পরিবহন হবে তার পরিবহন, গুদামজাতকরণ ও হ্যান্ডলিং (এলটিএসএইচ) এর ব্যয়ের ৫০ শতাংশ বহন করা হবে সরকারের সহায়তা থেকে। তহবিল প্রাপ্যতার সাপেক্ষে বাকি ৫০ শতাংশ ব্যয় বহন করবে জাতিসংঘ।

৩. বন্দরের কার্যক্রম, অভ্যন্তরীণ পরিহন, গুদামজাতকরণ ও হ্যান্ডলিংসহ এলটিএসএইচ'র নানা অংশের বিস্তারিত ব্যয় ভাগাভাগি করে বহন করলেও কোনো ধরনের ক্ষতির ভার সরকার বহন করবে না। এলটিএসএইচ বাজেট প্রণয়ন এবং কর্মসূচির চাহিদা অনুসারে এর পর্যায়ক্রমিক পর্যালোচনার সময় এসব ব্যয়কে বিবেচনায় নেবে জাতিসংঘ সংস্থা।

৪. সরকার নির্দিষ্ট সময় অন্তর জাতিসংঘ সংস্থার কাছে প্রতিবেদন দাখিল করবে। এসময় লিখিতভাবে এলটিএসএইচ পরিশোধের অনুরোধও করা হবে।

### জাতিসংঘের পণ্য গ্রহণের ক্ষেত্রে দায়িত্ব

৫. জাতিসংঘ যখন লাইনার টার্ম অনুসারে পণ্য পাঠাবে তখন জেটিতে পৌঁছানোর পর সরকার পণ্যের চালান ও দায়িত্ব বুঝে নেবে। লাইটারেজ জাহাজের ক্ষেত্রে, লাইটারেজ জাহাজে পণ্য খালাসের পর এ প্রক্রিয়া সম্পন্ন হবে। অবশ্য লাইটারেজের ব্যবস্থা করার কাজ জাহাজ মালিকের দায়িত্বেথাকলে, লাইটার থেকে জেটিতে নামানোর পর পণ্য গ্রহণ করবে সরকার।

৬. মালিকপক্ষের সাথে (মূল মালিক বা ডিসপোনেন্ট মালিক) জাতিসংঘের সনদের পার্টির আওতায় পাঠানো পণ্যের ক্ষেত্রে সরকার চট্টগ্রামে জাহাজেই চালান ও দায়িত্ব বুঝে নেবে। লাইটারেজের ক্ষেত্রে পণ্য খালাস শুরুর আগে মাদার ভেসেলেই এ প্রক্রিয়া সম্পন্ন হবে।

৭. স্থল ট্রানজিট দিয়ে পণ্য আমদানির ক্ষেত্রে পূর্বনির্ধারিত কোনো পয়েন্টে সরকার পণ্যের চালান গ্রহণ করবে ও দায়িত্ব বুঝে নেবে। ট্রেনে পণ্য পরিবহনের ক্ষেত্রে দর্শনা সীমান্তের কাছে কোনো স্থানীয় খাদ্য গুদাম (এলএসডি) এবং সড়ক ট্রানজিটের ক্ষেত্রে সীমান্ত পারাপারের কাছাকাছি কোনো এলএসডি বা কেন্দ্রীয় খাদ্য গুদামে (সিএসডি) এ প্রক্রিয়া সম্পন্ন হবে। পত্র আদান-প্রদানের মাধ্যমে আগে থেকেই এ জায়গা নির্ধারিত থাকবে।

৮. খাদ্যদ্রব্য নয়, জাতিসংঘ সংস্থার সরবরাহকৃত এমন পণ্যের ক্ষেত্রেও উপরোল্লিখিত বিধানগুলো প্রযোজ্য হবে। অবশ্য, খাদ্যদ্রব্য নয় এমন পণ্য আকাশপথে আমদানি হলে সরকার ঢাকায় চালান গ্রহণ করবে ও দায়িত্ব বুঝে নেবে।

৯. পণ্য যা-ই হোক, জাহাজ, ট্রাক বা অন্য যানবাহন থেকে দ্রুত পণ্য খালাসের বিষয়টি নিশ্চিত করার দায়িত্ব সরকারের। প্রয়োজনবোধে সরকার বহির্নোঙ্গরেই মাদার ভেসেলের কিছু পণ্য লাইটারেজে নেবে। বাকি পণ্য চট্টগ্রাম সাইলো বা জেটি থেকে গ্রহণ করবে।

১০. পণ্য হস্তান্তরের জন্য নির্ধারিত পয়েন্ট থেকে পরবর্তী সব ধরনের ব্যয় ও আনুষ্ঠানিকতা সরকার বহন করবে। আমদানি শুল্ক, কর, শুল্ক, পোতাশ্রয় বা ঘাটের মাশুল, ওয়্যারহাউজ, লাইটারেজ, অবতরণ, বাছাই, টার্মিনাল হ্যান্ডলিং চার্জ, ডকুমেন্টেশন প্রসেসিং চার্জ, শিপিং এজেন্টের ফি, কন্টেইনার শিপমেন্টের অন্যান্য চার্জ-সবই এর মধ্যে থাকবে। বিশেষ করে শিপিং ডকুমেন্ট ও অন্যান্য সনদপত্র বৈধকরণের সব আনুষ্ঠানিকতা ও ব্যয় সরকার বহন করবে। সরকারই সিদ্ধান্ত নেবে এসব ক্ষেত্রে কোনো ফি মওকুফ হবে কিনা।

১১. মালিকপক্ষের সাথে (মূল মালিক বা ডিসপোনেন্ট মালিক) জাতিসংঘের চার্টার পার্টির আওতায় পাঠানো পণ্যের ক্ষেত্রে সরকার দ্রুত নোঙর বা পণ্য খালাসের ব্যবস্থা নিতে ব্যর্থ হওয়ার কারণে যদি কোনো বিলম্বমাশুল তৈরি হয়, তার দায় সরকারের। জাতিসংঘ সংস্থা চাইলে পরে এ অর্থ ফেরত দিতে বাধ্য থাকবে সরকার। বিপরীতভাবে, চার্টার জাহাজ প্রত্যাশিত সময়ের চেয়ে দ্রুত পণ্য খালাস করে ফেরত যেতে পারলে যে অর্থ সাশ্রয় হবে তাতে সরকারকে নির্দিষ্ট অংশ দেয়া হবে। বিলম্বমাশুল বা সাশ্রয় হওয়া অর্থের হিসাব বার্ষিক ভিত্তিতে মিটিয়ে ফেলা হবে।

১২. চার্টার্ড ভেসেলের ক্ষেত্রে, ৪০ হাজার মেট্রিক টন পর্যন্ত পণ্য বহনকারী জাহাজ থেকে দিনে পণ্য খালাসের হার হবে ৩ হাজার মেট্রিক টন। আর ৪০ হাজার মেট্রিক টনের বেশি পণ্য থাকলে দিনে খালাস হবে ৫ হাজার ২০০ মেট্রিক টন। বিলম্ব মাশুল বা ডিসপ্যাচের (অর্থ সাশ্রয়) হিসাব করার ভিত্তি হিসেবে ব্যবহৃত হবে এই হার। কর্মসূচি চলাকালে বিলম্ব মাশুল বা ডিসপ্যাচ নির্ধারণের এই হার পর্যালোচনা হতে পারে এবং দুই পক্ষের সম্মতিতে প্রয়োজনে এই হার পুনর্নির্ধারণ হতে পারে।

১৩. পণ্য পরিবহনের অন্যান্য চুক্তির ক্ষেত্রেও সরকার দ্রুত চালান বুঝে না নেয়ার কারণে সৃষ্ট বিলম্বমাশুল সরকারকেই বহন করতে হবে।

১৪. উপরোল্লিখিত কোনো চার্জ বা ফি তাৎক্ষণিকভাবে জাতিসংঘ সংস্থা পরিশোধ করে থাকলে পরবর্তী সময়ে তা সরকারকে প্রদেয় এলটিএসএইচ ভর্তুকি থেকে সমন্বয় করা হবে।

১৫. চালান গ্রহণের জন্য নির্ধারিত পয়েন্টে পণ্য খালাস ও আনলোডিংয়ের সময় পণ্যের অবস্থা যাচাই করতে জাতিসংঘের নিযুক্ত সুপারিন্টেনডেন্টদের সাথে নিয়ে একটি যৌথ জরিপের ব্যবস্থা করবে সরকার। পরিমাণে গড়মিল আছে কিনা বা কোনো নষ্ট হয়েছে কিনা-তা-ও স্পষ্ট হবে এ জরিপের মাধ্যমে। খালাসের সময় সম্ভব না হলেও খালাসের পর যতো দ্রুত সম্ভব এ প্রক্রিয়ার মাধ্যমে একটি আউটটার্ন সার্টিফিকেট প্রস্তুত করতে হবে। যাতে দরকার হলে পণ্য হারানো বা ক্ষতির বিষয়ে বহনকারী বা বীমা সেবা দাতার বিরুদ্ধে ব্যবস্থা নেয়া যায়।

১৬. এখানে উল্লেখিত কোনো শর্ত ছাড়াই পণ্য হারানো বা ক্ষয়ক্ষতির বিষয়ে সমুদ্র বা স্থলপথে পণ্য বহনকারীর বিরুদ্ধে অভিযোগ আনার অধিকার থাকবে জাতিসংঘের। নিজেদের বিবেবচনামাফিক এ অভিযোগ প্রত্যাহার বা বিরোধ মিটিয়ে ফেলারও অধিকার থাকবে সংস্থাটির। হারানো বা ক্ষতির বিষয়টি পণ্যের অধিকার হস্তান্তরের আগেই ঘটে থাকলে জাতিসংঘ এককভাবে এ অভিযোগ করবে। আর পণ্য হস্তান্তরের পরে টের পাওয়া গেলে সরকারের প্রতিনিধি হিসেবে জাতিসংঘ এই অভিযোগ করবে। ডব্লিউএফপি'র প্রয়োজন হলে এ বিষয়ক আইনি কার্যকলাপে সরকার তাদের নাম ব্যবহার করতে দেবে।

১৭. পণ্যের অধিকার হস্তান্তর ও পণ্য হস্তান্তর যদি আলাদা পয়েন্টে সম্পন্ন হয় তাহলে অধিকার হস্তান্তরের পয়েন্ট থেকে পণ্য হস্তান্তরের মধ্যবর্তী জায়গায় হওয়া ক্ষতির ব্যাপারেও সরকারের পক্ষে ক্ষতিপূরণ দাবি করতে পারবে জাতিসংঘ। এক্ষেত্রে পণ্যের অধিকার হস্তান্তরের উপরোল্লিখিত সংজ্ঞা প্রযোজ্য হবে না।

বিল অব লেডিং এর চালান বা অনুমোদন কোনোভাবেই পণ্যের অধিকার হস্তান্তরের জায়গা ও সময় বোঝাবে না। ডব্লিউএফপি বা প্রাপক কর্তৃপক্ষ কেবল প্রশাসনিক সুবিধার জন্যই এই ধরনের অনুমোদন বা চালান করতে পারবেন।

১৮. চার্টার্ড ভেসেলে বড় ধরনের শিপমেন্টের ক্ষেত্রে বিল অব লেডিং অথবা 'আলোচনা সাপেক্ষ নয়'কার্গো রিসিপ্টে উল্লেখ করা ওজনই জাতিসংঘ এজেন্সি ও গ্রহীতা দেশের মধ্যে চূড়ান্ত হিসেবে বিবেচিত হবে। জাহাজ পৌঁছানোর পর জাহাজে থাকা পণ্যের মানে নিয়ে সামগ্রিক ধারণা পাওয়ার জন্য একটি খসড়া জরিপের ব্যবস্থা করবে জাতিসংঘ। এ জরিপে বিল অব লেডিং-এ উল্লেখ করা ওজনের সাথে উল্লেখযোগ্য পরিমাণে তারতম্য পাওয়া গেলে সরকারের পূর্ণ সহযোগিতা নিয়ে জাতিসংঘ এ গড়মিলের তদন্ত করবে। পারস্পরিকভাবে সন্তোষজনক কোনো সমাধানে পৌঁছানো না গেলে খসড়া জরিপ-ই চূড়ান্ত নির্ধারণী বিষয় হিসেবে গণ্য হবে। পণ্যের পরিমাণ নির্ধারণ করার জন্য স্টিভডোর প্রতিবেদন বিবেচনা করা যাবে না। খালাস শেষে জাহাজে কোনো পণ্য রয়ে গেলো কিনা, তা নিশ্চিত করার দায়িত্ব থাকবে গ্রহীতা দেশের। জাহাজে বাংলাদেশের বাইরে অন্য কোনো বন্দরের পণ্য থাকলে সঠিক পরিমাণে পণ্য চট্টগ্রাম বন্দরে খালাস হয়েছে কিনা-তা নিশ্চিত করবে সরকার। প্রয়োজনবোধে জাহাজ থেকে পণ্য খালাসের পরও ছোট পরিসরে একটি খসড়া সার্ভের ব্যবস্থা করবে জাতিসংঘ।

১৯. ফুল কন্টেইনার লোড (এফসিএল) টার্মসের অধীনে পাঠানো পণ্যের ক্ষেত্রে কন্টেইনার থেকে পুরো পণ্য বের করার দায়িত্ব থাকবে গ্রহীতা সরকারের। কোনো পণ্য নষ্ট হয়ে থাকলে সেটিওবের করতে হবে। কতটুকু পণ্য নষ্ট হয়েছে-জাতিসংঘের কার্গো সুপারিন্টেডেন্টের উপস্থিতিতে তা যথাযথভাবে শনাক্ত করতে হবে। পরে জাতিসংঘের কার্গো সুপারিন্টেডেন্টের উপস্থিতিতেই সরকার ও জাতিসংঘ সিস্টেমের বিদ্যমান বিধিমালা অনুসারে নষ্ট পণ্য ধ্বংস বা ফেলে দেয়ার ব্যবস্থা করতে হবে। যদি কর্মসূচির শর্তে উল্লেখ থাকে তাহলে জাতিসংঘ সংস্থাই পোর্ট-ক্লিয়ারেন্স, মজুদকরণ ও পরিবহনসহ পণ্যের যাবতীয় ব্যবস্থাপনা করবে। ডব্লিউএফপি'র নিযুক্ত কার্গো এন্ড ফ্রেইট এজেন্টের (সিএন্ডএফ) মাধ্যমে এ প্রক্রিয়া সম্পন্ন হবে।

২০. যে বন্দরে পণ্য খালাস হয়েছে সেখানে কন্টেইনার থেকে পণ্য বের করার সময় জাতিসংঘের সুপারিন্টেডেন্টের উপস্থিত থাকা উচিত। জাহাজ থেকে আনলোডিংয়ের পর যতো দ্রুত সম্ভব এ প্রক্রিয়া সম্পন্ন করা উচিত। এ সময় কিছু হারানো বা কোনো ক্ষতির প্রমাণ মিললে ধরে নেয়া হবে পণ্য জাতিসংঘের দায়িত্বে থাকার সময়ই তা ঘটেছে। যদি কন্টেইনার থেকে পণ্য বের করতে বিলম্ব হয় কিংবা জাতিসংঘের সুপারিন্টেডেন্টের অনুপস্থিতিতে এ প্রক্রিয়া সম্পন্ন হয়, তাহলে ধরে নেয়া হবে জাতিসংঘের কাছ থেকে গ্রহীতা সরকারের কাছে পণ্যের অধিকার হস্তান্তরের পর ক্ষতি সাধিত হয়েছে। গ্রহীতা সরকারের সুবিধার জন্য খালাসের বন্দরে না খুলে কন্টেইনার যদি সরাসরি প্রকল্প এলাকায় নেয়া হয়, সেখানে পণ্য বের করার সময় জাতিসংঘের সুপারিন্টেডেন্টকে উপস্থিত থাকতে বলা হবে না। এক্ষেত্রে যেকোনো পণ্য হারানো বা ক্ষতির দায়িত্ব থাকবে সরকারের, বহনকারীর কাছ থেকে ক্ষতিপূরণ চাওয়ার অধিকারও থাকবে তাদের। এফসিএল কন্টেইনারে বহন করা পণ্য বন্দরের ভেতরেই বের করা উচিত হবে না। বন্দরের বাইরে অবস্থিত নির্দিষ্ট কোনো গুদামে কন্টেইনার নেয়া উচিত। পণ্য বের করার সময় ক্ষতিগ্রস্ত মালামাল অন্য মালামাল থেকে আলাদা রেখে সরকারের বিদ্যমান পদ্ধতি মেনে ধ্বংস করতে হবে। বন্দরের ভেতর থেকেই ডেলিভারি গ্রহণ করা হলে ক্ষতিগ্রস্ত পণ্যও একই সাথে বাইরে নিয়ে যেতে হবে। নির্দিষ্ট গুদামে নিয়ে আলাদা করার পর যথাযথ পদ্ধতি মেনে ধ্বংস করতে হবে বা ফেলে দিতে হবে।

২১. যেসব ক্ষেত্রে কর্মসূচির জন্য যখন স্থানীয়ভাবেই খাদ্যপণ্য ক্রয় করা হবে, তখন নিজ সংস্থার বিধিমালা ও পদ্ধতি অনুসারে ডব্লিউএফপি এই ক্রয় সম্পন্ন করবে। এসব ক্রয়কে সরকার সব ধরনের স্থানীয় শুল্ক, ভ্যাট ও কর থেকে অব্যাহতি দেবে। পণ্য পরিদর্শনের দরকার হলে জাতিসংঘ নিযুক্ত সুপারিন্টেনডেন্ট পণ্য ডেলিভারির জন্য নির্ধারিত জায়গায় মান ও পরিমাণ যাচাই করে দেখবেন।

২২. জাতিসংঘের সহায়তায় পরিচালিত কার্যক্রমের জন্য আমদানি করা খাদ্যপণ্যকে কাস্টমস শুল্ক, বিক্রয় কর/ভ্যাট (সিডিএসটি/ভ্যাট) থেকে অব্যাহতি দিয়ে সার্টিফিকেট ইস্যু করার দায়িত্ব থাকবে সরকারের সংশ্লিষ্ট সংস্থাগুলোর। কর্মসূচি/কার্যক্রমের জন্য জাতিসংঘ সংস্থাগুলো সরাসরি যেসব মালামাল বা সেবা ক্রয় করবে বা চুক্তি করবে, সেগুলোর ক্ষেত্রে জাতিসংঘকে সব শুল্ক, কর ও ভ্যাট থেকে অব্যাহতি দেবে সরকার।

২৩. জাতিসংঘ সংস্থার আমদানি করা বা স্থানীয়ভাবে ক্রয় করা সিরিয়াল খাদ্যপণ্যের সার্বিক ব্যবস্থাপনার দায়িত্ব থাকবে সরকারের। সরকারের পক্ষে খাদ্য মন্ত্রণালয় সরকারি খাদ্য বিতরণ ব্যবস্থার (পিএফডিএস) মাধ্যমে পণ্যের ট্র্যাকিং ও ডেলিভারি সম্পন্ন করবে। বাংলাদেশে পৌছার পর এই সিরিয়াল যাতে জাতীয় মজুদের সাথে যুক্ত হয় তা নিশ্চিত করবে সরকার। সমপরিমাণ ও একই মানের সিরিয়াল কর্মসূচি বাস্তবায়ন এলাকার নিকটবর্তী গুদাম থেকে জাতিসংঘ সংস্থাকে সরবরাহ করা হবে। কর্মসূচিতে এই গমেরই ব্যবহার নিশ্চিত করার বিষয়ে দাতাদের শর্ত থাকলে, জাতিসংঘ সংস্থার সিরিয়াল পণ্যের জন্য আলাদা গুদামের ব্যবস্থা করবে সরকার।


ছবি: সেফ প্লাস

# সংযোজনী ৩: অর্থ হস্তান্তরে হারমোনাইজড অ্যাপ্রোচ (এইচএসিটি)

সরকারি ও বেসরকারি বাস্তবায়নকারী অংশীদারদের কাছে অর্থ হস্তান্তর পরিচালনার জন্য জাতিসংঘের কিছু সংস্থার প্রয়োগ করা একটি অভিন্ন কাঠামো হলো এইচএসিটি। ইউএনডিপি, ইএনএফপিএ, ইউনিসেফ, ইউএন-উইমেন এবং বিশ্ব খাদ্য কর্মসূচি-বাংলাদেশে বর্তমানে এই পাঁচটি সংস্থায় এইচএসিটি বাস্তবায়িত হচ্ছে।

এইচএসিটি'র ব্যবস্থাপনা কিছু মূলনীতির ভিত্তিতে পরিচালিত হয়। এগুলো হলো:

১) ঝুঁকির ব্যয়-সাশ্রয়ী ব্যবস্থাপনা;
২) স্ট্যান্ডার্ডাইজড ও স্ট্রিমলাইনড আন্তঃসংস্থা চর্চা;
৩) জবাবদিহিতা এবং
৪) জাতীয় মালিকানা। সরকার ও নাগরিক সমাজ অংশীদারদের কাছে সবধরনের অর্থ হস্তান্তরের ক্ষেত্রে এইচএসিটি প্রযোজ্য।

## ক) নগদ অর্থ হস্তান্তর

জাতিসংঘ সংস্থা ও বাস্তবায়নকারী অংশীদার যেসব কর্মপরিকল্পনায় সম্মত হয়েছেন সেগুলোর ভিত্তিতেই বাস্তবায়নকারী অংশীদারের কাছে অর্থ হস্তান্তর করা হবে।

কর্মপরিকল্পনায় বর্ণিত কার্যক্রমের জন্য নিম্নোক্ত কর্মপ্রণালী ব্যবহার করে অর্থ হস্তান্তর করতে পারে জাতিসংঘ সংস্থাগুলো:

১. সরাসরি বাস্তবায়নকারী অংশীদারের কাছে অর্থ

ক) কার্যক্রম শুরু হওয়ার আগেই (সরাসরি অর্থ হস্তান্তর), অথবা খ) কার্যক্রম সম্পন্ন হওয়ার পরে (ব্যয় পরিশোধ)

২. বাস্তবায়নকারী অংশীদারের নিযুক্ত পণ্য/সেবা সরবরাহকারী বা তৃতীয় পক্ষকে সরাসরি অর্থ প্রদান করা। এক্ষেত্রে বাস্তবায়নকারী অংশীদারের মনোনীত কর্মকর্তার স্বাক্ষরিত সুপারিশ প্রয়োজন হবে।



৩. বাস্তবায়নকারী অংশীদারের সাথে যেসব কার্যক্রমের বিষয়ে মতৈক্য হয়েছে, সেসব কাজের প্রয়োজনে জাতিসংঘ সিস্টেম সংস্থাগুলোর নিযুক্ত পণ্য/সেবা সরবরাহকারী বা তৃতীয় পক্ষকে সরাসরি অর্থ প্রদান করা।

যেসব ক্ষেত্রে জাতীয় প্রতিষ্ঠানের কাছে নগদ অর্থ হস্তান্তর করা হবে, ওই প্রতিষ্ঠান তাৎক্ষণিকভাবে সে অর্থ বাস্তবায়নকারী অংশীদারের কাছে হস্তান্তর করবে। কর্মসূচি বাস্তবায়নে একসাথে সর্বোচ্চ তিন মাসের জন্য সরাসরি অর্থ হস্তান্তরের চাহিদা দেয়া যাবে। যেসব ব্যয় আগেই অনুমোদিত সে অর্থ ত্রৈমাসিক ভিত্তিতে বা কাজ সম্পন্ন হওয়ার পর পরিশোধ করা হবে। বাস্তবায়নকারী অংশীদার অনুমোদিত পরিমাণের চেয়ে অতিরিক্ত ব্যয় করলে তা পরিশোধে জাতিসংঘ সিস্টেম সংস্থাগুলো বাধ্য থাকবে না।

কোনো কার্যক্রম সমাপ্ত হওয়ার পর অর্থ অবশিষ্ট থেকে গেলে তা ফেরত পাঠানো হবে অথবা কোনো কর্মসূচিতে বরাদ্দ দেয়া হবে। বাস্তবায়নকারী অংশীদার এবং জাতিসংঘ সিস্টেম সংস্থাগুলো পারস্পরিক সম্মতির ভিত্তিতে এ ব্যাপারে সিদ্ধান্ত নেবেন। অর্থ হস্তান্তর প্রণালী, প্রদত্ত অর্থের পরিমাণ এবং নিশ্চয়তা দেয়ার পরিসর একটি পর্যালোচনার প্রাপ্ত তথ্যের ওপর নির্ভর করতে পারে। সরকারি বাস্তবায়নকারী অংশীদারের ক্ষেত্রে সরকারি আর্থিক ব্যবস্থাপনা সক্ষমতার পর্যালোচনা হবে। জাতিসংঘ সংস্থা নয়[৩০] এমন অন্য বাস্তবায়নকারী অংশীদারদের ক্ষেত্রে আর্থিক ব্যবস্থাপনা সক্ষমতার মূল্যায়ন করা হবে।

[৩০] এসব ধারার ক্ষেত্রে আইএফআই-গুলোকেও 'জাতিসংঘ' হিসেবে বিবেচনা করা হবে।

জাতিসংঘ সিস্টেম সংস্থা কর্তৃক নির্বাচিত যোগ্য পরামর্শক, যেমন পাবলিক অ্যাকাউন্টিং ফার্ম, এই মূল্যায়ন করতে পারেন। এতে বাস্তবায়নকারী অংশীদারও যুক্ত থাকবে, এমনকি পরামর্শক নির্বাচনের প্রক্রিয়ায়ও তারা অংশগ্রহণ করতে পারবে। কর্মসূচি পরিবীক্ষণ, ব্যয় পরিবীক্ষণ ও প্রতিবেদন এবং নিরীক্ষায় প্রাপ্ত তথ্যের ভিত্তিতে কর্মসূচি বাস্তবায়নকালীনও অর্থ হস্তান্তর প্রণালী, প্রদত্ত অর্থের পরিমাণ এবং নিশ্চয়তা দেয়ার পরিসর সংশোধন হতে পারে।

সরাসরি অর্থ হস্তান্তর কিংবা ব্যয় পরিশোধের ক্ষেত্রে জাতিসংঘ সিস্টেম সংস্থাগুলো তাদের অনুমোদিত অর্থের পরিমাণ বাস্তবায়নকারী অংশীদারদের অবহিত করবে। জাতিসংঘ সিস্টেম সংস্থার নির্ধারিত সময়সূচির মধ্যে বাস্তবায়নকারী অংশীদারের কাছে এ তহবিল হস্তান্তর করা হবে। বাস্তবায়নকারী অংশীদার বা জাতিসংঘ সিস্টেম সংস্থার নিযুক্ত পণ্য/সেবা সরবরাহকারী বা তৃতীয় পক্ষকে সরাসরি অর্থ প্রদানের ক্ষেত্রে জাতিসংঘ সিস্টেম সংস্থা যে সময়সীমার উল্লেখ করবে, তার মধ্যেই অর্থ প্রদানের ব্যবস্থা নেবে। বাস্তবায়নকারী অংশীদারের মনোনীত কর্মকর্তার স্বাক্ষরিত সুপারিশের ভিত্তিতে বাস্তবায়নকারী অংশীদারের নিযুক্ত সরবরাহকারী বা তৃতীয় পক্ষকে সরাসরি অর্থ প্রদান করা হবে। বাস্তবায়নকারী অংশীদারের সাথে যেসব কার্যক্রমের বিষয়ে মতৈক্য হয়েছে, কেবল সেসব কাজের প্রয়োজনেই জাতিসংঘ সিস্টেম সংস্থাগুলো সরবরাহকারী বা তৃতীয় পক্ষ নিযুক্ত করবে।

বাস্তবায়নকারী অংশীদার এবং পণ্য/সেবা সরবরাহকারী তৃতীয় পক্ষের মধ্যে সম্পাদিত চুক্তিসংক্রান্ত কোনো বিষয়ে জাতিসংঘ সিস্টেম সংস্থার সরাসরি কোনো দায় থাকবে না।

যদি জাতিসংঘের একাধিক সিস্টেম সংস্থা একই বাস্তবায়নকারী অংশীদারকে অর্থ যোগান দেয়, তাহলে ওই সংস্থাগুলো যৌথভাবে বা সমন্বয়ের ভিত্তিতে কর্মসূচি পরিবীক্ষণ, আর্থিক পরিবীক্ষণ ও নিরীক্ষা সম্পাদন করবে।

## খ. নিরীক্ষা

বেসরকারি নিরীক্ষা সংস্থার মাধ্যমে নিরীক্ষা করানোর ব্যবস্থা নেবে জাতিসংঘ সিস্টেম সংস্থা।

তহবিল ছাড়ের অনুরোধ করার জন্য কর্মপরিকল্পনার সাথে সঙ্গতিপূর্ণ একটি স্ট্যান্ডার্ড ফান্ড অথরাইজেশন অ্যান্ড সার্টিফিকেট অব এক্সপেন্ডেচারস (FACE) প্রতিবেদন দিতে হবে বাস্তবায়নকারী অংশীদারকে। পরিকল্পিত ব্যয়ের যে অংশ জাতিসংঘ সরাসরি সেবাদাতাকে পরিশোধ করবে, সেক্ষেত্রেও এ প্রতিবেদনের প্রয়োজনীয়তা রয়েছে। প্রাপ্ত অর্থের ব্যবহারের বিষয়ে প্রতিবেদন দিতেও বাস্তবায়নকারী সংস্থা FACE ব্যবহার করবে।

নগদ অর্থ ব্যবহারের হিসাব বিবরণী, অনুরোধ ও প্রত্যয়ন দেয়ার জন্য নির্দিষ্টভাবে কোনো কর্মকর্তাকে দায়িত্ব দেবে বাস্তবায়নকারী অংশীদার। দায়িত্বপ্রাপ্ত এ কর্মকর্তাই FACE প্রত্যয়ন করবেন। বাস্তবায়নকারী অংশীদারের কাছে হস্তান্তর করা নগদ অর্থ কেবল কর্মপরিকল্পনায় নির্ধারিত কর্মকাণ্ডের জন্যই ব্যবহার করতে হবে। এক্ষেত্রে কর্মপরিকল্পনায় সময়সীমা অনুসরণের ব্যাপারেও গুরুত্ব দিতে হবে।

প্রাপ্ত অর্থ ব্যবহারের ক্ষেত্রে আন্তর্জাতিক মানদণ্ডের সাথে মিল রেখে গৃহীত বিদ্যমান জাতীয় বিধিমালা, নীতি ও পদ্ধতি অনুসরণ করতে হবে। নিশ্চিত করতে হবে এ অর্থ কেবল কর্মপরিকল্পনায় নির্ধারিত কর্মকাণ্ডের জন্যই ব্যবহৃত হচ্ছে এবং তহবিল প্রাপ্তির ছয় মাসের মধ্যেই এর ব্যবহার সম্পর্কে জাতিসংঘ সংস্থার কাছে প্রতিবেদন দাখিল করা হচ্ছে। সরকার ও দেশের বেসরকারি সংস্থা উভয় প্রকার বাস্তবায়নকারী অংশীদারের ক্ষেত্রেই এ বিষয়গুলো প্রযোজ্য হবে। যেসব জাতীয় বিধিমালা, নীতি ও পদ্ধতি আন্তর্জাতিক মানদণ্ডের সাথে সামঞ্জস্যপূর্ণ নয়, সেসব ক্ষেত্রে জাতিসংঘ সিস্টেম সংস্থার আর্থিক ও এ সংশ্লিষ্ট অন্যান্য বিধান এবং সিস্টেম সংস্থার বিধিমালা, নীতি ও পদ্ধতি প্রয়োগ হবে।

বাস্তবায়নকারী অংশীদার যদি আন্তর্জাতিক এনজিও/সিএসও এবং আইজিও [১] হয় তাহলে প্রাপ্ত অর্থ আন্তর্জাতিক মানদণ্ড মেনে ব্যয় করতে হয়। নিশ্চিত করতে হবে এ অর্থ কেবল কর্মপরিকল্পনায় নির্ধারিত কর্মকাণ্ডের জন্যই ব্যবহৃত হচ্ছে এবং তহবিল প্রাপ্তির ছয় মাসের মধ্যেই এর ব্যবহার সম্পর্কে জাতিসংঘ সংস্থার কাছে প্রতিবেদন দাখিল করা হচ্ছে। জাতিসংঘের কোনো সংস্থা থেকে অর্থ পেয়েছে এমন প্রতিটি বাস্তবায়নকারী অংশীদার পূর্বনির্ধারিত ও বিশেষ নিরীক্ষার সুবিধার্থে জাতিসংঘ সিস্টেম সংস্থা বা তার প্রতিনিধিকে সময়মতো নিম্নোক্ত বিষয়গুলোতে অভিগম্যতা দেবে:

(i) জাতিসংঘ সিস্টেম সংস্থার দেয়া অর্থ লেনদেনের যাবতীয় আর্থিক তথ্যও প্রাসঙ্গিক নথিপত্র।

(ii) বাস্তবায়নকারী অংশীদারের যে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ কাঠামোর ভেতর দিয়ে অর্থ হস্তান্তর ঘটেছে তার সাথে সংশ্লিষ্ট সব কর্মী ও ডকুমেন্টেশন।

প্রতিটি নিরীক্ষার ফলাফল বাস্তবায়নকারী অংশীদার ও জাতিসংঘ সংস্থার কাছে জমা দেয়া হবে।
এ প্রসঙ্গে প্রতিটি বাস্তবায়নকারী অংশীদারের দায়িত্বগুলো হলো:

i. নিরীক্ষকদের প্রদত্ত নিরীক্ষা প্রতিবেদন গ্রহণ ও তার পর্যালোচনা।
ii. নিরীক্ষা সুপারিশের ব্যাপারে মতামত (গ্রহণ বা প্রত্যাখ্যান) নির্দিষ্ট সময়ের মধ্যে অর্থ সরবরাহকারী জাতিসংঘ সংস্থা এবং সুপ্রিম অডিট ইনস্টিটিউশন (এসএআই)-কে জানানো। যাতে জাতিসংঘ সংস্থার কাছে জমা দেয়ার আগেই নিরীক্ষকরা চূড়ান্ত নিরীক্ষা প্রতিবেদনে এসব মতামত অন্তর্ভুক্ত করতে পারে।
iii. যেসব নিরীক্ষা সুপারিশ গৃহীত হবে সেগুলো বাস্তবায়নের জন্য সময়মতো পদক্ষেপ নেয়া। এসব সুপারিশ বাস্তবায়নে গৃহীত পদক্ষেপের বিষয়ে ত্রৈমাসিক ভিত্তিতে (অথবা স্থানীয়ভাবে সম্মত সময়সীমা অনুসারে) জাতিসংঘ সংস্থা এবং এসএআই-কে অবহিত করা।

এসএআই সরকারি বাস্তবায়নকারী অংশীদারদের নিরীক্ষা করতে পারে। তবে কোনো নির্দিষ্ট বাস্তবায়নকারী অংশীদারের ক্ষেত্রে এসএআই যদি জাতিসংঘ সিস্টেম সংস্থার চাহিদামতো নিরীক্ষা করতে আগ্রহী না হয়, সেক্ষেত্রে বেসরকারি কোনো নিরীক্ষা প্রতিষ্ঠানকে এ নিরীক্ষার দায়িত্ব দেবে জাতিসংঘ সিস্টেম সংস্থা।

# সংযোজনী ৪:
# বিজনেস অপারেশন্স স্ট্র্যাটেজি

যৌথ বিজনেস অপারেশন্সে একই কাজের পুনরাবৃত্তি ঠেকানো, জাতিসংঘের আপস-আলোচনার ক্ষমতা শক্তিশালী করা এবং বৃহৎ পরিসরে কাজের অর্থনৈতিক সুবিধা (স্কেলের অর্থনীতি) নিশ্চিত করার জন্য একটি ফলাফল-ভিত্তিক কাঠামো হলো বিজনেস অপারেশন্স স্ট্র্যাটেজি (বিওএস)।

জাতিসংঘ মহাসচিবের সংস্কার লক্ষ্যমাত্রার সঙ্গে সামঞ্জস্য রেখে ২০৩০ এজেন্ডা সংশ্লিষ্ট কর্মসূচি আরো কার্যকরভাবে সম্পন্ন করার জন্য বাংলাদেশ একটি বিজনেস অপারেশন্স স্ট্র্যাটেজি প্রণয়ন করেছে। যৌথভাবে যেসব অভিন্ন সেবা বাস্তবায়িত হচ্ছে অথবা জাতিসংঘের এক বা একাধিক সংস্থার পক্ষে জাতিসংঘের অন্য কোনো সংস্থা যে সেবা সরবরাহ করছে, মূলত সেগুলোকেই গুরুত্ব দেয়া হয়েছে অপারেশন্স ম্যানেজমেন্ট টিম কর্তৃক প্রণীত এ বিওএস-এ। অর্থসংস্থান, প্রশাসনিক সেবা (একই ভবন বা অবকাঠামো ব্যবহার), লজিস্টিক, ক্রয়, মানব সম্পদ এবং আইসিটি খাতে ভবিষ্যতে সহযোগিতার জন্য কিছু অভিন্ন সেবা চিহ্নিত করা হয়েছে এতে। বিদ্যমান পরিস্থিতি যাচাই করে দেখা যায়, এ ছয় খাতে ৪৪টি অভিন্ন সেবা রয়েছে। যার মধ্যে ২৩টি সেবা বৃদ্ধির সুপারিশ করা হয়েছে। সুযোগ বিশ্লেষণ ও খরচের সুবিধা বিশ্লেষণে দেখা গেছে, বিওএস-এর মাধ্যমে নতুন আরো ৬৮টি সেবা অভিন্নভাবে গ্রহণ করা যায়। এতে অর্থ সাশ্রয়ের পাশাপাশি মানেরও উন্নয়ন হবে।

জাতিসংঘ কর্মসূচির কার্যকারিতা, দক্ষতা ও এর পরিচালনা ব্যয়ের ওপরই নির্ভর করে জাতীয় পর্যায়ে এর প্রভাব কেমন হবে । বিওএস-এর বাস্তবায়ন বাংলাদেশে জাতিসংঘ সিস্টেম কর্তৃক ইউএনএসডিসিএফ বাস্তবায়নের ক্ষেত্রে কম পরিচালনা ব্যয় ও উন্নত মান নিশ্চিত করতে ভূমিকা রাখবে। যাতে কর্মসূচি পরিচালনার তুলনায় এর লক্ষ্য অর্জনের জন্য আরো বেশি সম্পদ ব্যবহারের সুযোগ তৈরি হবে এবং কর্মকাণ্ডে জেন্ডার-রেসপন্সিভ মাত্রা নিশ্চিত হবে।

বিওএস তার সবধরনের অভিন্ন সেবা প্রদান প্রক্রিয়ায় প্রতিবন্ধিদের বিষয় ও অন্তর্ভুক্তির ব্যাপারটিকে বিবেচনায় রাখে। জাতিসংঘের কর্মীদের জন্য যৌন হয়রানি ও নিপীড়ন প্রতিরোধ (পিএসইএ) এবং প্রিভেন্টিভ অব সেক্সুয়াল হ্যারাজমেন্ট অ্যান্ড অ্যাবিউজ অব অথরিটি (পিএসএইচএএ) বিষয়ে প্রশিক্ষণ দেয়া হবে। এছাড়া কন্ট্রাক্টর ও সেবা দাতাদের জন্য অ্যাডভোকেসি প্রচেষ্টাও এতে অন্তর্ভুক্ত রয়েছে। একইসাথে ঠিকাদার ও সেবা প্রদানকারীদের সাথে অ্যাডভোকেসির বিষয়টিকেও গুরুত্ব দেওয়া হয়। টেকসই পরিবেশ সংক্রান্ত পদক্ষেপগুলোকেও গুরুত্বের সাথে বিবেচনা করে। বিওএস-এ পরিবেশগত স্থায়িত্ব নিশ্চিত করা বিষয়ক পদক্ষেপও থাকবে।

Design & Concept by

GREY SHACK
www.greyshack.com

SUSTAINABLE DEVELOPMENT GOALS